ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত

# ব্যাকরণ-কৌমুদী

(প্রথম-ভাগ)

কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের বি-এ পরীক্ষার পরীক্ষক
কবিভূষণ শ্রীপূর্ণচন্দ্র দে কাব্যরত্ন উদ্ভটসাগর বি-এ
সম্পাদিত, সংশোধিত ও সংবর্দ্ধিত।

Publisher—Jogendranath Mukherji,
The Sanskrit Press Depository,
30, Cornwallis Street,
CALCUTTA.
1918

মূল্য আট আনা] [Price Eight annas

R.M.I.C L... Y
Acc No 28059
Class No.
Date :
St. C
Class ✓
Cat. ✓
Bk. Card ✓
Checked ✓

PRINTER,—RADHASHYAM DAS,

VICTORIA PRESS, 2, GOABAGAN STREET, CALCUTTA.

# উৎসর্গ-পত্রম্ ।

নিখিলশাস্ত্রসাগরপারগায়

বঙ্গসন্তানানুরাগরঞ্জিতস্বান্তপটায়

আচার্য্যবর্য্যায় পরমপূজ্যপাদায়

**ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর**

মহোদয়ায়

উৎসৃষ্টোঽয়ং গ্রন্থঃ

( ১ )

চন্দ্রার্দ্ধশোভিতললাট মহামহিম্নঃ
কিং ব্রূম ঈশ্বর গুণান্ গুণসাগরস্য ।
ত্বন্নামকীর্ত্তিপরিকীর্ত্তনযত্ন এষ
পাদাব্জরেণুমভিবাঞ্ছতি পূর্ণচন্দ্রঃ ॥

হে ঈশ্বর ! দেখি তব মহিমা অপার,
অর্দ্ধচন্দ্র-সুশোভিত ললাট তোমার ।
গুণের সাগর তুমি হয়েছ যখন,
তখন তোমার গুণ কে করে বর্ণন !
তোমার অতুল কীর্ত্তি, সুমধুর-নাম
রসনা ঘোষণা মোর করে অবিরাম ।
অর্দ্ধচন্দ্র স্থান পায় যদি শীর্ষ-স্থানে,
পূর্ণচন্দ্র স্থান কেন না পায় চরণে !

( ২ )

অন্তঃশ্বেতাং বহিঃশ্যামাং ত্বামীশ্বরসরস্বতীম্ ।
দণ্ডিনাঽজানতা প্রোক্তা "সর্ব্বশুক্লা সরস্বতী" ॥

জানি হে ঈশ্বর-চন্দ্র ! তোমার প্রকৃতি,
তুমি সাক্ষাৎ সেই দেবী সরস্বতী ।
ভিতরে পরম শুভ্র তোমার হৃদয়,
বাহিরের বর্ণ কিন্তু কৃষ্ণ সাতিশয়,—
না জানিয়া এইরূপ তোমার মূরতি
'দণ্ডী' বলেছেন,—"সর্ব্বশুক্লা সরস্বতী" ।
অলঙ্কার-শাস্ত্রে পটু 'দণ্ডী' মহাশয়,
তথাপি তাঁহার কথা কে করে প্রত্যয় ?

( ৩ )

দোষে কর্কশতা গুণে প্রণয়িতা পাপে পরং ভীরুতা
সত্যে নির্ভয়তা বুধে বিনয়িতা বিত্তে পরিত্যাগিতা ।
সাধৌ সাদরতা খলে বিমুখতা শাস্ত্রেষু মর্ম্মজ্ঞতা
মন্ত্রী সত্ত্বমতা স্থিতা চ সততং ত্বয্যেব দেবেশ্বর ॥

দেখিলে দোষীর দোষ হইতে বিরস,
দেখিলে গুণীর গুণ হইতে সরস ।
যাহা পাপ, তাহে তব ভয় ছিল অতি,
যাহা সত্য, তাহে তব ভয়-শূন্য মতি ।
পণ্ডিতের প্রতি ছিল বিশেষ বিনয়,
মুক্ত-হস্ত ছিলে তুমি দানের সময় ।

সাধুর উপরি ছিল পরম আদর,
খলের উপরি কোপ ছিল নিরন্তর।
শাস্ত্রের নিগূঢ় তত্ত্বে ছিল তব জ্ঞান,
শক্তি থাকিতেও তুমি ছিলে ক্ষমাবান্।
শুন হে ঈশ্বর-চন্দ্র! তব একাধারে
এত সব ছিল গুণ,—বর্ণিতে কে পারে!

( ४ )

मानादर्शनकाव्यनाटककथाकोषेतिहासस्मृति-
च्छन्दोऽलङ्कृतिशब्दशास्त्रसुपटुः सौभाग्यशाली भवान् ।
विद्यासागरपुण्यनाम भवतो वङ्गेषु देवेश्वर
बालानां वदने विराजतितरां नित्यं सुधास्यन्दनम् ॥

কিবা ব্যাকরণ, কিবা ছন্দঃ, অলঙ্কার,
কিবা কাব্য, ইতিহাস, কিবা কথা আর,
কিবা অভিধান, স্মৃতি, নাটক, পুরাণ,—
এই সব শাস্ত্রে তব ছিল বহু জ্ঞান।
সুধা-সম তব "বিদ্যা-সাগর"-সুনাম,
পরম পবিত্র ইহা বঙ্গে অবিরাম।
এ হেন তোমার নাম, হে ঈশ্বর আজ!
বঙ্গ-সন্তানের মুখে করিছে বিরাজ।

( ५ )

भास्वरेश्वरचन्द्रस्य श्रीव्याकरणकौमुदी ।
स्वान्तध्वान्तानि बालानां निराकुर्यान्निरन्तरम् ॥

ভাস্কর ঈশ্বর-চন্দ্র! তুমি অনিবার,
সুবিমলা "ব্যাকরণ-কৌমুদী" তোমার
বালক-গণের চিত্ত গহ্বরে পশিয়া
যত কিছু অন্ধকার দি'ক্ বিনাশিয়া।

( ६ )

इष्टं शिवास्यगुणितं निधिना समेतं
दशावतारनिहतं वियदिन्द्रियेण ।
यच्छेषितं शरकरेण हतं तदब्दं
बङ्गेषु शिष्यवदनेषु तवास्तु नाम ॥

যে কোনও একটি অঙ্ক গ্রহণ করিয়া
গুণন করহ তারে পাঁচ অঙ্ক দিয়া,
সেই গুণ-ফলে নয় অঙ্ক যোগ দিবে,
যোগ-ফলে দশ দিয়া গুণন করিবে।
তাহারে পঞ্চাশ দিয়া করিয়া হরণ
ভাগ-শেষ লবে তুমি তাহার তখন।
তাহারে পঁচিশ দিয়া গুণন করিলে
'যত হবে, তত বর্ষ এই ভূমণ্ডলে
হে "বিদ্যা-সাগর"! তব সুপবিত্র নাম
বঙ্গ-সন্তানের মুখে থাক্ অবিরাম।

( ৩ )

यद्गेहे प्रबला चलापि कमला दृष्टा सदाऽचञ्चला
[illegible]विपुला मतिश्च विमला सत्यावली निर्मला ॥

**सेवे तं गुणभागनन्तमहिमश्रीकौमुदीमालया**
**भक्तो गाङ्गजलेन भक्तिसहितं गङ्गां यथा सेवते ॥**

পরম চঞ্চলা লক্ষ্মী, পরম প্রবলা,—
ছিলেন তোমার গৃহে নিত্য অচঞ্চলা ;
বিপুলা তোমার কীর্ত্তি, বুদ্ধি সুবিমলা,
যাবতীয় কার্য্যাবলী পরম নির্ম্মলা ;—
শুন হে ঈশ্বর-চন্দ্র ! হে "বিদ্যাসাগর" !
মম সম নাহি কেহ ভাগ্য-হীন নর।
নিয়ত তোমার পূজা করিবারে চাই,
কি দিয়া পূজিব কিন্তু,—ভাবিয়া না পাই।
"কৌমুদী"-কুসুম-মালা গুণযুতা তব,
অনুপমা এ সামগ্রী ;—কি অধিক কব।
তোমারি সামগ্রী,—ইহা তোমাকেই দিয়া
পূজিতেছি ভক্তি-ভরে প্রণত হইয়া।
ইহার দৃষ্টান্ত দেব ! করহ দর্শন,—
গঙ্গা-জলে গঙ্গা-পূজা করে ভক্ত জন।

**तदीयश्रीचरणाश्रितेन**
**वि.ए-कविभूषणकाव्यरत्नोद्भटसागरोपाधिकेन**
**सम्पादकेन**
**श्रीपूर्णचन्द्रेण**

# मङ्गलाचरणम् ।

( १ )

पृथ्वीपातकिपापपर्व्वतपवी पापाब्धिपारप्लवी
पापप्रान्तरपांशुपङ्कपथिकप्राणप्रदौ पादपौ ।
पापप्राज्यपयोदपालिपवनौ पापेभपञ्चाननौ
पादौ पाशुपतौ प्रपश्य परमौ प्राक् पूर्णचन्द्र प्रगे ॥

( २ )

जय जय हे शिव दर्पकदाहक दैत्यविघातक भूतपते
दशमुखनाशकशायकदायक कालभयानक भक्तगते ।
त्रिभुवनकारकधारकमारक संसृतिसारक धीरमते
हरिगुणगायक ताण्डवनायक मोक्षविधायक योगरते ॥

( ३ )

या त्रिदोषविनाशाय भक्तं निजजलाश्रितम् ।
न लज्जते चतुर्द्दोषं कर्त्तुं तां नौमि जह्नुजाम् ॥

( ४ )

यो लङ्केशपतिः कुमारजनको योऽसौ गवीशध्वजो
यो गङ्गां धरति स्वयं हिमकरीह्रीमाङ्गकान्तिः सदा ।
यो नित्यं खलु भूविशेषसदनो वामाङ्गसङ्गस्तथा
वन्दे तं प्रथमाक्षरत्रयवशाद् मेशं महेशं पुनः ॥

( ५ )

सजलजलदकालं प्रेमवापीमरालम्

अभिनववनमालं क्षेमवल्लीप्रवालम् ।

भुवननलिननालं दानवानां करालं

निखिलमनुजपालं नौमि तं नन्दबालम् ॥

( ६ )

श्रुत्वापि माधवो भर्त्ता सपत्नी च हरिप्रिया ।

तस्मिन्नेव रता यास्ते तां नमामि सरस्वतीम् ॥

( ७ )

सूत्रं पाणिनिबद्धं यो धरन्नुद्वहति स्वयम् ।

सुदृष्टं वर्णधर्म्मादीन् सुरक्षेच्च नमामि तम् ॥

( ८ )

याऽक्षय्यं बीजमेकं जगदखिलगिरां सर्व्वसाफल्यदा या

या रम्यस्निग्धवर्णा मृदुमधुरपदालङ्कृतिश्लिष्यमाणा ।

या छन्दःसूत्रबद्धा विविधरसगुणा भूरिभावान्विता या

सा भाषा संस्कृताख्या जनुषि जनुषि मे स्वान्तसौख्यं ददातु ॥

भगवच्चरणाश्रितस्य

बि. ए-कविभूषणकाव्यरत्नोद्भटसागरोपाधिकस्य

सम्पादकस्य

श्रीपूर्णचन्द्रस्य

# সম্পাদক-কৃত বিজ্ঞাপন।

বর্ত্তমান সময়ের প্রায় ৬৫ বৎসর পূর্ব্বে পরম-পূজ্য-পাদ প্রাতঃস্মরণীয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় "সংস্কৃত-ব্যাকরণের উপক্রমণিকা"-নামক গ্রন্থখানি প্রণয়ন করিয়াছিলেন। তৎপরে তিনি বিশেষ প্রণিধান-পূর্ব্বক দেখিয়াছিলেন যে, কেবল "উপক্রমণিকা-ব্যাকরণ" পাঠ করিয়া পাঠার্থি-গণ উচ্চ-শ্রেণীর মহাকাব্য, নাটক ও দর্শন-শাস্ত্রাদির অধিকার-লাভে সমর্থ হইবেন না। এই হেতু "উপক্রমণিকা-ব্যাকরণ" রচনা করিবার কিছুকাল পরেই, অর্থাৎ ১৮৫৩ খৃষ্টাব্দে, তিনি "ব্যাকরণ-কৌমুদী প্রথম-ভাগের" সৃষ্টি করিয়াছিলেন। এই বৎসরেই তিনি "ব্যাকরণ-কৌমুদী" দ্বিতীয় ও তৃতীয় ভাগ, এবং ১৮৬২ খৃষ্টাব্দে "ব্যাকরণ-কৌমুদী" চতুর্থ-ভাগ প্রণয়ন করিয়াছিলেন।

বিদ্যাসাগর-মহাশয়-প্রণীত পুস্তকের সম্পাদন-ভার গ্রহণ করিয়া তাহার সমালোচনা করিতে বসা আমার উদ্দেশ্য নহে। "ব্যাকরণ-কৌমুদী, প্রথম-ভাগ" অল্পবয়স্ক বালক-গণের পাঠ্য। এজন্য এ বিষয়ে কিছু বলিবার আছে। বিদ্যাসাগর মহাশয়ের "উপক্রমণিকা-ব্যাকরণে" প্রথম-হইতেই একটি বিষম প্রমাদ চলিয়া আসিতেছে। সংস্কৃত ব্যাকরণে এরূপ প্রমাদ থাকা বাঞ্ছনীয় নহে। স্বর-সন্ধির প্রথম-সূত্রের প্রথম উদাহরণেই তিনি লিখিয়াছেন "শশ + অঙ্কঃ = শশাঙ্কঃ",—এইরূপ বহু-সংখ্যক উদাহরণ ক্রমশঃ প্রদত্ত হইয়াছে। কিন্তু ঠিক এরূপ লেখা সুসঙ্গত বলিয়া বোধ হয় না। কি কারণে ইহা অসঙ্গত, তাহা নিম্নে লিখিত হইল :—

'শশাঙ্ক' প্রভৃতির সন্ধি-বিচ্ছেদ করিবার সময় অনেকে উত্তর পদটীতে প্রথমা বিভক্তি রাখিয়া দিয়া থাকেন। যথা, শশ+অঙ্কঃ= শশাঙ্কঃ। কিন্তু এরূপ করা নিতান্ত অসঙ্গত। কারণ 'শশাঙ্ক' প্রভৃতি পদগুলিতে যে সমাস হইয়াছে, তাহা অবশ্যই স্বীকার করিতে হইবে। যে যে পদে সমাস করা যায়, তাহাদের সকলেরই বিভক্তির লোপ হইয়া থাকে। অতএব যে কেবল পূর্ব্ব-পদেরই বিভক্তির লোপ হইবে, অথচ পর-পদের বিভক্তির লোপ হইবে না, এরূপ মনে করিবার কোনই যুক্তি-সঙ্গত কারণ নাই। যদি উভয় পদেরই বিভক্তির লোপ হওয়াই সুসঙ্গত হইল, তাহা হইলে 'শশ+অঙ্ক' এইরূপ সন্ধি-বিচ্ছেদ করাই যুক্তি-সিদ্ধ; কারণ সমাস করা হইলেই 'সমস্ত' শব্দগুলি মিলিত হইয়া একটি 'প্রাতিপদিক' হইয়া যায়। পাণিনি-ব্যাকরণে উক্ত হইয়াছে যে, "কৃত্তদ্ধিতসমাসাশ্চ" (পা ১।২।৪৬)। অতএব 'শশাঙ্ক' এই প্রাতি-পদিকের উত্তর প্রথমা কিংবা অন্য যে কোন বিভক্তি যোগ করিতে হইবে; কারণ 'অপদ' রাখিতে নাই। ভগবান্ ভাষ্যকার কহিয়াছেন "নাপদং শাস্ত্রে প্রযুঞ্জীত"। অনেকের এইরূপ বিশ্বাস যে, সমাসে পূর্ব্ব-পদেরই বিভক্তির লোপ হয় এবং পর-পদের বিভক্তির লোপ হয় না, কিন্তু এই বিশ্বাস সম্পূর্ণ ভ্রমাত্মক। প্রথমতঃ যদি সমাসে পর-পদের বিভক্তির লোপ না হইত, তাহা হইলে বিশালে অক্ষিণী যস্য স বিশালাক্ষঃ, ত্রীণি লোচনানি যস্য স ত্রিলোচনঃ, এইরূপ পদ না হইয়া বিশালাক্ষিণী, ত্রিলোচনানি এইরূপ পদ হইত। দ্বিতীয়তঃ, সমাস-নিষ্পন্ন পদগুলিকে ইচ্ছামত যে কোন বিভক্তি-যুক্ত করিয়া প্রয়োগ করা যাইত না। 'শশাঙ্ক' এই প্রাতিপদিকের উত্তর যে কোনও বিভক্তি যোগ করা যায়। কিন্তু 'শশাঙ্কঃ' এই পদের বিভক্তি পরিবর্ত্তন করিয়া অন্য কোন বিভক্তি যোগ করা যায় না। অতএব শশাঙ্কম্, শশাঙ্কেন প্রভৃতি পদও নিষ্পন্ন

হয় না। সন্ধি-প্রকরণে পরবর্ত্তি উদাহরণ সমূহেও এইরূপ বুঝিতে হইবে।

উক্ত প্রমাদ রাখিয়া যাওয়া যুক্তিসঙ্গত নহে জানিয়াও উহা আমাকে রাখিয়া দিতে হইয়াছে। "ব্যাকরণ-কৌমুদী প্রথম-ভাগ" বালক-গণের পাঠ্য। তাহারা অগ্রে সন্ধি-পাঠ করিয়া থাকে। অতএব সমাসের কথা তখন তাহারা কিছুতেই বুঝিতে পারে না। এরূপ স্থলে দুর্ব্বোধ বিষয়ের অবতারণা করিয়া তাহাদিগকে কষ্ট দেওয়া উচিত নহে, ইহা বিবেচনা করিয়াই মূল-গ্রন্থের প্রণালী অবলম্বন করিয়াছি। বোধ হয়, বিদ্যাসাগর মহাশয় এই জন্যই এইরূপ ত্রুটি রাখিয়া গিয়াছেন।

বিদ্যাসাগর-মহাশয়ের মূল গ্রন্থে যাহা ছিল, আমি প্রায় তাহাই রাখিয়া দিয়াছি। যে যে বিষয়ে কিঞ্চিৎ কিঞ্চিৎ পরিবর্ত্তন করিয়াছি, তাহা নিম্ন-ভাগে লিখিত হইল :—

১। বিদ্যাসাগর মহাশয় স্বর-সন্ধি ও ব্যঞ্জন-সন্ধি, এই দুই প্রকারে সন্ধি-ভেদ করিয়াছেন। বালক-গণের সুবিধার জন্য ইহার পরিবর্ত্তে আমি স্বর-সন্ধি, ব্যঞ্জন-সন্ধি ও বিসর্গ-সন্ধি এই তিন প্রকারে সন্ধি-ভাগ করিয়াছি।

২। ণত্ব-বিধান ও ষত্ব-বিধানে কয়েকটি অবশ্য জ্ঞাতব্য বিষয় মূল-গ্রন্থে ও পাদ-টীকায় ( ফুট্‌নোটে ) সন্নিবেশিত করা গিয়াছে।

৩। শব্দরূপ-প্রকরণে বহু-সংখ্যক শব্দ অধিক দেওয়া হইয়াছে, কারণ এই গুলি অত্যন্ত প্রচলিত। হ্রস্ব উ-কারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ দেখাইবার জন্য বিদ্যাসাগর মহাশয় "সাধু"-শব্দ প্রয়োগ করিয়াছেন। কিন্তু "সাধু" শব্দ ত্রিলিঙ্গ ( বিশেষণ ) বলিয়া আমি ইহার পরিবর্ত্তে "ভানু" এই নিত্য হ্রস্ব উ-কারান্ত পুংলিঙ্গ বিশেষ্য শব্দ ব্যবহার করিয়াছি।

৪। মূল-গ্রন্থের সূত্রে বা তাহার ব্যাখ্যায় যাহা পরিস্ফুট-রূপে বলা হয়

নাই, তাহা অল্প-বয়স্ক বালক-গণের হৃদয়ঙ্গম করিবার জন্য নানা ব্যাকরণের সাহায্য লইয়া সহজ ভাষায় বুঝাইয়া দেওয়া হইয়াছে। যে সকল অত্যাবশ্যক বিষয় মূল গ্রন্থে ছিল না, তাহাও পাদটীকায় উল্লেখ করিতে ত্রুটি করি নাই।

৫। এতদ্ভিন্ন প্রত্যেক প্রকরণের শেষভাগে কয়েকটি করিয়া প্রশ্ন সন্নিবেশিত করিয়াছি। বর্ত্তমান সময়ের প্রয়োজন-মতে সংস্কৃত ব্যাকরণের পারিভাষিক শব্দ গুলির ইংরাজী প্রতিশব্দও দেওয়া হইয়াছে।

বিদ্যাসাগর মহাশয়ের প্রণীত "ব্যাকরণ-কৌমুদী প্রথম-ভাগের" প্রথম, দ্বিতীয়, তৃতীয়, একাদশ এবং তৎপরবর্ত্তি আরও কয়েক খানি সংস্করণ অবলম্বন করিয়া এই গ্রন্থ খানি লিখিত ও মুদ্রিত হইল। যে মহাপুরুষের পদপ্রান্তে বসিয়া ৩৮ বৎসর পূর্ব্বে "উদ্ভট-কবিতা-সংগ্রহ করিয়াছিলাম, যে মহাত্মার মুখ-নিঃসৃতা ভাবময়ী কবিতার ব্যাখ্যা শুনিয়া আমি আহ্লাদে উন্মত্ত-প্রায় হইয়া উঠিতাম, যে প্রাতঃস্মরণীয় মহাপুরুষ আমার প্রতি একভাবে পুত্রবৎ স্নেহ প্রকাশ করিতেন, এবং যাঁহার স্নিগ্ধ মূর্ত্তি ও মধুর বচনের কথা মনে করিলে অদ্যাপি আমার চক্ষুঃ দিয়া জল আসে, সেই মহাপুরুষের যথাযোগ্য পূজা করা আমার মত দারিদ্র ও হত-ভাগ্যের নিতান্ত অসাধ্য। দরিদ্র ভক্ত যেরূপ গঙ্গা হইতেই জলবিন্দু তুলিয়া লইয়া ভক্তিভরে গঙ্গা-দেবীকেই পূজা করিয়া থাকেন, আমিও সেইরূপ বিদ্যাসাগর-মহাশয়েরই রচিত "ব্যাকরণ-কৌমুদী প্রথম-ভাগ" লইয়া তাঁহারই পবিত্র নামে ইহা উৎসর্গ করিলাম। তাঁহার পবিত্র স্বর্গীয় আত্মা স্বর্গ হইতে আমাকে আশীর্ব্বাদ করুন, যেন আমি তাঁহারই নিষ্কলঙ্ক গ্রন্থ খানি নিষ্কলঙ্ক অবস্থায় রাখিয়া যাইতে পারি।

এই গ্রন্থখানি লিখিবার সময়ে অনেক মহাত্মার নিকটে আমাকে আশ্রয়

লইতে হইয়াছে। ৺কাশীধাম-নিবাসী দ্বারবঙ্গ-সভাপণ্ডিত বৈয়াকরণ-কেশরী মহামহোপাধ্যায় স্বর্গীয় শিবকুমার শাস্ত্রী, কলিকাতা সংস্কৃত কলেজের অধ্যাপকচর, বৈয়াকরণ-শিরোমণি নবদ্বীপ-নিবাসী শ্রীযুক্ত শিবনারায়ণ শিরোমণি, বাজে-শিবপুর-নিবাসী বৈয়াকরণ-চূড়ামণি শ্রীযুক্ত শ্যামাচরণ কবিরত্ন, সংস্কৃত কলেজের বর্ত্তমান অধ্যাপক প্রসিদ্ধ বৈয়াকরণ শ্রীযুক্ত দেবেশচন্দ্র বিদ্যারত্ন মহাশয় এই গ্রন্থ-সম্বন্ধে নানা প্রশ্নের মীমাংসা করিয়া দিয়া আমাকে চির-কৃতজ্ঞতা-পাশে আবদ্ধ করিয়া রাখিয়াছেন। পরিশেষে বিশেষ বক্তব্য এই যে, উক্ত মহানুভব শিরোমণি-মহাশয়ের অনুরূপ পুত্র, কলিকাতা সংস্কৃত কলেজের অন্যতম ব্যাকরণাধ্যাপক বৈয়াকরণ-কেশরী, মদীয়-কনিষ্ঠ-সোদর-প্রতিম পূজনীয় শ্রীযুক্ত মন্মথনাথ বিদ্যারত্ন মহাশয় আমার জন্য প্রীতি-ভরে ও নিঃস্বার্থ-ভাবে এই গ্রন্থ-সম্বন্ধে অশেষ যত্ন ও পরিশ্রম স্বীকার না করিলে আমি কিছুতেই ইহা সম্পাদিত করিতে পারিতাম না। মদীয় পরম-সুহৃৎ শ্রীযুক্ত ক্ষিতীশচন্দ্র চট্টোপাধ্যায় এম্-এ মহাশয়ও অনেক সময় অনেক আনুকূল্য প্রকাশ করিয়াছেন। এজন্য আমি এই সকল মহাত্মার নিকটে আজীবন কৃতজ্ঞ রহিলাম।

ভদ্রকালী।
১৫ ভাদ্র, রবিবার, ১৩২৫ সাল।
১ সেপ্টেম্বর, ১৯১৮ খৃষ্টাব্দ।

সম্পাদক
শ্রীপূর্ণচন্দ্র দে উদ্ভটসাগর।

# সূচীপত্র।


| বিষয় | পৃষ্ঠ |
|---|---|
| বর্ণ-নির্ণয় ... ... ... | ১ |
| স্বর-বর্ণ ... ... ... | ১ |
| ব্যঞ্জন-বর্ণ ... ... ... | ২ |
| প্রশ্ন (বর্ণ-নির্ণয়) ... ... | ৪ |
| বর্ণের উচ্চারণ-স্থান ... ... ... | ৪ |
| প্রশ্ন (বর্ণের উচ্চারণ-স্থান) ... ... | ৬ |
| পরিভাষা ... ... ... | ৬ |
| প্রশ্ন (পরিভাষা) ... ... ... | ৯ |
| সন্ধি ... ... ... | ১০ |
| স্বর-সন্ধি ... ... ... | ১১ |
| প্রশ্ন (স্বর-সন্ধি) ... ... | ২৩ |
| ব্যঞ্জন-সন্ধি ... ... ... | ২৪ |
| প্রশ্ন (ব্যঞ্জন-সন্ধি) ... ... | ৩৪ |
| বিসর্গ-সন্ধি ... ... ... | ৩৪ |
| প্রশ্ন (বিসর্গ-সন্ধি) ... ... | ৪২ |
| ণত্ব-বিধান ... ... ... | ৪৩ |
| প্রশ্ন (ণত্ব-বিধান) ... ... | ৫১ |
| ষত্ব-বিধান ... ... ... | ৫২ |
| প্রশ্ন (ষত্ব-বিধান) ... ... | ৬০ |

| বিষয় | | | | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| সুবন্ত | ... | ... | ... | ৬০ |
| বিভক্তির আকৃতি | ... | ... | ... | ৬১ |
| শব্দরূপ | ... | ... | ... | ৬৪ |
| স্বরান্ত পুংলিঙ্গ শব্দ | ... | ... | ... | ৬৪ |
| প্রশ্ন ( স্বরান্ত পুংলিঙ্গ শব্দ ) | | ... | ... | ৭৭ |
| স্বরান্ত স্ত্রীলিঙ্গ শব্দ | ... | ... | ... | ৭৭ |
| প্রশ্ন ( স্বরান্ত স্ত্রীলিঙ্গ শব্দ ) | | ... | ... | ৮৫ |
| স্বরান্ত ক্লীবলিঙ্গ শব্দ | ... | ... | ... | ৮৫ |
| প্রশ্ন ( স্বরান্ত ক্লীবলিঙ্গ শব্দ ) | | ... | ... | ৯১ |
| ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ শব্দ | | ... | ... | ৯২ |
| প্রশ্ন ( ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ শব্দ ) | | | ... | ১২৬ |
| ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ শব্দ | ... | ... | ... | ১২৭ |
| প্রশ্ন ( ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ শব্দ ) | | ... | ... | ১৩৪ |
| সর্ব্বনাম শব্দ | ... | ... | ... | ১৩৪ |
| প্রশ্ন ( সর্ব্বনাম শব্দ ) | | ... | ... | ১৪৭ |
| সংখ্যা-বাচক শব্দ | ... | ... | ... | ১৪৮ |
| প্রশ্ন ( সংখ্যা-বাচক শব্দ ) | | ... | ... | ১৫২ |
| অব্যয় শব্দ | ... | ... | ... | ১৫৩ |
| প্রশ্ন ( অব্যয় শব্দ ) | | ... | ... | ১৫৫ |

# ব্যাকরণ-কৌমুদী

## (প্রথম-ভাগ)

### বর্ণ-নির্ণয়

### ( Distinction of Letters )

১। বর্ণ দ্বিবিধ,—স্বর ( Vowel ) ও ব্যঞ্জন ( Consonant )। যে বর্ণ অন্য বর্ণের আশ্রয় ব্যতিরেকে স্বতন্ত্র উচ্চারিত হয়, তাহাকে স্বর-বর্ণ ( ক ) বলে। যে বর্ণ স্বর-বর্ণের আশ্রয় বিনা স্বতন্ত্র উচ্চারিত হয় না, তাহাকে ব্যঞ্জন-বর্ণ বলে।

### স্বর-বর্ণ ( Vowel )

২। অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ঌ এ ঐ ও ঔ, এই ত্রয়োদশ বর্ণকে স্বর(১)

---

( ক ) "স্বর্যাতে শব্দ্যতে অনেন ব্যঞ্জনমিতি করণে অচ্ প্রত্যয়ঃ"। কোন মতে "স্বয়ং রাজন্তে ইতি স্বরাঃ"। অন্যস্য সাহায্যং নাপেক্ষন্তে ইত্যর্থঃ।

( ১ ) বৈয়াকরণেরা অ ই উ ঋ এ ঐ ও ঔ এই আটের উচ্চারণ-ভেদে প্লুতসংজ্ঞা নির্দ্দেশ করিয়া ইহাদিগকে প্লুত-স্বর নামে আর আটটি স্বতন্ত্র বর্ণ বলিয়া গণনা করেন ; তদনুসারে স্বর-বর্ণের সংখ্যা একবিংশতি। কোনও মতে প্লুত ঌ-কার আছে, তদনুসারে স্বরের সংখ্যা দ্বাবিংশতি। আর "মুগ্ধবোধ"-কর্ত্তা বোপদেব দীর্ঘ ৡ-কার স্বীকার করেন। যথা শকৄদন্ত। তদনুসারে স্বর সমুদায়ে ত্রয়োবিংশতি। গান, রোদন ও দূরাহ্বানে প্লুতস্বর উচ্চারিত হয়। "দূরাহ্বানে চ গানে চ রোদনে চ প্লুতো মতঃ"। হ্রস্ব স্বরের উচ্চারণে যে সময় আবশ্যক, দীর্ঘ স্বরের উচ্চারণে তাহার দ্বিগুণ, এবং প্লুত-স্বরের উচ্চারণে

বলে। স্বর দুই প্রকার,—হ্রস্ব ( Short ) ও দীর্ঘ ( Long )। অ ই উ ঋ ঌ এই পাঁচটি হ্রস্ব স্বর ( Short Vowel )। আ ঈ ঊ ৠ এ ঐ ও ঔ এই আটটি দীর্ঘ স্বর ( Long Vowel )। দীর্ঘ ৡ-কার নাই।

## ব্যঞ্জন-বর্ণ ( Consonant )

৩। ক্ খ্ গ্ ঘ্ ঙ্ ; চ্ ছ্ জ্ ঝ্ ঞ্ ; ট্ ঠ্ ড্ ঢ্ ণ্ ; ত্ থ্ দ্ ধ্ ন্ ; প্ ফ্ ব্ ভ্ ম্ ; য্ র্ ল্ ব্ ; শ্ ষ্ স্ হ্ ; ং ঃ। ( ২ )

---

তাহার তিনগুণ সময় আবশ্যক হয়। অতএব উচ্চারণ-কালের পরিমাণানুসারে হ্রস্বের এক মাত্রা, দীর্ঘের দুই মাত্রা এবং প্লুতের তিন মাত্রা। জানু-মণ্ডলে হস্ত-প্রদান করিতে যে সময়ের প্রয়োজন হয়, তাহাকেই মাত্রা বলা হয়। "একমাত্রো ভবেদ্ হ্রস্বো দ্বিমাত্রো দীর্ঘ উচ্যতে। ত্রিমাত্রস্তু প্লুতো জ্ঞেয়ো ব্যঞ্জনঞ্চার্দ্ধমাত্রকম্॥ কালেন যাবতা পাণিঃ পর্য্যেতি জানুমণ্ডলম্। স মাত্রা কবিভির্জ্ঞেয়েত্যুক্তকামরবেদিভিঃ॥" কিন্তু লৌকিক প্রয়োগে প্লুতস্বর প্রায়ই ব্যবহৃত হয় না; সুতরাং ত্রয়োদশটি স্বরবর্ণ বলিলেও বিশেষ ক্ষতি নাই। প্লুতস্বর লিখিয়া প্রকাশ করিবার রীতি; যথা—অ ৩।

( ২ ) অনুস্বার ও বিসর্গ সাধারণতঃ স্বরবর্ণ-মধ্যেই পরিগণিত হইয়া থাকে। কিন্তু অন্য স্বরের আশ্রয় ব্যতিরেকে এই দুই এর উচ্চারণ হয় না; এই হেতু ইহাদিগকে স্বরবর্ণ-মধ্যে গণনা না করিয়া ব্যঞ্জনবর্ণ-মধ্যে গণনা করাই উচিত। এতদ্ভিন্ন কার্য্য-কারণ-ভাব বিবেচনা করিলেও অনুস্বার ও বিসর্গ ব্যঞ্জনবর্ণ-মধ্যেই পরিগণিত হইতে পারে। ন্ এবং ম্ এই দুই ব্যঞ্জনবর্ণ-স্থানে অনুস্বার হয়; এবং অনুস্বার-স্থানে ঙ্ ঞ্ ণ্ ন্ ম্ য্ ল্ ব্ এই সকল ব্যঞ্জন-বর্ণ হয়। সুতরাং অনুস্বারের কার্য্য ও কারণ উভয়ই ব্যঞ্জন। র্ এবং স্ এই দুই ব্যঞ্জনবর্ণ-স্থানে বিসর্গ হয় এবং বিসর্গ-স্থানে য্ র্ শ্ ষ্ স্ এই সমস্ত ব্যঞ্জন-বর্ণ হয় এবং বিসর্গ-স্থানে স্বর-বর্ণের মধ্যে কেবল ও হয়। অতএব বিসর্গেরও, ও-স্বর-রূপ কার্য্য ভিন্ন, সকল কার্য্য ও কারণ উভয়ই ব্যঞ্জন। আর অনুস্বার-ঘটিত যে সকল সন্ধি হয়, বৈয়াকরণেরা স্বরসন্ধি-প্রকরণে তাহাদের নির্দ্দেশ না করিয়া, ব্যঞ্জনসন্ধি-প্রকরণেই নির্দ্দেশ করিয়াছেন। বিসর্গ-ঘটিত সন্ধিরও স্বরসন্ধি-প্রকরণে নির্দ্দেশ নাই, ইহা এক স্বতন্ত্র প্রকরণে নির্দ্দিষ্ট হইয়াছে। শিক্ষাগ্রন্থেও অনুস্বার এবং বিসর্গ স্বরবর্ণ-মধ্যে পরিগণিত হয় নাই। বস্তুতঃ বৈয়াকরণদিগের মতে অনুস্বার ও বিসর্গ স্বর-বর্ণ নহে।

এই পঁয়ত্রিশটি ব্যঞ্জন বর্ণ (৩)। তন্মধ্যে ক অবধি ম পর্য্যন্ত পঁচিশটিকে স্পর্শ-বর্ণ ( Mutes ) বলে ( ৪ )। স্পর্শ-বর্ণ সকল পাঁচ বর্গে ( Group ) বিভক্ত। ক্ খ্ গ্ ঘ্ ঙ্ এই পাঁচটি ক-বর্গ; চ্ ছ্ জ্ ঝ্ ঞ্ এই পাঁচটি চ-বর্গ; ট্ ঠ্ ড্ ঢ্ ণ্ এই পাঁচটি ট-বর্গ; ত্ থ্ দ্ ধ্ ন্ এই পাঁচটি ত-বর্গ; প্ ব্ ফ্ ভ্ ম্ এই পাঁচটি প-বর্গ; য্ র্ ল্ ব্ এই চারিটিকে অন্তস্থ বর্ণ ( Intermediates ) বলে ( ৫ )। শ্ ষ্ স্ হ্ ইহাদিগের নাম উষ্ম-বর্ণ (Sibilants) (৬)। ং ( অনুস্বার ) এবং ঃ ( বিসর্গ ) এই দুই বর্ণকে অযোগবাহ ( Letters standing between Vowels and Consonants ) ( ৭ ) বলে ( ৮ )।

---

(৩) ক্ষ্ এক স্বতন্ত্র বর্ণ বলিয়া উল্লিখিত হইয়া থাকে। কিন্তু ক্ ও ষ্ এই দুই বর্ণ মিলিত হইয়া ক্ষ্ হয়; এই হেতু বৈয়াকরণেরা ইহাকে এক স্বতন্ত্র বর্ণ বলিয়া পরিগণিত করেন না। বস্তুতঃ ক্ষ্ সংযুক্ত-বর্ণ। কলাপ-ব্যাকরণের মতে ক্ষ্ স্বতন্ত্র বর্ণ।

( ৪ ) জিহ্বার অগ্র, উপাগ্র, মধ্য ও মূল এই কয় স্থান স্পর্শ করিয়া এই সকল বর্ণ উচ্চারিত হয়, এই হেতু ইহাদিগের নাম স্পর্শ-বর্ণ।

( ৫ ) স্পর্শ-বর্ণ ও উষ্ম-বর্ণ এই উভয়ের মধ্যে নি দ্দিষ্ট আছে, এই হেতু য্ র্ ল্ ব্ ইহাদিগকে অন্তস্থ অর্থাৎ মধ্যস্থিত বর্ণ বলে। বৈয়াকরণেরা অন্তস্থা এই আ-কারান্ত শব্দ নির্দ্দেশ করিয়াছেন। কলাপ-ব্যাকরণের মতে স্ব স্ব উচ্চারণ-স্থানের অন্ত-দেশে থাকে বলিয়া ইহাদিগকে অন্তস্থা বলে। তথাচ দুর্গঃ—"স্বস্য স্বস্য স্থানস্যান্তে তিষ্ঠন্তীতি অন্তস্থা উচ্যন্তে।"

( ৬ ) শ্, ষ্, স্, হ্ এই চারি বর্ণের উচ্চারণে বায়ুর প্রাধান্য থাকে বলিয়া ইহাদিগের নাম উষ্ম-বর্ণ অর্থাৎ বায়ু-প্রধান বর্ণ।

( ৭ ) পাণিনি, স্বর ও ব্যঞ্জন বিষয়ে যে সকল সংজ্ঞা করিয়াছেন, তন্মধ্যে অনুস্বার ও বিসর্গের যোগ অর্থাৎ উল্লেখ নাই; এই হেতু 'অযোগ'; এবং তাহা না থাকিলেও প্রয়োগ নির্ব্বাহ করে, এই হেতু 'বাহ'। এই উভয়-ধর্ম্মাক্রান্ত হইয়া অনুস্বার ও বিসর্গ "অযোগবাহ" নাম প্রাপ্ত হইয়াছে।

( ৮ ) বিসর্গের আর দুই রূপ আছে। একের নাম জিহ্বামূলীয়, অন্যের নাম উপাধ্মানীয়। ইহারাও দুই স্বতন্ত্র বর্ণ বলিয়া পরিগণিত। আর কোন কোন বৈয়া-

## প্রশ্ন ( বর্ণ-নির্ণয় )

১। বর্ণ কাহাকে কহে ? ইহা কয় প্রকার এবং কি কি ? স্বর-বর্ণ কাহাকে কহে ? ইহার ব্যুৎপত্তি কি ? স্বর-বর্ণ কতগুলি ? এই বিষয়ে যে মতভেদ আছে, তাহার উল্লেখ কর। ২। কিরূপ স্থলে প্লুত-স্বর ব্যবহৃত হয় ? মাত্রা কাহাকে কহে ? হ্রস্ব, দীর্ঘ ও প্লুতের মাত্রা কিরূপ ? ৩। অনুস্বার, স্বর অথবা ব্যঞ্জন-মধ্যে পরিগণিত ? যুক্তি প্রদর্শন করিয়া উত্তর দাও। ৪।'ক্ষ্' একটি স্বতন্ত্র বর্ণ কি না, কারণ প্রদর্শন-পূর্ব্বক উত্তর দাও। ৫। স্পর্শ-বর্ণ কাহাকে কহে ? ইহা কয় ভাগে বিভক্ত ? এক এক ভাগকে কি বলে ? 'স্পর্শ-বর্ণ' এরূপ নাম হইবার কারণ কি ? ৬। অন্তস্থ, উষ্ম ও অযোগ-বাহ বর্ণ কাহাকে কহে ? ইহাদের এরূপ নাম হইবার কারণ কি? ৭। ক্ ও হ্ এর উচ্চারণ-স্থান-সম্বন্ধে কিরূপ মতভেদ দৃষ্ট হয় ? ৮। বিসর্গ কোথা হইতে উচ্চারিত হয় ? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও। ৯। অন্তস্থ ও বর্গীয় ব-কারের উচ্চারণ-স্থান কি ? ১০। 'মূর্দ্ধন্য'—এই শব্দটীর মধ্যে যে যে বর্ণ আছে, তাহাদের প্রত্যেকের উচ্চারণ-স্থান নির্দ্দেশ কর। ১১। অনুস্বার, বিসর্গ ও ঌ কার—ইহারা স্বর-বর্ণ বা ব্যঞ্জন-বর্ণ ? ১২। বর্ণ, স্বর, ব্যঞ্জন, স্পর্শ-বর্ণ, অন্তস্থ-বর্ণ, উষ্ম-বর্ণ ও অযোগবাহ-বর্ণ,—ইহাদের প্রত্যেকের ইংরাজী নাম কি ?

---

## বর্ণের উচ্চারণ-স্থান

### ( Seats of Utterance of Letters )

৪। অ আ হ্,—ইহাদের উচ্চারণ-স্থান কণ্ঠ; এই হেতু ইহাদিগকে কণ্ঠ্য বর্ণ ( Gutturals ) বলে।

৫। ক্ খ্ গ্ ঘ্ ঙ্,—ইহাদের উচ্চারণ-স্থান জিহ্বামূল ( ১ ) ; এই হেতু ইহাদিগকে জিহ্বামূলীয় বর্ণ ( Linguœ-radicals ) বলে।

---

করণ ঌ-কারকে ব্যঞ্জন-মধ্যেও গণনা করিয়া থাকেন : তদনুসারে ব্যঞ্জন ঌ-কার এক স্বতন্ত্র বর্ণ। এতদ্ভিন্ন 'যম' নামে আর চারি ব্যঞ্জন-বর্ণ আছে। কিন্তু লৌকিক ব্যবহারে তাহাদের প্রয়োগ নাই ; এই হেতু এ স্থলে তাহাদের উল্লেখ অনাবশ্যক। এইরূপে বৈয়াকরণদিগের মতে তেইশ স্বর ও বিয়াল্লিশ ব্যঞ্জন,—সমুদয়ে পঁয়ষট্টি বর্ণ।

( ১ ) বৈয়াকরণেরা অ আ হ্ ক্ খ্ গ্ ঘ্ ঙ্ এই সমুদয়েরই উচ্চারণ-স্থান কণ্ঠ

৬। ই ঈ চ্ ছ্ জ্ ঝ্ ঞ্ য্ শ্,—ইহাদের উচ্চারণ-স্থান তালু; এই হেতু ইহাদিগকে তালব্য বর্ণ ( Palatals ) বলে।

৭। ঋ ৠ ট্ ঠ্ ড্ ঢ্ ণ্ র্ ষ্,—ইহাদের উচ্চারণ-স্থান মূর্দ্ধা; এই হেতু ইহাদিগকে মূর্দ্ধন্য বর্ণ ( Cerebrals ) বলে।

৮। ঌ ত্ থ্ দ্ ধ্ ন্ ল্ স্,—ইহাদের উচ্চারণ-স্থান দন্ত; এই হেতু ইহাদিগকে দন্ত্য বর্ণ ( Dentals ) বলে।

৯। উ ঊ প্ ফ্ ব্ ভ্ ম্,—ইহাদের উচ্চারণ-স্থান ওষ্ঠ; এই হেতু ইহাদিগকে ওষ্ঠ্য বর্ণ ( Labials ) বলে।

১০। এ ঐ,—ইহাদের উচ্চারণ-স্থান কণ্ঠ ও তালু; এই হেতু ইহাদিগকে কণ্ঠ্য-তালব্য বর্ণ ( Gutturo-palatals ) বলে।

১১। ও ঔ,—ইহাদের উচ্চারণ-স্থান কণ্ঠ ও ওষ্ঠ; এই হেতু ইহাদিগকে কণ্ঠৌষ্ঠ্য বর্ণ ( Gutturo-labials ) বলে।

১২। অন্তস্থ ব্-কারের উচ্চারণ-স্থান দন্ত ও ওষ্ঠ; এই হেতু ইহাকে দন্তৌষ্ঠ্য বর্ণ ( Dento-labials ) বলে।

১৩। ং ( অনুস্বার ) এর উচ্চারণ-স্থান নাসিকা; এই হেতু ইহাকে অনুনাসিক ( Nasal ) বর্ণ বলে।

১৪। ঃ ( বিসর্গ ) আশ্রয়-স্থান-ভাগী; অর্থাৎ ইহা যে স্বর-বর্ণকে অবলম্বন করিয়া থাকে, সেই স্বর-বর্ণের উচ্চারণ-স্থানই বিসর্গের উচ্চারণ-স্থান। ( ক )

---

বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন। কিন্তু শিক্ষাগ্রন্থে অ আ হ্ এই তিনের উচ্চারণ-স্থান কণ্ঠ, এবং ক-বর্গের উচ্চারণ-স্থান জিহ্বা-মূল বলিয়া স্পষ্ট নির্দ্দেশ আছে। বাস্তবিক, অ আ হ,—এই তিনের এবং ক-বর্গের উচ্চারণ-গত অনেক বৈলক্ষণ্য আছে; এই বৈলক্ষণ্য-অনুসারে বিবেচনা করিলে শিক্ষাগ্রন্থের নির্দ্দেশই সঙ্গত বোধ হয়। এই হেতু শিক্ষাগ্রন্থের মতানুসারেই ক-বর্গের উচ্চারণ-স্থান জিহ্বা-মূল বলিয়া পৃথক্ নির্দ্দিষ্ট হইল।

( ক ) মৎ-সম্পাদিত "উপক্রমণিকা ব্যাকরণ" দেখ।

১৫। ঙ্ ঞ্ ণ্ ন্ ম্,—ইহারা জিহ্বামূল, তালু প্রভৃতির মত নাসিকা হইতেও উচ্চারিত হয়; এই হেতু ইহাদিগকেও অনুনাসিক বর্ণ ( Nasals ) বলে।

---

## প্রশ্ন ( বর্ণের উচ্চারণ-স্থান )

১। অ, ই, উ, ঋ, ঌ,—ইহাদের প্রত্যেকের উচ্চারণ-স্থান নির্দ্দেশ কর। ২। তালব্য বর্ণগুলির নাম উল্লেখ কর। ৩। শ্, ষ্, স্,—ইহাদের যথাক্রমে তালব্য শ্, মূর্দ্ধন্য ষ্ এবং দন্ত্য স্ নাম হইবার কারণ কি? ৪। এ, ও,—ইহাদের উচ্চারণ-স্থান নির্দ্দেশ কর। এই দুইটীকে কি কি বর্ণ বলে? ৫। অনুনাসিক বর্ণগুলির নাম উল্লেখ কর। ইহারা কোথা হইতে উচ্চারিত হয়? ৬। বিসর্গ কোথা হইতে উচ্চারিত হয়? নরঃ, লতা, সুধীঃ, সাধুঃ, বধূঃ, মাতঃ, হরেঃ, গোঃ, গৌঃ,—এই পদগুলির বিসর্গ কোথা হইতে উচ্চারিত হয়? ৭। নিম্ন-লিখিত পদগুলির প্রত্যেকটীতে যতগুলি বর্ণ আছে, তাহারা কোথা হইতে উচ্চারিত হয়?—আত্মা, চন্দ্রমসো পুংক্ষে, বুভুক্ষাঃ, বিদ্বাংসঃ, মৃত্যুঞ্জয়ঃ, বিরিঞ্চিঃ, শার্ঙ্গী। ৮। কণ্ঠ্য-বর্ণ, জিহ্বামূলীয়-বর্ণ, তালব্য-বর্ণ, মূর্দ্ধন্য-বর্ণ. দন্ত্য-বর্ণ, ওষ্ঠ্য-বর্ণ, কণ্ঠ্য-তালব্য-বর্ণ, কণ্ঠৌষ্ঠ্য-বর্ণ, দন্তৌষ্ঠ্য-বর্ণ,—ইহাদের প্রত্যেকের ইংরাজী নাম নির্দ্দেশ কর।

---

## পরিভাষা ( Definition )

### প্রকৃতি ( Radical )

১৬। ক্রিয়া-বাচক কিংবা বস্তু-বাচক অথবা বস্তুর বিশেষণ-বাচককে প্রকৃতি ( খ ) বলে। প্রকৃতি দ্বিবিধ,—ধাতু ও প্রাতিপাদক।

(খ) সরল ভাষায় বলিতে হইলে পদের মূল-ভাগকে প্রকৃতি বলে। শব্দ ও ধাতুই পদের মূল-ভাগ। অতএব প্রকৃতি, শব্দ ও ধাতু ব্যতীত আর কিছুই নয়। এই জন্যই প্রকৃতিকে শব্দ ও ধাতু-ভেদে দুই ভাগে বিভক্ত করা হইয়াছে। প্রাতিপদিক মূল-শব্দেরই নামান্তর।

## ধাতু ( Verbal root )

১৭। যাহা দ্বারা ক্রিয়া বুঝায়, তাহাকে ধাতু বলে। যথা—ভূ, স্থা, গম্, দৃশ্, হন্ ইত্যাদি।

## প্রাতিপদিক ( Nominal stem )

১৮। যাহা বস্তু-বাচক অথবা বস্তুর বিশেষণ-বাচক, তাহাকে প্রাতিপদিক (ক) বলে। বস্তু-বাচক,—চন্দ্র, সূর্য্য, তরু, লতা, জল, বায়ু, গৃহ ইত্যাদি। বস্তুর বিশেষণ-বাচক,—দৃঢ়, স্থির, প্রবল, নূতন, পুরাণ, মন্দ, সুন্দর ইত্যাদি।

## প্রত্যয় ( Affix, Suffix or postfix )

১৯। ধাতু ও প্রাতিপদিকের উত্তর যাহা হয়, তাহাকে প্রত্যয় বলে। প্রত্যয় পঞ্চবিধ,—বিভক্তি, কৃৎ, তদ্ধিত, স্ত্রী-প্রত্যয় ও ধাত্ববয়ব।

## বিভক্তি ( Inflection )

২০। ধাতুর উত্তর তি, তঃ, অন্তি প্রভৃতি এবং প্রাতিপদিকের উত্তর ঃ, ঔ, অঃ প্রভৃতি যে সকল প্রত্যয় হয়, তাহাদিগকে বিভক্তি বলে।

## কৃৎ ( Primary affix )

২১। ধাতুর উত্তর তব্য, য, তৃ, ত, ত্বা প্রভৃতি যে সকল প্রত্যয় হয়, তাহাদিগকে কৃৎ বলে।

## তদ্ধিত ( Secondary affix )

২২। প্রাতিপদিকের উত্তর অ, য প্রভৃতি যে সকল প্রত্যয় হয়, তাহাদিগকে তদ্ধিত (১০) বলে।

(ক) সরল ভাষায় বলিতে হইলে মূল-শব্দ অর্থাৎ যাহাতে বিভক্তি-যোগ হয় নাই, তাহাকে প্রাতিপদিক বলে। প্রাতিপদিকের অপর নাম লিঙ্গ।

(১০) তিঙন্ত পদের উত্তর কল্প প্রভৃতি তদ্ধিত প্রত্যয় হয়।

## স্ত্রী-প্রত্যয় ( Feminine affix )

২৩। স্ত্রীলিঙ্গে আ, ঈ প্রভৃতি যে সকল প্রত্যয় হয়, তাহাদিগকে স্ত্রী-প্রত্যয় বলে।

## ধাত্ববয়ব ( Part of the root )

২৪। ধাতুর উত্তর ই, স প্রভৃতি, এবং প্রাতিপদিকের উত্তর য, কাম্য প্রভৃতি যে সকল প্রত্যয় হয়, তাহাদিগকে ধাত্ববয়ব বলে।

## পদ ( Inflected form )

২৫। ধাতু ও প্রাতিপদিক বিভক্তি-যুক্ত হইলে তাহাদিগকে পদ বলে। ( ক )

## আদেশ ( Substitute )

২৬। প্রকৃতি ও প্রত্যয়ের যে রূপ-পরিবর্ত্তন, তাহাকে আদেশ বলে; যথা,—বৃদ্ধ-শব্দ-স্থানে জ্য, স্থা-ধাতু-স্থানে তিষ্ঠ, য-বিভক্তি-স্থানে ই, অন্ বিভক্তি-স্থানে উঃ ইত্যাদি।

## গুণ।

২৭। 'স্বরের গুণ হয়' বলিলে এই বুঝাইবে যে, ই ঈ স্থানে এ, উ ঊ স্থানে ও, ঋ ৠ স্থানে অর্, এবং ঌ স্থানে অল্ হয়।

## বৃদ্ধি।

২৮। 'স্বরের বৃদ্ধি হয়' বলিলে ইহাই বুঝিতে হইবে যে, অ স্থানে আ, ই ঈ স্থানে ঐ, উ ঊ স্থানে ঔ, এবং ঋ ৠ স্থানে আর্ হয়।

## লঘু ও গুরু।

২৯। হ্রস্ব স্বরকে 'লঘু' এবং দীর্ঘ স্বরকে 'গুরু' বলে। সংযুক্ত বর্ণ পরে থাকিলে হ্রস্ব স্বরও 'গুরু' বলিয়া পরিগণিত হয়।

---

( ক ) শব্দ-রূপের নিয়মে, সমাসে ও প্রত্যয় পরে বিভক্তির লোপ হইলেও লুপ্ত বিভক্তি ধরিয়া পদ হয়। যথা—জলমুক্, ( ক্ষুধা-ক্ষামঃ ) ক্ষুৎক্ষামঃ, ( মৃদো বিকারঃ ) মৃন্ময়ম্ ( পদের অন্তস্থিত হওয়ায় ণত্ব হইল না। )

## উপসর্গ ( Prepositional prefix )

৩০। যদি ক্রিয়ার সহিত যোগ হয়, তাহা হইলে প্র, পরা, অপ, সম্, নি, অব, অনু, নির্, দুর্ ( ১১ ), বি, অধি, সু, উৎ ( ১২ ), পরি, প্রতি, অভি, অতি, অপি, উপ, আ,—এই বিংশতি শব্দকে উপসর্গ বলে। (ক)

## প্রশ্ন ( পরিভাষা )

১। প্রকৃতি কাহাকে কহে ? ইহা কয় প্রকার এবং কি কি ? ২। ধাতু ও প্রাতিপদিক কাহাকে কহে ? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও। ৩। ধাতু ও প্রাতিপদিকের সহিত পদের প্রভেদ কি ? উদাহরণ দিয়া বুঝাও। ৪। প্রত্যয় কাহাকে কহে ? ইহা কয় প্রকার ও কি কি ? ৫। কৃৎ ও তদ্ধিতে প্রভেদ কি ? ৬। ধাত্বয়ব ও আদেশ কাহাকে কহে ? উদাহরণ দাও। ৭। গুণ ও বৃদ্ধি কাহাকে কহে ? ৮। কোন্ কোন্ স্থলে হ্রস্বস্বরও গুরু বলিয়া গণ্য হয় ? ৯। উপসর্গ কাহাকে কহে ? ইহা কয়টী ? ইহাদের নাম উল্লেখ কর। ১০। 'অপি 'ও' অতি'—এই দুইটীর কোন্ কোন্ স্থলে উপসর্গ-সংজ্ঞা হয় না ? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও।

( ১১ ) পাণিনীয়েরা নিস্, দুস্,—এই অন্ত দুই স্বতন্ত্র উপসর্গ স্বীকার করেন।

( ১২ ) বৈয়াকরণেরা দ্-কারান্ত নির্দ্দেশ করিয়া থাকেন।

( ক ) "প্র-পরা-উপ-নি-প্রতি-নির্ব্যতি-সংদুরবাভ্যনু-স্বদুপ-পর্য্যধয়ঃ। অপি বিংশতিকাঃ ক্রিয়ায়ানুগতাঃ ক্বচিদর্থভিদোঽপ্যুপসর্গতয়া॥"—সংক্ষিপ্তসার

ইহাদের মধ্যে কতকগুলির অর্থ-বিশেষে উপসর্গ-সংজ্ঞা হয় না। যথা—প্রশংসা-অর্থে সু ও অতি ; অতিক্রম অর্থাৎ ফলোদয় হইলেও ক্রিয়াপ্রবৃত্তি-অর্থে অতি ; গতি-অর্থে পরি ও অধি ; পদার্থ ( অল্পত্ব ), সম্ভাব্য ( যোগ্যতা ), গর্হা ( নিন্দা ), অনুজ্ঞা ( অনুমতি ) ও সমুচ্চয় ( পরস্পর সংশ্লেষ ) অর্থে অপি—ইহাদের উপসর্গ-সংজ্ঞা হয় না। যথা, সু স্তুত্বা—এস্থলে সু এই পদের প্রশংসার্থ হওয়ায় উপসর্গ-সংজ্ঞা হইল না, অতএব ক্ত্বাচের স্থানে যপ্ এবং ষত্ব-বিধির নিয়মানুসারে স্তু ধাতুর স্ স্থানে মূর্দ্ধন্য ষ্ হইল না। এই স্থলে উপসর্গ-সংজ্ঞা হইলে সুষ্টুত্য এইরূপ পদ হইত। অন্যগুলির যথাক্রমে উদাহরণ,—অতি স্তুত্বা, অতি সিঞ্চতি শালীন্, পরি সেধতি, অধি সেধতি, মধুনোঽপি ( মধুবিন্দু অর্থাৎ অল্প মধু ) স্যাৎ, অপি সিঞ্চেৎ মূলসহস্রম্, অপি সিঞ্চেৎ পলাণ্ডুন্ ব্রাহ্মণকঃ, অপি সিঞ্চ অপি স্তুহি ( সেচন অথবা স্তব যাহা ইচ্ছা কর ), অপি সিঞ্চ অপি স্তুহি ( সেচন ও স্তব উভয়ই কর )।

# সন্ধি

## ( Combination of final and initial letters )

৩১। দুই বর্ণ পরস্পর অত্যন্ত সন্নিহিত হইলে উভয়ে মিলিত হয়। এই মিলনকে সন্ধি ( ক ) বলে। সন্ধি তিন প্রকার,—স্বর-সন্ধি, ব্যঞ্জন-সন্ধি ও বিসর্গ-সন্ধি। স্বরবর্ণে স্বরবর্ণে যে সন্ধি হয়, তাহাকে স্বর-সন্ধি ( Combination of final and initial Vowels ) কহে। ব্যঞ্জন-বর্ণে ব্যঞ্জন-বর্ণে, কিংবা ব্যঞ্জন-বর্ণে স্বর-বর্ণে, অথবা স্বর-বর্ণে ব্যঞ্জন-বর্ণে যে সন্ধি হয়, তাহাকে ব্যঞ্জন-সন্ধি ( Combination of final Consonant with initial Consonant, of final Consonant with initial Vowel, or of final Vowel with initial Consonant ) কহে। বিসর্গের সহিত স্বর-বর্ণ অথবা ব্যঞ্জন-বর্ণের যে সন্ধি হয়, তাহাকে বিসর্গ-

( ক ) "সন্ধিরেকপদে নিত্যো নিত্যো ধাতূপসর্গয়োঃ। সমাসেঽপি চ নিত্যঃ স্যাৎ স চাঽন্যত্র বিভাষিতঃ॥"

একপদে সন্ধি নিত্য অর্থাৎ অবশ্য কর্ত্তব্য। যথা—নে+অন=নয়নম্, হরে+এ =হরয়ে। ধাতুর সহিত উপসর্গেরও সন্ধি নিত্য। যথা—অনু+অভবৎ=অন্বভবৎ ; প্র+এজতে=প্রেজতে। সমাস-স্থলেও সন্ধি নিত্য হয়। যথা—ভীমশ্চ অর্জ্জুনশ্চ তৌ ভীমার্জ্জুনৌ, ত্রীণি অম্বকানি যস্য স ত্র্যম্বকঃ। অন্যত্র বিকল্প। যথা—ইতি+উক্ত্বা=ইত্যুক্ত্বা, ইতি উক্ত্বা। কোন কোন স্থলে একপদেও সন্ধি হয় না। যথা—তিতউঃ ( চালনী )। সূত্রেও সন্ধি নিত্য হয়। অলঙ্কার-শাস্ত্রে উক্ত আছে যে, কোন পদ্যের মধ্যে স্বেচ্ছানুসারে একবারও যদি অসন্ধি পদ প্রয়োগ করা হয়, এবং সন্ধি-নিষেধের নিয়মানুসারে যদি একবারের অধিক তাদৃশ পদ প্রয়োগ করা হয়, তাহাতে "অসন্ধি দোষ" ঘটে। যথা—"সংহিতাং ন করোতীতি স্বেচ্ছয়া সকৃদপি দোষঃ, প্রগৃহ্যাদি-হেতুকত্বে ত্বসকৃৎ"—কাব্যপ্রকাশ

সন্ধি ( Combination of final Visarga with initial Vowel or initial Consonant ) কহে। সন্ধি হইলে কখনও দুই বর্ণ কেবল মিলিত হয়; কখনও পূর্ব্ববর্ণ বিকৃত হয়; কখনও পরবর্ণ বিকৃত হয়; কখনও উভয় বর্ণই বিকৃত হয়; কখনও পূর্ব্ববর্ণের লোপ হয়; কখনও বা পরবর্ণের লোপ হয়। যথা, মহান্-আগ্রহঃ মহানাগ্রহঃ; উৎ-চারয়তি উচ্চারয়তি; যাচ্-না যাচ্ঞা; মহান্-শব্দঃ মহাঞ্ছব্দঃ; সঃ-আগতঃ স আগতঃ, গুরো-অনুমন্যস্ব গুরোঽনুমন্যস্ব।

কোন্ স্থলে কোন্ বর্ণ কিরূপ বিকৃত হয়, এবং কোন্ স্থলে কোন্ বর্ণের লোপ হয়, তাহার নিয়ম ক্রমে ক্রমে প্রদর্শিত হইতেছে।

## স্বর-সন্ধি

### ( Combination of final and initial Vowels )

৩২। যদি অ-কারের পরে অ-কার কিংবা আ-কার থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া আ-কার হয়। আ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, শশ-অঙ্কঃ শশাঙ্কঃ; উত্তম-অঙ্গম্ উত্তমাঙ্গম্; অদ্য-অবধি অদ্যাবধি; রত্ন-আকরঃ রত্নাকরঃ; দেব-আলয়ঃ দেবালয়ঃ; কুশ-আসনম্ কুশাসনম্।

৩৩। যদি আ-কারের পরে অ-কার কিংবা আ-কার থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া আ-কার হয়। আ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, দয়া-অর্ণবঃ দয়ার্ণবঃ; মহা-অর্ঘঃ মহার্ঘঃ; লতা-অন্তঃ লতান্তঃ; মহা-আশয়ঃ মহাশয়ঃ; গদা-আঘাতঃ গদাঘাতঃ; বিদ্যা-আলয়ঃ বিদ্যালয়ঃ।

৩৪। যদি হ্রস্ব ই-কারের পরে ই কিংবা ঈ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া দীর্ঘ ঈ-কার হয়। ঈ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা,

গিরি-ইন্দ্রঃ গিরীন্দ্রঃ ; অতি-ইব অতীব ; প্রতি-ইতিঃ প্রতীতিঃ ; কবি-ঈশ্বরঃ কবীশ্বরঃ ; ক্ষিতি-ঈশঃ ক্ষিতীশঃ, প্রতি-ঈক্ষা প্রতীক্ষা।

৩৫। যদি দীর্ঘ ঈ-কারের পরে ই কিংবা ঈ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া দীর্ঘ ঈ-কার হয়। ঈ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, মহী-ইন্দ্রঃ মহীন্দ্রঃ ; মহতী-ইচ্ছা মহতীচ্ছা ; লক্ষ্মী-ঈশঃ লক্ষ্মীশঃ, পৃথ্বী-ঈশ্বরঃ পৃথ্বীশ্বরঃ।

৩৬। যদি হ্রস্ব উ-কারের পরে উ কিংবা ঊ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া দীর্ঘ ঊ-কার হয়। ঊ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, বিধু-উদয়ঃ বিধূদয়ঃ ; মধু-উৎসবঃ মধূৎসবঃ ; স্বাদু-উদকম্ স্বাদূদকম্ ; সাধু-উক্তম্ সাধূক্তম্ ; লঘু-ঊর্ম্মিঃ লঘূর্ম্মিঃ ; গুরু-ঊহঃ গুরূহঃ।

৩৭। যদি দীর্ঘ ঊ-কারের পরে উ কিংবা ঊ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া দীর্ঘ ঊ-কার হয়। ঊ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, বধূ-উৎসবঃ বধূৎসবঃ ; স্বয়ম্ভু-উদয়ঃ স্বয়ম্ভূদয়ঃ ; ভূ-ঊর্দ্ধ্বম্ ভূর্দ্ধ্বম্ ; বধূ-ঊহনম্ বধূহনম্।

৩৮। যদি হ্রস্ব ঋ-কারের পরে হ্রস্ব ঋ-কার থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া দীর্ঘ ৠ-কার হয়। ৠ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, পিতৃ-ঋণম্ পিতৄণম্ ; ভ্রাতৃ-ঋদ্ধিঃ ভ্রাতৄদ্ধিঃ। ( ক )

৩৯। যদি অ-কারের পরে ই কিংবা ঈ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া এ-কার হয়। এ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, দেব-ইন্দ্রঃ দেবেন্দ্রঃ ; পূর্ণ-ইন্দুঃ পূর্ণেন্দুঃ ; গণ-ঈশঃ গণেশঃ ; অব-ঈক্ষণম্ অবেক্ষণম্।

৪০। যদি আ-কারের পরে ই কিংবা ঈ থাকে, তাহা হইলে উভয়ে

---

( ক ) ঋ-কারের পরে ঌ-কার থাকিলে উভয়ে মিলিয়া দীর্ঘ ৠকার হয়। যথা—হোতৃ + ঌকারঃ = হোতৄকারঃ। মুগ্ধবোধের মতে ঌ-কারের পরে ঌ-কার থাকিলে উভয়ে মিলিয়া দীর্ঘ ৡ-কার হয়। যথা শকৢ + ঌদন্ত = শকৣদন্তঃ।

মিলিয়া এ-কার হয়। এ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, মহা-ইন্দ্রঃ মহেন্দ্রঃ; লতা-ইব লতেব, রমা-ঈশঃ রমেশঃ; মহা-ঈশ্বরঃ মহেশ্বরঃ।

৪১। যদি অ-কারের পরে উ কিংবা ঊ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া ও-কার হয়। ও-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, নীল-উৎপলম্ নীলোৎপলম্; সূর্য্য-উদয়ঃ সূর্য্যোদয়ঃ; এক-ঊনবিংশতিঃ একোনবিংশতিঃ; গৃহ-ঊর্দ্ধ্বম্ গৃহোর্দ্ধ্বম্।

৪২। যদি আ-কারের পরে উ কিংবা ঊ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া ও-কার হয়। ও-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, মহা-উদয়ঃ মহোদয়ঃ; গঙ্গা-উদকম্ গঙ্গোদকম্; গঙ্গা-ঊর্ম্মিঃ গঙ্গোর্ম্মিঃ; মহা-ঊর্ম্মিঃ মহোর্ম্মিঃ।

৪৩। যদি অ-কারের পরে ঋ থাকে, তাহা হইলে ঋ-স্থানে র্ হয়। র্ পরবর্ণের মস্তকে যায়। যথা, দেব-ঋষিঃ দেবর্ষিঃ; হিম-ঋতুঃ হিমর্ত্তুঃ।

৪৪। যদি আ-কারের পরে ঋ থাকে, তাহা হইলে আ-কার-স্থানে অ-কার হয় এবং ঋ-স্থানে র্ হয়। র্ পরবর্ণের মস্তকে যায়। যথা, মহা-ঋষিঃ মহর্ষিঃ, দেবতা-ঋষভঃ দেবতর্ষভঃ।

৪৫। যদি অ-কারের পরে এ কিংবা ঐ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া ঐ-কার হয়। ঐ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, অদ্য-এব অদ্যৈব; এক-একম্ একৈকম্; মত-ঐক্যম্ মতৈক্যম্।

৪৬। যদি আ-কারের পরে এ কিংবা ঐ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া ঐ-কার হয়। ঐ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, সদা-এব সদৈব; তথা-এতৎ তথৈতৎ; মহা-ঐরাবতঃ মহৈরাবতঃ।

৪৭। যদি অ-কারের পরে ও কিংবা ঔ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া ঔ-কার হয়। ঔ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, জল-ওঘঃ

জলৌঘঃ ; গ্রাম-ওকঃ গ্রামৌকঃ ; চিত্ত-ঔদার্য্যম্ চিত্তৌদার্য্যম্, গত-ঔৎসুক্যম্ গতৌৎসুক্যম্।

৪৮। যদি আ-কারের পরে ও কিংবা ঔ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া ঔ-কার হয়। ঔ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, মহা-ওষধিঃ মহৌষধিঃ ; সদা-ওদনম্ সদৌদনম্ ; মহা-ঔদার্য্যম্ মহৌদার্য্যম্ ; সদা-ঔৎসুক্যম্ সদৌৎসুক্যম্।

৪৯। ই ঈ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে হ্রস্ব ই স্থানে য্ হয়। য্ পূর্ব্ববর্ণে যুক্ত হয়, এবং পরবর্ত্তী স্বর য্-কারে যুক্ত হয়। যথা, যদি-অপি যদ্যপি ; প্রতি-অবায়ঃ প্রত্যবায়ঃ ; ইতি-আদিঃ ইত্যাদিঃ ; অতি-আচারঃ অত্যাচারঃ ; অভি-উদয়ঃ অভ্যুদয়ঃ ; প্রতি-উদ্গমনম্ প্রত্যুদ্গমনম্ ; দি-উতম্ দ্যুতম্ ; প্রতি-উহঃ প্রত্যূহঃ ; মুনি-ঋষভঃ মুন্যৃষভঃ ; অতি-ঋণম্ অত্যৃণম্ ; প্রতি-একম্ প্রত্যেকম্ ; যদি-এবম্ যদ্যেবম্ ; মুনি-ঐক্যম্ মুন্যৈক্যম্ ; অতি-ঐশ্বর্য্যম্ অত্যৈশ্বর্য্যম্ ; পচতি-ওদনম্ পচত্যোদনম্ ; মুনি-ওকঃ মুন্যোকঃ ; অপি-ঔৎসুক্যম্ অপ্যৌৎসুক্যম্ ; অতি-ঔদার্য্যম অত্যৌদার্য্যম্। ( ক )

৫০। ই ঈ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে দীর্ঘ ঈ স্থানে য্ হয়। য্ পূর্ব্ববর্ণে যুক্ত হয়, পরবর্ত্তী স্বর য্-কারে যুক্ত হয়। যথা, নদী-অম্বু নদ্যম্বু ; দেবী-আগতা দেব্যাগতা ; সখী-উক্তম্ সখ্যুক্তম্ ; শশী-ঊর্দ্ধগঃ শশ্যূর্দ্ধগঃ ; বলী-ঋষভঃ বল্যৃষভঃ ; গোপী-এষা গোপ্যেষা ; বলী-ঐরাবতঃ বল্যৈরাবতঃ ; সরস্বতী-ওঘঃ সরস্বত্যোঘঃ ; বাণী-ঔচিত্যম্ বাণ্যৌচিত্যম্।

( ক ) মুগ্ধবোধের প্রসিদ্ধ টীকাকার শ্রীরামতর্কবাগীশের মতে দধি + অত্র = দধিযত্র, মধু + অত্র = মধুবত্র, কর্ত্তৃ + অত্র = কর্ত্তৃরত্র, শক্ঌ + অত্র = শক্ঌলত্র ইত্যাদি পদও হয়। সমাস-স্থলেও এইরূপ হইতে পারে। যথা—ত্রি + অম্বক = ত্রিয়ম্বকঃ ( শিবঃ )। "ত্রিয়ম্বকং সংযমিনং দদর্শ"—কুমারসম্ভব।

৫১। উ ঊ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে হ্রস্ব উ স্থানে ব্ হয়। ব্ পূর্ব্ববর্ণে যুক্ত হয়, এবং পরবর্ত্তী স্বর ব্-কারে যুক্ত হয়। যথা, অনু-অয়ঃ অন্বয়ঃ; সু-আগতঃ স্বাগতঃ; মধু-ইদম্ মধ্বিদম্; সাধু-ঈহিতম্ সাধ্বীহিতম্; মধু-ঋতে মধ্বৃতে; অনু-এষণম্ অন্বেষণম্; অনু-ঐক্ষিষ্ট অন্বৈক্ষিষ্ট; পচতু-ওদনম্ পচত্বোদনম্; দদাতু-ঔষধম্ দদাত্বৌষধম্।

৫২। উ ঊ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে দীর্ঘ ঊ স্থানে ব্ হয়। ব্ পূর্ব্ববর্ণে যুক্ত হয়, এবং পরবর্ত্তী স্বর ব্-কারে যুক্ত হয়। যথা, সরযূ-অম্বু সরয্বম্বু; বধূ-আদিঃ বধ্বাদিঃ; তনূ-ইন্দ্রিয়ম্ তন্বিন্দ্রিয়ম্; তনু-ঈশ্বরঃ তন্বীশ্বরঃ; সরযূ-এধিতম্ সরয্বেধিতম্; সরযূ-ওঘঃ সরয্বোঘঃ; বধূ-ঐশ্বর্য্যম্ বধ্বৈশ্বর্য্যম্; বধূ-ঔদার্য্যম্ বধ্বৌদার্য্যম্।

৫৩। ঋ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে ঋ স্থানে র্ হয়। র্ পূর্ব্ববর্ণে যুক্ত হয়, এবং পরবর্ত্তী স্বর র্ (ক) এ যুক্ত হয়। যথা, পিতৃ-অনুমতিঃ পিত্রনুমতিঃ; পিতৃ-আদেশঃ, পিত্রাদেশ; পিতৃ-ইচ্ছা পিত্রিচ্ছা, পিতৃ-ঈহিতম্ পিত্রীহিতম্; পিতৃ-উপদেশঃ পিত্রুপদেশঃ পিতৃ-ঊহঃ পিত্রূহঃ; পিতৃ-এষণা পিত্রেষণা; পিতৃ-ঐশ্বর্য্যম্ পিত্রৈশ্বর্য্যম্; পিতৃ-ওকঃ পিত্রোকঃ, পিতৃ-ঔদার্য্যম্ পিত্রৌদার্য্যম্।

৫৪। স্বরবর্ণ পরে থাকিলে এ-কার স্থানে অয়্ হয়। অ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়, এবং পরবর্ত্তী স্বর য়্-কারে যুক্ত হয়। যথা, শে-অনম্ শয়নম্; নে-অনম্ নয়নম্; জে-অতি জয়তি; সঞ্চে-অঃ সঞ্চয়ঃ; শে-আতে শয়াতে; অশে-আতাম্ অশয়াতাম্; শে-ইতম্ শয়িতম্;

(ক) বিদ্যাসাগর মহাশয় এ স্থলে "রকার" শব্দ প্রয়োগ করিয়াছিলেন; কিন্তু "রকার" বলা ব্যাকরণ-বিরুদ্ধ। "ককার", "নকার", "যকার" ইত্যাদি বলা সঙ্গত, কিন্তু "রকার" বলা সঙ্গত নহে। "রকার" শব্দের প্রয়োগ না করিয়া "রেফ" শব্দ প্রয়োগ করাই ব্যাকরণ-সঙ্গত। "রাদেফঃ। রাদ্ বর্ণাৎ কার-প্রত্যয়ং বাধিত্বা এফঃ স্যাৎ। রেফঃ।"—সংক্ষিপ্তসারে; গৌরীচন্দ্র-কৃতং "তদ্ধিত-পরিশিষ্টম্" (১২৪১ সূত্র)।

অশে-ইষ্ট অশয়িষ্ট; শে-ঈত শয়ীত; শে-ঈরন্ শয়ীরন্; শে-এ শয়ে; শে-ঐ শয়ৈ।

৫৫। স্বরবর্ণ পরে থাকিলে ঐ-কার স্থানে আয়্ হয়। আ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়, এবং পরবর্ত্তী স্বর য়্-কারে যুক্ত হয়। যথা, বিনৈ-অকঃ বিনায়কঃ; সঞ্চৈ-অকঃ সঞ্চায়কঃ; রৈ-আ রায়া; রৈ-ই রায়ি; রৈ-এ রায়ে; রৈ-ওঃ রায়োঃ।

৫৬। স্বরবর্ণ পরে থাকিলে ও-কার স্থানে অব্ হয়। অ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়, এবং পরবর্ত্তী স্বর ব্-কারে যুক্ত হয়। যথা, ভো-অনম্; ভবনম্; পো-অনঃ পবনঃ; শ্রো-অণম্ শ্রবণম্; গো-আ গবা; ভো-ইতা ভবিতা; পো-ইত্রম্ পবিত্রম্; গো-এ গবে; গো-ওঃ গবোঃ।

৫৭। স্বরবর্ণ পরে থাকিলে ঔ-কার স্থানে আব্ হয়। আ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়, এবং পরবর্ত্তী স্বর ব্-কারে যুক্ত হয়। যথা, পৌ-অকঃ পাবকঃ; স্তৌ-অকঃ স্তাবকঃ; নৌ-আ নাবা; গ্লৌ-আ গ্লাবা; নৌ-ই নাবি; ভৌ-উকঃ ভাবুকঃ; নৌ-এ নাবে; গ্লৌ-এ গ্লাবে; গ্লৌ-ওঃ গ্লাবোঃ; নৌ-ঔ নাবৌ।

৫৮। পদের অন্তস্থিত এ-কার কিংবা ও-কারের পরে যে অ-কার থাকে, তাহার লোপ হয়। লোপ হইলে অ-কারের যে চিহ্ন থাকে, তাহাকে লুপ্ত অ-কার বলে। যথা, কবে-অবেহি কবেঽবেহি; সখে-অর্পয় সখেঽর্পয়; প্রভো-অনুগৃহাণ প্রভোঽনুগৃহাণ; গুরো-অনুমন্যস্ব গুরোঽনুমন্যস্ব। (ক)

৫৯। অ-কার ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে পদের অন্তস্থিত এ-কার স্থানে একবার অ এবং আর একবার অয়্ হয়। অ পূর্ব্ববর্ণে যুক্ত হয়,

(ক) পদ-মধ্যস্থিত এ-কার কিংবা ও-কারের পরে হইলে হয় না। যথা—শে+অন =শয়নম্; ভো+অন=ভবনম্।

এবং পরবর্ত্তী স্বর য়্-কারে যুক্ত হয় ( ১৩ )। যথা, সখে-আগচ্ছ সখ আগচ্ছ, সখয়াগচ্ছ; সখে-ইহ সখ ইহ, সখয়িহ ; সখে-ঈহসে সখ ঈহসে, সখয়ীহসে ; সখে-উচ্যতাম্ সখ উচ্যতাম্, সখয়ুচ্যতাম্ ; সখে—উহনম্ সখ উহনম্, সখয়ূহনম্ ; সখে-ঋচ্ছ সখ ঋচ্ছ সখয়্ ৃচ্ছ ; সখে-এহি সখ এহি সখয়েহি ; সখে-ঐষীঃ সখ ঐষীঃ, সখয়ৈষীঃ ; সখে-ওদনম্ সখ ওদনম্, সখয়োদনম্ ; সখে-ঔষধম্ সখ ঔষধম্, সখয়ৌষধম্। ( ক )

৬০। অ-কার ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে পদের অন্তস্থিত ও-কার স্থানে একবার অ এবং আর একবার অব্ হয়। অ পূর্ব্ববর্ণে যুক্ত হয়, এবং পরবর্ত্তী স্বর ব্-কারে যুক্ত হয় ( ১৪ )। যথা, প্রভো-আগচ্ছ প্রভ আগচ্ছ, প্রভবাগচ্ছ ; প্রভো-ইহ প্রভ ইহ, প্রভবিহ ; প্রভো-ঈহসে প্রভ ঈহসে, প্রভবীহসে ; প্রভো-উচ্যতাম্ প্রভ উচ্যতাম্, প্রভবুচ্যতাম্, প্রভো-উহনম্ প্রভ উহনম্, প্রভবূহনম্ ; প্রভো-ঋচ্ছ প্রভ ঋচ্ছ, প্রভবৃচ্ছ ; প্রভো-এহি প্রভ এহি, প্রভবেহি ; প্রভো-ঐষীঃ প্রভ ঐষীঃ, প্রভবৈষীঃ ; প্রভো-ওদনম্ প্রভ ওদনম্, প্রভবোদনম্ ; প্রভো-ঔষধম্ প্রভ ঔষধম্, প্রভবৌষধম্। ( খ )

৬১। স্বরবর্ণ পরে থাকিলে পদের অন্তস্থিত ঐ-কার স্থানে একবার আ এবং আর একবার আয়্ হয়। আ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরবর্ত্তী স্বর য়্-কারে যুক্ত হয় ( ১৫ )। যথা, শ্রিয়ৈ-অর্থঃ শ্রিয়া অর্থঃ, শ্রিয়ায়র্থঃ ; শ্রিয়ৈ-আগ্রহঃ শ্রিয়া আগ্রহঃ, শ্রিয়ায়াগ্রহঃ ; শ্রিয়ৈ-ইচ্ছতি শ্রিয়া

---

(১৩) অ হইলে আর সন্ধি হয় না।

( ক ) এ-কার পদ-মধ্য-স্থিত হইলে অ হয় না। যথা—শে+অন—শয়নম্।

(১৪) অ হইলে আর সন্ধি হয় না।

( খ ) ও-কার পদ-মধ্য-স্থিত হইলে অ হয় না। যথা—ভো+অন—ভবনম্।

(১৫) আ হইলে আর সন্ধি হয় না।

ইচ্ছতি, শ্রিয়ায়িচ্ছতি ; শ্রিয়ৈ-ঈহা শ্রিয়া ঈহা, শ্রিয়ায়ীহা ; শ্রিয়ৈ-উৎসুকঃ শ্রিয়া উৎসুকঃ, শ্রিয়ায়ুৎসুকঃ ; শ্রিয়ৈ-উহঃ শ্রিয়া উহঃ, শ্রিয়ায়ুহঃ ; শ্রিয়ৈ-ঋচ্ছতি শ্রিয়া ঋচ্ছতি, শ্রিয়ায়ৃচ্ছতি ; শ্রিয়ৈ-এতি শ্রিয়া এতি শ্রিয়ায়েতি ; শ্রিয়ৈ-ঐক্যম্ শ্রিয়া ঐক্যম্, শ্রিয়ায়ৈক্যম্ ; ভুক্ত্যৈ-ওদনম্ ভুক্ত্যা ওদনম্, ভুক্ত্যায়োদনম্ ; শ্রিয়ৈ-ঔৎসুক্যম্ শ্রিয়া ঔৎসুক্যম্, শ্রিয়ায়ৌৎসুক্যম্। ( ক )

৬২। স্বরবর্ণ পরে থাকিলে পদের অন্তস্থিত ঔ-কার স্থানে একবার আ এবং আর একবার আব্ হয়। আ পূর্ব্ববর্ণে যুক্ত হয়, এবং পরবর্ত্তী স্বর ব্-কারে যুক্ত হয় (১৬)। যথা, রবৌ-অস্তমিতে রবা অস্তমিতে, রবাবস্তমিতে ; গুরৌ-আগতে গুরা আগতে, গুরাবাগতে ; গতৌ-ইমৌ-গতা ইমৌ, গতাবিমৌ ; তৌ-ঈশ্বরৌ তা ঈশ্বরৌ, তাবীশ্বরৌ ; বিধৌ-উদিতে বিধা উদিতে, বিধাবুদিতে ; রবৌ-ঊর্দ্ধগে রবা ঊর্দ্ধগে, রবাবূর্দ্ধগে ; গুরৌ-ঋচ্ছতি গুরা ঋচ্ছতি, গুরাবৃচ্ছতি ; প্রস্থিতৌ-এতৌ প্রস্থিতা এতৌ, প্রস্থিতাবেতৌ ; মতৌ-ঐক্যম্ মতা ঐক্যম্, মতাবৈক্যম্ ; তরৌ-ওখতি তরা ওখতি তরাবোখতি ; গতৌ-ঔৎসুক্যম্ গতা ঔৎসুক্যম্, গতাবৌৎসুক্যম্। ( খ )

৬৩। ধাতুর এ-কার কিংবা ও-কার পরে থাকিলে উপসর্গের অ-কার ও আ-কারের লোপ হয়। এ-কার এবং ও-কার উপসর্গে যুক্ত হয়। যথা, প্র-এজতে প্রেজতে ( গ ) ; উপ-এষতে উপেষতে ; প্র-এষয়তি প্রেষয়তি ;

( ক ) ঐ-কার পদ-মধ্য-স্থিত হইলে আ হয় না। যথা—নৈ+অক=নায়কঃ।

সেও আ হইলে আর সন্ধি হয় না।

( খ ) ঔ-কার পদ-মধ্য-স্থিত হইলে আ হয় না। যথা—পৌ+অক=পাবকঃ।

( গ ) মুগ্ধবোধের প্রসিদ্ধ টীকাকার দুর্গাদাসের মতে যাহা লিঙ্গ অর্থাৎ প্রাতি-পদিক সংজ্ঞা প্রাপ্ত হয় নাই, এইরূপ ধাতু পরে থাকিলেই এই নিয়মানুসারে কার্য্য

পরা-এখতি পরেখতি ; আ-এটতি এটতি ; উপ-ওষতি উপোষতি ; অব-ওহতি অবোহতি ; পরা-ওখতি পরোখতি ; পরা-ওহতি পরোহতি। (ক)

এধ্ ও ইন্ ধাতুর এ-কার পরে থাকিলে উপসর্গের অ-কার ও আ-কারের লোপ হয় না। যথা, উপ-এধতে উপৈধতে ; পরা-এধতে পরৈধতে ; অব-এতি অবৈতি ; আ-এতি ঐতি।

৬৪। যদি উপসর্গের অ-কার কিংবা আ-কারের পরে ধাতুর ঋ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া আর্ হয়। আ-কার উপসর্গে যুক্ত হয়, এবং র্ পরবর্ণের মস্তকে যায়। যথা, অপ-ঋচ্ছতি অপার্চ্ছতি ; অব-ঋণোতি অবার্ণোতি ; উপ-ঋতৃতি উপার্ত্তৃতি ; পরা-ঋধ্যতি পরার্ধ্যতি ; পরা-ঋষতি পরার্ষতি ; আ-ঋকতি আর্কতি ; আ-ঋচতি আর্চতি। (খ)

৬৫। ওষ্ঠ শব্দ পরে থাকিলে পূর্ব্ব-পদের অন্তস্থিত অ-কার ও আ-কারের বিকল্পে লোপ হয়। যথা, বিম্ব-ওষ্ঠঃ বিম্বোষ্ঠঃ, বিম্বৌষ্ঠঃ ; উমা-ওষ্ঠঃ উমোষ্ঠঃ উমৌষ্ঠঃ। (গ)

সমাস না হইলে হয় না। যথা,—তব-ওষ্ঠঃ তবৌষ্ঠঃ ; মম-ওষ্ঠঃ মমৌষ্ঠঃ (ঘ)।

---

হইবে, অন্যথা নহে। যথা—প্র+এজক=প্রৈজকঃ। এস্থলে এজ ধাতু হইতে এজক এই প্রাতিপদিক উৎপন্ন হইয়াছে, এইজন্য এই সূত্রানুসারে কার্য্য হইল না।

(ক) নাম-ধাতুর এ-কার কিংবা ও-কার পরে থাকিলে বিকল্পে হয়। যথা,—প্র-একীয়তি প্রেকীয়তি, প্রৈকীয়তি ; প্র-ওঘীয়তি প্রোঘীয়তি প্রৌঘীয়তি ইত্যাদি।

(খ) নাম-ধাতুর ঋ-কার কিংবা ৯-কার পরে থাকিলে বিকল্পে হয়। যথা, প্র-ঋকীয়তি প্রার্কীয়তি, প্রর্কীয়তি ; প্র-৯কারীয়তি প্রাল্কারীয়তি, প্রল্কারীয়তি ইত্যাদি।

(গ) ওতু শব্দ পরে থাকিলেও এই নিয়ম। যথা—স্থূল-ওতু স্থূলোতুঃ, স্থূলৌতুঃ। মম+ওতুঃ মমৌতুঃ। ওতু—বিড়াল।

(ঘ) ওম্ শব্দ অথবা আদিষ্ট আঙ্ পরে থাকিলে পূর্ব্ববর্ত্তী অ-কার কিংবা আ-কারের লোপ হয়। অন্য কোন বর্ণের সহিত সন্ধি হওয়ায় যে আ রূপান্তরিত

৬৬। ও-কারান্ত কিংবা এক-স্বর-মাত্র অব্যয় শব্দের সহিত পরবর্ত্ত পদের সন্ধির সম্ভাবনা থাকিলেও সন্ধি হয় না। যথা, অহো-অপেহি

---

হইয়াছে, তাহাকে আদিষ্ট আঙ্ বলে। যথা, শিবায়-ওঁনমঃ শিবায়োঁনমঃ; আ+ইহি =এহি, শিব+এহি=শিবেহি ;—এ স্থলে আ ও ই, এই উভয়ের সন্ধি হওয়ায় এ হইয়াছে, অতএব এই এ-কারই আদিষ্ট আঙ্—তাহাই পরে আছে বলিয়া শিব এই অ-কারের লোপ হইল। এইরূপ আ+উতম্=ওতম্, ব্রহ্ম+ওতম্=ব্রহ্মোতম্; আ+ঋষি= অর্ষিঃ, রাজ+অর্ষি=রাজর্ষিঃ। প্র+ওঙ্কারীয়তি=প্রোঙ্কারীয়তি, এস্থলেও ওম্ শব্দ পরে থাকায় পূর্ব্ববর্ত্তী অ-কারের লোপ হইল; প্রথম নিয়মানুসারে নাম-ধাতু হওয়ায় বিকল্পে হইবে না।

(ঘ ১) এব শব্দ পরে থাকিলে পূর্ব্ববর্ত্তী অ-কার কিংবা আ-কারের লোপ হয়। যথা, অদ্য+এব=অদ্যেব; ক্ব+এব=ক্বেব। নিশ্চয় বুঝাইলে হয় না; যথা—অদ্য+এব=অদ্যৈব গচ্ছ। কোন মতে সাদৃশ্য ও সম্ভাবনা অর্থ বুঝাইলেই হয়। যথা—সাদৃশ্য অর্থে—চর্ম্ম+এব=চর্ম্মেব রজ্জুঃ; সম্ভাবনা অর্থে—অদ্য+এব=অদ্যেব, তদদ্যেবাভুৎ ( তৎ অদ্যেব অভুৎ )। অন্য অর্থে হয় না। যথা—ইহ+এব=ইহৈব, ইহৈব বয়ং ধীরাঃ।

(ঘ ২) ঋত শব্দ পরে থাকিলে এবং তৃতীয়া-তৎপুরুষ সমাস হইলে পূর্ব্ববর্ত্তী অ-কার কিংবা আ-কার ও পরবর্ত্তী ঋ-কার উভয়ে মিলিত হইয়া আর্ হয়, আ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং র্ পর-বর্ণের মস্তকে যায়। যথা, শীত+ঋতঃ=শীতার্ত্তঃ; ক্ষুধা+ঋতঃ= ক্ষুধার্ত্তঃ। অন্য সমাসে হয় না। যথা—পরম+ঋতঃ=পরমর্ত্তঃ।

(ঘ ৩) ঋণ, প্র, বসন, বৎসর, বৎসতর, দশ ও কম্বল শব্দের পরে ঋণ শব্দ থাকিলে পূর্ব্ববৎ কার্য্য হয়। যথা—ঋণ+ঋণম্=ঋণার্ণম্ ( ঋণশোধ করিবার জন্য যে ঋণ করা হয় ); প্র+ঋণ=প্রার্ণম্ ( প্রধান ঋণ ) ইত্যাদি।

(ঙ) নিম্ন-লিখিত প্রয়োগ গুলি নিপাতন-সিদ্ধ। সাধারণ সূত্রানুসারে সিদ্ধ না হওয়াকে নিপাতন বলে।

(ঙ ১) স্ব+ঈর=স্বৈরম্। অক্ষ+উহিনী=অক্ষৌহিণী ( সেনা )। বিদ্যানিবাসের মতে পাশক-শ্রী অর্থে অক্ষৌহিণী এবং অক্ষোহিনী।

(ঙ ২) প্র+ঊঢ়=প্রৌঢ়ঃ; প্র+ঊঢ়ি=প্রৌঢ়িঃ; প্র+ঊহ=প্রৌহঃ।

অহো অপেহি; অহো-আগমিষ্যতি অহো আগমিষ্যতি; অ-অদ্যাপি অ অদ্যাপি; আ-এবম্ আ এবম্ (১৭); উ-উত্তিষ্ঠ উ উত্তিষ্ঠ; এ-

---

(৬৩) প্র+এষ=প্রেষঃ, প্রৈষঃ; প্র+এষ্য=প্রেষ্যঃ, প্রৈষ্যঃ। সিদ্ধান্তকৌমুদী-মতে প্র+ঈষ=প্রেষঃ, প্র+ঈষ্য=প্রেষ্যঃ।

(৬৪) মনস্+ঈষা=মনীষা (বুদ্ধিঃ); লাঙ্গল+ঈষা=লাঙ্গলীষা, হল+ঈষা=হলীষা (ঈষা=লাঙ্গল-দণ্ডঃ; সংক্ষিপ্তসার ও সুপদ্ম মতে ঈষা=গমনম্), শক+অন্ধু=শকন্ধুঃ (শকদেশস্থঃ কূপঃ); কুল+অটা=কুলটা (বেশ্যা); সীম+অন্ত=সীমন্তঃ (কেশবিন্যাসঃ); পতৎ+অঞ্জলি=পতঞ্জলিঃ (মুনি-বিশেষঃ); সার+অঙ্গ=সারঙ্গঃ (চাতকাদিঃ)।

(৬৫) বৃহৎ+পতি=বৃহস্পতিঃ; বন+পতি=বনস্পতিঃ; আ+পদ=আস্পদম্; তৎ+কর=তস্করঃ; অটৎ+বি=অটবিঃ; আ+চর্য্য=আশ্চর্য্যম্; পৃষৎ+উদর=পৃষোদরঃ; পর+অক্ষি=পরোক্ষম্; পশ্চাৎ+অর্দ্ধ=পশ্চার্দ্ধম্; হরিচ+চন্দ্র=হরিশ্চন্দ্রঃ; ভুবঃ+লোক=ভুবর্লোকঃ; অন্য+অন্য=অন্যোন্যম্; পর+পর=পরস্পরম্; সম+অর্থ=সমর্থঃ; দিব্+ওকস্=দিবৌকাঃ; শুদ্ধ+ওদন=শুদ্ধোদনঃ; মধ্য+দিন=মধ্যন্দিনম্, প্রায়+চিত্ত=প্রায়শ্চিত্তম্; গান+ধর্ম্ম=গন্ধর্ব্বঃ; অশ্ব+স্থামন্ (বল)=অশ্বত্থামা; সম+অশন=সমশনম্; অর্দ্ধ+অশন=অর্দ্ধশনম্; শব+শয়ন=শ্মশানম্; দ্বি+দ্বি=দ্বন্দ্বম্; অস্ম+ঈয়=অস্মদীয়ঃ; মনস্+মথ=মন্মথঃ ইত্যাদি।

(চ) স্বরবর্ণ পরে থাকিলে পদের অন্তেস্থিত গো শব্দের ও-কারের স্থানে বিকল্পে অব হয়, অর্থাৎ একবার অব হয়, আর একবার অব্ হয়। যথা, গো+ঈশ=গবেশঃ, গবীশঃ। পদের অন্তস্থিত না হইলে হয় না। যথা—গো+এ=গবে। গো+ইন্দ্র=গবেন্দ্রঃ, গো+অক্ষি=গবাক্ষঃ,—এই দুইটী পদে নিত্য অব হয়, অর্থাৎ অব্ হয় না।

(ছ) অ-কার পরে থাকিলে পদান্তস্থিত গো-শব্দের ও-কার-স্থানে (১) অব হয়, (২) পরবর্ত্তী অ-কারের লোপ হয়, এবং (৩) সন্ধি হয় না। যথা—গো+অগ্র=গবাগ্রম্, গোঽগ্রম্, গোঅগ্রম্।

(১৭) সীমা, ব্যাপ্তি অথবা ঈষদর্থ বুঝাইলে, [ক্রিয়ার] ক্রিয়ার সহিত যোগ হইলে, অব্যয় আ-কারের সন্ধি হয়। সীমা যথা, আ-অধ্যয়নাৎ, আধ্যয়নাৎ অধ্যয়ন পর্য্যন্ত। ব্যাপ্তি

KRISHNA MISSION INSTITUTE

এবমেতৎ এ এবমেতৎ ; ঐ-ইহাগচ্ছ ঐ ইহাগচ্ছ ; ঔ-আগম্যতাম্ ঔ আগম্যতাম্।

৬৭। দ্বিবচন-নিষ্পন্ন দীর্ঘ ঈ-কারান্ত (ক), দীর্ঘ ঊ-কারান্ত এবং এ-কারান্ত পদের সহিত পরবর্ত্তী পদের সন্ধির সম্ভাবনা থাকিলেও সন্ধি হয় না। যথা, কবী-ইমৌ কবী ইমৌ ; গিরী-এতৌ গিরী এতৌ ; সাধূ-ইমৌ সাধূ ইমৌ ; বন্ধূ-আগতৌ বন্ধূ আগতৌ ; অমূ-অর্ভকৌ অমূ অর্ভকৌ ; লতে-এতে লতে এতে ; বিদ্যে-ইমে বিদ্যে ইমে ; শয়াতে-অর্ভকৌ শয়াতে অর্ভকৌ ; শয়াবহে-আবাম্ শয়াবহে আবাম্ ; যাচেতে-অর্থম্ যাচেতে অর্থম্।

---

যথা, আ-একদেশাৎ ঐকদেশাৎ, একদেশ ব্যাপিয়া। ঈষদর্থ যথা, আ-আলোচিতম্ আলোচিতম্, ঈষৎ আলোচিত। ক্রিয়ার সহিত যোগ ; যথা, আ-ইহি এহি। বাক্য ও স্মরণ অর্থে সন্ধি হয় না ; যথা, আ এবং নু মন্যসে ; আ এবং কিল তৎ। বৈয়াকরণেরা আ দুই প্রকার নির্দ্দেশ করিয়াছেন, ঙিৎ ও অঙিৎ অর্থাৎ আঙ্ ও আ। সীমা প্রভৃতি চারি অর্থে ঙিৎ অর্থাৎ আঙ্ এবং বাক্য ও স্মরণ অর্থে অঙিৎ অর্থাৎ আ। আঙের সহিত সন্ধি হয়, কিন্তু আ এর সহিত হয় না। প্লুতস্বরেরও সন্ধি হয় না। যথা, কৃষ্ণ ৩ এহি।

(ক) কিন্তু 'ইব' শব্দ পরে থাকিলে দ্বিবচনান্ত 'মণী' প্রভৃতি পদের সন্ধি হয় ; যথা—মণী+ইব=মণীব। ("মণী ভার্য্যাপতী চৈব জায়াপতী চ দম্পতী। বাসসী রোদসী চৈব পেচুষী দম্পতী তথা")। ইব ভিন্ন অন্য শব্দ পরে থাকিলে সন্ধি হয় না। যথা—মণী+অত্র=মণী অত্র। ইবার্থক 'ব' শব্দও আছে। কেহ কেহ বলেন, 'মণীব' প্রভৃতি পদে সেই 'ব' শব্দ দ্বারাই কার্য্যসিদ্ধি হইতে পারে, সুতরাং এরূপ নিয়ম অনাবশ্যক। এরূপ আপত্তি সঙ্গত নহে। কারণ 'মণীব' এই পদটি ইবার্থক 'ব' শব্দ লইয়া সিদ্ধ হইলেও দ্বিবচনান্ত 'মণী' এই পদের পরে ইব শব্দ থাকিলে কি হইবে, এই প্রশ্নের উত্তরে যদি সন্ধি হইবে না এরূপ বলা যায়, তাহা হইলে দোষ হইবে। ইহাই মুগ্ধবোধের প্রসিদ্ধ টীকাকার শ্রীরামতর্কবাগীশের মত। কলাপের মতে মণীবাদি স্থলে নিত্য সন্ধি হয়, কিন্তু সংক্ষিপ্তসারের মতে বিকল্পে হয়।

৬৮। অদস্ শব্দের পুংলিঙ্গে প্রথমার বহুবচনে যে 'অমী' হয়, তাহার সহিত পরবর্ত্তী পদের সন্ধির সম্ভাবনা থাকিলেও সন্ধি হয় না। যথা, অমী-অশ্বাঃ অমী অশ্বাঃ; অমী-ইষবঃ অমী ইষবঃ। (ক)

---

(ক ১) অসমান স্বরবর্ণ পরে থাকিলে পদের অন্তস্থিত ই, ঈ, উ, ঊ, ঋ, ৠ এবং ৯ এই কয় বর্ণের সহিত বিকল্পে সন্ধি হয়, এবং পূর্ব্বপদের অন্তে দীর্ঘ স্বর থাকিলে বিকল্পে হ্রস্ব হয়। যথা—শার্ঙ্গী+অত্র=শার্ঙ্গী অত্র, শার্ঙ্গি অত্র, শার্ঙ্গ্যত্র। পূর্ব্ব-পদের অন্তে হ্রস্ব স্বর থাকিলে কেবল বিকল্পে সন্ধি হয়। যথা—দধি+অত্র=দধি অত্র, দধ্যত্র; মধু+অত্র=মধু অত্র, মধ্বত্র। সমাস হইলে নিত্য সন্ধি হয়। যথা—হরি+অর্চ্চা=হর্য্যর্চ্চা। কোন কোন মতে নিত্য-সমাস-স্থলেই নিত্য সন্ধি, কিন্তু অনিত্য-সমাস-স্থলে বিকল্পে হয়। যথা—নদী+অর্থ=নদ্যর্থম্। অর্থ-শব্দের সহিত নিত্য-সমাসের বিধান থাকায় নিত্য সন্ধি হইল। কিন্তু 'নদ্যা অন্তঃ'—এই বাক্যে সমাস করা বা না করা প্রয়োগ-কর্ত্তার ইচ্ছাধীন, সুতরাং সমাস অনিত্য; এইজন্য নদী অন্তঃ, নদি অন্তঃ, নদ্যন্তঃ,—এই তিন প্রকারই প্রয়োগ হইতে পারে।

(ক ২) ঋ-কার পরে থাকিলে পূর্ব্ববর্ত্তী অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ ৠ ৯,—এই সকল বর্ণের সহিত বিকল্পে সন্ধি হয় এবং পূর্ব্বপদের অন্তে দীর্ঘ স্বর থাকিলে বিকল্পে হ্রস্ব হয়। যথা—ব্রহ্মা+ঋষিঃ=ব্রহ্মা ঋষিঃ, ব্রহ্মঋষিঃ, ব্রহ্মর্ষিঃ। সমাস হইলেও বিকল্পে হয়। যথা—মহা+ঋষিঃ=মহাঋষিঃ, মহঋষিঃ, মহর্ষিঃ। মতান্তরে নিত্য-সমাসে পূর্ব্ববৎ নিত্য হয়। যথা, পরা+ঋচ্ছতি=পরার্চ্ছতি। এ স্থলে 'পরা' এই উপসর্গের সহিত 'ঋচ্ছতি' এই ঋ-ধাতুর নিত্য-সমাস হইয়াছে। পূর্ব্বপদের অন্তে হ্রস্ব স্বর থাকিলে পূর্ব্ববৎ কেবল বিকল্পে সন্ধি হইবে। যথা—দধি+ঋচ্ছতি=দধি ঋচ্ছতি, দধ্যৃচ্ছতি।

(ক) ইতি শব্দ পরে থাকিলে সম্বোধন-নিষ্পন্ন ও-কারান্ত পদের সহিত বিকল্পে সন্ধি হয়। যথা—বিষ্ণো+ইতি=বিষ্ণো ইতি, বিষ্ণবিতি, বিষ্ণ ইতি (৬০ সূত্র)।

## প্রশ্ন ( স্বর-সন্ধি )

(১) কোন্ কোন্ স্থলে সন্ধি নিত্য হয়? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও। (২) এক-পদেও সন্ধি হয় নাই, এরূপ একটী উদাহরণ দাও। (৩) সন্ধি-বিচ্ছেদ কর:—অভ্যুপেতা,

প্রোচুঃ, সৈব, একৈনৈব, গমিষ্যাম্যুপহাস্ততাম্ বংশেঽস্মিন্, সূত্রস্তেবাস্তি, ঋষয়ৈষিণাম্, হৃগ্নৌ, রাজেন্দুঃ, ক্ষীরনিধাবিব, নাভ্যভাবত, যথৈবেন্দুঃ, স্বেনাম্, ব্রজেত্যুক্তঃ, সেদানীং, সদৈবোক্তং, বিললাপাতিদুঃখার্ত্তঃ, পর্য্যাকুলেক্ষণঃ, চাপ্যেব, রাজর্ষীণাম্, ত্রিয়ম্বকঃ সর্ব্ব এব, ভুক্ত্বা ওদনম্, প্রস্থিতা এতৌ, উপোষতি, এটতি, আর্চতি, পরার্ধতি, ঐতি, পরৈধতে প্রাক্ষীয়তি, প্রার্ণ, অক্ষৌহিণী, সারঙ্গঃ, শুদ্ধোদন। (৪) সন্ধি কর :—সাধূ+এতৌ, বধূ+অর্থঃ, অমী+অশ্বাঃ, অমী+অয়ম্, শেতে+অর্ভকঃ, শয়াতে+অর্ভকৌ, অহো+আগচ্ছ, গুরো+এহি, গুরো+অত্র, আ+এবম্, মুনী+ইব, মণী+ইব, পতী+ইব, দম্পতী+ইব, ব্রহ্মা+ঋষি, নদী+অস্তস্, গো+ঈশ, গো+অগ্নি, গো+এ, স্ব+ঈর; প্র+এষ, মাস+ঋণ, বৎসর+ঋণ, ক্ষুধা+ঋত, পরম+ঋত, প্র+এজতে, প্র+এজক, বিম্ব+ওষ্ঠ, তব+ওষ্ঠঃ, শিব+এহি। (৫) নিপাতনে সন্ধি হয়, এরূপ ৫টী উদাহরণ দাও। (৬) যে যে স্থলে সন্ধি হয় না, তাহার উল্লেখ কর এবং উদাহরণ দাও। (৭) 'আ' এই অব্যয়ের সহিত কোথায় সন্ধি হয় এবং কোথায় হয় না, তাহা উদাহরণ দিয়া বুঝাইয়া দাও। (৮) দ্বিবচন-নিষ্পন্ন পদেরও সহিত সন্ধি হয়, এরূপ ৩টী উদাহরণ দাও।

---

## ব্যঞ্জন-সন্ধি

( Combination of final Consonant with initial Consonant, of final Consonant with initial Vowel, or of final Vowel with initial Consonant )

[illegible]। যদি চ্ কিংবা ছ্ পরে থাকে, তাহা হইলে ত্ ও দ্ স্থানে চ্ হয়। যথা, মহৎ-চক্রম্ মহচ্চক্রম্; ভবৎ-চরণম্ ভবচ্চরণম্; উৎ-চারণম্ উচ্চারণম্; এতদ্-চন্দ্রমণ্ডলম্ এতচ্চন্দ্রমণ্ডলম্; বিপদ্-চয়ঃ বিপচ্চয়ঃ; তদ্-চলনম্ তচ্চলনম্; মহৎ-ছত্রম্ মহচ্ছত্রম্; ভবৎ-ছলনম্

ভবচ্ছলনম্; উৎ-ছিনত্তি উচ্ছিনত্তি; তদ্-ছবিঃ তচ্ছবিঃ; এতদ্-ছায়া এতচ্ছায়া। (ক)

৭০। যদি জ্ কিংবা ঝ্ পরে থাকে, তাহা হইলে ত্ ও দ্ স্থানে জ্ হয়। যথা, ভবৎ-জীবনম্ ভবজ্জীবনম্, উৎ-জ্বলঃ উজ্জ্বলঃ, সরিৎ-জলম্ সরিজ্জলম্; তদ্-জন্ম তজ্জন্ম; এতদ্-জননম্ এতজ্জননম্; বিপদ্-জালম্ বিপজ্জালম্; মহৎ-ঝঞ্ঝনম্ মহজ্ঝঞ্ঝনম্; তদ্-ঝনৎকারঃ তজ্ঝনৎকারঃ।

৭১। যদি জ্ কিংবা ঝ্ পরে থাকে, তাহা হইলে দন্ত্য ন্ স্থানে ঞ্ হয়। যথা, মহান্-জয়ঃ মহাঞ্জয়; রাজন্-জাগৃহি রাজঞ্জাগৃহি; ভবান্-জীবতু ভবাঞ্জীবতু; উন্থন্-ঝঙ্কারঃ উন্থঞ্ঝঙ্কারঃ; বিরমন্-ঝনৎকারঃ বিরমঞ্ঝনৎকারঃ; গচ্ছন্-ঝটিতি গচ্ছঞ্ঝটিতি।

৭২। যদি পদের অন্তস্থিত ত্ কিংবা দ্ এর পরে তালব্য শ্ থাকে,

(ক ১) উ+ইতি=উ ইতি, বিতি; কিম্+উক্তম্—কিম্ উক্তম্, কিম্বুক্তম্ ইত্যাদি স্থলেও বিকল্পে সন্ধি হয়। কিম্বুক্তম্—এই পদে ৩৬ সূত্রানুসারে কিমূক্তম্ না হইয়া উ স্থানে ব্ হইবে।

(ক) এই সূত্রে এবং ইহার পরবর্ত্তী সূত্র-সমূহে ত্ ও দ্ বলিবার কোনই প্রয়োজন নাই, কেবল ত্ বলিলেই হয়; যেহেতু বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ এবং শ্, ষ্, স্ পরে থাকিলে পঞ্চম বর্ণ ভিন্ন অন্যীয় বর্ণ স্থানে স্ব স্ব বর্গের প্রথম বর্ণ হইয়া যায়। সুতরাং এতদ্+চন্দ্রমণ্ডলম্,—এ স্থলে অগ্রে দ্ স্থানে ৎ হইয়া 'এতৎ চন্দ্রমণ্ডলম্' হইয়া যাইবে। অতএব দ্ বলা অনর্থক। মূল শব্দ ধরিয়া দ্ বলিতে হইলে ধ্, স ইত্যাদিও বলিতে হয়, নচেৎ ক্ষুধ্+নিবৃত্তি, বিদ্বস্+জনঃ ইত্যাদি স্থলে ক্ষুন্নিবৃত্তিঃ, বিদ্বজ্জনঃ ইত্যাদি পদ হইতে পারে না। ঐ সকল স্থলে যখন অগ্রে যথানিয়মে ৎ করিয়া পরে সন্ধি করা হইয়া থাকে, তখন দ্ স্থলে সেরূপ করা হইবে না কেন? সপ্তমীর বহুবচনে সাধারণ ব্যঞ্জনান্ত শব্দের যেরূপ আকৃতি হয়, পদের অন্তেও সেইরূপ আকৃতি হইয়া থাকে। যথা—ক্ষুধ্-সু—ক্ষুৎসু (পদের অন্তেও ক্ষুৎ), বিদ্বস্-সু বিদ্বৎসু (পদের অন্তেও বিদ্বৎ); মধুলিহ্-সু মধুলিট্সু (পদের অন্তেও মধুলিট্), উপানহ্-সু—উপানৎসু (পদের অন্তেও উপানৎ) ইত্যাদি।

তাহা হইলে ত্ ও দ্ স্থানে চ্ এবং তালব্য শ্ স্থানে ছ্ হয় (১৮)। যথা, জগৎ-শরণ্যঃ জগচ্ছরণ্যঃ; মহৎ-শকটম্ মহচ্ছকটম্; তদ্-শরীরম্ তচ্ছরীরম্; এতদ্-শকাব্দীয়ম্ এতচ্ছকাব্দীয়ম্ (১৯)।

৭৩। যদি পদের অন্তস্থিত ন্-কারের পরে তালব্য শ্ থাকে, তাহা হইলে ন্ স্থানে ঞ্ এবং তালব্য শ্ স্থানে ছ্ হয়। যথা, মহান্-শব্দঃ মহাঞ্ছব্দঃ; ধাবন্-শশঃ ধাবঞ্ছশঃ; নিন্দন্-শঠঃ নিন্দঞ্ছঠঃ (২০)।

৭৪। যদি পদের অন্তস্থিত ত্-কার কিংবা দ্-কারের পরে হ্ থাকে, তাহা হইলে ত্ স্থানে দ্ হয়, এবং হ্ স্থানে ধ্ হয়। যথা, উৎ-হতঃ উদ্ধতঃ; উৎ-হরণম্ উদ্ধরণম্; মহৎ-হসনম্ মহদ্ধসনম্; তদ্-হিতম্ তদ্ধিতম্; তদ্-হেয়ম্ তদ্ধেয়ম্; বিপদ্-হেতুঃ বিপদ্ধেতুঃ (২১)।

৭৫। যদি চ্-বর্গের পরে দন্ত্য ন্ থাকে, তাহা হইলে ন্ স্থানে ঞ্ হয়। যথা, যাচ্-না যাচ্ঞা; যজ্-নঃ যজ্ঞঃ; যজ্-নাতে যজ্ঞাতে; জজ্-নিষে জজ্ঞিষে; জজ্-নিধ্বে জজ্ঞিধ্বে; জজ্-নে জজ্ঞে; রাজ্-না রাজ্ঞা; রাজ্-নী রাজ্ঞী।

৭৬। যদি ট্ কিংবা ঠ্ পরে থাকে, তাহা হইলে ত্ ও দ্ স্থানে ট্

---

(১৮) তালব্য শ্ চ্-যুক্ত থাকিলে হয় না। যথা, উৎ+শ্চোতত্তি উৎশ্চোততি। চান্দ্র ও কাতন্ত্র মতে শ্, ল্ অথবা ম্ যুক্ত হইলেও হয় হয় না। যথা—বাক্ শ্লক্ষ্ণঃ, বাক্ শ্মশানম্।

(১৯) বৈয়াকরণেরা, পদের অন্তস্থিত ত্-কার কিংবা দ্-কারের পরে তালব্য শ্ থাকিলে দুই পদ সিদ্ধ করেন। যথা, মহৎ-শকটম্ মহচ্ছকটম্, মহচ্শকটম্; তদ্-শরীরম্ তচ্ছরীরম্, তচ্শরীরম্।

(২০) বৈয়াকরণেরা, পদের অন্তস্থিত ন্-কারের পরে তালব্য শ্ থাকিলে, চারি পদ সিদ্ধ করেন। যথা, মহান্-শব্দঃ মহাঞ্ছব্দঃ মহাঞ্চ্ছব্দঃ, মহাঞ্শব্দঃ, মহাঞ্চ্শব্দঃ।

(২১) বৈয়াকরণেরা, পদের অন্তস্থিত ত্-কার কিংবা দ-কারের পরে হ্ থাকিলে, দুই পদ সিদ্ধ করেন। যথা, উৎ-হতঃ উদ্ধতঃ, উদ্হতঃ; তদ্-হেয়ম্ তদ্ধেয়ম্, তদ্হেয়ম্।

হয়। যথা, উৎ-টলতি উট্টলতি; মহৎ-টঙ্কনম্ মহট্টঙ্কনম্; তদ্-টীকা তট্টীকা; এতদ্-টঙ্কারঃ এতট্টঙ্কারঃ; সৎ-ঠকারঃ সট্ঠকারঃ। এতদ্-ঠক্কুরঃ এতট্ঠক্কুরঃ। (ক)

৭৭। যদি ড্ কিংবা ঢ্ পরে থাকে, তাহা হইলে ত্ ও দ্ স্থানে ড্ হয়। যথা, উৎ-ডীনঃ উড্ডীনঃ; ভবৎ-ডমরুঃ ভবড্ডমরুঃ; তদ্-ডিণ্ডিমঃ তড্ডিণ্ডিমঃ; এতদ্-ডামরঃ এতড্ডামরঃ; উৎ-ঢৌকতে উড্ঢৌকতে; মহৎ-ঢালম্ মহড্ঢালম্; এতদ্-ঢক্কা এতড্ঢক্কা; তদ্-ঢুণ্ঢনম্ তড্ঢুণ্ঢনম্।

৭৮। যদি ড্ কিংবা ঢ্ পরে থাকে, তাহা হইলে দন্ত্য ন্ স্থানে মূর্দ্ধন্য ণ্ হয়। যথা, মহান্-ডামরঃ মহাণ্ডামরঃ; রুবন্-ডিণ্ডিমঃ রুবণ্ডিণ্ডিমঃ; ভবান্-ঢণ্ঢতি ভবাণ্ঢণ্ঢতি; রাজন্-ঢৌকসে রাজণ্ঢৌকসে।

৭৯। মূর্দ্ধন্য ষ্-কারের পরস্থিত ত্ স্থানে ট্ এবং থ্ স্থানে ঠ্ হয়। যথা, আকৃষ্-তঃ আকৃষ্টঃ; স্রষ্-তা স্রষ্টা; দ্রষ্-তা দ্রষ্টা; উৎকৃষ্-তঃ উৎকৃষ্টঃ; ষষ্-থঃ ষষ্ঠঃ।

৮০। যদি ল্ পরে থাকে, তাহা হইলে ত্, দ্ ও ন্ স্থানে ল্ হয়। যথা, বৃহৎ-ললাটম্ বৃহল্ললাটম্; উৎ-লিখিতম্ উল্লিখিতম্; তদ্-লীলায়িতম্ তল্লীলায়িতম্; এতদ্-লীলোদ্যানম্ এতল্লীলোদ্যানম্; মহান্-লাভঃ মহাল্ঁলাভঃ; ভবান্-লভতে ভবাল্ঁলভতে (২২)।

৮১। যদি স্বরবর্ণ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত

(ক) যদি ট-বর্গের পরে ত বর্গ থাকে, তাহা হইলেও ত-বর্গ স্থানে ট-বর্গ হয়। যথা—ঈট্+তে=ঈট্টে; মূঢ্+থ=মূঢ্+ঢ=মূঢ়ঃ। কিন্তু যদি ঐ ট-বর্গ পদের অন্তস্থিত হয়, তাহা হইলে হয় না। যথা—ষট্+তে=ষট্তে। ষট্+নবতি—ষন্নবতিঃ, ষট্+নগরী—ষন্নগরী,—এই দুইটী পদ নিপাতনে সিদ্ধ।

(২২) ন-কার-স্থান-জাত ল-কারের ন-কারের মত অনুনাসিক উচ্চারণ হয়। সেই উচ্চারণের সূচক বিন্দু-সহিত অর্দ্ধ-চন্দ্র পূর্ব্ববর্ণে যোজিত করিতে হয়।

ন্-কারের দ্বিত্ব হয়। যথা, ধাবন্-অশ্বঃ ধাবন্নশ্বঃ; হসন্-আগতঃ হসন্নাগতঃ; চিন্তয়ন্-ইহ চিন্তয়ন্নিহ; সৃজন্-ঈশ্বরঃ সৃজন্নীশ্বরঃ; স্মরন্-উবাচ স্মরন্নুবাচ। (ক)

যদি দীর্ঘ স্বরের পরে ন্ থাকে, তাহা হইলে দ্বিত্ব হয় না। যথা, মহান্-আগ্রহঃ মহানাগ্রহঃ; কবীন্-আহ্বয় কবীনাহ্বয়; সাধূন্-অাদ্রিয়স্ব সাধূনাদ্রিয়স্ব; ভ্রাতৄন্-অনুগৃহ্লীষ ভ্রাতৄননুগৃহ্লীষ। (খ)

৮২। যদি চ্ কিংবা ছ্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ন্ স্থানে অনুস্বার হয় এবং চ্ ও ছ্ স্থানে যথাক্রমে শ্চ্ ও শ্ছ্ হয়। যথা, পশ্যন্-চকিতঃ পশ্যংশ্চকিতঃ; হসন্-চলিতঃ হসংশ্চলিতঃ; নৃত্যন্-চকোরঃ নৃত্যংশ্চকোরঃ; ধাবন্-ছাগঃ ধাবংশ্ছাগঃ; মহান্-ছেদঃ মহাংশ্ছেদঃ; বিরাজন্-ছায়াপথঃ বিরাজংশ্ছায়াপথঃ।

(ক) সমাস হইলে কোন কোন স্থলে বিকল্পে হয়। যথা—সন্+আদি=সনাদিঃ, সন্নাদিঃ; সন্+অন্ত=সনন্তঃ, সন্নন্তঃ ইত্যাদি। "সলিঙ্গশাস্ত্রৈঃ সন্নাদিকৃত্তদ্ধিতসমাসজৈঃ" —অমরকোষ। "সনাদ্যন্তা ধাতবঃ" ( পাণিনি-সূত্র ৩।১।৩২ )

(ক ১) যদি স্বরবর্ণের পরে র কিংবা হ থাকে, তাহা হইলে তাহার পরবর্ত্তী স্পর্শবর্ণ অথবা অন্তস্থ বর্ণের দ্বিত্ব হয়। যথা—প্রহ্নুতে, প্রহ্ন্নুতে; লেহ্মি, লেহ্ম্মি; সূর্য্যঃ সূর্য্যঃ; শূর্পঃ, শূর্প্পঃ। ব্যঞ্জন-বর্ণের পরে হইলে হয় না। যথা—সংহ্নুতে। উষ্ম-বর্ণের হয় না। যথা—বর্ষা।

(ক ২) য পরে থাকিলে ব্যঞ্জন-বর্ণের পরস্থিত য এর বিকল্পে লোপ হয়। যথা—আস্যে ভবং, আস্য+য=আস্যম্, আস্যাম্। স্বর-বর্ণের পরস্থিত হইলে হয় না। যথা—শয্যাতে।

(ক ৩) "ত্রয়ো যত্রৈকবর্গীয়া মধ্যমস্তত্র লুপ্যতে।" এক বর্গের তিন বর্ণ একত্র হইলে মধ্যবর্ণের বিকল্পে লোপ হয়। রুন্ধ্+ধি=রুন্ধি, রুন্দ্ধি; পিণ্টি, পিণ্ড্টি।

(খ) বৈয়াকরণদিগের মতে পদের অন্তস্থিত ঙ্ ও ণ্-কারেরও দ্বিত্ব হয়। যথা—প্রত্যঙ্-আত্মা=প্রত্যঙ্ঙাত্মা, সুগণ্-ঈশঃ=সুগণ্ণীশঃ। ক্বচিৎ ন্, ঙ্ ও ণ্-কারের দ্বিত্ব হয়

৮৩। যদি ট্ কিংবা ঠ্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ন্ স্থানে অনুস্বার হয়, এবং ট্ ও ঠ্ স্থানে যথাক্রমে ষ্ট্ ও ষ্ঠ্ হয়। যথা, চলন্-টিট্টিভঃ চলংষ্টিট্টিভঃ ; উত্থন্-টঙ্কারঃ উত্থংষ্টঙ্কারঃ ; মহান্-ঠক্কুরঃ মহাংষ্ঠক্কুরঃ।

৮৪। যদি ত্ কিংবা থ্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ন্ স্থানে অনুস্বার হয় এবং ত্ ও থ্ স্থানে যথাক্রমে স্ত্ ও স্থ্ হয়। যথা, পতন্-তরুঃ পতংস্তরুঃ ; মহান্-তড়াগঃ মহাংস্তড়াগঃ, উত্তিষ্ঠন্-তরঙ্গঃ উত্তিষ্ঠংস্তরঙ্গঃ ; শাম্যন্-তাপঃ শাম্যংস্তাপঃ ; ক্ষিপন্-থূৎকারম্ ক্ষিপংস্থূৎ-কারম্ ; স্পৃশন্-থুধ্যতি স্পৃশংস্থুধ্যতি। (ক)

৮৫। যদি তালব্য শ্, কিংবা দন্ত্য স্, অথবা হ্ পরে থাকে, তাহা হইলে পদের মধ্যস্থিত ন্ স্থানে অনুস্বার হয়। যথা, দন্-শনম্ দংশনম্ ; ভ্রন্-শতে ভ্রংশতে; মীমান্-সতে মীমাংসতে; জিঘান্-সতি জিঘাংসতি ; রন্-হতে রংহতে ; বৃন্-হিতম্ বৃংহিতম্।

৮৬। যদি দন্ত্য স্ পরে থাকে, তাহা হইলে পদের মধ্যস্থিত ম্ স্থানে অনুস্বার হয়। যথা, রম্-স্যতে রংস্যতে ; অয়ম্-সীৎ অয়ংসীৎ ; সঙ্গম্ স্যতে সঙ্গংস্যতে ; নিনম্-সতি নিনংসতি।

না। যথা, সন্-অন্তঃ—সনন্তঃ (পক্ষে সন্নন্তঃ) ; তিঙ্-অন্তঃ—তিঙন্তঃ, যণ্-অচি—যণচি ("ইকো যণচি"—পাণিনি ৬।১।৭৭)

(ক) যদি বর্গের প্রথম কিংবা দ্বিতীয় বর্ণ পরে থাকে, এবং তাহার পরে স্বরবর্ণ, বর্গের পঞ্চম বর্ণ, কিংবা য, র, ল, ব, হ থাকে, তাহা হইলে পুম্ এই পদের ম্ স্থানে অনুস্বার হয় এবং অনুস্বারের পরে স্ হয়। যথা—পুম্+কোকিল—পুংস্কোকিলঃ ; পুম্+পুত্র—পুংস্পুত্রঃ ইত্যাদি। কিন্তু পুম্+ক্ষীর—পুংক্ষীরম্ ; এখানে ক্ এর পরে ষ্ থাকায় পরবর্তি ৯০ সূত্রানুসারে কেবল অনুস্বার হইল ; এই সূত্রানুসারে স্ হইল না। খ্যা-ধাতু-নিষ্পন্ন পদ পরে থাকিলেও স্ হয় না। যথা—পুম্+খ্যাত—পুংখ্যাতঃ।

৮৭। যে বর্গের বর্ণ পরে থাকে, পদের মধ্যস্থিত ন্ স্থানে সেই বর্গের পঞ্চম বর্ণ হয়। যথা, আশন্-কতে আশঙ্কতে; প্রেন্-খনীয়ম্ প্রেঙ্খণীয়ম্, আলিন্-গতি আলিঙ্গতি; বন্-চয়তি বঞ্চয়তি; বান্-ছতি বাঞ্ছতি; রন্-জয়তি রঞ্জয়তি; বন্-টয়তি বণ্টয়তি; উৎকন্-ঠতে উৎকণ্ঠতে; মন্-ডয়তি মণ্ডয়তি; কন্-পতে কম্পতে; দৃন্-ফতি দৃম্ফতি; আলন্-বতে আলম্বতে; জৃন্-ভতে জৃম্ভতে।

৮৮। যদি ত্ পরে থাকে, তাহা হইলে পদের মধ্যস্থিত ম্ স্থানে ন্ হয়। যথা, গম্-তা গন্তা; গম্-তব্যম্ গন্তব্যম্; নিয়ম্-তা নিয়ন্তা; ক্ষাম্-তিঃ ক্ষান্তিঃ; ক্ষম্-তব্যম্ ক্ষন্তব্যম্; আক্রাম্-তম্ আক্রান্তম্; শাম্-তম্ শান্তম্; দাম্-তঃ দান্তঃ। ২৪,০৫৭

৮৯। যদি অন্তস্থ অথবা উষ্ম বর্ণ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বার হয়। যথা, সত্বরম্-যাতি সত্বরং যাতি; করুণম্-রোদিতি করুণং রোদিতি; বিদ্যাম্-লভতে বিদ্যাং লভতে; ভারম্-বহতি ভারং বহতি; শয্যায়াম্-শেতে শয্যায়াং শেতে; কষ্টম্-সহতে কষ্টং সহতে; মধুরম্-হসতি মধুরং হসতি। (ক)

৯০। যদি স্পর্শ-বর্ণ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ম্

---

(ক) কিন্তু রাজা অর্থ বুঝাইলে সম্রাজ্-শব্দের স্ স্থানে অনুস্বার হয় না। যথা, —সম্+রাজ্—সম্রাট্। অন্য অর্থে হয়; যথা সংরাট্ (চন্দ্র)

য্, ব্, ল্ পরে থাকিলে পদের অন্তস্থিত অথবা পদ-মধ্য-স্থিত অনুস্বারের স্থানে বিকল্পে যথাক্রমে য, ব, ল্ হয় এবং ইহাদের অনুনাসিক উচ্চারণ হয়। যথা—যং+যম্যতে—যয়ঁম্যতে, যংযম্যতে; সম+যন্তা—সং+যন্তা—সয়ঁন্তা; বশম্+বদ—বশব্বঁদ, বশংবদ; বং+বম্যতে—বব্বঁম্যতে, বংবম্যতে; সম্+বৎসর—সং+বৎসর—সব্বঁৎসরঃ, সংবৎসরঃ; কিম্+বা—কিং+বা—কিব্বঁা, কিংবা; লং+লভ্যতে—লল্লঁভ্যতে, লংলভ্যতে; যম্+লভতে—যং+লভতে—যল্লঁভতে, যংলভতে। অন্তস্থ ব-কার পরে থাকিলে কখনই ম্ব হইতে পারে না। অতএব বশম্বদ, সম্বৎসর, কিম্বা প্রভৃতি পদগুলি অশুদ্ধ।

স্থানে অনুস্বার হয়; অথবা যে বর্গের বর্ণ পরে থাকে, সেই বর্গের পঞ্চম বর্ণ হয়। যথা, কিম্-করোষি কিং করোষি, কিঙ্করোষি; গৃহম্-গচ্ছ গৃহং গচ্ছ; গৃহঙ্গচ্ছ; ক্ষিপ্রম্-চলতি ক্ষিপ্রং চলতি, ক্ষিপ্রঞ্চলতি; শত্রুম্-জহি শত্রুং জহি, শত্রুঞ্জহি; নদীম্-তরতি নদীং তরতি, নদীন্তরতি; ধনম্-দদাতি ধনং দদাতি, ধনন্দদাতি; স্তনম্-ধয়তি স্তনং ধয়তি, স্তনন্ধয়তি; গুরুম্-নমতি গুরুং নমতি, গুরুন্নমতি; চন্দ্রম্-পশ্যতি, চন্দ্রং পশ্যতি, চন্দ্রম্পশ্যতি; কিম্-ফলম্ কিং ফলম্, কিম্ফলম্; সত্যম্-ব্রূয়াৎ সত্যং ব্রূয়াৎ, সত্যম্ব্রূয়াৎ; মধুরম্-ভাষতে মধুরং ভাষতে, মধুরম্ভাষতে; শাস্ত্রম্-মীমাংসতে শাস্ত্রং মীমাংসতে, শাস্ত্রম্মীমাংসতে।

৯১। যদি ছ্ পরে থাকে, তাহা হইলে স্বর-বর্ণের পরে চ্ হয়; এবং চ্ ছ্ মিলিয়া চ্ছ্ হয়। যথা, সিত-ছত্রম্ সিতচ্ছত্রম্; পরি-ছদঃ পরিচ্ছদঃ; অব-ছেদঃ অবচ্ছেদঃ; বৃক্ষ-ছায়া বৃক্ষচ্ছায়া; গৃহ-ছিদ্রম্ গৃহচ্ছিদ্রম্। (ক)

৯২। উৎ-উপসর্গের পরস্থিত স্থা ও স্তম্ভ্ ধাতুর স্ এর লোপ হয়। যথা, উৎ-স্থানম্ উত্থানম্; উৎ-স্থিতিঃ উত্থিতিঃ, উৎ-স্থাস্যতি উত্থাস্যতি; উৎ-স্তম্ভনম্ উত্তম্ভনম্; উৎ-স্তম্ভয়তি, উত্তম্ভয়তি; উৎ-স্তম্ভয়িষ্যতি উত্তম্ভয়িষ্যতি।

৯৩। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয় কিংবা চতুর্থ বর্ণ অথবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ক্ স্থানে গ্ হয়। যথা, দিক্-অন্তঃ দিগন্তঃ; বাক্-আড়ম্বরঃ বাগাড়ম্বরঃ; ত্বক্-ইন্দ্রিয়ম্ ত্বগিন্দ্রিয়ম্; বাক্-ঈশঃ বাগীশঃ; সম্যক্-উক্তম্ সম্যগুক্তম্; ধিক্-ঋণকারিণম্ ধিগৃণকারিণম্; প্রাক্-এব প্রাগেব; ধিক্-ঐশ্বর্য্যমত্তম্ ধিগৈশ্বর্য্যমত্তম্; সম্যক্-

(ক) পদের অন্তস্থিত দীর্ঘ স্বরের পরে বিকল্পে হয়।—গৌরী+ছায়া=গৌরীচ্ছায়া, গৌরীছায়া। 'মা' ও 'আ' এই দুইটীর পরে নিত্য হয়। যথা, মা+ছাদয়তি=মাচ্ছাদয়তি, আ+ছাদয়তি=আচ্ছাদয়তি।

ওজঃ সম্যগোজঃ; বাক্-ঔচিত্যম্ বাগৌচিত্যম্; দিক্-গজঃ দিগ্‌গজঃ; প্রাক্-ঘনোদয়ঃ প্রাগ্‌ঘনোদয়ঃ; বাক্-জালম্ বাগ্‌জালম্; সম্যক্-জায়তে সম্যগ্‌জায়তে; সম্যক্-ডয়তে সম্যগ্‌ডয়তে; সম্যক্-ঢৌকতে সম্যগ্‌ঢৌকতে; বাক্-দানম্ বাগ্দানম্; ধিক্-ধনগর্ব্বিতম্ ধিগ্ধনগর্ব্বিতম্; বাক্-বাহুল্যম্ বাগ্বাহুল্যম্; দিক্-ভাগঃ দিগ্‌ভাগঃ; ধিক্-যাচকম্ ধিগ্‌যাচকম্; বাক্-রোধঃ বাগ্রোধঃ; ধিক্-লোভিনম্ ধিগ্লোভিনম্; সম্যক্-বদতি সম্যগ্বদতি; দিক্-হস্তী দিগ্‌হস্তী (২৩)।

৯৪। যদি স্বরবর্ণ অথবা গ্ ঘ্ দ্ ধ্ ব্ ভ্ য্ র্ ব্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ত্ স্থানে দ্ হয়। যথা, জগৎ-অন্তঃ জগদন্তঃ; জগৎ-আদিঃ জগদাদিঃ; জগৎ-ইন্দ্রঃ জগদিন্দ্রঃ; জগৎ-ঈশঃ জগদীশঃ; ভবৎ-উক্তম্ ভবদুক্তম্; ভবৎ-ঊহনম্ ভবদূহনম্; ভবৎ-ঋণম্ ভবদৃণম্; জগৎ-এতৎ জগদেতৎ; মহৎ-ঐশ্বর্য্যম্ মহদৈশ্বর্য্যম্; মহৎ-ওজঃ, মহদোজঃ; মহৎ-ঔষধম্ মহদৌষধম্; বৃহৎ-গহনম্ বৃহদ্গহনম্; বৃহৎ-ঘটঃ বৃহদ্ঘটঃ; ভবৎ-দর্শনম্ ভবদ্দর্শনম্; মহৎ-ধনুঃ মহদ্ধনুঃ; জগৎ-বন্ধুঃ জগদ্বন্ধুঃ; মহৎ-ভয়ম্ মহদ্ভয়ম্; বৃহৎ-যানম্ বৃহদ্যানম্; বৃহৎ-রথঃ বৃহদ্রথঃ; মহৎ-বনম্ মহদ্বনম্।

৯৫। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয় কিংবা চতুর্থ বর্ণ, অথবা য্ ব্ ল্ ব্ হ্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত চ্ স্থানে জ্, ট্ স্থানে ড্ এবং প্ স্থানে ব্ হয়। যথা, অচ্-অন্তঃ অজন্তঃ; অচ্-বৎ = অজ্বৎ; (ক) পরিব্রাট্-অয়ম্ পরিব্রাডয়ম্; পরিব্রাট্-আগতঃ পরিব্রাডাগতঃ; পরিব্রাট্-উবাচ পরিব্রাডুবাচ; পরিব্রাট্-গচ্ছতি পরিব্রাড্‌গচ্ছতি; পরিব্রাট্-বদতি

(২৩) বৈয়াকরণেরা, ক এর পরে হ থাকিলে, হ স্থানে বিকল্পে ঘ করেন। যথা, দিগ্‌ঘস্তী, দিগ্‌হস্তী।

(ক) পদের অন্তস্থিত চ্ এর পরে হ্ থাকিলে, হ্ স্থানে বিকল্পে ঝ্ হয়। যথা— অচ্+হস্ = অজ্ঝস্, অজ্‌হস্।

পরিব্রাড্দতি; পরিব্রাট্-হসতি পরিব্রাড্হসতি (২৪); অপ্-ইন্ধনঃ অবিন্ধনঃ; অপ্-ঘটঃ অব্ঘটঃ; অপ্-ভক্ষঃ অভক্ষঃ; অপ্-বাসঃ অব্বাসঃ; অপ্-হরণম্ অব্হরণম্ (২৫)।

৯৬। যদি ন্ কিংবা ম্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত বর্গীয় প্রথম-বর্ণ-স্থানে পঞ্চম অথবা তৃতীয় বর্ণ হয়। যথা, দিক্-নাগঃ দিঙ্নাগঃ দিগ্নাগঃ; অচ্-নাস্তি অঞ্নাস্তি, অজ্নাস্তি; মধুলিট্-নর্দ্দতি মধুলিট্নর্দ্দতি, মধুলিড্নর্দ্দতি; জগৎ-নাথঃ জগন্নাথঃ, জগদ্নাথঃ; অপ্-নদী অম্নদী, অব্নদী; প্রাক্-মুখঃ প্রাঙ্মুখঃ প্রাগ্মুখঃ; অচ্-মধ্যম্ অঞ্মধ্যম্, অজ্মধ্যম্; মধুলিট্-মত্তঃ মধুলিণ্মত্তঃ, মধুলিড্মত্তঃ; ভবৎ-মতম্ ভবন্মতম্, ভবদ্মতম্; অপ্-মানম্ অম্মানম্, অব্মানম্।

৯৭। যদি মাত্র কিংবা ময় প্রত্যয় পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত বর্গীয় প্রথম-বর্ণ-স্থানে কেবল পঞ্চম বর্ণ হয়। যথা, বাক্-ময়ম্ বাঙ্ময়ম্; অচ্-মাত্রম্ অঞ্মাত্রম্; মধুলিট্-মাত্রম্ মধুলিণ্মাত্রম্; চিৎ-ময়ম্ চিন্ময়ম্; অপ্-ময়ম্ অম্ময়ম্। (ক)

(২৪) বৈয়াকরণেরা, ট্ এর পরে হ্ থাকিলে, বিকল্পে হ্ স্থানে ঢ্ করেন। যথা, পরিব্রাড্ঢসতি পরিব্রাড্হসতি।

(২৫) বৈয়াকরণেরা, প্ এর পরে হ্ থাকিলে, বিকল্পে হ্ স্থানে ভ্ করেন। যথা, অব্ভরণম্ অব্হরণম্।

(ক) বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ, কিংবা শ্, ষ্, স্ পরে থাকিলে বর্গের দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ণের স্থানে সেই বর্গের প্রথম বর্ণ হয়। যথা, ক্ষুধ্+পিপাসা=ক্ষুৎপিপাসা; ক্ষুধ্+কাম=ক্ষুৎকামঃ; আপদ্+কাল=আপৎকালঃ; বিপদ্+পাত=বিপৎপাতঃ।

১। বর্গের তৃতীয় কিংবা চতুর্থ বর্ণ পরে থাকিলে বর্গের চতুর্থ বর্ণের স্থানে সেই বর্গের তৃতীয় বর্ণ হয়। যথা, লিঢ্+ভ্যাম্=লিড্ভ্যাম্, মুঘ্+ভ্যাম্=মুগ্ভ্যাম্।

## প্রশ্ন ( ব্যঞ্জন-সন্ধি )

১। সন্ধি-বিচ্ছেদ কর :—কৃচ্ছ্রাদ্বৈর্ষ্যোণ, কচ্চিন্ময়া, ত্বত্তরান্নানুভাবতে, ষিড্নাৰ্হসি, বচনাত্রাজ্ঞঃ, কিঞ্চিন্নরশ্রেষ্ঠ, কিঞ্চিচ্ছক্যাম্, তস্মিংস্তু, নিশ্বসন্নিব, সংহৃষ্টাম্, উজ্জ্বলঃ, মহাগ্রহঃ, যজ্ঞঃ, তদ্ধেরম্, উট্টলতি, ঈট্টে, মহান্নাভঃ, মহাংশ্ছেদঃ, পতংস্তরুঃ, মহাংষ্ঠকুরঃ, রংস্যতে, বৃংহিতম্, বাঙ্খুতি, পুংস্কীটঃ, সম্রাতঃ, পরিচ্ছদঃ, উত্থানম্, বাগ্রোধঃ, বিপৎপাতঃ, ক্ষুৎ-পিপাসা। ২। সন্ধি করঃ—তৎ+জ্ঞানম্, মহৎ+শকটম্, ভবান্+জীবতু, নিন্দন্+শঠঃ, মহৎ+হিতম্, যাচ্+না, রাজন্+ঢৌকসে, ইট্+তে, ষট্+তে, কৃষ্+ত, ষষ্+থ, বিদ্বান্+লিখতি, সন্+অচ্যুতঃ, ভবান্+আগতঃ, পাশান্+ছিন্ধি, উত্থন্+টঙ্কারঃ, তান্+তান্, বশান্+সি, আক্রম্+স্যতে, কন্+পতে, পুম্+কোকিল, পুম্+খ্যাত, শাম্+ত, বশম্+বদ, সম্+গত, দাত্রেণ+ছিনত্তি, উৎ+স্থিতি, আপ্+হস্, অচ্+হস্, সম্রাট্+হসতি, দিক্+মুখ, দিক্+মাত্র, ষট্+নরাঃ, ক্ষুধ্+ক্ষাম, আপদ্+কাল। ৩। সংশোধন কর :—তান্নাহ্বয়, অজ্মাত্রম্, চিদ্ময়ম্, সম্বৎসরঃ, পুংখ্যাতঃ। ৪। ণিচ্+অন্ত=ণিজন্তঃ, কিন্তু বচ্+অন্=বচন,—এরূপ প্রভেদ হইবার কারণ কি ? ৫। কোন্ কোন্ স্থলে ব্যঞ্জন-বর্ণের দ্বিত্ব হয় ? উদাহরণ দাও।

---

## বিসর্গ-সন্ধি

(Combination of final Visarga with initial Vowel or initial Consonant)

৯৮। যদি চ্ কিংবা ছ্ পরে থাকে, তাহা হইলে বিসর্গ-স্থানে তালব্য শ্ হয়। পূর্ণঃ-চন্দ্রঃ পূর্ণশ্চন্দ্রঃ ; জ্যোতিঃ-চক্রম্ জ্যোতিশ্চক্রম্ ; নিঃ-চিতঃ নিশ্চিতঃ ; বায়ুঃ-চলতি বায়ুশ্চলতি ; ধাবিতঃ-ছাগঃ ধাবিতশ্ছাগঃ ; রবেঃ-ছবিঃ রবেশ্ছবিঃ ; তরোঃ-ছায়া তরোশ্ছায়া ; রজ্জুঃ-ছিদ্যতে রজ্জুশ্ছিদ্যতে।

৯৯। যদি ট্ কিংবা ঠ্ পরে থাকে, তাহা হইলে বিসর্গ-স্থানে মূর্দ্ধন্য ষ্ হয়। যথা, ভীতঃ-টলতি ভীতষ্টলতি ; উড্ডীনঃ-টিট্টিভঃ উড্ডীনষ্টিট্টিভঃ ; ধনুঃ-টঙ্কারঃ ধনুষ্টঙ্কারঃ ; স্থিরঃ-ঠক্কুরঃ স্থিরষ্ঠক্কুরঃ ; ভগ্নঃ-ঠক্কুরঃ ভগ্নষ্ঠক্কুরঃ।

১০০। যদি ত্ কিংবা থ্ পরে থাকে, তাহা হইলে বিসর্গ-স্থানে দন্ত্য স্ হয়। উন্নতঃ-তরুঃ উন্নতস্তরুঃ; নদ্যাঃ-তীরম্ নদ্যাস্তীরম্; ভূমেঃ-তলম্ ভূমেস্তলম্; ক্ষিপ্তঃ-থুৎকারঃ ক্ষিপ্তস্থুৎকারঃ; স্নাতঃ-থুধ্যতি স্নাতস্থুধ্যতি (২৬)।

১০১। যদি তালব্য শ্ পরে থাকে, তাহা হইলে বিসর্গ-স্থানে বিকল্পে তালব্য শ্ হয়। যথা, সুপ্তঃ-শিশুঃ সুপ্তশ্‌শিশুঃ, সুপ্তঃ শিশুঃ; উন্নতঃ-শৈলঃ উন্নতশ্‌শৈলঃ, উন্নতঃ শৈলঃ; অগ্নেঃ-শিখা অগ্নেশ্‌শিখা, অগ্নেঃ শিখা; গৌঃ-শব্দায়তে গৌশ্‌শব্দায়তে, গৌঃ শব্দায়তে।

১০২। যদি মূর্দ্ধন্য ষ্ পরে থাকে, তাহা হইলে বিসর্গ-স্থানে বিকল্পে মূর্দ্ধন্য ষ্ হয়। যথা, মত্তঃ-ষট্‌পদঃ মত্তষ্‌ষট্‌পদঃ, মত্তঃ ষট্‌পদঃ; মধুরঃ-ষড়্‌জঃ মধুরষ্‌ষড়্‌জঃ, মধুরঃ ষড়্‌জঃ, ভাগঃ-ষোড়শঃ ভাগষ্‌ষোড়শঃ, ভাগঃ ষোড়শঃ।

১০৩। যদি দন্ত্য স্ পরে থাকে, তাহা হইলে বিসর্গ-স্থানে বিকল্পে দন্ত্য স্ হয়। যথা, প্রথমঃ-সর্গঃ প্রথমস্‌সর্গঃ, প্রথমঃ সর্গঃ; রবেঃ-সংক্রমঃ রবেস্‌সংক্রমঃ, রবেঃ সংক্রমঃ; সাধোঃ-সঙ্গঃ সাধোস্‌সঙ্গঃ, সাধোঃ সঙ্গঃ। (ক)

---

(২৬) যদি ত্‌-কারের পরে স্ থাকে, তাহা হইলে বিসর্গ-স্থানে স্ হয়। যথা, শঠঃ-ৎসরতি শঠঃৎসরতি; দৃঢ়ঃ-ৎসরুঃ দৃঢ়ঃৎসরুঃ।

(ক) যদি শ্, ষ্ কিংবা স্ পরে থাকে এবং তাহার পরে বর্গের প্রথম অথবা দ্বিতীয় বর্ণ থাকে, তাহা হইলে বিকল্পে বিসর্গের লোপ হয়। যথা—কঃ+শ্চ্যোততি=কশ্চ্যোততি, কঃশ্চ্যোততিঃ; কঃ+ষ্ঠীবতি=কষ্ঠীবতি, কঃষ্ঠীবতি; কঃ+স্তৌতি=কস্তৌতি, কঃস্তৌতি। এইরূপ অন্তঃ+স্থ=অন্তস্থঃ, অন্তঃস্থ; স্বঃ+স্থ=স্বস্থঃ, স্বঃস্থঃ; মহিম্নঃ+স্তোত্রম্=মহিম্নস্তোত্রম্, মহিম্নঃ স্তোত্রম্ ইত্যাদি। "ক্রামন্ দিশো দশরথস্ফুটবীর লক্ষ্মীঃ"—রাঘবপাণ্ডবীয় (দশরথঃস্ফুট=দশরথস্ফুট)

১০৪। যদি অ-কারের পরে বিসর্গ থাকে, এবং অ-কার পরে থাকে, তাহা হইলে পূর্ব্ব অ-কার ও বিসর্গ উভয় স্থানেই ও হয়। ও-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরবর্ত্তী অ-কারের লোপ হয়। যথা, নরঃ-অয়ম্ নরোঽয়ম্; নবঃ-অঙ্কুরঃ নবোঽঙ্কুরঃ; তীক্ষ্ণঃ-অঙ্কুশঃ তীক্ষ্ণোঽঙ্কুশঃ; জ্বলিতঃ-অঙ্গারঃ জ্বলিতোঽঙ্গারঃ; বেদঃ-অধীতঃ বেদোঽধীতঃ।

১০৫। যদি বর্গের তৃতীয়, চতুর্থ কিংবা পঞ্চম বর্ণ, অথবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে, তাহা হইলে অ-কার ও অ-কারের পরস্থিত বিসর্গ উভয় স্থানেই ও হয়। ও-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, শোভনঃ-গন্ধঃ শোভনো গন্ধঃ; নূতনঃ-ঘটঃ নূতনো ঘটঃ; সদ্যঃ-জাতঃ সদ্যো জাতঃ; মধুরঃ-ঝঙ্কারঃ মধুরো ঝঙ্কারঃ; নবঃ-ডমরুঃ নবো ডমরুঃ; গজঃ-ঢৌকতে গজো ঢৌকতে; মূর্দ্ধন্যঃ-ণকারঃ মূর্দ্ধন্যো ণকারঃ; নির্ব্বাণঃ-দীপঃ নির্ব্বাণো দীপঃ, অশ্বঃ-ধাবতি অশ্বো ধাবতি; উন্নতঃ-নগঃ, উন্নতো নগঃ; দৃঢ়ঃ-বন্ধঃ দৃঢ়ো বন্ধঃ; অকুতঃ-ভয়ঃ অকুতোভয়ঃ; অতীতঃ-মাসঃ অতীতো মাসঃ; কৃতঃ-যত্নঃ কৃতো যত্নঃ; শান্তঃ-রোষঃ শান্তো রোষঃ; কৃত-লোভঃ কৃতো লোভঃ; শীতঃ-বায়ুঃ শীতো বায়ুঃ; বামঃ-হস্ত বামো হস্তঃ।

১০৬। যদি অ-কার ভিন্ন স্বরবর্ণ পরে থাকে, তাহা হইলে অ-কারের পরস্থিত বিসর্গের লোপ হয়; লোপের পরে আর সন্ধি হয় না। যথা, কুতঃ-আগতঃ কুত আগতঃ; নরঃ-ইব নর ইব; কঃ ঈহতে ক ঈহতে; চন্দ্রঃ-উদেতি চন্দ্র উদেতি; ইতঃ-ঊর্দ্ধম্ ইত ঊর্দ্ধম্; দেবঃ-ঋষিঃ দেব ঋষিঃ; উচ্চারিতঃ-ঌকারঃ উচ্চারিত ঌকারঃ; কঃ-এষঃ ক এষঃ; কুতঃ-ঐক্যম্ কুত ঐক্যম্; রক্তঃ-ওষ্ঠঃ রক্ত ওষ্ঠঃ; রাজ্ঞঃ-ঔদার্য্যম্ রাজ্ঞ ঔদার্য্যম্। (২৭)

(২৭) বৈয়াকরণেরা বিসর্গের লোপ করেন এবং বিসর্গ-স্থানে য় করেন। যথা, কুতঃ-আগতঃ কুত আগতঃ, কুতয়াগতঃ; কঃ-এষঃ ক এষঃ, কয়েষঃ।

১০৭। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ কিংবা পঞ্চম বর্ণ, অথবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে, তাহা হইলে আ-কারের পরস্থিত বিসর্গের লোপ হয়। লোপের পরে আর সন্ধি হয় না। যথা, অশ্বাঃ-অমী অশ্বা অমী ; গজাঃ-ইমে, গজা ইমে, তারাঃ-উদিতাঃ তারা উদিতাঃ ; আগতাঃ-ঋষয়ঃ আগতা ঋষয়ঃ ; নরাঃ-এতে নরা এতে ; হতাঃ-গজাঃ হতা গজাঃ ; কৃতাঃ-ঘটাঃ কৃতা ঘটাঃ ; পুত্রাঃ-জাতাঃ পুত্রা জাতাঃ ; মধুরাঃ-ঝঙ্কারাঃ মধুরা ঝঙ্কারাঃ ; নবাঃ-ডমরবঃ নবা ডমরবঃ ; গজাঃ-ঢৌকন্তে গজা ঢৌকন্তে ; নির্ব্বাণাঃ-দীপাঃ নির্ব্বাণা দীপাঃ ; অশ্বাঃ-ধাবন্তি অশ্বা ধাবন্তি ; উন্নতাঃ-নগাঃ উন্নতা নগাঃ ; দৃঢ়াঃ-বন্ধাঃ দৃঢ়া বন্ধাঃ ; নরাঃ-ভীতাঃ নরা ভীতাঃ ; অতীতাঃ-মাসাঃ অতীতা মাসাঃ ; ছাত্রাঃ-যতন্তে ছাত্রা যতন্তে ; এতাঃ-রথ্যাঃ এতা রথ্যাঃ ; নরাঃ-লভন্তে নরা লভন্তে ; বাতাঃ-বান্তি বাতা বান্তি ; বালকাঃ-হসন্তি বালকা হসন্তি (২৮)

১০৮। যদি অ আ ভিন্ন স্বর-বর্ণের পরে বিসর্গ থাকে, এবং যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ, কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে, তাহা হইলে বিসর্গ-স্থানে র্ হয়। যথা, কবিঃ-অয়ম্ কবিরয়ম্ ; গতিঃ ইয়ম্ গতিরিয়ম্ ; রবিঃ-উদেতি রবিরুদেতি ; শ্রীঃ-অসৌ শ্রীরসৌ সুধীঃ-এষঃ সুধীরেষঃ ; বন্ধুঃ-আগতঃ বন্ধুরাগতঃ ; গুরুঃ-উবাচ গুরুরুবাচ ; বধূঃ-এষা বধূরেষা ; ভূঃ-ইয়ম্ ; ভূরিয়ম্ ; মাতৃঃ-অর্চ্চয় মাতৃরর্চ্চয় ; দুহিতৃঃ-আহ্বয় দুহিতৃরাহ্বয় ; রবেঃ-উদয়ঃ রবেরুদয়ঃ ; তৈঃ-উক্তম্ তৈরুক্তম্ ; বিধোঃ-অস্তগমনম্ বিধোরস্তগমনম্, প্রভোঃ-আদেশঃ প্রভোরাদেশঃ ; গৌঃ-অয়ম্ গৌরয়ম্ ; ঋষিঃ-গচ্ছতি ঋষির্গচ্ছতি ; হবিঃ-ঘ্রাণম্ হবির্ঘ্রাণম্ ;

---

(২৮) বৈয়াকরণেরা, স্বরবর্ণ পরে থাকিলে, আ-কারের পরস্থিত বিসর্গ-স্থানে পক্ষান্তরে য্ করেন। যথা, গজাঃ ইমে গজা ইমে, গজায়িমে ; নরাঃ-এতে নরা এতে, নরায়েতে।

গুরুঃ-জয়তি গুরুর্জয়তি ; কৃতৈঃ-ঋকারৈঃ কৃতৈর্ঋকারৈঃ ; নবৈঃ-ডমরুভিঃ নবৈর্ডমরুভিঃ ; গৌঃ-ঢৌকতে গৌর্ঢৌকতে ; রবেঃ-দর্শনম্ রবের্দর্শনম্ ; নিঃ-ধনঃ নির্ধনঃ ; দুঃ-নীতিঃ দুর্নীতিঃ ; নিঃ-বন্ধঃ নির্বন্ধঃ ; নিঃ-ভয়ঃ নির্ভয়ঃ ; মুহুঃ-মুহুঃ মুহুর্মুহুঃ ; বহিঃ-যোগঃ বহির্যোগঃ ; বিধুঃ-লীয়তে বিধুর্লীয়তে ; বায়ুঃ-বাতি বায়ুর্বাতি ; শিশুঃ-হসতি শিশুর্হসতি।

১০৯। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ, কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে, তাহা হইলে অ-কারের পরস্থিত র-জাত বিসর্গ (২৯) স্থানে র্ হয় (ক)। যথা, পুনঃ-অপি পুনরপি ; পুনঃ-আগতঃ পুনরাগতঃ ; প্রাতঃ-ইহাগতঃ প্রাতরিহাগতঃ ; প্রাতঃ-এব প্রাতরেব ; অন্তঃ-ধানম্ অন্তর্ধানম্ ; স্বঃ-গতঃ স্বর্গতঃ ; ভ্রাতঃ-আগচ্ছ ভ্রাতরাগচ্ছ ; পিতঃ-অনুমন্যস্ব পিতরনুমন্যস্ব ; মাতঃ-দেহি মাতর্দেহি ; জামাতঃ-বদ জামাতর্বদ ; দুহিতঃ-যাহি দুহিতর্যাহি। (খ)

১১০। র্ পরে থাকিলে বিসর্গ-স্থানে যে র্ হয়, তাহার লোপ হয় এবং পূর্ব্ব স্বর দীর্ঘ হয়। যথা, পিতঃ-রক্ষ পিতারক্ষ ; নিঃ-রসঃ নীরসঃ ; নিঃ-রোগঃ নীরোগঃ ; বিধুঃ-রাজতে বিধূরাজতে ; মাতুঃ-রোদনম্ মাতূরোদনম্।

১১১। যদি অ-কার ভিন্ন স্বর-বর্ণ অথবা ব্যঞ্জন-বর্ণ পরে থাকে,

---

(২৯) পুনঃ, প্রাতঃ, অন্তঃ, স্বঃ প্রভৃতি পদের বিসর্গ এবং ঋ-কারান্ত শব্দের সম্বোধনের একবচনের পদের বিসর্গ র-জাত, অর্থাৎ র্-স্থানে জাত বিসর্গ। মৎ-সম্পাদিত "উপক্রমণিকা ব্যাকরণ" দেখ।

(ক) আ-কারের পরস্থিত র-জাত বিসর্গ স্থানেও র্ হয়। যথা—প্রিয়চত্বাঃ+দদাতি=প্রিয়চত্বার্দদাতি।

(খ) বর্গের প্রথম অথবা দ্বিতীয় বর্ণ পরে থাকিলে স্বর-বর্ণের পরস্থিত বিসর্গ-স্থানে একবার র্ হয়, একবার স্ হয় ও আর একবার কিছুই হয় না। যথা—গীঃ+পতি=গীর্পতিঃ, গীষ্পতিঃ (ষত্ববিধির নিয়মানুসারে ষ্ হইল), গীঃপতিঃ, ধূঃ+পতি=ধূর্পতিঃ,

তাহা হইলে সঃ, এষঃ এই দুই পদের বিসর্গের লোপ হয়। লোপের পরে আর সন্ধি হয় না। যথা, সঃ-আগতঃ, স আগতঃ; সঃ-ইচ্ছতি স ইচ্ছতি; সঃ-ঈহতে স ঈহতে; সঃ-উবাচ স উবাচ (ক); সঃ-করোতি স করোতি; সঃ-গচ্ছতি স গচ্ছতি; সঃ-চলতি স চলতি; সঃ-হসতি স হসতি; এষঃ-আয়াতি এষ আয়াতি; এষঃ-এতি এষ এতি; এষঃ-ধাবতি এষ ধাবতি; এষঃ-রোদিতি এষ রোদিতি; এষঃ-বদতি এষ বদতি; এষঃ-শেতে এষ শেতে; এষঃ-সহতে এষ সহতে।

১১২। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ, কিংবা য্ র্ ল্ ব্

---

ধূষ্পতিঃ, ধূঃপতিঃ; অহঃ+পতি=অহর্পতিঃ, অহষ্পতিঃ, অহঃপতিঃ। মুগ্ধবোধ-টীকাকার দুর্গাদাসের মতে গির্, ধুর্ ও অহন্ শব্দের পরে পতি-শব্দ থাকিলে এই সূত্রের কার্য্য হইবে, অন্যত্র নহে। অতএব গীঃপাঠঃ, আশীঃপতিঃ ইত্যাদি স্থলে হইবে না। সংক্ষিপ্ত-সার-মতে গীষ্পতি এই শব্দ অসাধু। সিদ্ধান্তকৌমুদীরও মত এইরূপ। সুপদ্ম-ব্যাকরণে 'গীষ্পতি' পদ দৃষ্ট হয়। চন্দ্র, ক্ষীরস্বামী, বোপদেব ও সুভূতি প্রভৃতির মতে গীষ্পতি পদ হইতে পারে। অমরকোষেও 'গীষ্পতি' শব্দের উল্লেখ আছে।

১। র, ক অথবা বিভক্তি পরে থাকিলে অহন্ শব্দের র্-জাত বিসর্গের স্থানে র্ হয় না। যথা—অহঃ+রাত্রি=অহোরাত্রঃ; অহঃ+কর=অহস্করঃ; অহঃ+ভিঃ=অহোভিঃ। পাণিনীয় মতে রাত্রি, রূপ ও রথন্তর শব্দ পরে থাকিলে অহন্ শব্দের বিসর্গ-স্থানে র্ হয় না। কিন্তু চন্দ্র-মতে যে কোন র পরে থাকিলে হয় না। বোপদেবও চন্দ্র-মতেরই অনুসরণ করিয়াছেন। অতএব পাণিনীয় মতে অহঃ+রজনী=অহারজনী, কিন্তু চন্দ্র-মতে অহোরজনী।

(ক) সঃ ও এষঃ এই দুই পদের বিসর্গের লোপ হইবার পরে সন্ধি করিলে যদি শ্লোকের পাদ-পূরণের সম্ভাবনা থাকে, তাহা হইলে সেস্থানে লোপের পর সন্ধি হইবার বাধা থাকিবে না। যথা—"সৈষ দাশরথী রামঃ সৈষ রাজা যুধিষ্ঠিরঃ। সৈষ কর্ণো মহাত্যাগী সৈষ ভীমো মহাবলঃ। এবৈষ রথমারুহ্য মথুরাং যাতি মাধবঃ।" পাদ-পূরণের সম্ভাবনা না থাকিলে হয় না। যথা—"স এব পৃথিবীপালঃ পালয়ামাস মেদিনীম্।"

হ্ পরে থাকে, তাহা হইলে ভোঃ এই পদের বিসর্গের লোপ হয়। লোপের পরে আর সন্ধি হয় না। যথা, ভোঃ অম্বরীষ ভো অম্বরীষ; ভোঃ-ঈশান ভো ঈশান (ক); ভোঃ-উমাপতে ভো উমাপতে; ভোঃ-গদাধর ভো গদাধর; ভোঃ-জনমেজয় ভো জনমেজয়; ভোঃ-দামোদর ভো দামোদর; ভোঃ-মাধব ভো মাধব; ভোঃ-যদুপতে ভো যদুপতে। (খ)

১১৩। ক্, খ, প্, ফ্ পরে থাকিলে নিঃ, আবিঃ, বহিঃ, দুঃ, প্রাদুঃ, চতুঃ এই সকল শব্দের বিসর্গ-স্থানে মূর্দ্ধন্য ষ্ হয়। যথা, নিঃ-কামঃ নিষ্কামঃ; নিঃ-খেদঃ নিষ্খেদঃ; নিঃ-পীড়িতঃ নিষ্পীড়িতঃ; নিঃ-ফলঃ নিষ্ফলঃ; আবিঃ-কৃতম্ আবিষ্কৃতম্; বহিঃ-কৃতঃ বহিষ্কৃতঃ; দুঃ-করম্ দুষ্করম্; দুঃ-খম্ দুষ্খম্; প্রাদুঃ-কৃতম্ প্রাদুষ্কৃতম্; চতুঃ-কোণম্ চতুষ্কোণম্; চতুঃ-পথম্ চতুষ্পথম্।

১১৪। ক্, খ্, প, ফ্ পরে থাকিলে ইস-ভাগান্ত ও উস্-ভাগান্ত শব্দের (৩০) বিসর্গ-স্থানে বিকল্পে মূর্দ্ধন্য ষ্ হয়। যথা; হবিঃ-পততি হবিষ্পততি হবিঃ পততি; সর্পিঃ-পিবতি সর্পিষ্পিবতি, সর্পিঃ পিবতি (গ); আয়ুঃ-করোতি আয়ুষ্করোতি, আয়ুঃ করোতি; ধনুঃ-করোতি ধনুষ্করোতি, ধনুঃ করোতি। সমাসে নিত্য মূর্দ্ধন্য ষ্ হয়। যথা; হবিঃ-পানম্ হবিষ্পানম্,

---

(ক) স্বরবর্ণ পরে থাকিলে ভোঃ, ভগোঃ এবং অঘোঃ এই তিন পদের বিসর্গের স্থানে বিকল্পে য হয়। যথা—ভোঃ+ঈশান=ভোযীশান, ভো ঈশান।

(খ) ভগোঃ এবং অঘোঃ শব্দের বিসর্গের সম্বন্ধেও ঐ নিয়ম। ভগোঃ+রক্ষ=ভগোরক্ষ; অঘোঃ+যজ=অঘোযজ।

(৩০) হবিঃ, সর্পিঃ, বহিঃ, অর্চ্চিঃ, রোচিঃ, শোচিঃ, আয়ুঃ, ধনুঃ, চক্ষুঃ, বপুঃ, যজুঃ, ইত্যাদি।

(গ) পরস্পর আকাঙ্ক্ষা-শূন্য ভিন্ন বাক্যে হয় না। যথা—তিষ্ঠতু সর্পিঃ পিবোদকম্। এখানে 'সর্পিষ্পিব' এরূপ হইবে না।

সর্পিঃ-পাত্রম্ সর্পিষ্পাত্রম্ (ক); আয়ুঃ-কামঃ আয়ুষ্কামঃ; ধনুঃ-পাণিঃ ধনুষ্পাণিঃ (৩১)

১১৫। ত-কারাদি তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে হ্রস্ব ই-কার ও হ্রস্ব উ-কারের পরস্থিত বিসর্গ-স্থানে মূর্দ্ধন্য ষ্ হয়। যথা; অর্চিঃ-ত্বম্ অর্চিষ্ট্বম্; চতুঃ-তয়ম্ চতুষ্টয়ম্।

১১৬। কৃ-ধাতু নিষ্পন্ন পদ পরে থাকিলে, নমঃ, পুরঃ, তিরঃ এই তিনের বিসর্গ-স্থানে দন্ত্য স্ হয়। যথা, নমঃ-করোতি নমস্করোতি; নমঃ-কারঃ নমস্কারঃ; নমঃ-কৃত্য নমস্কৃত্য; পুরঃ-কারঃ পুরস্কারঃ; পুরঃ-কৃত্য পুরস্কৃত্য, তিরঃ-করিণী তিরস্করিণী; তিরঃ-কারঃ তিরস্কারঃ। (খ)

১১৭। কর, কার, কান্ত, কাম, কুম্ভ ও পাত্র শব্দ পরে থাকিলে অ-কারের পরস্থিত বিসর্গ-স্থানে দন্ত্য স্ হয়। যথা, শ্রেয়ঃ-করঃ শ্রেয়স্করঃ; পুরঃ-কারঃ পুরস্কারঃ; অয়ঃ-কান্তঃ অয়স্কান্তঃ; মনঃ-কামঃ মনস্কামঃ; অয়ঃ-কুম্ভঃ অয়স্কুম্ভঃ; পয়ঃ-পাত্রম্ পয়স্পাত্রম্। (গ)

---

(ক) ইস্-ভাগান্ত ও উস্-ভাগান্ত শব্দ অন্য কোন শব্দের পরবর্ত্তী হইলে হয় না। যথা, সর্পিষ্কুণ্ডম্—এখানে হইল, কিন্তু 'পরমসর্পিঃকুণ্ডম্' এখানে হইল না।

(৩১) ভ্রাতুঃ-পুত্রের বিসর্গ-স্থানে ষ্ হয়। যথা, ভ্রাতুষ্পুত্রঃ।

(খ) মুগ্ধবোধ-টীকাকার শ্রীরামতর্কবাগীশের মতে 'নমঃ কৃত্বা' তিরঃ কৃত্বা' এইরূপ পদও হয়।

(গ) পাপ, কর্ণী, কুশা ও কংস শব্দ পরে থাকিলেও হয়। যথা, অয়ঃ (লৌহ) + পাশ (রজ্জু) = অয়স্পাশঃ। অয় ইব কর্ণৌ অস্যাঃ অয়ঃ + কর্ণ = অয়স্কর্ণী (পুংলিঙ্গে হয় না, যথা অয়ঃকর্ণঃ)। অয়স্কুশা। (দীর্ঘ ই-কারান্ত হইলে হয় না। যথা অয়ঃকুশী)। অয়স্কংসঃ (চতুঃষষ্টি-পলাত্মক-পরিমাণ, অন্যত্র অয়ঃকংসঃ)। কুম্ভ ও পাত্র শব্দ স্ত্রীলিঙ্গ হইলেও হয়। যথা, অয়স্কুম্ভী, অয়স্পাত্রী। বিসর্গ অ-কার ভিন্ন স্বরবর্ণের পরবর্ত্তী হইলে হয় না। যথা—গীঃকারঃ। অব্যয় শব্দের বিসর্গ হইলে হয় না। যথা—স্বঃকামঃ। সমাস না হইলে হয় না; যথা, যশঃ করোতি। বিসর্গান্ত শব্দ অন্য শব্দের পরবর্ত্তী হইলেও

১১৮। তমঃ-কাণ্ডঃ, মেদঃ-পিণ্ডঃ, ভাঃ-করঃ, অহঃ-করঃ, বাচঃ-পতিঃ, দিবঃ-পতিঃ, অয়ঃ-কীলঃ প্রভৃতির বিসর্গ-স্থানে স্ হয়। যথা, তমস্কাণ্ডঃ, মেদস্পিণ্ডঃ, ভাস্করঃ, অহস্করঃ, বাচস্পতিঃ, দিবস্পতিঃ, অয়স্কীলঃ। (ক)

---

হয় না। যথা—পরমযশঃকারঃ। কর ও কার স্থলে বৈয়াকরণেরা কৃ-ধাতুর উল্লেখ করেন।

(ক) বোপদেবের মতে ভাস্করঃ ও অহস্করঃ এই দুই পদে বিকল্পে হয়। অয়স্কাণ্ডঃ, শুনস্কর্ণঃ, কঃ + ক = কস্কঃ (কোন্ কোন্ ব্যক্তি), কুতঃকুত আগতঃ কৌতস্কুতঃ, সদ্যস্কারঃ, মুহুস্কারঃ ইত্যাদি স্থলে নিত্য হয়। (১) সমাস হইলে এবং 'পদ' শব্দ পরে থাকিলে শিরঃ ও অধঃ এই দুই পদের বিসর্গ-স্থানে দন্ত্য স্ হয়। যথা, শিরস্পদম্, অধস্পদম্। অন্য পদের পরবর্ত্তী হইলে হয় না। যথা—পরমশিরঃপদম্। (২) 'বার' অর্থ বুঝাইলে এবং ক্, খ্, প্, ফ্, পরে থাকিলে দ্বি, ত্রি ও চতুর্ শব্দের বিসর্গ-স্থানে বিকল্পে ষ্ হয়। যথা, দ্বিঃ + করোতি = দ্বিষ্করোতি, দ্বিঃকরোতি; ত্রিষ্খাদতি, ত্রিঃখাদতি; চতুষ্পঠতি, চতুঃপঠতি। 'বার' অর্থ না বুঝাইলে ১১৩ সূত্রানুসারে নিত্য হয়। যথা, চতুষ্কপালম্। (৩) ক, কাম্য, কল্প ও পাশ শব্দ পরে থাকিলে স-জাত বিসর্গ-স্থানে নিত্য দন্ত্য স্ হয়। কল্পেদময় ইতি অয়ঃ + ক = অয়স্কম্; আত্মনঃ পয় ইচ্ছতি ইতি পয়ঃ + কাম্যতি = পয়স্কাম্যতি; পয়স্কল্পম্; ধনুস্পাশঃ। অব্যয় হইলে হয় না। যথা, অধঃকম্, স্বঃপাশঃ। র-জাত বিসর্গ-স্থানেও হয়। যথা, গীঃ + ক = গীষ্কম্, গীষ্কল্পঃ, ধূষ্পাশঃ। কাম্য প্রত্যয় পরে থাকিলে হয় না। যথা, গীঃকাম্যতি। অব্যয় হইলে হয় না। যথা, স্বঃকল্পম্।

---

## প্রশ্ন (বিসর্গ-সন্ধি)

১। সন্ধি-বিচ্ছেদ কর:—পাণিরয়ৌ, পিতুশ্চরণৌ, রামোঽপি, মনুষ্যৈরেবোঽপনীয়তাম্, নিষ্ক্রামতি, সর্ব্বএব, প্রাতরেব, ভগ্নষ্ঠকুরঃ, সরস্তীরে, অশ্বো ধাবতি, রক্তওষ্ঠঃ, স আহ, বাতা বান্তি, নির্ব্বন্ধঃ, মাতর্দেহি, মাতুরোদনম্, দাশরথীরামঃ, অহোরাত্রঃ, ধূষ্পতিঃ, পিতারক্ষ, এবসহতে, ভো ঈশান, আয়ুষ্কামঃ। ২। সন্ধি কর:—শিশুঃ + রোদিতি, পিতঃ + গচ্ছ, তাতঃ + গচ্ছতি, সঃ + অয়ম্, সঃ + ইতি, সঃ + রামঃ, প্রাতঃ + রবিঃ,

শ্রীঃ+পতিঃ, শিরঃ+ছেদঃ, কুতঃ+আগতঃ, অগ্নেঃ+শিখা, বক্তঃ+ষট্, শিবঃ+সেব্যঃ, কৃষ্ণঃ+চিত্ত্যঃ, বিষ্ণুঃ+ত্রাতা, সর্পিঃ+পাত্রম্, চতুঃ+কোণঃ, সঃ+এষঃ, এষঃ+সঃ, অহঃ+পতিঃ, অহঃ+রাত্রিঃ, অহঃ+রজনী, শিশুঃ+রামঃ, ধনুঃ+করোতি, ভাঃ+করঃ। ৩। সংশোধন কর :—রামর্গচ্ছতি, মাতো মাং ক্ষমব, সুন্দরো পুরুষঃ, ভয়োপ্রীতিঃ, স অয়ম্, চতুস্তয়ম্, হরিঃপানম্, চতুঃকোণম্, আবিষ্কৃতম্, বিধুরাজতে, রাজ্ঞোদার্য্যম্, কোপশ্চতি, নরেব, কুতাগতঃ, রামোবাচ, প্রথমোসর্গঃ বায়ুর্চলতি, পুর্ণোচন্দ্রঃ, পুনোহপি। ৪। চন্দ্রঃ+উদেতি=চন্দ্রোদেতি হয় না কেন? ৫। নীরসঃ—এখানে ঈকার হইল কেন? ৬। রামঃ+এব, প্রাতঃ+এব—এই দুই পদে ভিন্ন ভিন্ন সন্ধি হইবার কারণ কি?

---

## ণত্ব-বিধান

[ Chauge of দন্ত্য ( Dental ) ন into মূর্দ্ধন্য ( Cerebral ) ণ ]

১১৯। ঋ, ৠ, র্, মূর্দ্ধন্য ষ্,—এই চারি বর্ণের পরে দন্ত্য ন্ থাকিলে তাহা মূর্দ্ধন্য ণ্ হয়। যথা, নৃণাম্, তিসৃণাম্, চতসৃণাম্; নৄণাম্, ভ্রাতৄণাম্, দাতৄণাম্; চতুর্ণাম্, বিস্তীর্ণম্, বিকীর্ণম্; দোষ্ণা, পুষ্ণাতি, মুষ্ণাতি।

১২০। যদি স্বরবর্ণ, কবর্গ, পবর্গ, য্, ব্, হ্, এবং অনুস্বারের ব্যবধান থাকে, তাহা হইলেও দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয়। যথা, করণম্, করাণাম্, করিণা, হরিণাম্, গুরুণা; গুরূণাম্, পরেণ, অর্কেণ, মূর্খেণ, মৃগেণ, দীর্ঘেণ, দর্পেণ, রেফেণ, গর্ভেণ, ক্রমেণ; রয়েণ, গর্ব্বেণ, গ্রহাণাম্; বৃংহণম্ (৩২) (ক)।

---

(৩২) এতদ্ব্যতিরিক্ত বর্ণের ব্যবধান থাকিলে দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না। যথা, অর্চ্চনা, মূর্চ্ছনা, অর্জ্জনম্, কিরীটেন, মৃড়েন, দৃঢ়েন, আর্ত্তেন, অর্থেন, বিমর্দ্দেন, অর্দ্ধেন, বিরলেন, স্পর্শেন, রসেন।

(ক) ৯ ব্যবধান থাকিলে হয় না। প্রক্৯প্যমানম্, পরিক্৯প্যমানম্। অন্য পদ ব্যবধান থাকিলে হয় না। যথা, মাষকুম্ভবাপিনৌ, চতুরঙ্গযোগেন, পর্য্যবনদ্ধম্, হরিগেহগামিনী, পরবৈগভাবেন। কিন্তু আঙ্ ব্যবধান থাকিলে হয়। যথা, পর্য্যাণদ্ধম্।

১২১। পদের অন্তস্থিত দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা, নরান্, হরীন্, গুরূন্, ভ্রাতৄন্, দাতৄন্, গ্রহান্, ক্রমান্, মৃগান্, বৃক্ষান্ ইত্যাদি।

১২২। ন ভিন্ন তবর্গ-যুক্ত, এবং প্ ও ভ্ যুক্ত দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা, কৃন্ততি, গ্রন্থনম্, বৃন্দঃ, রুন্ধন্, তৃপ্নোতি, ক্ষুভ্নাতি। ( ক )

১২৩। যদি একপদে ঋ, ৠ, র্, ষ্ এবং অন্য পদে দন্ত্য ন্ থাকে, তাহা হইলে দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা ; নৃযানম্, বৃষযানম্, সুস্বরগানম্, গিরিগহনম্, অন্তর্নগরম্, শরাগ্নিঃ, রঘুনন্দনঃ, গিরিনন্দিনী, ত্রিনেত্রঃ, ত্রিনয়নঃ, স্বর্ভানুঃ, ইন্দ্রবাহনম্ (খ), নরবাহনঃ, বৃষবাহনঃ, অদ্রিনাথঃ, ময়ূর-নর্ত্তনম্, ভৃঙ্গনাদঃ, সুমন্ত্রনেত্রঃ, সর্ব্বনাম, চারুনেত্রা, দীর্ঘনয়না, পুনর্নবা, চিত্রভানুঃ, দুর্নামা, বারিনিধিঃ।

১২৪। যদি অন্য-পদ-স্থিত দন্ত্য ন্ বিভক্তি-স্থানে জাত অথবা বিভক্তি-যুক্ত হয়, কিংবা স্ত্রীলিঙ্গ-বিহিত ঈ-প্রত্যয়ের সহিত মিলিত থাকে, তাহা হইলে ইহা বিকল্পে মূর্দ্ধন্য ণ্ হয় ( গ )। যথা, বিভক্তি-স্থানে জাত

---

( ক ) পাণিনির মতে ক্ষুভ্নাদির দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না। ভাষ্যকারের মতে যাহাদের ণত্ব-নিষেধের সূত্র নাই, তাহারা এই ক্ষুভ্নাদি-গণের অন্তর্গত। "আবাহিতলক্ষণো ণত্বপ্রতিষেধঃ ক্ষুভ্নাদৌ দ্রষ্টব্যঃ"—মহাভাষ্য।

( খ ) যাহাকে বহন করা যায়, তাহাকে 'বাহ্য' বলে। বাহ্যের পরবর্ত্তী বাহন-শব্দের দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়। যথা, দর্ভস্য বাহনঃ দর্ভবাহণঃ ইক্ষুবাহণং শকটম্ ; শরবাহণং ধনুঃ। বাহ্য পদার্থ বাহনে স্থিত না হইলে হয় না। যথা, ইন্দ্রবাহনম্ ( =ইন্দ্রস্য মকং বাহনম্ )। যখন ইন্দ্র বাহনে আরূঢ় থাকেন, তখন ইন্দ্রবাহণম্—মূর্দ্ধন্য ণ হইবে। এইরূপ দাক্ষিবাহনো গার্গ্যবাহনো রথঃ। "যদা তু দাক্ষির্গার্গ্যশ্চ বোঢ়ব্যস্তদা দাক্ষিবাহণো গার্গ্যবাহণশ্চ ভবত্যেব,"—শ্রীরামতর্কবাগীশ ও দুর্গাদাসের মতে যে সময়ে বহন করা যায়, সেই সময়েই ণত্ব হয় ; অতএব 'শ্বঃ শরবাহনং ভবিষ্যতীদং শকটম্' প্রভৃতি স্থলে হইবে না।

( গ ) যদি পূর্ব্বে সমাস হইয়া যায় এবং পশ্চাৎ বিভক্তি-যোগ অথবা স্ত্রীলিঙ্গ-বিহিত ঈ প্রত্যয়-যোগ হয় তাহা, হইলেই এই নিয়মানুসারে কার্য্য হইবে। যদি পর পদটি

ন্—প্রভাবেণ, প্রভাবেন ; প্রভাবাণাম্, প্রভাবানাম্ ; পরিভবেণ, পরিভবেন ; অন্তর্ভাবেণ, অন্তর্ভাবেন। বিভক্তি-যুক্ত ন্—নগরযায়িণা, নগরযায়িনা ; বিষপায়িণা, বিষপায়িনা (৩৩)। ঈ-প্রত্যয়-মিলিত ন্—নগরযায়িণী, নগরযায়িনী ; বিষপায়িণী, বিষপায়িনী (৩৪)

১২৫। যদি পর পদ এক-স্বর-বিশিষ্ট অথবা ক-বর্গ যুক্ত থাকে, তাহা হইলে দন্ত্য ন্ নিত্য মূর্দ্ধন্য ণ্ হয়। যথা, এক-স্বর-বিশিষ্ট—প্রভূণা, প্রভূণাম্, পুনর্ভূণাম্, বৃত্রহণৌ,বৃত্রহণঃ। ক-বর্গ-যুক্ত—শ্রীকামেণ, দুর্গমেণ, গৃহগামিণা, নগরগামিণী, ধর্ম্মকামাণাম্, দোষভাগিণা, আর্দ্রগোময়েণ, শুষ্কগোময়েণ, পরিপাকেণ (৩৫)

প্রথমেই স্ত্রীলিঙ্গ-বিহিত ঈ প্রত্যয়-যুক্ত হয় এবং তাহার পরে সমাস হয়, তাহা হইলে ণত্ব হইবে না। যথা, হরিং ভাবয়িতুং শীলমস্যাঃ এই বাক্যে প্রথমেই সমাস হইয়া হরিভাবিন্ শব্দ নিষ্পন্ন হইল, পরে স্ত্রীলিঙ্গ-বিহিত ঈ-প্রত্যয়-যোগ হওয়ায় বিকল্পে ণত্ব হইল, হরিভাবিণী, হরিভাবিনী। কিন্তু যদি প্রথমেই ভাবিন্ শব্দে ঈ প্রত্যয় যোগ করিয়া প্রথমার একবচনে ভাবিনী এই পদ নিষ্পন্ন করা যায় এবং তাহার পরে হরেঃ এই ষষ্ঠী-বিভক্তি-যুক্ত পদের সহিত ভাবিনী এই প্রথমান্ত পদের ষষ্ঠী-তৎপুরুষ সমাস করা যায়, তাহা হইলে ণত্ব হইবে না।—যথা, হরের্ভাবিনী হরিভাবিনী। বিষপায়িনী, নগরযায়িনী প্রভৃতি উদাহরণেও এইরূপ বুঝিতে হইবে।

(৩৩) যুবন্ শব্দের হয় না। যথা নৃযুবানৌ, ক্ষত্রিয়যূনা, শূদ্রযূনাম্। বোপদেবের মতে অহন্ শব্দেরও হয় না। যথা, দীর্ঘাহ্না।

(৩৪) ভগিনী, কামিনী, ভামিনী, যামিনী, যূনী প্রভৃতি কতকগুলির দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না। যথা, পিতৃভগিনী, হরকামিনী, হরিভামিনী, ঘোরযামিনী, ক্ষত্রিয়যূনী। ৪৭ পৃষ্ঠে (গ) চিহ্নিত টীকা দেখ।

(৩৫) পক্ব শব্দের হয় না। যথা, পরিপক্বেন, পরিপক্বানি, পরিপক্বানাম্। পাণিনির মতে যুবাদির দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না। অগ্রগামিনি (পুংলিঙ্গে সপ্তমীর এক বচনে), পিতৃবাক্যেন, শাস্ত্রবাক্যেন প্রভৃতি পদগুলি যুবাদির অন্তর্গত। পাণিনি বহ-

১২৬। ওষধি-বাচক (৩৬) ও বৃক্ষ-বাচক শব্দের পরস্থিত বন শব্দের দন্ত্য ন বিকল্পে মূর্দ্ধন্য ণ হয়। যথা, ওষধি-বাচক—ব্রীহিবণম্, ব্রীহিবনম্; মাষবণম্, মাষবনম্; দূর্ব্বাবণম্, দূর্ব্বাবনম্; দর্ভবণম্, দর্ভবনম্; রম্ভারণম্, রম্ভাবনম্; ক্ষুমাবণম্, ক্ষুমাবনম্; উশীরবণম্, উশীরবনম্; নীবারবণম্, নীবারবনম্; হরিদ্রাবণম্, হরিদ্রাবনম্; সর্ষপবণম্, সর্ষপবনম্; জীরকবণম্, জীরকবনম্; আর্দ্রকবণম্, আর্দ্রকবনম্। বৃক্ষবাচক—লোধ্রবণম্, লোধ্রবনম্; দ্রাক্ষাবণম্, দ্রাক্ষাবনম্; কেসরবণম্, কেসরবনম্; মন্দারবণম্, মন্দারবনম্; মালুরবণম্, মালুরবনম্; বদরীবণম্, বদরীবণম্; শিরীষবণম্, শিরীষবনম্; জম্বীরবণম্, জম্বীরবনম্ ( ৩৭ )

১২৭। শর, ইক্ষু, প্লক্ষ, আম্র, খদির, কার্ষ্য, পীযূক্ষা—এই কয় শব্দের পরস্থিত বন শব্দের দন্ত্য ন নিত্য মূর্দ্ধন্য ণ হয়। যথা, শরবণম্, ইক্ষুবণম্, প্লক্ষবণম্, আম্রবণম্, খদিরবণম্, কার্ষ্যবণম্, পীযূক্ষাবণম্।

১২৮। প্র, নির্, অন্তর্,—এই কয় শব্দের পরস্থিত বন শব্দের দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়। যথা, প্রবণম্, নির্বণম্, অন্তর্বণম্। ( ক )

১২৯। অন্য-পদ-স্থিত র প্রভৃতির পরবর্ত্তী পান শব্দের দন্ত্য ন বিকল্পে

---

বিধানের সূত্রে "প্রষ্ঠোগ্রগামিনি" প্রয়োগ করিয়া তদ্দ্বারাই জানাইয়াছেন যে, কেবল অগ্র-শব্দ-পূর্ব্বক সপ্তমীর একবচনান্ত গামিনি পদেরই ণত্ব হয় না; অন্যত্র হয়। সংক্ষিপ্তসারের মতেও তাহাই।

( ৩৬ ) শস্য পক্ক হইলে যে সকল উদ্ভিদের জীবন শেষ হয়, তাহাদিগকে ওষধি বলে।

( ৩৭ ) দ্বিস্বর অথবা ত্রিস্বর না হইলে হয় না। যথা, দেবদারুবনম্, উদুম্বরবনম্, নাগরঙ্গবনম্, নারিকেলবনম্, বোধিদ্রুমবনম্, কোবিদারবনম্, রাজবৃক্ষবনম্, সহকারবনম্, কুরুবকবনম্, কর্ণিকারবনম্, সিন্ধুবারবনম্, নাগকেশরবনম্।

( ক ) সংজ্ঞা বুঝাইলে পুরগা, মিশ্রকা, সিধ্রকা, সারিকা, কোটরা, অগ্রে এই কয় শব্দের পরস্থিত বন শব্দের ন মূর্দ্ধন্য হয়। যথা—পুরগাবণম্, মিশ্রকাবণম্, সিধ্রকাবণম্, সারিকাবণম্, কোটরাবণম্, অগ্রেবণম্। অগ্রেবণম্=আগ্রা-নগরী, অগ্রেবনম্=বনাগ্রভাগঃ।

মূর্দ্ধন্য ণ হয়। যথা, ক্ষীরপাণম্, ক্ষীরপানম্; নীরপাণম্, নীরপানম্, বিষপাণম্, বিষপানম্; কষায়পাণম্, কষায়পানম্। (ক)

১৩০। বয়স্-অর্থ বুঝাইলে ত্রি ও চতুর্ শব্দের পরবর্ত্তী হায়ন শব্দের দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়। যথা, ত্রিহায়ণো বৎসঃ, চতুর্হায়ণী গৌঃ। (খ)

১৩১। প্র, পূর্ব্ব, অপর প্রভৃতি শব্দের পরবর্ত্তী অহ্ন শব্দের দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়। যথা, প্রাহ্ণঃ, পূর্ব্বাহ্ণঃ, অপরাহ্ণঃ। (গ)

১৩২। পর, পার, উত্তর, চান্দ্র, নারা ও রাম শব্দের পরবর্ত্তী অয়ন শব্দের দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়। যথা, পরায়ণম, পারায়ণম্, উত্তরায়ণম্, চান্দ্রায়ণম্, নারায়ণঃ, রামায়ণম্।

১৩৩। অগ্র ও গ্রাম শব্দের পরবর্ত্তী নী শব্দের দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়। যথা, অগ্রণীঃ, গ্রামণীঃ।

১৩৪। শূর্প-শব্দের পরস্থিত নখ শব্দের দন্ত্য ন, এবং প্র, দ্রু, খর ও বার্ধ্রী শব্দের পরস্থিত নস-শব্দের পরস্থিত দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় (ঘ)। যথা, শূর্পণখা, প্রণসঃ, দ্রুণসঃ, খরণসঃ, বার্ধ্রীণসঃ।

---

(ক) ভাব-বাচ্য অথবা করণ-বাচ্যে অনট্ প্রত্যয় হইয়া যে পান-শব্দ নিষ্পন্ন হয়, তাহারই দন্ত্য ন বিকল্পে মূর্দ্ধন্য ণ হয়। যথা—ক্ষীরং পীয়তে অনয়া, ক্ষীরপাণী, ক্ষীরপানী; ক্ষীরস্য পানং ক্ষীরপাণং, ক্ষীরপানং। অন্যবাচ্যে অনট্ প্রত্যয় হইলে হয় না। যথা—উষ্ট্রেণ পীয়তে অস্যাম্ উষ্ট্রপানী পাত্রী।

দেশ বুঝাইলে অন্ত-পদ-স্থিত র প্রভৃতির পরবর্ত্তী পান-শব্দের ন নিত্য মূর্দ্ধন্য হয়। যথা, পীয়তে যৎ তৎ পানং (কর্ম্মবাচ্যে অনট্), সুরাপানং যেষাং তে সুরাপাণাঃ প্রাচ্যাঃ সৌবীরপাণা বাহ্লীকাঃ (সৌবীর=কাঁজি); কষায়পাণা গান্ধারাঃ। দেশ না বুঝাইলে হয় না। যথা—সুরাপানাঃ শূদ্রাঃ।

(খ) বয়স্ অর্থাৎ প্রাণীর 'গত পরমায়ুঃ' অর্থ না বুঝাইলে হয় না। যথা—ত্রিহায়না চতুর্হায়না শালা।

(গ) পূর্ব্বপদ অ-কারান্ত না হইলে হয় না। যথা—ত্র্যহ্নঃ। পূর্ব্বপদে র প্রভৃতি না থাকিলেও হয় না। যথা—মধ্যাহ্নঃ। অ-কারান্ত অহ্ন না হইলে হয় না। যথা—দীর্ঘাহ্নী শরৎ।

(ঘ) প্র, নির্, দুর্ ও পরি—ইহাদের পরস্থিত নসের ন মূর্দ্ধন্য হয়। যথা—প্রণসং

১৩৫। গিরিনদী প্রভৃতির ( ৩৮ ) দন্ত্য ন বিকল্পে মূর্দ্ধন্য ণ হয়। যথা, গিরিণদী, গিরিনদী ; স্বর্ণদী, স্বর্নদী ; গিরিণিতম্বঃ, গিরিনিতম্বঃ।

১৩৬। পূর্ব্ব পদের অন্তে মূর্দ্ধন্য ষ থাকিলে পর পদের দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না। যথা, নিষ্পানম্, দুষ্পানম্, হবিষ্পানম্, আয়ুষ্কামেন, নিষ্কামেন, নিষ্কামানাম্, দুষ্খেন, দুষ্খিনা, সর্পিষ্পায়িনা।

১৩৭। প্র, পরা, পরি, নির্,—এই চারি উপসর্গের ও অন্তর্-শব্দের পরে যদি নদ্ প্রভৃতি ( ৩৯ ) ধাতু থাকে, তাহা হইলে তাহাদের দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়। যথা, নদ্—প্রণদতি, পরাণদতি, পরিণদতি, নির্ণদতি, অন্তর্ণদতি। নম্—প্রণমতি, প্রণামঃ, প্রণতিঃ, পরিণমতি, পরিণামঃ, পরিণতিঃ। নশ্—প্রণশ্যতি, পরিণশ্যতি, প্রণাশঃ, পরিণাশঃ, অন্তর্ণাশঃ ( ৪০ )। নহ্—প্রণহ্যতে, পরিণাহঃ। নী—প্রণয়তি, প্রণীয়তে, প্রণয়ঃ, পরিণয়ঃ, পরিণীতঃ, নির্ণীয়তে, নির্ণয়ঃ। নু—প্রণৌতি, পরিণৌতি, প্রণবঃ। নুদ্—প্রণুদতি, প্রণোদঃ। অন্—প্রাণিতি ( ক ), প্রাণ্যাৎ, প্রাণঃ। হন্—

---

মুখঃ, দুর্ণসং, পরিণসং, নির্ণসম্। শূর্পণখা ( রাবণ-ভগিনী ) ; বধ্রী চর্ম্মরজ্জুঃ বর্দ্ধ্রেব বাধ্রী, বাধ্রীব নাসিকা যস্য স বাধ্রীণসঃ ; দ্রুরিব নাসিকা যস্য স দ্রুণসঃ ; এইরূপ খরণাঃ, খরণসঃ—শূর্পণখা প্রভৃতির দন্ত্য ন কেবল সংজ্ঞা বুঝাইলেই মূর্দ্ধন্য ণ হইবে। অন্যত্র শূর্পনখা ( শূর্পের মত নখ যে কোনও নারীর )

( ৩৮ ) গিরিনদী, স্বর্নদী, গিরিনিতম্ব, গিরিনখ, গিরিনদ্ধ, চক্রনদী, চক্রনিতম্ব, তূর্য্যমান, মাষোন, আর্গয়ন। ইহাদের মধ্যে যে সকল শব্দ স্ত্রীলিঙ্গ করিয়া নির্দ্দিষ্ট হইয়াছে, সেই সকল শব্দ পুংলিঙ্গ করিয়া প্রয়োগ করিলে ণত্ব হইবে না। যথা—গিরিনদঃ, বক্রনিতম্বঃ।

( ৩৯ ) নদ্, নম্, নশ্, নহ্, নী, নু, নুদ্, অন্, হন্।
নদো নমো নশশ্চৈব নহনীনুনুদস্তথা।
অনো হনশ্চেতি নব নদাদিগণ ঈর্য্যতে। নৃত, নর্দ্দ, নাথ, নাধ, নন্দ, নক্ক, নৄ ও নট ধাতু ভিন্ন সমস্ত দন্ত্য ন-কারাদি ধাতুই নদ-প্রভৃতির অন্তর্গত।

( ৪০ ) নশ্ ধাতুর শ মূর্দ্ধন্য হইলে দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না। যথা, প্রনষ্টঃ, পরিনষ্টঃ, নির্নষ্টঃ অন্তর্নষ্টঃ।

( ক ) মুগ্ধবোধ-মতে অন ধাতুর বিকল্পে ণত্ব হয়। যথা—প্রাণিতি, প্রানিতি।

প্রহণ্যতে, পরিহণ্যতে, প্রহণ্যাৎ, পরিহণ্যাৎ; প্রহণনম্, পরাহণনম্, পরিহণনম্, নির্হণনম্, অন্তর্হণনম্ (৪১)।

১৩৮। যদি হন্ ধাতুর ন্, ম্ অথবা ব্ যুক্ত থাকে, তাহা হইলে দন্ত্য ন্ বিকল্পে মূর্দ্ধন্য ণ্ হয়। যথা, প্রহণ্মি, প্রহন্মি; প্রহণ্বঃ, প্রহন্বঃ (ক)।

১৩৯। নিংস্, নিক্ষ্, নিন্দ্,—এই তিন ধাতুর দন্ত্য ন্ বিকল্পে মূর্দ্ধন্য ণ্ হয়। যথা, নিংস্—প্রণিংসিতব্যম্, প্রনিংসিতব্যম্; নিক্ষ্—প্রণিক্ষণম্, প্রনিক্ষণম্; নিন্দ্—প্রণিন্দতি, প্রনিন্দতি।

১৪০। হিনু ও মীনার দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয়। যথা, হিনু—প্রহিণোতি, প্রহিণুতঃ, প্রহিণ্বন্তি; মীনা—প্রমীণাতি, প্রমীণীতঃ, প্রমীণন্তি।

১৪১। লোটের আনি বিভক্তির দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয়। যথা প্রভবাণি, পরাভবাণি, পরিভবাণি, নির্ভবাণি, অন্তর্ভবাণি; প্রবহাণি, পরিবহাণি, অন্তর্ব্বহাণি; প্রবপাণি, পরিবপাণি, অন্তর্ব্বপাণি, নির্ব্বপাণি।

১৪২। গদ্ প্রভৃতি (৪২) ধাতুর পূর্ব্ববর্ত্তী নি উপসর্গের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয়। যথা, গদ্—প্রণিগদতি; পত্—প্রণিপততি, প্রণিপাতঃ; দা—প্রণিদদাতি; ধা—প্রণিদধাতি, প্রণিধানম্, প্রণিহিতঃ; হন্—প্রণিহন্তি, পরিণিহন্তি, নির্ণিহন্তি, অন্তর্ণিহন্তি (খ)।

১৪৩। ধাতুর পূর্ব্বে প্র, পরা, পরি, নির্,—এই চারি উপসর্গ অথবা

---

(৪১) হন্ ধাতুর হ স্থানে ঘ হইলে দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না। যথা, প্রঘ্নন্তি, পরিঘ্নতি, প্রাঘানি, পর্য্যঘানি, শত্রুঘ্নঃ।

(ক) প্র, পরা, পরি, নির্ ও অন্তর্,—ইহাদের পরে না হইলে হয় না। পরবর্ত্তি-সূত্র গুলিতেও এইরূপ বুঝিতে হইবে।

(৪২) গদ্, পত্, দা, মা, ধা, হন্, বদ্, পদ্, দান্, দো, সো, দে, ধে, বা, বা, দ্রা, প্সা, বপ্, বহ্, শম, চি, দিহ্।

(খ) ক-কারাদি, খ-কারাদি ও মূর্দ্ধন্য ষ-কারান্ত ধাতুর পূর্ব্ববর্ত্তী নি উপসর্গের দন্ত্য ন

অন্তর্ শব্দ থাকিলে কৃৎ-প্রত্যয়ের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয়। যথা, যা—প্রয়াণম্, নির্যাণম্, প্রযাণীয়ম্, অন্তর্যাণীয়ম্ ; হা—প্রহাণম্, প্রহীণঃ, পরিহীণঃ, পরিহাণিঃ, পরিহীয়মাণম্ ; উহ্—প্রোহণীয়ম্ ; প্রোহণম্ ; বপ্—প্রবপণীয়ম, প্রবপণম্ ; বহ্—প্রবহমাণঃ, প্রোহ্যমাণঃ, প্রবহণম্ ; আপ্—প্রাপণম্, প্রাপণীয়ম্, প্রাপ্যমাণম্ ; মা—প্রমাণম্, পরিমাণম্ ; ইখি—প্রেঙ্খণম্, প্রেঙ্খণীয়ম্ ( ক )।

১৪৪। যে সকল ধাতুর আদিতে ব্যঞ্জন-বর্ণ থাকে এবং অন্ত্য বর্ণের পূর্ব্বে অ আ ভিন্ন স্বর-বর্ণ থাকে, তাহাদের উত্তর বিহিত কৃৎ-প্রত্যয়ের দন্ত্য ন্ বিকল্পে মূর্দ্ধন্য ণ্ হয়। যথা, কুপ্—প্রকোপণম্, প্রকোপনম্ ; প্রকোপণীয়ম্, প্রকোপনীয়ম্ ; গুপ্—পরিগোপণম্, পরিগোপনম্ ; পরিগোপণীয়ম্, পরিগোপনীয়ম্।

১৪৫। ণিজন্ত ধাতুর উত্তর বিহিত কৃৎ-প্রত্যয়ের দন্ত্য ন্ বিকল্পে মূর্দ্ধন্য ণ্ হয়। যথা, যাপি—প্রযাপণম্, প্রযাপণম্ ; প্রযাপ্যমাণম্, প্রযাপ্যমানম্ ; প্রযাপণীয়ম্, প্রযাপনীয়ম্। বাহি—প্রবাহণম্, প্রবাহনম্ ; প্রবাহ্যমাণম্, প্রবাহ্যমানম্ ; প্রবাহণীয়ম্, প্রবাহনীয়ম্।

ণ হয় না। যথা, ক-কারাদি—কৃ—প্রনিকরোতি ; খ-কারাদি—খাদ—প্রনিখাদতি ; ষ-কারান্ত—প্রনিরক্ষতি। এতদ্ভিন্ন অন্য ধাতুর পূর্ব্ববর্ত্তী নি-উপসর্গের দন্ত্য ন বিকল্পে মূর্দ্ধন্য ণ হয়। যথা, ভূ—প্রণিভবতি, প্রণিভবতি ; প্রণিপচতি, প্রনিপচতি। কিন্তু গদাদি ধাতু থাকিলে নিত্য মূর্দ্ধন্য ণ হইবে।

( ক ) ইখি ধাতুর ই-কার ইৎ হয়। ই-কার ইৎ হইলে ধাতুর অন্ত্য-স্বরের পরে ন-কারাগম হয়। ইখি=ইন্খ। যে সকল ধাতুর ই-কার ইৎ হয়, তাহাদের মধ্যে যে গুলির আদিতে অ, আ ভিন্ন স্বরবর্ণ থাকে, কেবল তাহাদেরই দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হইয়া থাকে। অতএব কপি—কন্প, প্রকম্পনীয়ম্,—এখানে আদিতে ক থাকায় হইল না। এই সকল ধাতু ণিজন্ত হইলেও হয় না।

১৪৬। ভা, ভূ, পূ, কম্, গম্, প্যায়্, বেপ্,—এই সকল ধাতুর উত্তর বিহিত কৃৎ-প্রত্যয়ের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা, ভা—পরিভানীয়ম্; ভূ—পরিভবনীয়ম্; পূ—পরিপবনীয়ম্; কম্—পরিকমনীয়ম্; গম্—পরিগমনীয়ম্; প্যায়্—পরিপ্যায়নীয়ম্; বেপ্—পরিবেপনীয়ম্। এই সকল ধাতু ণিজন্ত হইলেও ইহাদের উত্তর বিহিত কৃৎ-প্রত্যয়ের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা, প্রভাপনীয়ম্, প্রভাবনীয়ম্, প্রপাবনীয়ম্, প্রকামনীয়ম্, প্রগমনীয়ম্, প্রপ্যায়নীয়ম্, প্রবেপনীয়ম্। ( ক )

১৪৭। কৃৎ-প্রত্যয়ের দন্ত্য ন ব্যঞ্জন-বর্ণের সহিত মিলিত হইলে মূর্দ্ধন্য ণ হয় না। যথা, প্রভগ্নঃ, পরিভগ্নঃ, প্রভুগ্নঃ, পরিভুগ্নঃ, প্রমগ্নঃ, পরিমগ্নঃ, প্রবিগ্নঃ পরিবিগ্নঃ, নির্ব্বিগ্নঃ।

---

( ক ) মুগ্ধবোধ-মতে খ্যা ধাতুর উত্তরও হয় না। যথা—প্রখ্যানীয়ম্, প্রখ্যাপনীয়ম্।
স্বাভাবিক মূর্দ্ধন্য ণ :—

বাণীতূণীরবেণীফণিমণিলবণং কোণকল্যাণবাণা
গোণী ঘোণী কণাণুঘুর্ণবিপণিপণং স্থাণুপুণ্যং বিষাণম্।
মাণিক্যং শোণশাণৌ গুণগণগণিকাবেণুসিংহাণবীণা
নির্ব্বাণো নিকৃণৈণক্বণকিণবণিজঃ কঙ্কণং পাণিতূণৌ॥

## প্রশ্ন ( ণত্ব-বিধান )

১। সংশোধন কর :—করনম্, রেফেন, মূর্খেন, বৃংহনম্, ধর্ম্মেন, গুরুনা, গিরীনাম্, প্রানাঃ, অর্চ্চণা, দর্শনম্, মূর্দ্ধণ্যঃ, দুর্ণাম, চারণয়না, প্রভুনা, দুর্গমেন, পরিপাকেন, বর্ধভোগ্যেন, রম্যবিনা, পূর্ব্বাহ্নঃ, মধ্যাহ্নঃ, শূর্পনখা, অক্ষৌহিনী, ব্রহ্মণ, কৃষ্ণেণ, বিষ্ণুণা, তৃনম্, সর্ব্বাণ, ভ্রাতৄণ, গুরূণ, আম্রবনম্, নির্বনম্, নিষ্কামেণ, প্রনমতি, প্রনাশঃ, প্রণষ্টঃ, প্রহিনোতি, প্রভবানি, প্রনিহন্তি, পরিভুগ্ণঃ। ২। কিরূপ স্থলে নি-উপসর্গের দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়? ৩। কিরূপ স্থলে কৃৎ-প্রত্যয়ের ন বিকল্পে মূর্দ্ধন্য ণ হয়? ৪। নিম্ন-লিখিত পদগুলিতে মূর্দ্ধন্য ণ হইবার কারণ কি? শিরীষবণম্, ত্রিহায়ণঃ, বৃত্রহণৌ, নারায়ণঃ, স্বর্ণদী, প্রণসঃ। ৫। চতুর্থ প্রশ্নের কোন্ কোন্ পদে বিকল্পে ণত্ব হয়? ৬। নিম্ন-লিখিত পদাগুলিতে দন্ত্য ন মূর্দ্ধণ্য হইল না কেন? নিস্পানম্, প্রম্নন্তি, পরিনষ্টঃ, প্রনৃত্যতি, ত্রিহায়নশালা, বিরলেন, পরিভবনীয়ম্, ক্ষুভ্নাতি, তৃপ্নোতি, পারগকেন, ক্ষত্রিয়যূনা, পিতৃভগিনী, দেবদারুবনম্। ৭। শূর্পণখা—শূর্পনখা, অগ্রেবণম্—অগ্রেবনম্,—এই দুই স্থলে অর্থগত পার্থক্য দেখাও।

## ষত্ব-বিধান

### [ Change of দন্ত্য (Dental) স into মূর্দ্ধন্য (Cerebral) ষ ]

১৪৮। অ আ ভিন্ন স্বর-বর্ণ, ক্, র্—এই সকল বর্ণের পরস্থিত প্রত্যয়ের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয়। যথা, মুনিষু, নদীষু, সাধুষু, বধূষু, ভ্রাতৃষু, নরেষু, অনৈষীৎ, গোষু, নৌষু, দিক্ষু, চতুর্ষু ( ৪৩ )। ( ক )

১৪৯। অনুস্বার ও বিসর্গের ব্যবধান থাকিলেও হয়। যথা, হবীংষি, ধনূংষি, আশীঃষু, আয়ুঃষুঃ, ( ৪৪ )।

২৫০। ষোপদেশ ধাতুকে ( ৪৫ ) অভ্যস্ত করিলে যদি ধাতুর দ্বিতীয় দন্ত্য স্, ই, উ, এ, ও এই চারি বর্ণের পরস্থিত হয়, তাহা হইলে দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা, সিচ্—সিষেচ, সিষিচতুঃ, সিষিচুঃ ( ৪৬ ); সিধ্ঃ—সিষেধ, সিষিধতুঃ, সিষিধুঃ ; স্থ—সুষাব, সুষুবতুঃ, সুষুবুঃ ; সূ—সুষুবে, সুষুবাতে, সুষুবিরে ; সেব্—সিষেবে, সিষেবাতে, সিষেবিরে ; স্তু—তুষ্টাব,

---

( ৪৩ ) সাৎ প্রত্যয়ের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয় না। যথা, অগ্নিসাৎ, বায়ুসাৎ, ভ্রাতৃসাৎ।

( ক ) বৈয়াকরণদিগের মতে ক-বর্গ এবং হ্, য্, ব্, ল্ ইহাদের উত্তরও দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা—তিঙ্‌ষু, হল্‌ষু ইত্যাদি।

( ৪৪ ) ক্লীবলিঙ্গ শব্দের প্রথমা ও দ্বিতীয়ার বহুবচনের পরে যে অনুস্বার থাকে, তদ্ভিন্ন অনুস্বার ব্যবধানে হয় না। যথা, পুমস্ শব্দের সপ্তমীর বহুবচনে পুংসু। এস্থলে মূর্দ্ধন্য হইল না।

( ৪৫ ) সঞ্জ, সদ্, সহ্, সাধ্, সিচ্, সিধ্, সিব্, সু, সূ, সেব্, সো, স্তম্ভ্, স্তু, স্তুভ্, স্ত্যৈ, স্থা, স্না, স্নিহ্, স্নু, স্মি, স্বঞ্জ, স্বদ্, স্বপ্, স্বিদ্ ইত্যাদি।

"সঞ্জঃ সদঃ সহঃ সাধঃ সিচ্‌সিধৌ সিব্ চ সুস্তথা। সূ সেবঃ সোস্তথা স্তম্ভঃ স্তুস্তুভৌ স্ত্যায়তিস্তথা। স্থাস্নাস্নিহস্নবঃ স্মিশ্চ স্বঞ্জঃ স্বদ্‌স্বপ্‌স্বিদস্তথা। এতে চান্যে চ বহবঃ ষোপদেশাঃ প্রকীর্ত্তিতাঃ।"

যে সকল ধাতু গণ-পাঠে মূর্দ্ধন্য ষ-কারাদি রূপে নির্দ্দিষ্ট হয়, পরে প্রয়োগ-কালে স-কারাদি হইয়া যায়, তাহাদিগকে ষোপদেশ ধাতু বলে।

( ৪৬) ষঙ্ প্রত্যয় হইলে সিচ্ ধাতুর দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয় না। যথা, সেসিচ্যতে।

তুষ্টুবতুঃ, তুষ্টুবুঃ; স্নিহ্—সিষ্ণেহ, সিষ্ণিহতুঃ, সিষ্ণিহুঃ; স্মি—সিষ্মিয়ে, সিষ্মিয়াতে, সিষ্মিয়িরে; স্বপ্—সুষ্বাপ, সুষুপতুঃ, সুষুপুঃ; স্তভ্—তুষ্টুভে, তুষ্টুভাতে, তুষ্টুভিরে; সো—সেষীয়তে; সেব্—সেষেব্যতে; সৃ—সোষৃয়তে; স্তু—তোষ্টূয়তে। (ক)

১৫১°। ধাতুর উত্তর বিহিত সন্-প্রত্যয়ের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হইলে ধাতুর স্ মূর্দ্ধন্য ষ্ হয় না। যথা, সিচ্—সিসিক্ষতি; সু—সুসূষতি; সেব্—সিসেবিষতে; স্মি—সিস্ময়িষতে; স্তম্ভ্—তিস্তম্ভিষতি; স্তভ্—তুস্তোভিষতে; সৃ—সুসৃষতি (৪৭)। সনের স্ দন্ত্য থাকিলে ধাতুর স্ মূর্দ্ধন্য হয়। যথা, স্থা—তিষ্ঠাসতি; স্বপ্—সুষুপ্সতি; সো-সিষাসতি; স্না—সিষ্ণাসতি। ণিজন্ত ধাতুর মধ্যে কেবল স্বিদ্, স্বদ্ ও সহ্ ধাতুর দন্ত্য হয় না। যথা, স্বিদ্—সিস্বেদয়িষতি; স্বদ্—সিস্বাদয়িষতি; সহ্—সিসাহয়িষতি। এতদ্ভিন্ন ণিজন্ত ধাতুর হয়। যথা; স্বপ্—সুষ্বাপয়িষতি; সিচ্—সিষেচয়িষতি; সিধ্—সিষেধয়িষতি; সু—সুষ্বাবয়িষতি; সঞ্জ—সিষঞ্জয়িষতি।

১৫২। ই-কারান্ত (৪৮) ও উ-কারান্ত (৪৯) উপসর্গের পরস্থিত সু প্রভৃতি (৫০) ধাতুর দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা, সু—অভিষুণোতি,

(ক) ষোপদেশ ধাতু না হইলে হয় না। যথা, স্রু—সুস্রাব।

(৪৭) কেবল স্তু ধাতুর হয়। যথা, তুষ্টূষতি। প্রতি-পূর্ব্বক ই-ধাতুরও হয়। যথা—প্রতীষিষতি।

(৪৮) নি, বি, পরি, প্রতি, অতি, অধি, অপি, অভি।

(৪৯) সু, অনু।

(৫০) সু, সূ, সো, স্তু, স্তুভ্, স্থা, সেনি, সিধ্, সিচ্, সঞ্জ্, স্বঞ্জ, সদ্, স্তম্ভ্।

"সুঃ সূঃ সোঃ স্তুঃ স্তুভশ্চৈব স্থাঃ সেনিশ্চ সিধঃ সিচঃ। সঞ্জঃ স্বঞ্জঃ সদঃ স্তম্ভঃ স্বাদিরেতে ত্রয়োদশ॥"

এতদ্ভিন্ন অন্য ধাতুর হয় না। যথা—বিস্রৈতি, প্রতিস্মৃতি ইত্যাদি।

অনুষুণোতি ( ৫১ ) ; সু—(৫২) অধিষুবতি, অনুষুবতি ; সো—অধিষ্যতি ; স্তু—অভিষ্টৌতি, অনুষ্টৌতি ; স্তুভ্—প্রতিষ্টোভতে, অনুষ্টোভতে ; স্থা—অধিষ্ঠাস্যতি, অনুষ্ঠাস্যতি ; সেনি—অভিষেণয়তি ; সিধ্—(৫৩) প্রতিষেধতি, অনুষেধতি ; সিচ্—নিষিঞ্চতি, অনুষিঞ্চতি ; সঞ্জ—নিষজতি ; অনুষজতি ; স্বঞ্জ—পরিষজতে, অনুষজতে ; সদ্—বিষীদতি, অনুষীদতি (৫৪) ; স্তম্ভ্—অভিষ্টভ্নোতি, অনুষ্টভ্নোতি (৫৫)। অট্-ব্যবধানেও মূর্দ্ধন্য ষ হয়। যথা, অভ্যষুণোৎ, অভ্যষেণয়ৎ, ন্যষিঞ্চৎ, অন্বষজৎ, ব্যষীদৎ ( ক )।

১৫৩। পরি, নি, বি-পূর্ব্বক সেব্, সিব্ সহ্ ধাতুর স মূর্দ্ধন্য হয়। যথা, সেব্—পরিষেবতে, নিষেবতে, বিষেবতে ; সিব্—পরিষীব্যতি, নিষীব্যতি, বিষীব্যতি ; সহ্—পরিষহতে, নিষহতে, বিষহতে (৫৬)। অট্-ব্যবধানেও

---

( ৫১ ) লৃট্ ও লৃঙ্ বিভক্তি এবং স্যৎ প্রত্যয় পরে থাকিলে হয় না। যথা, লৃট্—অভিসোষ্যতি ; লৃঙ্—অভ্যসোষ্যৎ ; স্যৎ-অভিসোষ্যৎ।

( ৫২ ) তুদাদি-গণীয়।

( ৫৩ ) গমনার্থ সিধ্ ধাতুর হয় না। যথা, গৃহং প্রতিসেধতি, পরিসেধতি, অভিসেধতি। দিবাদি-গণীয় সিধ-ধাতুর হয় না। যথা, নিসিধ্যতি।

( ৫৪ ) প্রতি-পূর্ব্বকের হয় না। যথা, প্রতিসীদতি।

( ৫৫ ) আলম্বন ও সামীপ্য অর্থে অব-পূর্ব্বকেরও হয়। যথা, আলম্বন-অর্থে—যষ্টিমবষ্টভ্য আস্তে, যষ্টিমালম্ব্য তিষ্ঠতীত্যর্থঃ। সামীপ্য-অর্থে-অবষ্টব্ধা গৌঃ, গৌঃ সমীপে বর্ত্ততে ইত্যর্থঃ।

( ক ) ভক্ষণ-অর্থ বুঝাইলে বি অথবা অব-পূর্ব্বক স্বন ধাতুর স মূর্দ্ধন্য ষ হয়। যথা—বিষণতি অবষণতি মাংসং ( সশব্দং মাংসং ভুঙ্‌ক্তে ইত্যর্থঃ ) ব্যষণৎ। ভক্ষণ-অর্থ না বুঝাইলে হয় না। যথা—বিস্বনতি বীণা ( শব্দায়তে )। বি অথবা অব ভিন্ন অন্য উপসর্গ পূর্ব্বে থাকিলে হয় না। যথা—নিস্বনতি অন্নং ( ভুঙ্‌ক্তে )

( ৫৬ ) সহ্ স্থানে সোঢ় হইলে মূর্দ্ধন্য হয় না। যথা, পরিসোঢ়া, নিসোঢ়ুম্, বিসোঢ়ঃ।

হয়; কিন্তু সেব্ ধাতুর নিত্য; সিব্, সহ্, স্তু ও স্বঞ্জ ধাতুর বিকল্পে। যথা, সেব্—পর্য্যষেবত; সিব্—পর্য্যষীব্যৎ, পর্য্যসীব্যৎ; সহ্—ন্যষহত, ন্যসহত; স্তু—ন্যষ্টাবীৎ, ন্যস্তাবীৎ; স্বঞ্জ—ন্যষজত, ন্যস্বজত ণিজন্ত করিলে লুঙ্ বিভক্তিতে সিব্ ও সহ্ ধাতুর দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয় না। যথা, সিব্—পর্য্যসীসিবৎ; সহ্—পর্য্যসীসহৎ।

১৫৪। ই-কারান্ত ও উ-কারান্ত উপসর্গের পরস্থিত সেনি প্রভৃতি (৫৭) ধাতু অভ্যস্ত হইলে উভয় দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা, সেনি—অভিষিষেণয়িষতি; সিধ্—নিষিষেধ, প্রতিষিষেধয়িষতি, অভিষেষিধ্যতে; সিচ্—অভিষিষেচ, অভিষিষেচয়িষতি (৫৮); সঞ্জ—অনুষষঞ্জ, প্রতিষিষঞ্জয়িষতি; স্বঞ্জ্—পরিষিষঞ্জয়িষতি, পরিষাষজ্যতে (৫৯); সদ্—নিষিষাদয়িষতি, বিষাষদ্যতে; সেব্—পরিষিষেবে, অভিষিষেব্যতে।

১৫৫। ই-কারান্ত ও উ-কারান্ত উপসর্গের পরস্থিত অভ্যস্ত স্থা ও স্তম্ভ ধাতুর স, ত-ব্যবধানেও মূর্দ্ধন্য ষ হয়। যথা, স্থা—অনুতষ্ঠৌ, অধিতষ্ঠৌ, অভিতষ্ঠৌ; স্তম্ভ্—অনুতষ্টম্ভ, অধিতষ্টম্ভ, অভিতষ্টম্ভ (৬০)।

১৫৬। পরি-পূর্ব্বক স্কৃ ধাতুর দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা, পরিষ্করোতি, পরিষ্কারঃ। অট্-ব্যবধানে বিকল্পে। যথা, পর্য্যষ্করোৎ, পর্য্যস্করোৎ; পর্য্যষ্কার্ষীৎ, পর্য্যস্কার্ষীৎ।

---

(৫৭) সেনি, সিধ্, সিচ্, সঞ্জ্, স্বঞ্জ্, সদ্, সেব্। "সেনিঃ সিধঃ সিচশ্চৈব সঞ্জঃ স্বঞ্জঃ সদস্তথা। সেব ইত্যেব বিজ্ঞেয়ঃ সেন্যাদিঃ সপ্তকো গণঃ।" বোপদেবের মতে স্বন ধাতুও ইহার অন্তর্গত। যথা—বিষষণতুঃ।

(৫৮) যঙ্ হইলে হয় না। যথা, অভিসেসিচ্যতে।

(৫৯) লিট্ বিভক্তিতে স্বঞ্জ্ ও সদ্ ধাতুর দ্বিতীয় দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয় না। যথা, স্বঞ্জ—পরিষস্বজে, বিষস্বজে; সদ্—নিষসাদ, বিষসাদ।

(৬০) প্রতিস্তব্ধ ও নিস্তব্ধ,—এই দুই এর স মূর্দ্ধন্য হয় না। ণিজন্ত করিলে লুঙ্ বিভক্তিতে স্তম্ভের স মূর্দ্ধন্য হয় না। যথা, পর্য্যতস্তম্ভৎ।

১৫৭। অনু, বি, পরি, অভি এবং নি-পূর্ব্বক স্যন্দ্ ধাতুর দন্ত্য স বিকল্পে মূর্দ্ধন্য ষ হয় ( ক )। যথা, অনুষ্যন্দতে, অনুস্যন্দতে; বিষ্যন্দতে, পরিষ্যন্দতে, পরিস্যন্দতে; অভিষ্যন্দতে, অভিস্যন্দতে; নিষ্যন্দতে, বিস্যন্দতে; নিস্যন্দতে ( ৬১ )।

১৫৮। পরি-পূর্ব্বক স্কন্দ্ ধাতুর স বিকল্পে মূর্দ্ধন্য ষ হয়। যথা, পরিষ্কন্দতি, পরিস্কন্দতি; পরিষ্কণ্ণঃ, পরিস্কন্নঃ।

১৫৯। নিষ্ঠা ভিন্ন কৃৎ-প্রত্যয় পরে থাকিলে বি-পূর্ব্বক স্কন্দ্ ধাতুর স বিকল্পে মূর্দ্ধন্য হয় ( খ )। যথা, বিষ্কন্তা, বিস্কন্তা; বিষ্কন্তুম্, বিস্কন্তুম্। নিষ্ঠা প্রত্যয়ে হয় না। যথা, বিস্কন্নঃ, বিস্কন্নবান্।

১৬০। নির্, নি, বি পূর্ব্বক স্ফুর্ ও স্ফুল্ ধাতুর দন্ত্য স বিকল্পে মূর্দ্ধন্য ষ হয়। যথা, স্ফুর্—নিঃষ্ফুরতি, নিঃস্ফুরতি; বিষ্ফুরতি, বিস্ফুরতি; স্ফুল্—নিঃষ্ফুলতি, নিঃস্ফুলতি; বিষ্ফুলতি, বিস্ফুলতি।

১৬১। বি পূর্ব্বক স্কম্ভ্ ধাতুর দন্ত্য স মূর্দ্ধন্য ষ্ হয়। যথা, বিষ্কভ্নাতি, বিষ্কম্ভিতুম্, বিষ্কম্ভিতব্যম্, বিষ্কম্ভঃ, বিষ্কম্ভকঃ। ( গ )

১৬২। স্বপ্ স্থানে কৃত সুপ্, সু, বি, নির্, দুর্ উপসর্গের পরবর্ত্তী হইলে দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা, সুষুপ্তঃ, সুষুপ্তিঃ, বিষুপ্তঃ, নিঃষুপ্তঃ, দুঃষুপ্তঃ, দুঃষুষুপতুঃ, দুঃষুষুপুঃ।

১৬৩। ই-কারান্ত ও উ-কারান্ত উপসর্গের এবং প্রাদুঃ শব্দের পরবর্ত্তী অস্ ধাতুর দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা, নিষন্তি, প্রতিষন্তি, অধিষন্তি,

( ক ) বোপদেবের মতে নির্ পূর্ব্বক হইলেও হয়।

( ৬১ ) প্রাণী কর্ত্তা হইলে হয় না। যথা, অনুস্যন্দতে মৎস্যঃ।

( খ ) বোপদেবের মতে পরি ও বি পূর্ব্বক স্কন্দ ধাতুর সর্ব্বত্রই বিকল্প। যথা, বিষ্কন্দতি, বিস্কন্দতি। নিষ্ঠা অর্থাৎ ক্ত ও ক্তবতু প্রত্যয়।

( গ ) স্বাদিগণীয় ধাতুর মত রূপ হইলে হয় না। যথা—বিস্কভ্নোতি।

অনুষন্তি, পরিষ্যাৎ, প্রাদুঃষন্তি, প্রাদুঃষ্যাৎ। কিন্তু যদি স-কার, ত থ ম কিংবা ব-কারের সহিত মিলিত থাকে, তাহা হইলে হয় না। ত-যুক্ত—অধিস্তঃ, অনুস্তঃ, প্রাদুঃস্তঃ; থ-যুক্ত—প্রতিস্থঃ, অভিস্থঃ, প্রাদুঃস্থঃ; ম-যুক্ত—অধিস্মঃ, অনুস্মঃ, প্রাদুঃস্মঃ; ব-যুক্ত—অনুস্বঃ, প্রাদুঃস্বঃ।

১৬৪। বস্-ধাতুর স্থানে উস্ হইলে দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। উষিতঃ, উষিতবান্, উষতুঃ, উষুঃ।

১৬৫। ঘস্ ধাতুর ঘ স্থানে ক হইলে দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা, জক্ষতুঃ, জক্ষুঃ।

১৬৬। সহ্-ধাতু-নিষ্পন্ন সাহ্-শব্দ সাট্ ও সাড়্ হইলে দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা, তুরাষাট্, তুরাষাড়্, তুরাষাট্সু, তুরাষাড়্ভ্যাঃ। সাহ্ থাকিলে হয় না। যথা; তুরাসাহৌ, তুরাসাহঃ, তুরাসাহম্।

১৬৭। সমাস হইলে অঙ্গুলি শব্দের পরস্থিত সঙ্গ শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা, অঙ্গুলিষঙ্গঃ।

১৬৮। সু, বি, নির্, দুর্—উপসর্গের পরস্থিত সম শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা, সুষমম্, বিষমম্ নিঃষমম্, দুঃষমম্। (ক)

১৬৯। সংজ্ঞা বুঝাইলে অ আ ভিন্ন স্বরবর্ণের পরস্থিত সেনা শব্দের

(ক) সুতি শব্দেরও হয়। যথা—সুষুতিঃ, বিষুতিঃ, নিষুতিঃ, দুঃষুতিঃ।

১। দেবতা-অর্থ বুঝাইলে দিবি ও দ্যু ইহাদের পরস্থিত সদ্ শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা, দিবিষদঃ, দ্যুষদঃ (দেবাঃ)। "আদিতেয়া দিবিষদো লেখা অদিতিনন্দনাঃ" (অমরকোষে দেবতা-বাচক শব্দ)। "মনঃসুখেন দ্যুষদাং স্তধীয়ত" (শিশুপালবধ)

২। নি, বি, পরি—ইহাদের পরস্থিত সয় ও সিত শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা—নিষয়ঃ, বিষয়ঃ, পরিষয়ঃ, নিষিতঃ, বিষিতঃ, পরিষিতঃ।

৩। সূত্র-অর্থ বুঝাইলে প্রতি শব্দের পরস্থিত স্নাত শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা—প্রতিষ্ণাতং সূত্রম্ (স্বয়ংবিশুদ্ধমিত্যর্থঃ)।

দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা, সুষেণঃ, হরিষেণঃ, মধুষেণঃ। সংজ্ঞা না বুঝাইলে হয় না। যথা, কুরুসেনা, যদুসেনা, কপিসেনা। (ক)

১৭০। ভূমি ও দিবি শব্দের পরবর্ত্তী স্থ-শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা, ভূমিষ্ঠঃ, দিবিষ্ঠঃ।

১৭১। গবি ও যুধি,—এই দুই পদের পরবর্ত্তী স্থির শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা, গবিষ্ঠিরঃ, যুধিষ্ঠিরঃ। (খ)

১৭২। সমাস হইলে মাতৃ ও পিতৃ শব্দের পরবর্ত্তী স্বসৃ শব্দের প্রথম দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা, মাতৃষসা, পিতৃষসা। বিভক্তির লোপ না হইলে বিকল্পে হয়। যথা, মাতুঃষসা, মাতুঃস্বসা; পিতুঃষসা, পিতুঃস্বসা। সমাস না হইলে হয় না। যথা, মাতুঃ স্বসা, পিতুঃ স্বসা। (গ)

---

(ক) সংজ্ঞা বুঝাইলে নক্ষত্র-বাচক শব্দের পরস্থিত সেনা শব্দের দন্ত্য স বিকল্পে মূর্দ্ধন্য ষ হয়। যথা—রোহিণিষেণঃ, রোহিণিসেনঃ; ভরণীষেণঃ, ভরণীসেনঃ।

(খ) অম্ব, আম্ব, গো, সব্য, অপ, দ্বি, ত্রি, কু, শেকু, শঙ্কু, অঙ্গু, মঞ্জি, পুঞ্জি, পরমে, বর্হি ও অগ্নি শব্দের পরস্থিত স্থ শব্দেরও দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা—অম্বষ্ঠঃ, আম্বষ্ঠঃ, গোষ্ঠঃ, সব্যেষ্ঠঃ, অপষ্ঠঃ, দ্বিষ্ঠঃ, ত্রিষ্ঠঃ, কুষ্ঠঃ, শেকুষ্ঠঃ, শঙ্কুষ্ঠঃ, অঙ্গুষ্ঠঃ, মঞ্জিষ্ঠঃ, পুঞ্জিষ্ঠঃ, পরমেষ্ঠী, বর্হিষ্ঠঃ, অগ্নিষ্ঠঃ।

(গ) সমাস হইলে অগ্নি শব্দের পরস্থিত স্তুৎ এবং ভীরু শব্দের পরস্থিত স্থান শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা—অগ্নিষ্টুৎ, ভীরুষ্ঠানম্।

১। সমাসে দেবতা-দ্বন্দ্ব বুঝাইলে দীর্ঘ ঈ-কারান্ত অগ্নী শব্দের পরস্থিত সোম শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা—অগ্নীষোমৌ। কিন্তু অন্য স্থলে হয় না। যথা—অগ্নিশ্চ ইন্দ্ৰশ্চ সোমশ্চ অগ্নীসোমাঃ।

২। সমাস হইলে জ্যোতিস্, আয়ুস্ এবং অগ্নি শব্দের পরস্থিত স্তোম শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা—জ্যোতিষ্টোমঃ, আয়ুষ্টোমঃ, অগ্নিষ্টোমঃ। সমাস না হইলে হয় না। যথা—জ্যোতিঃ স্তোমে তৃণানাম্।

৩। বর্ণ-বিশেষ অর্থ বুঝাইলে 'অভিনিস্' ইহার পরস্থিত স্তান-শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য

ষ হয়। যথা—অভিনিষ্টানঃ (বিসর্গ)। মতান্তরে বিকল্পে—অভিনিস্তানঃ। বর্ণ না বুঝাইলে হয় না। যথা—অভিনিস্তানো মৃদঙ্গঃ।

৪। কৌশল-অর্থ বুঝাইলে নি ও নদী শব্দের পরস্থিত স্না ধাতুর দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা—নিষ্ণঃ, নিষ্ণাতঃ, নদীষ্ণঃ (কুশল)। "আতিথ্যনিষ্ণা বনবাসিমুখ্যাঃ (ভট্টিঃ)। "অবন্ত এব সুতরাং লোকবৃত্তান্তনিষ্ণাতাঃ" (শকুন্তলা)। "ততো নদীষ্ণান্ পথিকান্ গিরিজ্ঞান্" (ভট্টি)। কৌশল-অর্থ না বুঝাইলে হয় না। যথা—নদ্যাং স্নাতি যঃ স নদীস্নঃ।

৫। অগ্রগামী অর্থ বুঝাইলে প্র শব্দের পরস্থিত স্থ শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা—প্রষ্ঠঃ (অগ্রগামী)। "বিররাজ রথপ্রষ্ঠৈঃ" (রঘু ১৫।১০)। অন্য অর্থে প্রস্থঃ।

৬। বৃক্ষ অথবা আসন অর্থ বুঝাইলে বি শব্দের পরস্থিত স্তর শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা—বিষ্টরঃ (বৃক্ষ অথবা আসন)। "বিষ্টরো বিটপী দর্ভমুষ্টিঃ পীঠাদ্যমাসনম্" (অমরকোষ)। অন্যত্র বিস্তর।

৭। বি, কু, পরি, শমি,—ইহাদের পরস্থিত স্থল শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা—বিষ্ঠলম্, কুষ্ঠলম্, পরিষ্ঠলম্, শমিষ্ঠলম্।

৮। তপ ধাতু পরে থাকিলে নিস্ শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা—নিষ্টপতি স্বর্ণং পরীক্ষকঃ (সকৃদগ্নিং স্পর্শয়তীত্যর্থঃ ; অর্থাৎ পরীক্ষক স্বর্ণকে একবার অগ্নি-সংযুক্ত করিতেছে। পৌনঃপুন্য বুঝাইলে হয় না। যথা—নিস্তপতি স্বর্ণং স্বর্ণকারঃ (পুনঃপুনরগ্নিং স্পর্শয়তীত্যর্থঃ ; অর্থাৎ স্বর্ণকার স্বর্ণকে পুনঃ পুনঃ অগ্নি-সংযুক্ত করিতেছে)

৯। নির্, সু, দুর্—ইহাদের পরস্থিত সামন্, সেধ ও সন্ধি শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা—নিঃষামা, সুষামা, দুঃষামা, নিঃষেধঃ, সুষেধঃ, দুঃষেধঃ, নিঃষন্ধিঃ, সুষন্ধিঃ, দুঃষন্ধিঃ।

১০। 'বহু' এই তদ্ধিত প্রত্যয়ের পরস্থিত দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয় না। যথা—বহুসেতুঃ।

১১। 'সুস্থাদি' শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয় না। যথা—সুস্থঃ, দুস্থঃ।

সুস্থাদি শব্দ যথা :—

"সুস্থ পরিস্থিতির্দুস্থো দুস্থিতশ্চ পরিস্থিতঃ। নিস্তব্ধশ্চ প্রতিস্তব্ধঃ কুসরা-কুসরৌ তথা॥ ধূসরো হরিসেতুশ্চ ধূসরা গিরিসেতুশ্চ। কপিসেতুঃ পরিস্কন্দোঽভিসুসুশ্চ প্রয়োগতঃ॥"

অভিসুসূ = অভি + সু + সন্ + ক্বিপ্।

সংক্ষিপ্তসারের টীকাকার গোয়ীচন্দ্রের মতে নি + স্তব্ধ = নিস্তব্ধঃ, কিন্তু নির্ + স্তব্ধ = নিষ্টব্ধঃ।

স্বাভাবিক মূর্দ্ধন্য ষ :—

ঝষো মুষ্কঃ গ্রীষ্মপ্রঘনিকষগণ্ডূষচষকাঃ, তুরাষাড়াষাঢ়ৌ বিষবিষদপীযূষভিষজঃ।
কষায়ঃ কুষ্মাণ্ডো মহিষবৃষলব্যোষদৃষদঃ, প্রদোষঃ দ্বেষোষ্মপ্রুষবৃষনিষঙ্গেষু পরুষাঃ॥ (১)

প্রত্যূষযূষকষকোষবিষাদদোষাঃ, পাষণ্ডষণ্ডভষভীষ্মকুরঙ্কনিষ্কাঃ।
উন্মেষমেষতুষতোষরুষাভিলাষাঃ, কল্মাষমাষবুষবেষতুষাররোষাঃ॥ (২)

## প্রশ্ন (ষত্ব-বিধান)

১। সংশোধন কর :—হরিসু, বাণীসু, গুরুসু, তনুসু, লতাসু, মাতৃসু, আত্মসু, দেবেসু, অজৈসীৎ, গোসু, অশ্রৌসীৎ, দিক্‌সু, গীর্‌সু, হবীংসি, আয়ুংসি, আশীঃসু, ধনুঃসু, পুংসু, সিসেবে, সিষিক্ষতি, অভিস্তৌতি, নিসিঞ্চতি, নিসেধতি, গৃহং প্রতিষেধতি, নিসীদতি, প্রতিষীদতি, বিসহতে, বিষোঢ়ুম্, নিতস্থৌ, উসতুঃ, তুরাষাহৌ, তুরাসাট্। ২। নিম্ন-লিখিত পদ গুলিতে দন্ত্য স মূর্দ্ধন্য ষ হইল না কেন? সিষেবিষতে, সেসিচ্যতে, অগ্নিস্মাৎ, প্রতিসীদতি, বিসোঢ়া, বিষসাদ, অমুস্যন্দতে মৎস্যঃ, তুরাসাহম্, অধিস্তঃ, কুরুসেনা। ৩। নিম্ন-লিখিত পদ গুলিতে দন্ত্য স এর মূর্দ্ধন্য ষ হইবার কারণ কি? অধিষ্যতি নিষজতি, ব্যষীদৎ, পর্য্যষজত, নিষিষেধ, অমুতষ্ঠৌ, পর্য্যষ্করোৎ, পরিষ্যন্দতে, নিষ্ফুরতি, প্রাদুঃষন্তি, মাতুঃষসা ৪। তৃতীয় প্রশ্নে যে যে পদে বিকল্পে ষত্ব হয়, তাহাদের উল্লেখ কর। ৫। কিরূপ স্থলে স্বপ ধাতুর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ হয়? ৬। অভ্যস্ত ধাতুর ষত্ব হওয়ার নিয়ম কি? ৭। অট্-ব্যবধানে কোথায় নিত্য ষত্ব হয় এবং কোথাই বা বিকল্পে হয়? ৮। সনন্ত ধাতুর ষত্ব হওয়ার নিয়ম কি? ৯। "সুধানিষ্যন্দিনী বালিকা" এবং "সুধানিস্যন্দিনী ভাষা"—এই দুই স্থলে ব্যাকরণ-দোষ হইয়াছে কি না বল।

## সুবন্ত।

১৭৩। প্রাতিপদিকের উত্তর সাত বিভক্তি হয়,—প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী। এক এক বিভক্তির তিন তিন বচন (Number); একবচন (Singular), দ্বিবচন (Dual), বহুবচন (Plural)। একবচনে এক সংখ্যার, দ্বিবচনে দুই সংখ্যার, এবং বহুবচনে তিন অবধি পরার্দ্ধ পর্য্যন্ত সকল সংখ্যারই বোধ হয়।

## বিভক্তির আকৃতি।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | : | ঔ | অঃ |
| দ্বিতীয়া | অম্ | ঔ | অঃ |
| তৃতীয়া | আ | ভ্যাম্ | ভিঃ |
| চতুর্থী | এ | ভ্যাম্ | ভ্যঃ |
| পঞ্চমী | অঃ | ভ্যাম্ | ভ্যঃ |
| ষষ্ঠী | অঃ | ওঃ | আম্ |
| সপ্তমী | ই | ওঃ | সু |

এই সাত বিভক্তির নাম সুপ্। প্রাতিপদিকে সুপ্ যোগ করিলে পদ নিষ্পন্ন হয়। সুপ্ অন্তে যুক্ত হইয়া পদ হয়, এই হেতু এই পদকে সুবন্ত পদ বলে। ( ৬৩ )

১৭৪। বিভক্তির যোগ হইলে প্রাতিপদিকের কোন কোন অংশের রূপান্তর হয়, এবং কোন কোন বিভক্তি রূপান্তর প্রাপ্ত অথবা লুপ্ত হয়।

---

( ৬৩ ) বৈয়াকরণেরা এই একবিংশতি বিভক্তির আকার নিম্ন-লিখিত প্রকারে লিখিয়া থাকেন :—

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সু | ঔ | জস্ |
| দ্বিতীয়া | অম্ | ঔট্ | শস্ |
| তৃতীয়া | টা | ভ্যাম্ | ভিস্ |
| চতুর্থী | ঙে | ভ্যাম্ | ভ্যস্ |
| পঞ্চমী | ঙসি | ভ্যাম্ | ভ্যস্ |
| ষষ্ঠী | ঙস্ | ওস্ | আম্ |
| সপ্তমী | ঙি | ওস্ | সুপ্ |

তাঁহারা প্রথমতঃ এইরূপ নির্দেশ করিয়া, কার্য্যকালে সুর উ-কার, জসের জ, ঔট্ ও টার ট্, শসের শ, ঙে, ঙস্, ঙি এই তিনের ঙ্, ঙসির ঙ্ ও ই-কার এবং সুপের প্ পরিত্যাগ করেন, এবং সু জস্ ভিস্ ভ্যস্ ঙসি ঙস্ ওস্-ইহাদের স স্থানে বিসর্গ করেন। উ জ ট ঙ শ ই প এই সকল পরিত্যাগ করিলে এবং সু প্রভৃতির স্ স্থানে বিসর্গ করিলে বিভক্তির যে রূপ থাকে, তাহাই মূলে পরিগৃহীত হইল। আদ্য অক্ষর সু ও অন্ত্য অক্ষর প্ লইয়া বৈয়াকরণেরা বিভক্তির নাম সুপ্ নির্দ্দেশ করিয়াছেন।

## নর ( Man )

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| প্রথমা | নর-ঃ | নরঃ | নর-ঔ | নরৌ | নর-অঃ | নরাঃ |
| দ্বিতীয়া | নর-অম্ | নরম্ | নর-ঔ | নরৌ | নর-অঃ | নরান্ |
| তৃতীয়া | নর-আ | নরেণ | নর-ভ্যাম্ | নরাভ্যাম্ | নর-ভিঃ | নরৈঃ |
| চতুর্থী | নর-এ | নরায় | নর-ভ্যাম্ | নরাভ্যাম্ | নর-ভ্যঃ | নরেভ্যঃ |
| পঞ্চমী | নর-অঃ | নরাৎ | নর-ভ্যাম্ | নরাভ্যাম্ | নর-ভ্যঃ | নরেভ্যঃ |
| ষষ্ঠী | নর-অঃ | নরস্য | নর-ওঃ | নরয়োঃ | নর-আম্ | নরাণাম্ |
| সপ্তমী | নর-ই | নরে | নর-ওঃ | নরয়োঃ | নর-সু | নরেষু |

## মুনি ( Sage )

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| প্রথমা | মুনি-ঃ | মুনিঃ | মুনি-ঔ | মুনী | মুনি-অঃ | মুনয়ঃ |
| দ্বিতীয়া | মুনি-অম্ | মুনিম্ | মুনি-ঔ | মুনী | মুনি-অঃ | মুনীন্ |
| তৃতীয়া | মুনি-আ | মুনিনা | মুনি-ভ্যাম্ | মুনিভ্যাম্ | মুনি-ভিঃ | মুনিভিঃ |
| চতুর্থী | মুনি-এ | মুনয়ে | মুনি-ভ্যাম্ | মুনিভ্যাম্ | মুনি-ভ্যঃ | মুনিভ্যঃ |
| পঞ্চমী | মুনি-অঃ | মুনেঃ | মুনি-ভ্যাম্ | মুনিভ্যাম্ | মুনি-ভ্যঃ | মুনিভ্যঃ |
| ষষ্ঠী | মুনি-অঃ | মুনেঃ | মুনি-ওঃ | মুন্যোঃ | মুনি-আম্ | মুনীনাম্ |
| সপ্তমী | মুনি ই | মুনৌ | মুনি-ওঃ | মুন্যোঃ | মুনি-সু | মুনিষু |

## সুহৃদ্ ( Friend )

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| প্রথমা | সুহৃদ্-ঃ | সুহৃৎ | সুহৃদ্-ঔ | সুহৃদৌ | সুহৃদ্-অঃ | সুহৃদঃ |
| দ্বিতীয়া | সুহৃদ্-অম্ | সুহৃদম্ | সুহৃদ্-ঔ | সুহৃদৌ | সুহৃদ্-অঃ | সুহৃদঃ |
| তৃতীয়া | সুহৃদ্-আ | সুহৃদা | সুহৃদ্-ভ্যাম্ | সুহৃদ্ভ্যাম্ | সুহৃদ্-ভিঃ | সুহৃদ্ভিঃ |
| চতুর্থী | সুহৃদ্-এ | সুহৃদে | সুহৃদ্-ভ্যাম্ | সুহৃদ্ভ্যাম্ | সুহৃদ্-ভ্যঃ | সুহৃদ্ভ্যঃ |
| পঞ্চমী | সুহৃদ্-অঃ | সুহৃদঃ | সুহৃদ্-ভ্যাম্ | সুহৃদ্ভ্যাম্ | সুহৃদ্-ভ্যঃ | সুহৃদ্ভ্যঃ |
| ষষ্ঠী | সুহৃদ্-অঃ | সুহৃদঃ | সুহৃদ্-ওঃ | সুহৃদোঃ | সুহৃদ্-আম্ | সুহৃদাম্ |
| সপ্তমী | সুহৃদ্-ই | সুহৃদি | সুহৃদ্-ওঃ | সুহৃদোঃ | সুহৃদ্-সু | সুহৃৎসু |

## বিদ্বস্ ( Learned )

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| প্রথমা | বিদ্বস্-ঃ | বিদ্বান্ | বিদ্বস্-ঔ | বিদ্বাংসৌ | বিদ্বস্-অঃ | বিদ্বাংসঃ |
| দ্বিতীয়া | বিদ্বস্-অম্ | বিদ্বাংসম্ | বিদ্বস্-ঔ | বিদ্বাংসৌ | বিদ্বস্-অঃ | বিদুষঃ |
| তৃতীয়া | বিদ্বস্-আ | বিদুষা | বিদ্বস্-ভ্যাম্ | বিদ্বদ্ভ্যাম | বিদ্বস্-ভিঃ | বিদ্বদ্ভিঃ |
| চতুর্থী | বিদ্বস্-এ | বিদুষে | বিদ্বস্-ভ্যাম্ | বিদ্বদ্ভ্যাম্ | বিদ্বস্-ভ্যঃ | বিদ্বদ্ভ্যঃ |
| পঞ্চমী | বিদ্বস্-অঃ | বিদুষঃ | বিদ্বস্-ভ্যাম্ | বিদ্বদ্ভ্যাম্ | বিদ্বস্-ভ্যঃ | বিদ্বদ্ভ্যঃ |
| ষষ্ঠী | বিদ্বস্-অঃ | বিদুষঃ | বিদ্বস্-ওঃ | বিদুষোঃ | বিদ্বস্-আম্ | বিদুষাম্ |
| সপ্তমী | বিদ্বস্-ই | বিদুষি | বিদ্বস্-ওঃ | বিদুষোঃ | বিদ্বস্-সু | বিদ্বৎসু |

কোন্ শব্দে কোন্ বিভক্তি যোগ করিলে কিরূপ পদ হয়, তাহা যথাক্রমে প্রদর্শিত হইতেছে। সম্বোধনে প্রথমা বিভক্তি হয়, সুতরাং সম্বোধন শব্দের রূপ প্রথমার মত। কিন্তু কোন কোন শব্দের সম্বোধনের একবচনে বিভিন্ন রূপ হইয়া থাকে; এই হেতু সম্বোধনের একবচন, দ্বিবচন ও বহুবচনের রূপ পৃথক্ লিখিত হইবে।

---

## শব্দরূপ ( Declension of words )

## স্বরান্ত পুংলিঙ্গ শব্দ

## ( Masculine bases ending in Vowels )

### অ-কারান্ত—নর ( Man )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | নরঃ | নরৌ | নরাঃ |
| দ্বিতীয়া | নরম্ | নরৌ | নরান্ |
| তৃতীয়া | নরেণ | নরাভ্যাম্ | নরৈঃ |
| চতুর্থী | নরায় | নরাভ্যাম | নরেভ্যঃ |
| পঞ্চমী | নরাৎ | নরাভ্যাম্ | নরেভ্যঃ |
| ষষ্ঠী | নরস্য | নরয়োঃ | নরাণাম্ |
| সপ্তমী | নরে | নরয়োঃ | নরেষু |
| সম্বোধন | নর | নরৌ | নরাঃ |

### পাদ ( Leg )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | পাদঃ | পাদৌ | পাদাঃ |
| দ্বিতীয়া | পাদম্ | পাদৌ | পদঃ, পাদান্ |
| তৃতীয়া | পদা, পাদেন | পদ্ভ্যাম্, পাদাভ্যাম্ | পদ্ভিঃ, পাদৈঃ |
| চতুর্থী | পদে, পাদায় | পদ্ভ্যাম্, পাদাভ্যাম্ | পদ্ভ্যঃ, পাদেভ্যঃ |
| পঞ্চমী | পদঃ, পাদাৎ | পদ্ভ্যাম্, পাদাভ্যাম্ | পদ্ভ্যঃ, পাদেভ্যঃ |
| ষষ্ঠী | পদঃ, পাদস্য | পদোঃ, পাদয়োঃ | পদাম্, পাদানাম্ |
| সপ্তমী | পদি, পাদে | পদোঃ, পাদয়োঃ | পৎসু, পাদেষু |
| সম্বোধন | পাদ | পাদৌ | পাদাঃ |

অল্প প্রভৃতি এবং দ্বিতীয় ও তৃতীয় ভিন্ন প্রায় সমস্ত অ-কারান্ত পুংলিঙ্গ শব্দ ( ৬৪ ) নর-শব্দের তুল্য। অল্প প্রভৃতি শব্দের ( ৬৫ ) কেবল প্রথমার বহুবচনে কিছু প্রভেদ আছে। যথা, অল্পে, অল্পাঃ। দ্বিতীয় ও তৃতীয় শব্দের কেবল চতুর্থী, পঞ্চমী ও সপ্তমীর একবচনে কিছু প্রভেদ আছে। যথা,—

| | চতুর্থী | পঞ্চমী | সপ্তমী |
|---|---|---|---|
| দ্বিতীয় | দ্বিতীয়স্মৈ | দ্বিতীয়স্মাৎ | দ্বিতীয়স্মিন্ |
| | দ্বিতীয়ায় | দ্বিতীয়াৎ | দ্বিতীয়ে |
| তৃতীয় | তৃতীয়স্মৈ | তৃতীয়স্মাৎ | তৃতীয়স্মিন্ |
| | তৃতীয়ায় | তৃতীয়াৎ | তৃতীয়ে |

পাদ, দন্ত, যূষ, মাস ও নির্জ্জর শব্দে প্রভেদ আছে। ( ক )

## দন্ত ( Tooth )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | দন্তঃ | দন্তৌ | দন্তাঃ |
| দ্বিতীয়া | দন্তম্ | দন্তৌ | দতঃ, দন্তান্ |
| তৃতীয়া | দতা, দন্তেন | দদ্ভ্যাম্, দন্তাভ্যাম্ | দদ্ভিঃ, দন্তৈঃ |
| চতুর্থী | দতে, দন্তায় | দদ্ভ্যাম্, দন্তাভ্যাম্ | দদ্ভ্যঃ, দন্তেভ্যঃ |
| পঞ্চমী | দতঃ, দন্তাৎ | দদ্ভ্যাম্, দন্তাভ্যাম্ | দদ্ভ্যঃ, দন্তেভ্যঃ |
| ষষ্ঠী | দতঃ, দন্তস্য | দতোঃ, দন্তয়োঃ | দতাম্, দন্তানাম্ |
| সপ্তমী | দতি, দন্তে | দতোঃ, দন্তয়োঃ | দৎসু, দন্তেষু |
| সম্বোধন | দন্ত | দন্তৌ | দন্তাঃ |

( ৬৪ ) কর, মৃগ, কৃশ, বৃষ, দৃষ, রোষ, ক্রম. গ্রহ, অর্থ, অশ্ব, গজ, শৈল, সাগর, পরাগ ইত্যাদি।

( ৬৫ ) অল্প, প্রথম, চরম, অর্দ্ধ, কতিপয়, দ্বয়, ত্রয়, দ্বিতয়, ত্রিতয়, চতুষ্টয় ইত্যাদি।

( ক ) বি, সায় এবং সংখ্যা-বাচক শব্দের পরস্থিত অহ্ন-শব্দের সপ্তমীর একবচনে

## যূষ ( Soup, Broth )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | যূষঃ | যূষৌ | যূষাঃ |
| দ্বিতীয়া | যূষম্ | যূষৌ | যূষ্ণঃ, যূষান্ |
| তৃতীয়া | যূষ্ণা, যূষেণ | যূষভ্যাম্, যূষাভ্যাম্ | যূষভিঃ, যূষৈঃ |
| চতুর্থী | যূষ্ণে, যূষায় | যূষভ্যাম্, যূষাভ্যাম্ | যূষভ্যঃ, যূষেভ্যঃ |
| পঞ্চমী | যূষ্ণঃ, যূষাৎ | যূষভ্যাম্, যূষাভ্যাম্ | যূষভ্যঃ, যূষেভ্যঃ |
| ষষ্ঠী | যূষ্ণঃ, যূষস্য | যূষ্ণোঃ, যূষয়োঃ | যূষ্ণাম্, যূষাণাম্ |
| সপ্তমী | যূষ্ণি, যূষণি, যূষে | যূষ্ণোঃ, যূষয়োঃ | যূষসু, যূষেষু |
| সম্বোধন | যূষ | যূষৌ | যূষাঃ |

## মাস ( Month )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | মাসঃ | মাসৌ | মাসাঃ |
| দ্বিতীয়া | মাসম্ | মাসৌ | মাসঃ, মাসান্ |
| তৃতীয়া | মাসা, মাসেন | মাভ্যাম, মাসাভ্যাম্ | মাভিঃ, মাসৈঃ |
| চতুর্থী | মাসে, মাসায় | মাভ্যাম্, মাসাভ্যাম্ | মাভ্যঃ, মাসেভ্যঃ |
| পঞ্চমী | মাসঃ, মাসাৎ | মাভ্যাম্, মাসাভ্যাম্ | মাভ্যঃ, মাসেভ্যঃ |
| ষষ্ঠী | মাসঃ, মাসস্য | মাসোঃ, মাসয়োঃ | মাসাম্, মাসানাম্ |
| সপ্তমী | মাসি, মাসে | মাসোঃ, মাসয়োঃ | মাঃসু, মাসেষু |
| সম্বোধন | মাস | মাসৌ | মাসাঃ |

## নির্জ্জর ( God )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | নির্জরঃ | নির্জরৌ, নির্জরসৌ | নির্জরাঃ, নির্জরসঃ |

---

৩টা পদ হয়। যথা, ব্যহ্ন-শব্দ—ব্যহ্নি, ব্যহনি, ব্যহ্নে। সায়াহ্ন-শব্দ—সায়াহ্নি, সায়াহনি, সায়াহ্নে। দ্ব্যহ্ন-শব্দ—দ্ব্যহ্নি, দ্ব্যহনি, দ্ব্যহ্নে।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| দ্বিতীয়া | নির্জরসম্, নির্জরম্ | নির্জরৌ, নির্জরসৌ | নির্জরান্, নির্জরসঃ |
| তৃতীয়া | নির্জরসা, নির্জরেণ | নির্জরাভ্যাম্ | নির্জরৈঃ, নির্জরসৈঃ |
| চতুর্থী | নির্জরসে, নির্জরায় | নির্জরাভ্যাম্ | নির্জরেভ্যঃ |
| পঞ্চমী | নির্জরসঃ, নির্জরাৎ | নির্জরাভ্যাম্ | নির্জরেভ্যঃ |
| ষষ্ঠী | নির্জরসঃ, নির্জরস্য | নির্জরয়োঃ, নির্জরসোঃ | নির্জরাণাম্, নির্জরসাম্ |
| সপ্তমী | নির্জরসি, নির্জরে | নির্জরয়োঃ, নির্জরসোঃ | নির্জরেষু |
| সম্বোধন | নির্জর | নির্জরৌ, নির্জরসৌ | নির্জরাঃ, নির্জরসঃ |

তৃতীয়া ও পঞ্চমীর একবচনে নির্জরসা ও নির্জরসঃ এই দুই পদের পরিবর্ত্তে মতান্তরে যথাক্রমে নির্জরসিন ও নির্জরসাৎ এই দুই পদ হয়।

## আ-কারান্ত—হাহা ( Name of a Gandharva )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | হাহাঃ | হাহৌ | হাহাঃ |
| দ্বিতীয়া | হাহাম্ | হাহৌ | হাহাঃ |
| তৃতীয়া | হাহা | হাহাভ্যাম্ | হাহাভিঃ |
| চতুর্থী | হাহৈ | হাহাভ্যাম্ | হাহাভ্যঃ |
| পঞ্চমী | হাহাঃ | হাহাভ্যাম্ | হাহাভ্যঃ |
| ষষ্ঠী | হাহাঃ | হাহৌঃ | হাহাম্ |
| সপ্তমী | হাহে | হাহৌঃ | হাহাসু |
| সম্বোধন | হাহাঃ | হাহৌ | হাহাঃ |

ধাতু-নিষ্পন্ন শব্দ ভিন্ন যাবতীয় পুংলিঙ্গ আ-কারান্ত শব্দের এই রূপ। (ক)

(ক) গন্ধর্ব্ব-বাচক অব্যুৎপন্ন হাহা শব্দের এইরূপ। কিন্তু হা-শব্দং জহাতি যঃ সঃ,

## ধাতু-নিষ্পন্ন আ-কারান্ত—বিশ্বপা ( Sun, Moon, Fire )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | বিশ্বপাঃ | বিশ্বপৌ | বিশ্বপাঃ |
| দ্বিতীয়া | বিশ্বপাম্ | বিশ্বপৌ | বিশ্বপঃ |
| তৃতীয়া | বিশ্বপা | বিশ্বপাভ্যাম্ | বিশ্বপাভিঃ |
| চতুর্থী | বিশ্বপে | বিশ্বপাভ্যাম্ | বিশ্বপাভ্যঃ |
| পঞ্চমী | বিশ্বপঃ | বিশ্বপাভ্যাম্ | বিশ্বপাভ্যঃ |
| ষষ্ঠী | বিশ্বপঃ | বিশ্বপোঃ | বিশ্বপাম্ |
| সপ্তমী | বিশ্বপি | বিশ্বপোঃ | বিশ্বপাসু |
| সম্বোধন | বিশ্বপাঃ | বিশ্বপৌ | বিশ্বপাঃ |

ধাতু-নিষ্পন্ন যাবতীয় আ-কারান্ত শব্দের এই রূপ। ( ক )

## ই-কারান্ত—মুনি (Sage)

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | মুনিঃ | মুনী | মুনয়ঃ |
| দ্বিতীয়া | মুনিম্ | মুনী | মুনীন্ |
| তৃতীয়া | মুনিনা | মুনিভ্যাম্ | মুনিভিঃ |
| চতুর্থী | মুনয়ে | মুনিভ্যাম্ | মুনিভ্যঃ |
| পঞ্চমী | মুনেঃ | মুনিভ্যাম্ | মুনিভ্যঃ |

এই বাক্যে হা-ধাতু ক্বিবন্ত করিয়া যে হাহা-শব্দ নিষ্পন্ন হয়, তাহার রূপ বিশ্বপা-শব্দের মত। শ্রীরামতর্কবাগীশের মতে ব্রাহ্মণ-বাচক আ-শব্দেরও রূপ হাহা-শব্দের মত। যথা—আঃ পশ্য, ঐ দেহি। কিন্তু কাতন্ত্র-মতে বিশ্বপা-শব্দের মত। যথা—অঃ পশ্য, এ দেহি।

( ক ) বিশ্বং পাতি যঃ স বিশ্বপাঃ ( বিশ্ব + পা + ক্বিপ্ )। এইরূপ সোমং পিবতীতি সোমপাঃ; তাতং তায়তে ইতি তাততাঃ; শঙ্খং ধমতীতি শঙ্খধ্মাঃ,—ইত্যাদি শব্দগুলি বিশ্বপা-শব্দের মত।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| ষষ্ঠী | মুনেঃ | মুন্যোঃ | মুনীনাম্ |
| সপ্তমী | মুনৌ | মুন্যোঃ | মুনিষু |
| সম্বোধন | মুনে | মুনী | মুনয়ঃ |

পতি, সখি ও কতি ভিন্ন যাবতীয় পুংলিঙ্গ হ্রস্ব ই-কারান্ত (৬৬) শব্দের এই রূপ।

## পতি ( Husband ) ( ৬৭ )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | পতিঃ | পতী | পতয়ঃ |
| দ্বিতীয়া | পতিম্ | পতী | পতীন্ |
| তৃতীয়া | পত্যা | পতিভ্যাম্ | পতিভিঃ |
| চতুর্থী | পত্যে | পতিভ্যাম্ | পতিভ্যঃ |
| পঞ্চমী | পত্যুঃ | পতিভ্যাম্ | পতিভ্যঃ |
| ষষ্ঠী | পত্যুঃ | পত্যোঃ | পতীনাম্ |
| সপ্তমী | পত্যৌ | পত্যোঃ | পতিষু |
| সম্বোধন | পতে | পতী | পতয়ঃ |

## সখি (Male Friend) ( ক )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | সখা | সখায়ৌ | সখায়ঃ |
| দ্বিতীয়া | সখায়ম্ | সখায়ৌ | সখীন্ |
| তৃতীয়া | সখ্যা | সখিভ্যাম্ | সখিভিঃ |

---

(৬৬) নিধি, বিধি, গিরি, অগ্নি, অরি, কবি, কপি, ঋষি, রবি ইত্যাদি।

(৬৭) অন্য শব্দের সহিত সমাস হইলে পতি-শব্দের রূপ মুনি-শব্দের তুল্য। যথা, নৃপতি, ভূপতি, মহীপতি, নরপতি ইত্যাদি।

(ক) ভাষ্যমতে গৌণত্ব বুঝাইলেও এইরূপ। অতিসখা, অতিসখায়ৌ ইত্যাদি।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| চতুর্থী | সখ্যে | সখিভ্যাম্ | সখিভ্যঃ |
| পঞ্চমী | সখ্যুঃ | সখিভ্যাম্ | সখিভ্যঃ |
| ষষ্ঠী | সখ্যুঃ | সখ্যোঃ | সখীনাম্ |
| সপ্তমী | সখ্যৌ | সখ্যোঃ | সখিষু |
| সম্বোধন | সখে | সখায়ৌ | সখায়ঃ |

## কতি ( How Many ) ( নিত্য বহুবচনান্ত )

| | |
|---|---|
| প্রথমা | কতি |
| দ্বিতীয়া | কতি |
| তৃতীয়া | কতিভিঃ |
| চতুর্থী | কতিভ্যঃ |
| পঞ্চমী | কতিভ্যঃ |
| ষষ্ঠী | কতীনাম্ |
| সপ্তমী | কতিষু |

যতি ও ততি শব্দও এইরূপ। ইহাদের রূপ তিন লিঙ্গেই সমান।

## ঈ-কারান্ত—সুধী ( A learned Man )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | সুধীঃ | সুধিয়ৌ | সুধিয়ঃ |
| দ্বিতীয়া | সুধিয়ম্ | সুধিয়ৌ | সুধিয়ঃ |
| তৃতীয়া | সুধিয়া | সুধীভ্যাম্ | সুধীভিঃ |

---

কিন্তু ন্যাস-মতে অতিসখিঃ, অতিসখী ইত্যাদি মুনি-শব্দের মত। স্ত্রীলিঙ্গ হইলে সখি-শব্দ দীর্ঘ ঈ-কারান্ত হইয়া যায়। তখন নদী-শব্দের মত ইহার রূপ হয়। সখি-শব্দের ক্লীবলিঙ্গে প্রয়োগ হয় না, ইহাই দুর্গাদাসের মত। "সখা মিত্রে সহায়ে না বয়স্যায়াং সখী মতা" —মেদিনী

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| চতুর্থী | সুধিয়ে | সুধীভ্যাম্ | সুধীভ্যঃ |
| পঞ্চমী | সুধিয়ঃ | সুধীভ্যাম্ | সুধীভ্যঃ |
| ষষ্ঠী | সুধিয়ঃ | সুধিয়োঃ | সুধিয়াম্ |
| সপ্তমী | সুধিয়ি | সুধিয়োঃ | সুধীষু |
| সম্বোধন | সুধীঃ | সুধিয়ৌ | সুধিয়ঃ |

সেনানী, অগ্রণী, গ্রামণী প্রভৃতি কতকগুলি শব্দ ভিন্ন প্রায় সমস্ত দীর্ঘ ঈ-কারান্ত শব্দের ( ৬৮ ) এই রূপ। নী-শব্দও সুধী-শব্দের মত, কেবল সপ্তমীর একবচনে নিয়াম্ এই পদ হয়।

## সেনানী ( Commander )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | সেনানীঃ | সেনান্যৌ | সেনান্যঃ |
| দ্বিতীয়া | সেনান্যম্ | সেনান্যৌ | সেনান্যঃ |
| তৃতীয়া | সেনান্যা | সেনানীভ্যাম্ | সেনানীভিঃ |
| চতুর্থী | সেনান্যে | সেনানীভ্যাম্ | সেনানীভ্যঃ |
| পঞ্চমী | সেনান্যঃ | সেনানীভ্যাম্ | সেনানীভ্যঃ |
| ষষ্ঠী | সেনান্যঃ | সেনান্যোঃ | সেনান্যাম্ |
| সপ্তমী | সেনান্যাম্ | সেনান্যোঃ | সেনানীষু |
| সম্বোধন | সেনানীঃ | সেনান্যৌ | সেনান্যঃ |

অগ্রণী প্রভৃতিরও এই রূপ। প্রধী প্রভৃতি কতকগুলি শব্দ আছে, তাহারা সেনানী-শব্দের তুল্য; কেবল সপ্তমীর একবচনে প্রধ্যি এইরূপ পদ হয়, এই মাত্র প্রভেদ। আর বাতপ্রমী প্রভৃতি কতকগুলি শব্দ আছে, তাহাদের রূপ সেনানী-শব্দের তুল্য; কেবল দ্বিতীয়ার একবচনে বাত-

( ৬৮ ) সুশ্রী, শুদ্ধধী, হতধী, দুর্ধী, যবক্রী, অপক্রী ইত্যাদি।

প্রমীম্, দ্বিতীয়ার বহুবচনে বাতপ্রমীন্ এবং সপ্তমীর একবচনে বাতপ্রমী এইরূপ পদ হয়, এই মাত্র প্রভেদ। ( ক )

## উ-কারান্ত—ভানু ( Sun )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ভানুঃ | ভানূ | ভানবঃ |
| দ্বিতীয়া | ভানুম্ | ভানূ | ভানূন্ |
| তৃতীয়া | ভানুনা | ভানুভ্যাম্ | ভানুভিঃ |
| চতুর্থী | ভানবে | ভানুভ্যাম্ | ভানুভ্যঃ |
| পঞ্চমী | ভানোঃ | ভানুভ্যাম্ | ভানুভ্যঃ |
| | ভানোঃ | ভান্বোঃ | ভানূনাম্ |
| সপ্তমী | ভানৌ | ভান্বোঃ | ভানুষু |
| সম্বোধন | ভানো | ভানূ | ভানবঃ |

প্রায় সমস্ত হ্রস্ব উ-কারান্ত পুংলিঙ্গ শব্দের (৬৯) এই রূপ। ক্রোষ্টু-শব্দে প্রভেদ আছে।

## ক্রোষ্টু ( Jackal )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | ক্রোষ্টা | ক্রোষ্টারৌ | ক্রোষ্টারঃ |

( ক ) অতিলক্ষ্মী, অতিতন্ত্রী, বহুপ্রেয়সী প্রভৃতি শব্দগুলি পুংলিঙ্গের বিশেষণ হইলে ইহাদের রূপ বাতপ্রমী-শব্দের মত,—ইহাই বোপদেবের মত। কিন্তু ভাষ্যকার ও ক্রমদীশ্বরের মতে পুংলিঙ্গের বিশেষণ হইলেও স্ত্রীলিঙ্গের মত ইহাদের রূপ হইবে ; অর্থাৎ কেবল লক্ষ্মী শব্দের যেমন রূপ, অতিলক্ষ্মী ও অতিতন্ত্রী শব্দেরও তাহাই হইবে। বহুপ্রেয়সী-শব্দের রূপ নদী-শব্দের মত। মতান্তরে বাতপ্রমী-শব্দেরও স্ত্রীলিঙ্গে নদী-শব্দের মত রূপ হইবে।

( ৬৯ ) প্রভু, বিভু, রিপু, ঋতু, ঋজু, শিশু, পশু, বিধু, ভানু, বায়ু, লঘু, গুরু ইত্যাদি।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| দ্বিতীয়া | ক্রোষ্টারম্ | ক্রোষ্টারৌ | ক্রোষ্টূন্ |
| তৃতীয়া | ক্রোষ্ট্রা, ক্রোষ্টুনা | ক্রোষ্টুভ্যাম্ | ক্রোষ্টুভিঃ |
| চতুর্থী | ক্রোষ্ট্রে, ক্রোষ্টবে | ক্রোষ্টুভ্যাম্ | ক্রোষ্টুভ্যঃ |
| পঞ্চমী | ক্রোষ্টুঃ, ক্রোষ্টোঃ | ক্রোষ্টুভ্যাম্ | ক্রোষ্টুভ্যঃ |
| ষষ্ঠী | ক্রোষ্টুঃ, ক্রোষ্টোঃ | ক্রোষ্ট্রোঃ, ক্রোষ্ট্বোঃ | ক্রোষ্টূনাম্ |
| সপ্তমী | ক্রোষ্টরি, ক্রোষ্টৌ | ক্রোষ্ট্রোঃ, ক্রোষ্ট্বোঃ | ক্রোষ্টুষু |
| সম্বোধন | ক্রোষ্টো | ক্রোষ্টারৌ | ক্রোষ্টারঃ |

চন্দ্র, দুর্গসিংহ ও বোপদেবের মতে দ্বিতীয়ার বহুবচনে ক্রোষ্টৄন্ এইরূপ পদও হয়; কিন্তু পাণিনি ও ক্রমদীশ্বরের মতে ক্রোষ্টূন্ এই একটী মাত্র পদ হইবে।

## উ-কারান্ত—প্রতিভূ ( Guarantee )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | প্রতিভূঃ | প্রতিভুবৌ | প্রতিভুবঃ |
| দ্বিতীয়া | প্রতিভুবম্ | প্রতিভুবৌ | প্রতিভুবঃ |
| তৃতীয়া | প্রতিভুবা | প্রতিভূভ্যাম্ | প্রতিভূভিঃ |
| চতুর্থী | প্রতিভুবে | প্রতিভূভ্যাম্ | প্রতিভূভ্যঃ |
| পঞ্চমী | প্রতিভুবঃ | প্রতিভূভ্যাম্ | প্রতিভূভ্যঃ |
| ষষ্ঠী | প্রতিভুবঃ | প্রতিভুবোঃ | প্রতিভুবাম্ |
| সপ্তমী | প্রতিভুবি | প্রতিভুবোঃ | প্রতিভূষু |
| সম্বোধন | প্রতিভূঃ | প্রতিভুবৌ | প্রতিভুবঃ |

স্থূলূ, খলপূ, বর্ষাভূ, করভূ, কাঁরাভূ প্রভৃতি শব্দ ভিন্ন প্রায় সমস্ত দীর্ঘ উ-কারান্ত শব্দের ( ১০ ) এই রূপ।

( ১০ ) আত্মভূ, স্বয়ম্ভু, স্বভূ, মনোভূ, অগ্নিভূ, স্বভূ, অধিভূ, জিতভূ ইত্যাদি।

## স্বলূ ( A good cutter ) ( ক )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | স্বলূঃ | স্বল্বৌ | স্বল্বঃ |
| দ্বিতীয়া | স্বল্বম্ | স্বল্বৌ | স্বল্বঃ |
| তৃতীয়া | স্বল্বা | স্বলূভ্যাম্ | স্বলূভিঃ |
| চতুর্থী | স্বল্বে | স্বলূভ্যাম্ | স্বলূভ্যঃ |
| পঞ্চমী | স্বল্বঃ | স্বলূভ্যাম্ | স্বলূভ্যঃ |
| ষষ্ঠী | স্বল্বঃ | স্বল্বোঃ | স্বল্বাম্ |
| সপ্তমী | স্বল্বি | স্বল্বোঃ | স্বলূষু |
| সম্বোধন | স্বলূঃ | স্বল্বৌ | স্বল্বঃ |

খলপূ প্রভৃতি শব্দেরও এই রূপ। হূহূ প্রভৃতি কতকগুলি শব্দ আছে, তাহাদেরও রূপ স্বলূ-শব্দের তুল্য; কেবল দ্বিতীয়ার একবচনে হূহূম্ এবং বহুবচনে হূহূন্, এই রূপ পদ হয়, এই মাত্র প্রভেদ। ( খ )

## ঋ-কারান্ত—দাতৃ ( Giver )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | দাতা | দাতারৌ | দাতারঃ |
| দ্বিতীয়া | দাতারম্ | দাতারৌ | দাতৄন্ |
| তৃতীয়া | দাত্রা | দাতৃভ্যাম্ | দাতৃভিঃ |
| চতুর্থী | দাত্রে | দাতৃভ্যাম্ | দাতৃভ্যঃ |
| পঞ্চমী | দাতুঃ | দাতৃভ্যাম্ | দাতৃভ্যঃ |

---

( ক ) খলপূ, দৃন্ভূ, পুনর্ভূ, বর্ষাভূ, কারাভূ ( মতান্তরে কারভূ, করভূ ) প্রভৃতি দীর্ঘ ঊ-কারান্ত শব্দের এই রূপ।

( খ ) বোপদেবের মতে অতিচমূ, অতিবধূ প্রভৃতি শব্দগুলি পুংলিঙ্গ হইলে হূহূ-শব্দের মত। ভাষ্যকারের ও ক্রমদীশ্বরের মতে বধূ-শব্দের মত।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| ষষ্ঠী | দাতুঃ | দাত্রোঃ | দাতৄণাম্ |
| সপ্তমী | দাতরি | দাত্রোঃ | দাতৃষু |
| সম্বোধন | দাতঃ | দাতারৌ | দাতারঃ |

ভ্রাতৃ প্রভৃতি কয়েকটী শব্দ ভিন্ন সমস্ত পুংলিঙ্গ হ্রস্ব ঋ-কারান্ত শব্দের (ক) এই রূপ। ভ্রাতৃ প্রভৃতি শব্দেরও কেবল প্রথমার দ্বিবচনে ও বহুবচনে এবং দ্বিতীয়ার একবচনে ও দ্বিবচনে প্রভেদ আছে; অন্য সকল দাতৃবিভক্তিতেই শব্দের তুল্য। যথা—

## ভ্রাতৃ ( Brother )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | ভ্রাতা | ভ্রাতরৌ | ভ্রাতরঃ |
| দ্বিতীয়া | ভ্রাতরম্ | ভ্রাতরৌ | ভ্রাতৄন্ |
| তৃতীয়া | ভ্রাত্রা | ভ্রাতৃভ্যাম্ | ভ্রাতৃভিঃ |
| চতুর্থী | ভ্রাত্রে | ভ্রাতৃভ্যাম্ | ভ্রাতৃভ্যঃ |
| পঞ্চমী | ভ্রাতুঃ | ভ্রাতৃভ্যাম্ | ভ্রাতৃভ্যঃ |
| ষষ্ঠী | ভ্রাতুঃ | ভ্রাত্রোঃ | ভ্রাতৄণাম্ |
| সপ্তমী | ভ্রাতরি | ভ্রাত্রোঃ | ভ্রাতৃষু |
| সম্বোধন | ভ্রাতঃ | ভ্রাতরৌ | ভ্রাতরঃ |

পিতৃ, জামাতৃ, দেবৃ ( দেবর ), সব্যেষ্ঠৃ ( সারথি ), নৃ এই কয়েকটী শব্দের এই রূপ। কেবল নৃ শব্দের ষষ্ঠীর বহুবচনে দুই পদ হয়। যথা, নৄণাম্, নৃণাম্।

## ঐ-কারান্ত—রৈ ( Riches, Gold )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | রাঃ | রায়ৌ | রায়ঃ |
| দ্বিতীয়া | রায়ম্ | রায়ৌ | রায়ঃ |

( ক ) কর্তৃ, জ্ঞাতৃ, হন্তৃ, ধাতৃ, বিধাতৃ, সবিতৃ, শ্রোতৃ, স্রষ্টৃ, জেতৃ, ক্রেতৃ ইত্যাদি।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| তৃতীয়া | রায়া | রাভ্যাম্ | রাভিঃ |
| চতুর্থী | রায়ে | রাভ্যাম্ | রাভ্যঃ |
| পঞ্চমী | রায়ঃ | র‍্যাভাম্ | রাভ্যঃ |
| ষষ্ঠী | রায়ঃ | রায়োঃ | রায়াম্ |
| সপ্তমী | রায়ি | রায়োঃ | রাসু |
| সম্বোধন | রাঃ | রায়ৌ | রায়ঃ |

## ও-কারান্ত—গো ( Cow, Ox )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | গৌঃ | গাবৌ | গাবঃ |
| দ্বিতীয়া | গাম্ | গাবৌ | গাঃ |
| তৃতীয়া | গবা | গোভ্যাম্ | গোভিঃ |
| চতুর্থী | গবে | গোভ্যাম্ | গোভ্যঃ |
| পঞ্চমী | গোঃ | গোভ্যাম্ | গোভ্যঃ |
| ষষ্ঠী | গোঃ | গবোঃ | গবাম্ |
| সপ্তমী | গবি | গবোঃ | গোষু |
| সম্বোধন | গৌঃ | গাবৌ | গাবঃ |

সমস্ত পুংলিঙ্গ ও-কারান্ত শব্দের এই রূপ।

## ঔ-কারান্ত—গ্লৌ ( Moon, Camphor, Earth )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | গ্লৌঃ | গ্লাবৌ | গ্লাবঃ |
| দ্বিতীয়া | গ্লাবম্ | গ্লাবৌ | গ্লাবঃ |
| তৃতীয়া | গ্লাবা | গ্লৌভ্যাম্ | গ্লৌভিঃ |
| চতুর্থী | গ্লাবে | গ্লৌভ্যাম্ | গ্লৌভ্যঃ |
| পঞ্চমী | গ্লাবঃ | গ্লৌভ্যাম | গ্লৌভ্যঃ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| ষষ্ঠী | গ্লাবঃ | গ্লাবোঃ | গ্লাবাম্ |
| সপ্তমী | গ্লাবি | গ্লাবোঃ | গ্লৌষু |
| সম্বোধন | গ্লৌঃ | গ্লাবৌ | গ্লাবঃ |

সমস্ত পুংলিঙ্গ ঔ-কারান্ত শব্দের এই রূপ।

## প্রশ্ন ( স্বরান্ত পুংলিঙ্গ শব্দ )

১। সংশোধন কর :—পতয়ে, সখিম্, নরপত্যুঃ, সখিনা, ভূপত্যৌ, সখৌ, সুধীয়ঃ, সুধিয়ঃ, সেনানীম্, সেনানীনাম্, বাতপ্রম্যম্. বাতপ্রম্যি, প্রতিভূম্, সুলুবৌ, দাতৃণ. দাতরঃ, ভ্রাতারম্, গাবম্, গবাণাম্। ২। নিম্ন-লিখিত পদগুলি কি কি শব্দের কোন্ কোন্ বিভক্তিতে হয়? সুধিয়ঃ, বিশ্বপঃ, সেনান্যঃ, সাধোঃ, প্রধ্যি, বাতপ্রমী, হাহাঃ, অগ্নে, প্রতিভুবঃ, সুল্বঃ, দাতুঃ, ভ্রাতৃভ্যাঃ, গোঃ, গ্লাবঃ। ৩। হাহা, বিশ্বপা, সুধী, সেনানী, প্রধী, বাতপ্রমী, প্রতিভূ, সুলূ, নৃ ও গো শব্দের ৬ষ্ঠীর বহুবচনে কি কি পদ হয়? ৪। মুনি, পতি ও সখি শব্দের রূপগত সাদৃশ্য ও পার্থক্য দেখাও। ৫। হাহা ও বিশ্বপা শব্দের রূপগত সাদৃশ্য ও প্রভেদ দেখাও। ৬। প্রথমার বহুবচনে দুইটী পদ হয়, এরূপ ৫টী শব্দের নাম কর। ৭। দ্বিতীয় শব্দের ৪র্থী, ৫মী ও ৭মীর একবচনে কি কি পদ হয়? ৮। বিশ্বপা শব্দের মত আর কোন্ কোন্ শব্দের রূপ হয়? ৯। দাতৃ-শব্দের মত রূপ হয়, এরূপ ৫টী এবং ভ্রাতৃ-শব্দের মত রূপ হয়, এরূপ ৩টী শব্দের নাম কর। ১০। ক্রোষ্টু শব্দের রূপ কর।

## স্বরান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

### ( Feminine bases ending in Vowels )

### আ-কারান্ত—লতা ( Creeper )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | লতা | লতে | লতাঃ |
| দ্বিতীয়া | লতাম্ | লতে | লতাঃ |
| তৃতীয়া | লতয়া | লতাভ্যাম্ | লতাভিঃ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| চতুর্থী | লতায়ৈ | লতাভ্যাম্ | লতাভ্যঃ |
| পঞ্চমী | লতায়াঃ | লতাভ্যাম্ | লতাভ্যঃ |
| ষষ্ঠী | লতায়াঃ | লতয়োঃ | লতানাম্ |
| সপ্তমী | লতায়াম্ | লতয়োঃ | লতাসু |
| সম্বোধন | লতে | লতে | লতাঃ |

অম্বা, দ্বিতীয়া, তৃতীয়া, জরা ভিন্ন সমস্ত আ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ (৭১) লতা-শব্দের তুল্য। অম্বা-শব্দের সম্বোধনের একবচনে অম্ব এই পদ হয় (ক), এই মাত্র প্রভেদ, অন্য সমস্ত বিভক্তিতে লতাশব্দের তুল্য। দ্বিতীয়া ও তৃতীয়া শব্দের চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমীর একবচনে প্রভেদ আছে। যথা—

| চতুর্থী | পঞ্চমী | ষষ্ঠী | সপ্তমী |
|---|---|---|---|
| দ্বিতীয়স্যৈ | দ্বিতীয়স্যাঃ | দ্বিতীয়স্যাঃ | দ্বিতীয়স্যাম্ |
| দ্বিতীয়ায়ৈ | দ্বিতীয়ায়াঃ | দ্বিতীয়ায়াঃ | দ্বিতীয়ায়াম্ |

অন্যান্য বিভক্তিতে লতা-শব্দের তুল্য। তৃতীয়া শব্দ দ্বিতীয়া শব্দের মত। (খ)

(৭১) বিদ্যা, শিখা, জটা, রেখা, নিশা, নাসা, সেনা, সেবা, প্রভা, শোভা ইত্যাদি।

(ক) সংস্কৃত ব্যাকরণের সূত্রে দ্বিস্বর অম্বার্থ শব্দ থাকায় কেহ কেহ জগদম্বা-শব্দ সমাসে বহুস্বর হইয়াছে বলিয়া ইহার সম্বোধনে "জগদম্বে" হয় বলেন। কিন্তু জগদম্বা-শব্দ অম্বার্থ নহে, ইহার মধ্যে যে অম্বা শব্দ আছে, তাহাই অম্বার্থ, এবং তাহা দ্বিস্বর, সুতরাং ইহার সম্বোধনেও জগদম্ব পদই হইবে। জগদম্বে পদের প্রয়োগও কোথাও নাই, জগদম্ব পদের প্রয়োগ আছে। যথা—"জগদম্ব বিচিত্রমত্র কিম্"—শঙ্করাচার্য্যকৃত অপরাধ-ক্ষমাপন-স্তোত্র। "জয় জয় জগদম্ব শিবে"—কামাক্ষ্যার্য্যাশতক

(খ) নাসিকা, পৃতনা ও নিশা শব্দেও প্রভেদ আছে; এজন্য ইহাদের রূপ স্বতন্ত্র লিখিত হইল। অক্কা ও অল্লা শব্দ অম্বা-শব্দের মত।

## জরা ( Old age )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | জরা | জরসৌ, জরে (ক) | জরসঃ, জরাঃ |
| দ্বিতীয়া | জরসম্, জরাম্ | জরসৌ, জরে (ক) | জরসঃ, জরাঃ |
| তৃতীয়া | জরসা, জরয়া | জরাভ্যাম্ | জরাভিঃ |
| চতুর্থী | জরসে, জরায়ৈ | জরাভ্যাম্ | জরাভ্যঃ |
| পঞ্চমী | জরসঃ, জরায়াঃ | জরাভ্যাম্ | জরাভ্যঃ |
| ষষ্ঠী | জরসঃ<br>জরায়াঃ | জরসোঃ<br>জরয়োঃ | জরাসাম্<br>জরাণাম্ |
| সপ্তমী | জরসি<br>জরায়াম্ | জরসোঃ<br>জরয়োঃ | জরাসু |
| সম্বোধন | জরে | জরসৌ, জরে | জরসঃ, জরাঃ |

## নাসিকা ( Nose )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | নাসিকা | নাসিকে | নাসিকাঃ |
| দ্বিতীয়া | নাসিকাম্ | নাসিকে | নসঃ, নাসিকাঃ |
| তৃতীয়া | নসা, নাসিকয়া | নোভ্যাম্, নাসিকাভ্যাম্ | নোভিঃ, নাসিকাভিঃ |
| চতুর্থী | নসে, নাসিকায়ৈ | নোভ্যাম্, নাসিকাভ্যাম্ | নোভ্যঃ, নাসিকাভ্যঃ |
| পঞ্চমী | নসঃ, নাসিকায়াঃ | নোভ্যাম্, নাসিকাভ্যাম্ | নোভ্যঃ, নাসিকাভ্যঃ |
| ষষ্ঠী | নসঃ, নাসিকায়াঃ | নসোঃ, নাসিকয়োঃ | নসাম্, নাসিকানাম্ |
| সপ্তমী | নসি, নাসিকায়াম্ | নসোঃ, নাসিকয়োঃ | নঃসু, নাসিকাসু |
| সম্বোধন | নাসিকে | নাসিকে | নাসিকাঃ |

## পৃতনা ( Army )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | পৃতনা | পৃতনে | পৃতনাঃ |
| দ্বিতীয়া | পৃতনাম্ | পৃতনে | পৃতঃ, পৃতনাঃ |

( ক ) মতান্তরে জরসৌ এই পদের পরিবর্তে জরসী এই পদ হয়।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| তৃতীয়া | পৃতা, পৃতনয়া | পৃদ্ভ্যাম্, পৃতনাভ্যাম্ | পৃদ্ভিঃ, পৃতনাভিঃ |
| চতুর্থী | পৃতে, পৃতনায়ৈ | পৃদ্ভ্যাম্, পৃতনাভ্যাম্ | পৃদ্ভ্যঃ, পৃতনাভ্যঃ |
| পঞ্চমী | পৃতঃ, পৃতনায়াঃ | পৃদ্ভ্যাম্, পৃতনাভ্যাম্ | পৃদ্ভ্যঃ, পৃতনাভ্যঃ |
| ষষ্ঠী | পৃতঃ, পৃতনায়াঃ | পৃতোঃ, পৃতনয়োঃ | পৃতাম্, পৃতনানাম্ |
| সপ্তমী | পৃতি, পৃতনায়াম্ | পৃতোঃ, পৃতনয়োঃ | পৃৎসু, পৃতনাসু |
| সম্বোধন | পৃতনে | পৃতনে | পৃতনাঃ |

## নিশা ( Night )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | নিশা | নিশে | নিশাঃ |
| দ্বিতীয়া | নিশাম্ | নিশে | নিশঃ, নিশাঃ |
| তৃতীয়া | নিশা, নিশয়া | নিড়্ভ্যাম্, নিশাভ্যাম্ | নিড়্ভিঃ, নিশাভিঃ |
| চতুর্থী | নিশে, নিশায়ৈ | নিড়্ভ্যাম্, নিশাভ্যাম্ | নিড়্ভ্যঃ, নিশাভ্যঃ |
| পঞ্চমী | নিশঃ, নিশায়াঃ | নিড়্ভ্যাম্, নিশাভ্যাম্ | নিড়্ভ্যঃ, নিশাভ্যঃ |
| ষষ্ঠী | নিশঃ, নিশায়াঃ | নিশোঃ, নিশয়োঃ | নিশাম্, নিশানাম্ |
| সপ্তমী | নিশি, নিশায়াম্ | নিশোঃ, নিশয়োঃ | নিট্সু, নিশাসু |
| সম্বোধন | নিশে | নিশে | নিশাঃ |

মতান্তরে নিজ্ভ্যাম্, নিজ্ভিঃ, নিজ্ভ্যঃ, নিচ্ছু এইরূপ পদও হয়।

## ই-কারান্ত—মতি ( Mind )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | মতিঃ | মতী | মতয়ঃ |
| দ্বিতীয়া | মতিম্ | মতী | মতীঃ |
| তৃতীয়া | মত্যা | মতিভ্যাম্ | মতিভিঃ |
| চতুর্থী | মত্যৈ, মতয়ে | মতিভ্যাম্ | মতিভ্যঃ |
| পঞ্চমী | মত্যাঃ, মতেঃ | মতিভ্যাম্ | মতিভ্যঃ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| ষষ্ঠী | মত্যাঃ, মতেঃ | মত্যোঃ | মতীনাম্ |
| সপ্তমী | মত্যাম্, মতৌ | মত্যোঃ | মতিষু |
| সম্বোধন | মতে | মতী | মতয়ঃ |

যাবতীয় হ্রস্ব ই-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ ( ৭২ ) মতি-শব্দের তুল্য।

ঈ-কারান্ত—নদী ( River )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | নদী | নদ্যৌ | নদ্যঃ |
| দ্বিতীয়া | নদীম্ | নদ্যৌ | নদীঃ |
| তৃতীয়া | নদ্যা | নদীভ্যাম্ | নদীভিঃ |
| চতুর্থী | নদ্যৈ | নদীভ্যাম্ | নদীভ্যঃ |
| পঞ্চমী | নদ্যাঃ | নদীভ্যাম্ | নদীভ্যঃ |
| ষষ্ঠী | নদ্যাঃ | নদ্যোঃ | নদীনাম্ |
| সপ্তমী | নদ্যাম্ | নদ্যোঃ | নদীষু |
| সম্বোধন | নদি | নদ্যৌ | নদ্যঃ |

শ্রী, হ্রী, ধী, ভী, স্ত্রী প্রভৃতি শব্দ ভিন্ন প্রায় সমস্ত দীর্ঘ ঈ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ ( ৭৩ ) নদী-শব্দের তুল্য। লক্ষ্মী-শব্দের প্রথমার একবচনে লক্ষ্মীঃ, এই বিসর্গ-যুক্ত পদ হয়, অন্য সকল বিভক্তিতে ইহা নদী-শব্দের তুল্য। অবী, তন্ত্রী ও তরী শব্দ লক্ষ্মী-শব্দের মত। ( ক )

শ্রী ( Fortune, Beauty )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | শ্রীঃ | শ্রিয়ৌ | শ্রিয়ঃ |
| দ্বিতীয়া | শ্রিয়ম্ | শ্রিয়ৌ | শ্রিয়ঃ |

( ৭২ ) ধূলি, আলি, আবলি, শ্রেণি, ওষধি, ব্রততি, প্রণতি, অঙ্গুলি, কান্তি, শান্তি, কৃত্তি, স্মৃতি, ইত্যাদি।

(৭৩) অটবী, শ্রেণী, বীথী, ওষধী, অঙ্গুলী, মঞ্জরী, কুমারী, সুন্দরী, জননী, ভগিনী ইত্যাদি।

(ক) "অবীতন্ত্রীতরীলক্ষ্মীধীহ্রীশ্রীণামুণাদিষু। সপ্তস্ত্রীলিঙ্গশব্দানাং ন সুলোপঃ কদাচন॥"

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| তৃতীয়া | শ্রিয়া | শ্রীভ্যাম্ | শ্রীভিঃ |
| চতুর্থী | শ্রিয়ৈ, শ্রিয়ে | শ্রীভ্যাম্ | শ্রীভ্যঃ |
| পঞ্চমী | শ্রিয়াঃ, শ্রিয়ঃ | শ্রীভ্যাম্ | শ্রীভ্যঃ |
| ষষ্ঠী | শ্রিয়াঃ, শ্রিয়ঃ | শ্রিয়োঃ | { শ্রিয়াম্ শ্রীণাম্ |
| সপ্তমী | শ্রিয়াম্, শ্রিয়ি | শ্রিয়োঃ | শ্রীষু |
| সম্বোধন | শ্রীঃ | শ্রিয়ৌ | শ্রিয়ঃ |

হ্রী, ধী, ভী শব্দ শ্রী-শব্দের তুল্য। ( ক )

স্ত্রী ( Woman, Wife )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | | স্ত্রিয়ৌ | স্ত্রিয়ঃ |
| দ্বিতীয়া | স্ত্রিয়ম্, স্ত্রীম্ | স্ত্রিয়ৌ | স্ত্রিয়ঃ, স্ত্রীঃ |
| তৃতীয়া | স্ত্রিয়া | স্ত্রীভ্যাম্ | স্ত্রীভিঃ |
| চতুর্থী | স্ত্রিয়ৈ | স্ত্রীভ্যাম্ | স্ত্রীভ্যঃ |
| পঞ্চমী | স্ত্রিয়াঃ | স্ত্রীভ্যাম্ | স্ত্রীভ্যঃ |
| ষষ্ঠী | স্ত্রিয়াঃ | স্ত্রিয়োঃ | স্ত্রীণাম্ |
| সপ্তমী | স্ত্রিয়াম্ | স্ত্রিয়োঃ | স্ত্রীষু |
| সম্বোধন | স্ত্রি | স্ত্রিয়ৌ | স্ত্রিয়ঃ |

উ-কারান্ত—ধেনু ( Cow )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | ধেনুঃ | ধেনূ | ধেনবঃ |
| দ্বিতীয়া | ধেনুম্ | ধেনূ | ধেনূঃ |

( ক ) বহুব্রীহি-সমাস-নিষ্পন্ন স্ত্রীলিঙ্গ সুধী-শব্দ পুংলিঙ্গ সুধী-শব্দের মত; কর্ম্ম-ধারয়-সমাস-নিষ্পন্ন স্ত্রীলিঙ্গ সুধী-শব্দ শ্রী-শব্দের তুল্য। বহুব্রীহি-সমাস-নিষ্পন্ন স্ত্রীলিঙ্গ প্রধী-শব্দ পুংলিঙ্গ প্রধী-শব্দের মত। কর্ম্মধারয়-সমাস-নিষ্পন্ন স্ত্রীলিঙ্গ প্রধী-শব্দ লক্ষ্মী-শব্দের তুল্য।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| তৃতীয়া | ধেন্বা | ধেনুভ্যাম্ | ধেনুভিঃ |
| চতুর্থী | ধেন্বৈ, ধেনবে | ধেনুভ্যাম্ | ধেনুভ্যঃ |
| পঞ্চমী | ধেন্বাঃ, ধেনোঃ | ধেনুভ্যাম্ | ধেনুভ্যঃ |
| ষষ্ঠী | ধেন্বাঃ, ধেনোঃ | ধেন্বোঃ | ধেনূনাম্ |
| সপ্তমী | ধেন্বাম্, ধেনৌ | ধেন্বোঃ | ধেনুষু |
| সম্বোধন | ধেনো | ধেনূ | ধেনবঃ |

যাবতীয় হ্রস্ব উ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের ( ৭৪ ) এই রূপ।

ঊ-কারান্ত—বধূ ( Wife, Daughter-in-law, Woman )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | বধূঃ | বধ্বৌ | বধ্বঃ |
| দ্বিতীয়া | বধূম্ | বধ্বৌ | বধূঃ |
| তৃতীয়া | বধ্বা | বধূভ্যাম্ | বধূভিঃ |
| চতুর্থী | বধ্বৈ | বধূভ্যাম্ | বধূভ্যঃ |
| পঞ্চমী | বধ্বাঃ | বধূভ্যাম্ | বধূভ্যঃ |
| ষষ্ঠী | বধ্বাঃ | বধ্বোঃ | বধূনাম্ |
| সপ্তমী | বধ্বাম্ | বধ্বোঃ | বধূষু |
| সম্বোধন | বধু | বধ্বৌ | বধ্বঃ |

ভূ, ভ্রূ, সুভ্রূ প্রভৃতি শব্দ ভিন্ন যাবতীয় দীর্ঘ ঊ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের ( ৭৫ ) এই রূপ।

---

( ৭৪ ) তর্ক্ষু, রেণু, চঞ্চু, উড়ু ইত্যাদি।

( ৭৫ ) চমূ, চঞ্চূ, তনূ, পুনর্ভূ, প্রসূ, বীরসূ ইত্যাদি। সিদ্ধান্তকৌমুদী ও কলাপের মতে পুনর্ভূ-শব্দের দ্বিতীয়ার একবচনে পুনর্ভ্বম্ এবং বহুবচনে পুনর্ভ্বঃ। এতদ্ভিন্ন অন্যান্য বিভক্তিতে বধূ-শব্দের মত। দুর্গাদাস ও শ্রীরামতর্কবাগীশের মতে সর্ব্বত্র বধূ-শব্দের তুল্য। যথা—পুনর্ভূম্, পুনর্ভূঃ।

### ভূ (Earth)

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ভূঃ | ভুবৌ | ভুবঃ |
| দ্বিতীয়া | ভুবম্ | ভুবৌ | ভুবঃ |
| তৃতীয়া | ভুবা | ভূভ্যাম্ | ভূভিঃ |
| চতুর্থী | ভুবৈ, ভুবে | ভূভ্যাম্ | ভূভ্যঃ |
| পঞ্চমী | ভুবাঃ, ভুবঃ | ভূভ্যাম্ | ভূভ্যঃ |
| ষষ্ঠী | ভুবাঃ, ভুবঃ | ভুবোঃ | ভুবাম্, ভূনাম্ |
| সপ্তমী | ভুবাম্, ভুবি | ভুবোঃ | ভূষু |
| সম্বোধন | ভূঃ | ভুবৌ | ভুবঃ |

ভ্রূ ও সুভ্রূ শব্দ ভূ-শব্দের তুল্য। কেবল সুভ্রূ-শব্দের সম্বোধনের একবচনে সুভ্রু, এই হ্রস্ব উ-কারান্ত বিসর্গ-হীন পদ হয়, এইমাত্র প্রভেদ। (ক)

ঋ-কারান্ত শব্দ।

হ্রস্ব ঋ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ সমুদয়ে পাঁচটি,—দুহিতৃ, মাতৃ, যাতৃ, ননান্দৃ, স্বসৃ; তন্মধ্যে দুহিতৃ, মাতৃ, যাতৃ, ননান্দৃ (খ), এই চারি শব্দ

(ক) সিদ্ধান্তকৌমুদী ও কাতন্ত্রের মতে হে সুভ্রূঃ (দীর্ঘ উ-কার ও বিসর্গ), মুগ্ধবোধ, সংক্ষিপ্তসার ও সুপদ্মের মতে হে সুভ্রু (কেবল হ্রস্ব উ-কার)। "হা পিতঃ কাসি হে সুভ্রু বহ্বেবং বিললাপ সা"—(ভট্টি)। "বিমাননা সুভ্রু কুতঃ পিতুর্গৃহে"—(কুমার-সম্ভব)। ইত্যাদি প্রয়োগগুলি সিদ্ধান্তকৌমুদী-মতে অশুদ্ধ। "প্রমাদ এবায়মিতি বহবঃ"—সিদ্ধান্তকৌমুদী। মুগ্ধবোধ, সুপদ্ম ও সংক্ষিপ্তসারের মতে ঐ গুলি শুদ্ধ প্রয়োগ। সুভ্রূ শব্দ যখন পুংলিঙ্গ হইবে, তখন সম্বোধনে হ্রস্ব উ-কার হয় না। যথা—হে হে সুভ্রূঃ পুরুষ। ইহাই ক্রমদীশ্বর দুর্গাদাস ও শ্রীরামতর্কবাগীশের মত। শিষ্ট প্রয়োগ যথা—"গিরীশ সুভ্রুস্তব পাদপদ্মং ভজন্তি মুক্ত্যৈ কবয়োঽসুরারে"। দীর্ঘ উ-কারান্ত ভীরু শব্দেরও সম্বোধনে ভীরু এই হ্রস্ব উ-কারান্ত পদ হয়।

(খ) "নঞি চ নন্দেঃ" (উণাদি ২।৯৭)। "ন নন্দতি ননান্দা। ননান্দা তু স্বসা পত্যুর্ন নন্দা নন্দিনী চ সা"—শব্দার্ণবঃ

ভ্রাতৃ-শব্দের তুল্য; কেবল এই মাত্র প্রভেদ যে, দ্বিতীয়ার বহুবচনে দুহিতৄঃ, মাতৄঃ, যাতৄঃ, ননান্দৄঃ এই পদ হয়। আর স্বসৃ-শব্দ দাতৃ-শব্দের তুল্য; কেবল দ্বিতীয়ার বহুবচনে স্বসৄঃ এই পদ হয়, এইমাত্র প্রভেদ।

ও-কারান্ত এবং ঔ-কারান্ত।

ও-কারান্ত এবং ঔ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ, ও-কারান্ত এবং ঔ-কারান্ত পুংলিঙ্গ শব্দের তুল্য, কোনই ভেদ নাই। দ্যো-শব্দ গো-শব্দের তুল্য। নৌ-শব্দ গ্লৌ-শব্দের মত।

## প্রশ্ন ( স্বরান্ত স্ত্রীলিঙ্গ শব্দ )

১। সংশোধন কর :—লতায়ৈঃ, বিদ্যাৎ, জটাযু, জরসানাম্, ভক্তিনা, গতীন্, নদ্যম্, হে জননীঃ, হে শ্রি, শ্রীয়ঃ, হে স্ত্রিঃ, স্ত্রিয়ে, ধেনূন্, ধেন্বনা, হে বধূঃ, ভুবাম্, হে সুভ্রূঃ, মাতৄন্, ভ্রূবৌ, অম্বে, লক্ষ্মী। ২। নিম্ন-লিখিত পদগুলি কি কি শব্দের কোন্ কোন্ বিভক্তিতে হয়? মাতরম্, দেবি, বৈদেহ্যাঃ, কদলীম্, সপত্নীনাম্, প্রমদানাম্, অপশ্যন্তী, মহানদ্যাঃ, মৃগীম্, কৌশল্যাম্, স্ত্রিয়ম্, স্ত্রিয়াঃ, কৈকেয্যা, কৈকেয্যৈ, সপত্ন্যাঃ, অম্ব, ভ্রুবোঃ, ভুবাঃ, বধ্বঃ, স্ত্রিয়াম্, জরসঃ। ৩। নিশা ও জরা শব্দের রূপ কর। ৪। নাসিকা ও পৃতনা শব্দের ৭মী বিভক্তির রূপ কর। ৫। দ্বিতীয়া, মতি, নদী, শ্রী ও স্ত্রী শব্দের ৫মীর একবচনে কি হয়? ৬। লক্ষ্মী ও নদী শব্দের এবং লতা ও অম্বা শব্দের রূপগত পার্থক্য দেখাও। ৭। সুভ্রূ ও ভীরু শব্দের পুংলিঙ্গের ও স্ত্রীলিঙ্গের সম্বোধনে কি পদ হয়? ৮। স্ত্রীলিঙ্গ হ্রস্ব ঋ-কারান্ত শব্দ কয়টী? পুংলিঙ্গ ঋ-কারান্ত শব্দের সহিত ইহাদের রূপের পার্থক্য দেখাও।

---

## স্বরান্ত ক্লীবলিঙ্গ শব্দ

## ( Neuter bases ending in Vowels )

অ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ অ-কারান্ত পুংলিঙ্গ শব্দের তুল্য, কেবল প্রথমা ও দ্বিতীয়া বিভক্তিতে প্রভেদ আছে। যথা,—

## অ-কারান্ত—ফল ( Fruit )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ফলম্ | ফলে | ফলানি |
| দ্বিতীয়া | ফলম্ | ফলে | ফলানি |
| তৃতীয়া | ফলেন | ফলাভ্যাম্ | ফলৈঃ |
| চতুর্থী | ফলায় | ফলাভ্যাম্ | ফলেভ্যঃ |
| পঞ্চমী | ফলাৎ | ফলাভ্যাম্ | ফলেভ্যঃ |
| ষষ্ঠী | ফলস্য | ফলয়োঃ | ফলানাম্ |
| সপ্তমী | ফলে | ফলয়োঃ | ফলেষু |
| সম্বোধন | ফল | ফলে | ফলানি |

প্রায় সমস্ত অ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের ( ৭৬ ) এই রূপ। অজর, শীর্ষ, হৃদয়, উদক ও আসন শব্দে প্রভেদ আছে। (ক)

## অজর ( God )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | অজরম্, অজরসম্ | অজরসী, অজরে | অজরাংসি, অজরাণি |
| দ্বিতীয়া | অজরম্, অজরসম্ | অজরসী, অজরে | অজরাংসি, অজরাণি |

অন্যান্য বিভক্তিতে নির্জর শব্দের মত। সিদ্ধান্তকৌমুদী-মতে প্রথমার একবচনে অজরম্—এই একটি পদ, কিন্তু বোপদেব-মতে দুইটি পদ।

---

( ৭৬ ) জল, বন, কানন, ধন, তৃণ, শষ্প, পুষ্প, কমল, মূল, পত্র, কুসুম ইত্যাদি।

(ক) ক্লীবলিঙ্গ শব্দের অন্তে দীর্ঘ-স্বর থাকিলে হ্রস্ব হইয়া যায় এবং হ্রস্ব-স্বরান্ত ক্লীবলিঙ্গ শব্দের মত রূপ হয়। যথ—শ্রীপা=শ্রীপ=ফল-শব্দের মত। সুধী=সুধি—বারি-শব্দের মত। এ ঐ হ্রস্ব হইলে ই এবং ও ঔ হ্রস্ব হইলে উ হয়। প্রদ্যো=প্রদ্যু—মধু-শব্দের মত। সুরৈ=সুরি—বারি-শব্দের মত। সুনৌ=সুনু—মধু-শব্দের মত। শ্রীপা ব্যতীত শেষোক্ত শব্দগুলির শুচি ও স্বাদু শব্দের ন্যায় একবার পুংলিঙ্গের মত রূপও হয়।

## শীর্ষ ( Summit, Head )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | শীর্ষম্ | শীর্ষে | শীর্ষাণি |
| দ্বিতীয়া | শীর্ষম্ | শীর্ষে | শীর্ষাণি |

অন্যান্য বিভক্তিতে বৃষ-শব্দের মত।

বোপদেবের মতে শীর্ষ-শব্দের এই রূপ ; কিন্তু পাণিনির মতে শীর্ষ-শব্দ ফল-শব্দের মত।

## হৃদয় ( Heart )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | হৃদয়ম্ | হৃদয়ে | হৃদয়ানি |
| দ্বিতীয়া | হৃদয়ম্ | হৃদয়ে | হৃন্দি, হৃদয়ানি |
| তৃতীয়া | হৃদা, হৃদয়েন | হৃদ্ভ্যাম্, হৃদয়াভ্যাম্ | হৃদ্ভিঃ, হৃদয়ৈঃ |
| চতুর্থী | হৃদে, হৃদয়ায় | হৃদ্ভ্যাম্, হৃদয়াভ্যাম্ | হৃদ্ভ্যঃ, হৃদয়েভ্যঃ |
| পঞ্চমী | হৃদঃ, হৃদয়াৎ | হৃদ্ভ্যাম্, হৃদয়াভ্যাম্ | হৃদ্ভ্যঃ, হৃদয়েভ্যঃ |
| ষষ্ঠী | হৃদঃ, হৃদয়স্য | হৃদোঃ, হৃদয়য়োঃ | হৃদাম্, হৃদয়ানাম্ |
| সপ্তমী | হৃদি, হৃদয়ে | হৃদোঃ, হৃদয়য়োঃ | হৃৎসু, হৃদয়েষু |
| সম্বোধন | হৃদয় | হৃদয়ে | হৃদয়ানি |

## উদক ( Water )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | উদকম্ | উদকে | উদকানি |
| দ্বিতীয়া | উদকম্ | উদকে | উদানি, উদকানি |
| তৃতীয়া | উদ্না, উদকেন | উদভ্যাম্, উদকাভ্যাম্ | উদভিঃ, উদকৈঃ |
| চতুর্থী | উদ্নে, উদকায় | উদভ্যাম্, উদকাভ্যাম্ | উদভ্যঃ, উদকেভ্যঃ |
| পঞ্চমী | উদ্নঃ, উদকাৎ | উদভ্যাম্, উদকাভ্যাম্ | উদভ্যঃ, উদকেভ্যঃ |
| ষষ্ঠী | উদ্নঃ, উদকস্য | উদ্নোঃ, উদকয়োঃ | উদ্নাম্, উদকানাম্ |
| সপ্তমী, | উদ্নি, উদনি, উদকে | উদ্নোঃ, উদকয়োঃ | উদসু, উদকেষু |
| সম্বোধন | উদক | উদকে | উদকানি |

### আসন ( Seat )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | আসনম্ | আসনে | আসনানি |
| দ্বিতীয়া | আসনম্ | আসনে | আসানি, আসনানি |
| তৃতীয়া | আস্না, আসনেন | আসভ্যাম্, আসনাভ্যাম্ | আসভিঃ, আসনৈঃ |
| চতুর্থী | আস্নে, আসনায় | আসভ্যাম্, আসনাভ্যাম্ | আসভ্যঃ, আসনেভ্যঃ |
| পঞ্চমী | আস্নঃ, আসনাৎ | আসভ্যাম্, আসনাভ্যাম্ | আসভ্যঃ আসনেভ্যঃ |
| ষষ্ঠী | আস্নঃ, আসনস্য | আস্নোঃ, আসনয়োঃ | আস্নাম্, আসনানাম্ |
| সপ্তমী | আস্নি, আসনি, আসনে | আস্নোঃ, আসনয়োঃ | আসসু, আসনেষু |
| সম্বোধন | আসন | আসনে | আসনানি |

### ই-কারান্ত—বারি ( Water )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | বারি | বারিণী | বারীণি |
| দ্বিতীয়া | বারি | বারিণী | বারীণি |
| তৃতীয়া | বারিণা | বারিভ্যাম্ | বারিভিঃ |
| চতুর্থী | বারিণে | বারিভ্যাম্ | বারিভ্যঃ |
| পঞ্চমী | বারিণঃ | বারিভ্যাম্ | বারিভ্যঃ |
| ষষ্ঠী | বারিণঃ | বারিণোঃ | বারীণাম্ |
| সপ্তমী | বারিণি | বারিণোঃ | বারিষু |
| সম্বোধন | বারে, বারি | বারিণী | বারীণি |

অক্ষি, অস্থি, সক্‌থি, দধি ভিন্ন যাবতীয় বিশেষ্য হ্রস্ব ই-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

### অক্ষি ( Eye )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | অক্ষি | অক্ষিণী | অক্ষীণি |
| দ্বিতীয়া | অক্ষি | অক্ষিণী | অক্ষীণি |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| তৃতীয়া | অক্ষ্ণা | অক্ষিভ্যাম্ | অক্ষিভিঃ |
| চতুর্থী | অক্ষ্ণে | অক্ষিভ্যাম্ | অক্ষিভ্যঃ |
| পঞ্চমী | অক্ষ্ণঃ | অক্ষিভ্যাম্ | অক্ষিভ্যঃ |
| ষষ্ঠী | অক্ষ্ণঃ | অক্ষ্ণোঃ | অক্ষ্ণাম্ |
| সপ্তমী | অক্ষ্ণি, অক্ষণি | অক্ষ্ণোঃ | অক্ষিষু |
| সম্বোধন | অক্ষে, অক্ষি | | |

অস্থি, সক্থি ও দধি শব্দের এই রূপ।

শুচি ( Pure )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | শুচি | শুচিনী | শুচীনি |
| দ্বিতীয়া | শুচি | শুচিনী | শুচীনি |
| তৃতীয়া | শুচিনা | শুচিভ্যাম্ | শুচিভিঃ |
| চতুর্থী | শুচিনে, শুচয়ে | শুচিভ্যাম্ | শুচিভ্যঃ |
| পঞ্চমী | শুচিনঃ, শুচেঃ | শুচিভ্যাম্ | শুচিভ্যঃ |
| ষষ্ঠী | শুচিনঃ, শুচেঃ | শুচিনোঃ, শুচ্যোঃ | শুচীনাম্ |
| সপ্তমী | শুচিনি, শুচৌ | শুচিনোঃ, শুচ্যোঃ | শুচিষু |
| সম্বোধন | শুচি, শুচে | শুচিনী | শুচীনি |

উ-কারান্ত—মধু ( Honey )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | মধু | মধুনী | মধূনি |
| দ্বিতীয়া | মধু | মধুনী | মধূনি |
| তৃতীয়া | মধুনা | মধুভ্যাম্ | মধুভিঃ |
| চতুর্থী | মধুনে | মধুভ্যাম্ | মধুভ্যঃ |
| পঞ্চমী | মধুনঃ | মধুভ্যাম্ | মধুভ্যঃ |
| ষষ্ঠী | মধুনঃ | মধুনোঃ | মধূনাম্ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| সপ্তমী। | মধুনি | মধুনোঃ | মধুষু |
| সম্বোধন | মধো, মধু | মধুনী | মধূনি |

সমস্ত বিশেষ্য হ্রস্ব উ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের (৭৭) এই রূপ। সানু শব্দে প্রভেদ আছে।

হ্রস্ব ই-কারান্ত এবং হ্রস্ব উ-কারান্ত বিশেষণ শব্দ, হ্রস্ব ই-কারান্ত এবং হ্রস্ব উ-কারান্ত বিশেষ্য শব্দের তুল্য। কেবল এ, ই, ওঃ এবং পঞ্চমী ও ষষ্ঠীর অঃ বিভক্তিতে হ্রস্ব ই-কারান্ত ও হ্রস্ব উ-কারান্ত পুংলিঙ্গ শব্দের মত রূপ হইয়া থাকে। যথা—

সানু ( Peak, Ridge )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | সানু | সানুনী | সানূনি |
| দ্বিতীয়া | সানু | সানুনী | স্নূনি, সানূনি |
| তৃতীয়া | স্নুনা, সানুনা | স্নুভ্যাম্, সানুভ্যাম্ | স্নুভিঃ, সানুভিঃ |
| চতুর্থী | স্নুনে, সানুনে | স্নুভ্যাম্, সানুভ্যাম্ | স্নুভ্যঃ, সানুভ্যঃ |
| পঞ্চমী | স্নুনঃ, সানুনঃ | স্নুভ্যাম্, সানুভ্যাম্ | স্নুভ্যঃ, সানুভ্যঃ |
| ষষ্ঠী | স্নুনঃ, সানুনঃ | স্নুনোঃ, সানুনোঃ | স্নূনাম্, সানূনাম্ |
| সপ্তমী | স্নুনি, সানুনি | স্নুনোঃ, সানুনোঃ | স্নুষু, সানুষু |
| সম্বোধন | সানো, সানু | সানুনী | সানূনি |

স্বাদু ( Sweet )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | স্বাদু | স্বাদুনী | স্বাদূনি |
| দ্বিতীয়া | স্বাদু | স্বাদুনী | স্বাদূনি |
| তৃতীয়া | স্বাদুনা | স্বাদুভ্যাম্ | স্বাদুভিঃ |
| চতুর্থী | স্বাদুনে, স্বাদবে | স্বাদুভ্যাম্ | স্বাদুভ্যঃ |

(৭৭) কসেরু, জতু, বস্তু, জানু, দারু, অশ্রু ইত্যাদি।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| পঞ্চমী | স্বাদুনঃ, স্বাদোঃ | স্বাদুভ্যাম্ | স্বাদুভ্যঃ |
| ষষ্ঠী | স্বাদুনঃ, স্বাদোঃ | স্বাদুনোঃ, স্বাদ্বোঃ | স্বাদূনাম্ |
| সপ্তমী | স্বাদুনি, স্বাদৌ | স্বাদুনোঃ, স্বাদ্বোঃ | স্বাদুষু |
| সম্বোধন | স্বাদো, স্বাদু | স্বাদুনী | স্বাদূনি |

ঋ-কারান্ত—ধাতৃ ( Creator )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | ধাতৃ | ধাতৃণী | ধাতৄণি |
| দ্বিতীয়া | ধাতৃ | ধাতৃণী | ধাতৄণি |
| তৃতীয়া | ধাতৃণা, ধাত্রা | ধাতৃভ্যাম্ | ধাতৃভিঃ |
| চতুর্থী | ধাতৃণে, ধাত্রে | ধাতৃভ্যাম্ | ধাতৃভ্যঃ |
| পঞ্চমী | ধাতৃণঃ, ধাতুঃ | ধাতৃভ্যাম্ | ধাতৃভ্যঃ |
| ষষ্ঠী | ধাতৃণঃ, ধাতুঃ | ধাতৃণোঃ, ধাত্রোঃ | ধাতৄণাম্ |
| সপ্তমী | ধাতৃণি, ধাতরি | ধাতৃণোঃ, ধাত্রোঃ | ধাতৃষু |
| সম্বোধন | ধাতঃ, ধাতৃ | ধাতৃণী | ধাতৄণি |

যাবতীয় হ্রস্ব ঋ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ ধাতৃ-শব্দের তুল্য।

## প্রশ্ন ( স্বরান্ত ক্লীবলিঙ্গ শব্দ )

১। সংশোধন কর :—ফলানিঃ, বারিম্, বারীনা, বারিণাম্, বারেঃ, অস্থিনা, দধীনাম্, অক্ষেঃ, মধুম্, মধুণী, মধবে, মধুনাম্। ২। নিম্ন-লিখিত পদগুলি কি কি শব্দের কোন্ কোন্ বিভক্তিতে হয়? বারি, বারিণঃ, অক্ষ্ণঃ, মধুনোঃ, অনাদীনি, স্বাদুনী, ধাতৃণঃ, স্বাদ্বোঃ। ৩। ক্লীবলিঙ্গ বিশেষণ শব্দগুলির মধ্যে কিরূপ শব্দের কোন্ কোন্ বিভক্তিতে দুইটী করিয়া পদ হয়? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও। ৪। সক্থি, অম্বু ও পটু শব্দের ৫মী ও ৭মী বিভক্তির রূপ কর। ৫। অক্ষি-শব্দের মত আর কোন্ কোন্ শব্দের রূপ হয়? ৬। শীর্ষ, হৃদয়, উদক ও আসন শব্দের ৭মীর একবচনে রূপ কর। ৭। পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ ঋ-কারান্ত শব্দের রূপগত সাদৃশ্য ও পার্থক্য দেখাও। ৮। সম্বোধনে দুইটী পদ হয়, এরূপ ৫টী ক্লীবলিঙ্গ শব্দের নাম কর।

## ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ শব্দ

## ( Masculine and Feminine bases ending in Consonants )

ব্যঞ্জনান্ত শব্দে বিভক্তির যোগ করিলে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ বশতঃ রূপের বৈলক্ষণ্য হয় না। অতএব উভয়বিধ শব্দেরই এক প্রকরণে রূপ প্রদর্শিত হইতেছে।

### চ্-কারান্ত—জলমুচ্ ( Cloud )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | জলমুক্ | জলমুচৌ | জলমুচঃ |
| দ্বিতীয়া | জলমুচম্ | জলমুচৌ | জলমুচঃ |
| তৃতীয়া | জলমুচা | জলমুগ্ভ্যাম্ | জলমুগ্ভিঃ |
| চতুর্থী | জলমুচেঃ | জলমুগ্ভ্যাম্ | জলমুগ্ভ্যঃ |
| পঞ্চমী | জলমুচঃ | জলমুগ্ভ্যাম্ | জলমুগ্ভ্যঃ |
| ষষ্ঠী | জলমুচঃ | জলমুচোঃ | জলমুচাম্ |
| সপ্তমী | জলমুচি | জলমুচোঃ | জলমুক্ষু |
| সম্বোধন | জলমুক্ | জলমুচৌ | জলমুচঃ |

প্রাচ্, প্রত্যচ্, তির্য্যচ্, উদচ্ প্রভৃতি কয়েকটি শব্দ ভিন্ন সমস্ত চ্-কারান্ত শব্দের (৭৮) এই রূপ। প্রাচ্ প্রভৃতি শব্দ স্ত্রীলিঙ্গে চ্-কারান্ত থাকে না। প্রাচী, প্রতীচী প্রভৃতি শব্দ দীর্ঘ ঈ-কারান্ত হইয়া যায়। অতএব তাহাদের কেবল পুংলিঙ্গের রূপ প্রদর্শিত হইতেছে।

---

(৭৮) পুংলিঙ্গ,—বারিমুচ্, পয়োমুচ্ ইত্যাদি। স্ত্রীলিঙ্গ,—বাচ্, ত্বচ্, রুচ্, শুচ্, ঋচ্ ইত্যাদি।

## প্রাচ্ ( Eastern )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | প্রাঙ্ | প্রাঞ্চৌ | প্রাঞ্চঃ |
| দ্বিতীয়া | প্রাঞ্চম্ | প্রাঞ্চৌ | |
| সম্বোধন | প্রাঙ্ | | |

অন্যান্য বিভক্তিতে জলমুচ্-শব্দের তুল্য।

## প্রত্যচ্ ( Western )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | প্রত্যঙ্ | প্রত্যঞ্চৌ | প্রত্যঞ্চঃ |
| দ্বিতীয়া | প্রত্যঞ্চম্ | প্রত্যঞ্চৌ | প্রতীচঃ |
| তৃতীয়া | প্রতীচা | প্রত্যগ্ভ্যাম্ | প্রত্যগ্ভিঃ |
| চতুর্থী | প্রতীচে | প্রত্যগ্ভ্যাম্ | প্রত্যগ্ভ্যঃ |
| পঞ্চমী | প্রতীচঃ | প্রত্যগভ্যাম্ | প্রত্যগ্ভ্যঃ |
| ষষ্ঠী | প্রতীচঃ | প্রতীচোঃ | প্রতীচাম্ |
| সপ্তমী | প্রতীচি | প্রতীচোঃ | প্রত্যক্ষু |
| সম্বোধন | প্রত্যঙ্ ( ক ) | প্রত্যঞ্চৌ | প্রত্যঞ্চঃ |

## তির্য্যচ্ ( Oblique )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | তির্য্যঙ্ | তির্য্যঞ্চৌ | তির্য্যঞ্চঃ (খ) |
| দ্বিতীয়া | তির্য্যঞ্চম্ | তির্য্যঞ্চৌ | তিরশ্চঃ |
| তৃতীয়া | তিরশ্চা | তির্য্যগ্ভ্যাম্ | তির্য্যগ্ভিঃ |

---

( ক ) সধ্র্যচ্ ( সহ+অঞ্চ্+ক্বিপ্ ) সম্যচ্, অদদ্র্যচ্ প্রভৃতি শব্দগুলি প্রত্যচ্-শব্দের মত। দ্বিতীয়ার বহুবচনে—সধ্রীচঃ, সমীচঃ ইত্যাদি। "সধ্র্যঙ্ রতঃ শ্রেয়সি লক্ষ্মণোঽভূৎ"—ভট্টি। সধ্র্যঙ্=সহগামী।

( খ ) "যান্তি ন্যায়প্রবৃত্তস্য তির্য্যঞ্চোঽপি সহায়তাম্।
অপন্থানন্তু গচ্ছন্তং সোদরোঽপি বিমুঞ্চতি।"

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| চতুর্থী | তিরশ্চে | তির্য্যগ্‌ভ্যাম্‌ | তির্য্যগ্‌ভ্যঃ |
| পঞ্চমী | তিরশ্চঃ | তির্য্যগ্‌ভ্যাম্‌ | তির্য্যগ্‌ভ্যঃ |
| ষষ্ঠী | তিরশ্চঃ | তিরশ্চোঃ | তিরশ্চাম্‌ |
| সপ্তমী | তিরশ্চি | তিরশ্চোঃ | তির্য্যক্ষু |
| সম্বোধন | তির্য্যাঙ্‌ | তির্য্যঞ্চৌ | তির্য্যঞ্চঃ |

উদচ্‌ ( Upper, Northern )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | উদঙ্‌ | উদঞ্চৌ | উদঞ্চঃ |
| দ্বিতীয়া | উদঞ্চম্‌ | উদঞ্চৌ | উদীচঃ |
| তৃতীয়া | উদীচা | উদগ্‌ভ্যাম্‌ | উদগ্‌ভিঃ |
| চতুর্থী | উদীচে | উদগ্‌ভ্যাম্‌ | উদগ্‌ভ্যঃ |
| পঞ্চমী | উদীচঃ | উদগ্‌ভ্যাম্‌ | উদগ্‌ভ্যঃ |
| ষষ্ঠী | উদীচঃ | উদীচোঃ | উদীচাম্‌ |
| সপ্তমী | উদীচি | উদীচোঃ | উদক্ষু |
| সম্বোধন | উদঙ্‌ | উদঞ্চৌ | উদঞ্চঃ |

প্রাঞ্চ্‌ ( One who worships )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | প্রাঙ্‌ | প্রাঞ্চৌ | প্রাঞ্চঃ |
| দ্বিতীয়া | প্রাঞ্চম্‌ | প্রাঞ্চৌ | প্রাঞ্চঃ |
| তৃতীয়া | প্রাঞ্চা | প্রাঙ্‌ভ্যাম্‌ | প্রাঙ্‌ভিঃ |
| চতুর্থী | প্রাঞ্চে | প্রাঙ্‌ভ্যাম্‌ | প্রাঙ্‌ভ্যঃ |
| পঞ্চমী | প্রাঞ্চঃ | প্রাঙ্‌ভ্যাম্‌ | প্রাঙ্‌ভ্যঃ |
| ষষ্ঠী | প্রাঞ্চঃ | প্রাঞ্চোঃ | প্রাঞ্চাম্‌ |
| সপ্তমী | প্রাঞ্চি | প্রাঞ্চোঃ | প্রাঙ্ক্ষু |
| সম্বোধন | প্রাঙ | প্রাঞ্চৌ | প্রাঞ্চঃ |

যে সকল শব্দের শেষে ঞ্চ থাকে, তাহাদের রূপ প্রাঞ্চ্-শব্দের মত। যথা—ক্রুঞ্চ্, তির্য্যঞ্চ্, উদঞ্চ্ ইত্যাদি।

বিষ্বচ্ ( All-pervading )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | বিষ্বঙ্ | বিষ্বঞ্চৌ | বিষ্বঞ্চঃ |
| দ্বিতীয়া | বিষ্বঞ্চম্ | বিষ্বঞ্চৌ | বিষূচঃ |
| তৃতীয়া | বিষূচা | বিষ্বগ্‌ভ্যাম্ | বিষ্বগ্‌ভিঃ |
| চতুর্থী | বিষূচে | বিষ্বগ্‌ভ্যাম্ | বিষ্বগ্‌ভ্যঃ |
| পঞ্চমী | বিষূচঃ | বিষ্বগ্‌ভ্যাম্ | বিষ্বগ্‌ভ্যঃ |
| ষষ্ঠী | বিষূচঃ | বিষূচোঃ | বিষূচাম্ |
| সপ্তমী | বিষূচি | বিষূচোঃ | বিষ্বক্ষু |
| সম্বোধন | বিষ্বঙ্ | বিষ্বঞ্চৌ | বিষ্বঞ্চঃ |

অন্বচ্ শব্দেরও এইরূপ।

অদমুয়চ্ শব্দঃ—অদমুয়ঙ্, অদমুয়ঞ্চৌ, অদমুয়ঞ্চঃ। অদমুয়ঞ্চম্, অদমুয়ঞ্চৌ, অদমুঈচ। অদমুঈচা, অদমুয়গ্‌ভ্যাম্···ইত্যাদি। অমুমুয়চ্ শব্দও এইরূপ। দ্বিতীয়ার বহুবচনে—অমুমুঈচঃ। তৃতীয়া—অমুমুঈচা ইত্যাদি।

সুবৃশ্চ্ শব্দ—সুবৃট্ সুবৃশ্চৌ সুবৃশ্চঃ

সুবৃশ্চম্ সুবৃশ্চৌ সুবৃশ্চঃ

সুবৃশ্চা সুবৃড্‌ভ্যাম্ সুবৃড্‌ভিঃ ইত্যাদি। সপ্তমীর বহুবচনে—সুবৃট্‌সু।

জ্-কারান্ত—বণিজ্ ( Merchant )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | বণিক্ | বণিজৌ | বণিজঃ |
| দ্বিতীয়া | বণিজম্ | বণিজৌ | বণিজঃ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| তৃতীয়া | বণিজা | বণিগ্ভ্যাম্ | বণিগ্ভিঃ |
| চতুর্থী | বণিজে | বণিগ্ভ্যাম্ | বণিগ্ভ্যঃ |
| পঞ্চমী | বণিজঃ | বণিগ্ভ্যাম্ | বণিগ্ভ্যঃ |
| ষষ্ঠী | বণিজঃ | বণিজোঃ | বণিজাম্ |
| সপ্তমী | বণিজি | বণিজোঃ | বণিক্ষু |
| সম্বোধন | বণিক্ | বণিজৌ | বণিজঃ |

সম্রাজ্, দেবরাজ্, বিরাজ্, পরিব্রাজ্ প্রভৃতি কয়েকটী শব্দ ভিন্ন সমস্ত জ্-কারান্ত শব্দের ( ৭৯ ) এই রূপ। ( ক )

### সম্রাজ্ ( Emperor )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | সম্রাট্ | সম্রাজৌ | সম্রাজঃ |
| দ্বিতীয়া | সম্রাজম্ | সম্রাজৌ | সম্রাজঃ |
| তৃতীয়া | সম্রাজা | সম্রাড্ভ্যাম্ | সম্রাড্ভিঃ |
| চতুর্থী | সম্রাজে | সম্রাড্ভ্যাম্ | সম্রাড্ভ্যঃ |
| পঞ্চমী | সম্রাজঃ | সম্রাড্ভ্যাম্ | সম্রাড্ভ্যঃ |
| ষষ্ঠী | সম্রাজঃ | সম্রাজোঃ | সম্রাজাম্ |

---

( ৭৯ ) পুংলিঙ্গ—ভিষজ্, ঋত্বিজ্, ভূতিভুজ্, বলিভুজ্, হুতভুজ্, ভূভুজ্, ঊর্জ্, ইত্যাদি। স্ত্রীলিঙ্গ—স্রজ্, রুজ্ ইত্যাদি।

( ক ) "যুজ্ শব্দে প্রভেদ আছে। যথা—যুঙ্, যুঞ্জৌ, যুঞ্জঃ। যুঞ্জম্ যুঞ্জৌ। আর আর বিভক্তিতে বণিজ্ শব্দের মত। সমাস হইলে বণিজ্ শব্দের মত। যথা—সুযুক্। রুধাদি ভিন্ন অন্য যুজ ধাতু হইলেও বণিজ্ শব্দের মত। যথা—যুক্। বিশ্বসৃজ্ শব্দের একবার বণিজ্ শব্দের মত এবং আর একবার সম্রাজ্ শব্দের মত রূপ হয়। যথা, বিশ্বসৃক্, বিশ্বসৃট্। "বিধাতা বিশ্বসৃগ্ বিধিঃ"—অমরকোষ। বিভ্রাজ্, দেবেজ্ ও পরিমৃজ্ শব্দও সম্রাজ্ শব্দের ন্যায়।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| সপ্তমী | সম্রাজি | সম্রাজোঃ | সম্রাট্‌সু |
| সম্বোধন | সম্রাট্ | সম্রাজৌ | সম্রাজঃ |

দেবরাজ্ প্রভৃতি শব্দেরও এই রূপ। ( ক )

## খন্‌জ্ ( Limping )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | খন্ | খঞ্জৌ | খঞ্জঃ |
| দ্বিতীয়া | খঞ্জম্ | খঞ্জৌ | খঞ্জঃ |
| তৃতীয়া | খঞ্জা | খন্‌ভ্যাম্ | খন্‌ভিঃ |
| চতুর্থী | খঞ্জে | খন্‌ভ্যাম্ | খন্‌ভ্যঃ |
| পঞ্চমী | খঞ্জঃ | খন্‌ভ্যাম্ | খন্‌ভ্যঃ |
| ষষ্ঠী | খঞ্জঃ | খঞ্জোঃ | খঞ্জাম্ |
| সপ্তমী | খঞ্জি | খঞ্জোঃ | খন্‌সু |
| সম্বোধন | খন্ | খঞ্জৌ | খঞ্জঃ |

## ভৃস্‌জ্ ( Frying )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | ভৃট্ | ভৃজ্জৌ | ভৃজ্জঃ |
| দ্বিতীয়া | ভৃজ্জম্ | ভৃজ্জৌ | ভৃজ্জঃ |
| তৃতীয়া | ভৃজ্জা | ভৃড্‌ভ্যাম্ | ভৃড্‌ভিঃ |
| চতুর্থী | ভৃজ্জে | ভৃড্‌ভ্যাম্ | ভৃড্‌ভ্যঃ |
| পঞ্চমী | ভৃজ্জঃ | ভৃড্‌ভ্যাম্ | ভৃড্‌ভ্যঃ |
| ষষ্ঠী | ভৃজ্জঃ | ভৃজ্জোঃ | ভৃজ্জাম্ |
| সপ্তমী | ভৃজ্জি | ভৃজ্জোঃ | ভৃট্‌সু |
| সম্বোধন | ভৃট্ | ভৃজ্জৌ | ভৃজ্জঃ |

( ক ) বিশ্বরাজ্-শব্দও এইরূপ। কেবল যেখানে জ্ স্থানে ট্ অথবা ড্ হইবে, সেইখানে বিশ্বা এইরূপ হইবে। যথা—বিশ্বারাট্, বিশ্বারাড্‌ভ্যাম্, বিশ্বারাট্‌সু।

## অবযাজ্ ( Sacrificing badly )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | অবযাঃ | অবযাজৌ | অবযাজঃ |
| দ্বিতীয়া | অবযাজম্ | অবযাজৌ | অবযাজঃ |
| তৃতীয়া | অবযাজা | অবযোভ্যাম্ | অবযোভিঃ |
| চতুর্থী | অবযাজে | অবযোভ্যাম্ | অবযোভ্যঃ |
| পঞ্চমী | অবযাজঃ | অবযোভ্যাম্ | অবযোভ্যঃ |
| ষষ্ঠী | অবযাজঃ | অবযাজোঃ | অবযাজাম্ |
| সপ্তমী | অবযাজি | অবযাজোঃ | অবযঃসু ( অবযস্সু ) |
| সম্বোধন | অবযাঃ, অবযঃ | অবযাজৌ | অবযাজঃ |

## ত্-কারান্ত—ভূভৃৎ (King, Hill )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | ভূভৃৎ | ভূভৃতৌ | ভূভৃতঃ |
| দ্বিতীয়া | ভূভৃতম্ | ভূভৃতৌ | ভূভৃতঃ |
| তৃতীয়া | ভূভৃতা | ভূভৃদ্ভ্যাম্ | ভূভৃদ্ভিঃ |
| চতুর্থী | ভূভৃতে | ভূভৃদ্ভ্যাম্ | ভূভৃদ্ভ্যঃ |
| পঞ্চমী | ভূভৃতঃ | ভূভৃদ্ভ্যাম্ | ভূভৃদ্ভ্যঃ |
| ষষ্ঠী | ভূভৃতঃ | ভূভৃতোঃ | ভূভৃতাম্ |
| সপ্তমী | ভূভৃতি | ভূভৃতোঃ | ভূভৃৎসু |
| সম্বোধন | ভূভৃৎ | ভূভৃতৌ | ভূভৃতঃ |

অৎ, ন্তৎ, মৎ, বৎ, তবৎ ( ক ) প্রত্যয়ান্ত ও মহৎ ভিন্ন সমস্ত ত্-কারান্ত শব্দের ( ৮০ )এই রূপ। অৎ প্রত্যয়ান্ত প্রভৃতি শব্দ স্ত্রীলিঙ্গে

( ক ) অৎ = শতৃ, ন্তৎ = ন্তৃ, মৎ = মতু, বৎ = বতু, তবৎ = ক্তবতু।

( ৮০ ) পুংলিঙ্গ—মহীভৃৎ, বিপশ্চিৎ, মহীক্ষিৎ, দিনকৃৎ, শশভৃৎ, পরভৃৎ, তনূনপাৎ দৎ ইত্যাদি। স্ত্রীলিঙ্গ—সরিৎ, যোষিৎ, তড়িৎ, বিদ্যুৎ, ক্ষুৎ ইত্যাদি।

ত্-কারান্ত থাকে না, দীর্ঘ ঈ-কারান্ত হইয়া যায়; অতএব কেবল পুংলিঙ্গের রূপ প্রদর্শিত হইতেছে। এই সকল শব্দেরও কেবল প্রথমা ও দ্বিতীয়ার একবচন ও দ্বিবচনে প্রভেদ আছে। অন্যান্য সমস্ত বিভক্তিতে ভূভৃৎ-শব্দের তুল্য।

অৎ ও স্তৃৎ প্রত্যয়ান্ত শব্দ।

অৎ ও স্তৃৎ প্রত্যয়ান্ত শব্দের এক রূপ।

## অৎ-প্রত্যয়ান্ত—ধাবৎ ( Running )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ধাবন্ | ধাবন্তৌ | ধাবন্তঃ |
| দ্বিতীয়া | ধাবন্তম্ | ধাবন্তৌ | ধাবতঃ |
| তৃতীয়া | ধাবতা | ধাবদ্ভ্যাম্ | ধাবদ্ভিঃ |
| চতুর্থী | ধাবতে | ধাবদ্ভ্যাম্ | ধাবদ্ভ্যঃ |
| পঞ্চমী | ধাবতঃ | ধাবদ্ভ্যাম্ | ধাবদ্ভ্যঃ |
| ষষ্ঠী | ধাবতঃ | ধাবতোঃ | ধাবতাম্ |
| সপ্তমী | ধাবতি | ধাবতোঃ | ধাবৎসু |
| সম্বোধন | ধাবন্ | ধাবন্তৌ | ধাবন্তঃ |

অভ্যস্ত ধাতুর উত্তর অৎ-প্রত্যয় করিয়া নিষ্পন্ন জাগ্রৎ, শাসৎ, দদৎ, দধৎ, বিভ্রৎ প্রভৃতি কতিপয় শব্দ ভিন্ন যাবতীয় অৎ ও স্তৃৎ প্রত্যয়ান্ত শব্দের (৮১) এই রূপ। জাগ্রৎ প্রভৃতির রূপ ভূভৃৎ শব্দের তুল্য। (ক)

---

(৮১) ভবৎ, কুর্ব্বৎ, গচ্ছৎ, তিষ্ঠৎ, ধ্যায়ৎ, ব্রুবৎ, পিবৎ, জানৎ, গৃহ্ণৎ, ইচ্ছৎ, পশ্যৎ, নৃত্যৎ, গায়ৎ, দ্বিষৎ, করিষ্যৎ, গমিষ্যৎ, স্থাস্যৎ, দাস্যৎ ইত্যাদি। বৃহৎ-শব্দেরও রূপ ধাবৎ শব্দের মত। প্রয়োগ যথা—"শ্যামং বৃহন্তং তরুণং চর্ম্মিণামুত্তমং রণে"—মহাভারত, দ্রৌপদী-যুধিষ্ঠির-সংবাদ। পাণিনীয় উণাদি-সূত্র, যথা—"বর্ত্তমানে পৃষদ্বৃহন্মহজ্জগচ্ছতৃবৎ"। ২৪১

(ক) অৎ অর্থাৎ শতৃ-প্রত্যয়। শতৃ-প্রত্যয়ের শ্ ও ঋ ইৎ হয়, অৎ থাকে।

### মৎ, বৎ, তবৎ প্রত্যয়ান্ত শব্দ।

মৎ-প্রত্যয়ান্ত ( ৮২ ), বৎ-প্রত্যয়ান্ত ( ৮৩ ) এবং তবৎ-প্রত্যয়ান্ত (৮৪) শব্দ সকল অৎ-প্রত্যয়ান্ত ধাবৎ-শব্দের তুল্য। কেবল প্রথমার একবচনে ন-কারের পূর্ব্ববর্ত্তী অ-কার আ-কার হয়, এই মাত্র প্রভেদ। যথা, মৎ-প্রত্যয়ান্ত-শ্রীমৎ শ্রীমান্; ধীমৎ ধীমান্। বৎ-প্রত্যয়ান্ত, জ্ঞানবৎ জ্ঞানবান্; প্রজ্ঞাবৎ প্রজ্ঞাবান্। ( ক ) তবৎ-প্রত্যয়ান্ত, শ্রুতবৎ শ্রুতবান্; কৃতবৎ কৃতবান্ ইত্যাদি। সম্বোধনে অ-কার স্থানে আ-কার হয় না। যথা, শ্রীমন্, ধীমন্ ইত্যাদি।

### মহৎ ( Great )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | মহান্ | মহান্তৌ | মহান্তঃ |
| দ্বিতীয়া | মহান্তম্ | মহান্তৌ | |
| সম্বোধন | মহন্ | | |

অন্যান্য সকল বিভক্তিতে ইহা ভূভৃৎ-শব্দের তুল্য।

---

ন্তৎ অর্থাৎ ন্তৃ-প্রত্যয়, ঋ ইৎ হয়, ন্তৎ থাকে। জক্ষৎ, জাগ্রৎ, দরিদ্রৎ, চকাসৎ ও শাসৎ-এই পাঁচটী শতৃ-প্রত্যয়ান্ত শব্দ ভূভৃৎ-শব্দের মত। জুহোত্যাদি-গণীয় ধাতুর উত্তর শতৃ-প্রত্যয় করিলে যে শব্দ নিষ্পন্ন হয়, তাহারও রূপ ভূভৃৎ-শব্দের তুল্য। যথা—জুহ্বৎ, দদৎ, দধৎ, বিভ্রৎ, বিভ্যৎ ইত্যাদি। যঙ্-লুগন্ত ধাতুর উত্তর শতৃ প্রত্যয় করিলে যে শব্দ নিষ্পন্ন হয়, তাহারও রূপ ভূভৃৎ শব্দের মত। যথা—লেলিহৎ, পাপচৎ ইত্যাদি। "ভাস্বরকঃ সৃক্কণী পরিলেলিহৎ অচিন্তয়ৎ"—হিতোপদেশ।

( ৮২ ) শ্রীমৎ, ধীমৎ, বুদ্ধিমৎ, মন্ত্রিমৎ, ভানুমৎ, সানুমৎ, অংশুমৎ, আয়ুষ্মৎ, ধনুষ্মৎ ইত্যাদি।

( ৮৩ ) জ্ঞানবৎ, প্রজ্ঞাবৎ, লজ্জাবৎ, বিদ্যাবৎ, বলবৎ, ভগবৎ, যুষ্মদর্থ, ভবৎ, যাবৎ, তাবৎ, এতাবৎ, কিয়ৎ, ইয়ৎ, নভস্বৎ, বিকস্বৎ ইত্যাদি।

( ৮৪ ) কৃতবৎ, স্থিতবৎ, জ্ঞাতবৎ, জিতবৎ, শ্রুতবৎ, দৃষ্টবৎ, উক্তবৎ ইত্যাদি।

( ক ) ভগবৎ, অঘবৎ ও যুষ্মদর্থ-ভবৎ শব্দেরও এইরূপ, কেবল সম্বোধন-বিহিত প্রথমার একবচনে আর একটী করিয়া পদ হয়। যথা—হে ভগোঃ, হে ভগবন্; হে অঘোঃ, হে অঘবন্; হে ভোঃ হে ভবন্।

## যকৃৎ ( Liver )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | যকৃৎ | যকৃতী | যকৃন্তি |
| দ্বিতীয়া | যকৃৎ | যকৃতী | যকানি, যকৃন্তি |
| তৃতীয়া | যক্না, যকৃতা | যকভ্যাম্, যকৃদ্‌ভ্যাম্ | যকভিঃ, যকৃদ্ভিঃ |
| চতুর্থী | যক্নে, যকৃতে | যকভ্যাম্, যকৃদ্ভ্যাম্ | যকভ্যঃ, যকৃদ্ভ্যঃ |
| পঞ্চমী | যক্নঃ, যকৃতঃ | যকভ্যাম্, যকৃদ্ভ্যাম্ | যকভ্যঃ, যকৃদ্ভ্যঃ |
| ষষ্ঠী | যক্নঃ, যকৃতঃ | যক্নোঃ, যকৃতোঃ | যক্নাম্, যকৃতাম্ |
| সপ্তমী | যক্নি, যকৃতি | যক্নোঃ, যকৃতোঃ | যকসু, যকৃৎসু |
| সম্বোধন | যকৃৎ, যকৃদ্ | যকৃতী | যকৃন্তি |

## দ্-কারান্ত—সুহৃদ্ ( Friend )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | সুহৃৎ | সুহৃদৌ | সুহৃদঃ |
| দ্বিতীয়া | সুহৃদম্ | সুহৃদৌ | সুহৃদঃ |
| তৃতীয়া | সুহৃদা | সুহৃদ্ভ্যাম্ | সুহৃদ্ভিঃ |
| চতুর্থী | সুহৃদে | সুহৃদ্ভ্যাম্ | সুহৃদ্ভ্যঃ |
| পঞ্চমী | সুহৃদঃ | সুহৃদ্ভ্যাম্ | সুহৃদ্ভ্যঃ |
| ষষ্ঠী | সুহৃদঃ | সুহৃদোঃ | সুহৃদাম্ |
| সপ্তমী | সুহৃদি | সুহৃদোঃ | সুহৃৎসু |
| সম্বোধন | সুহৃৎ | সুহৃদৌ | সুহৃদঃ |

সুপাদ্ প্রভৃতি শব্দ ভিন্ন সমস্ত দ্-কারান্ত শব্দের ( ৮৫ ) এই রূপ।

---

( ৮৫ ) পুংলিঙ্গ—নিরাপদ্, সভাসদ্, দিবিষদ্, উদ্ভিদ্, ইত্যাদি। স্ত্রীলিঙ্গ—আপদ্, সম্পদ্, বিপদ্, উপনিষদ্, ক্ষুদ্, মৃদ্, মুদ্ পরিষদ্, সংসদ্, সংবিদ্, দৃষদ্, শরদ্ ইত্যাদি।

## সুপাদ্ ( Having good feet )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সুপাৎ | সুপাদৌ | সুপাদঃ |
| দ্বিতীয়া | সুপাদম্ | সুপাদৌ | সুপদঃ |
| তৃতীয়া | সুপদা | সুপাদ্ভ্যাম্ | সুপাদ্ভিঃ |
| চতুর্থী | সুপদে | সুপাদ্ভ্যাম্ | সুপাদ্ভ্যঃ |
| পঞ্চমী | সুপদঃ | সুপাদ্ভ্যাম্ | সুপাদ্ভ্যঃ |
| ষষ্ঠী | সুপদঃ | সুপদোঃ | সুপদাম্ |
| সপ্তমী | সুপদি | সুপদোঃ | সুপাৎসু |
| সম্বোধন | সুপাৎ | সুপাদৌ | সুপাদঃ |

যে সকল সমাস-নিষ্পন্ন শব্দের শেষে 'পাদ্' এই ভাগ থাকে, তাহাদের রূপ সুপাদ্ শব্দের মত। যথা, দ্বিপাদ্, ত্রিপাদ্, চতুষ্পাদ্, ব্যাঘ্রপাদ্ ইত্যাদি।

## ধ্-কারান্ত—বীরুধ্ ( Creeper )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | বীরুৎ | বীরুধৌ | বীরুধঃ |
| দ্বিতীয়া | বীরুধম্ | বীরুধৌ | বীরুধঃ |
| তৃতীয়া | বীরুধা | বীরুদ্ভ্যাম্ | বীরুদ্ভিঃ |
| চতুর্থী | বীরুধে | বীরুদ্ভ্যাম্ | বীরুদ্ভ্যঃ |
| পঞ্চমী | বীরুধঃ | বীরুদ্ভ্যাম্ | বীরুদ্ভ্যঃ |
| ষষ্ঠী | বীরুধঃ | বীরুধোঃ | বীরুধাম্ |
| সপ্তমী | বীরুধি | বীরুধোঃ | বীরুৎসু |
| সম্বোধন | বীরুৎ | বীরুধৌ | বীরুধঃ |

বুধ্ শব্দ ভিন্ন সমস্ত ধ্-কারান্ত শব্দের (৮৬) এই রূপ।

(৮৬) ক্ষুধ্, যুধ্, সমিধ্ ইত্যাদি। বীরুধ্, ক্ষুধ্, যুধ্, সমিধ্ ইহারা স্ত্রীলিঙ্গ শব্দ। পুংলিঙ্গ ধ্-কারান্ত শব্দ অতি বিরল।

## বুধ্ ( A learned person )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ভুৎ | বুধৌ | বুধঃ |
| দ্বিতীয়া | বুধম্ | বুধৌ | বুধঃ |
| তৃতীয়া | বুধা | ভুদ্ভ্যাম্ | ভুদ্ভিঃ |
| চতুর্থী | বুধে | ভুদ্ভ্যাম্ | ভুদ্ভ্যঃ |
| পঞ্চমী | বুধঃ | ভুদ্ভ্যাম্ | ভুদ্ভ্যঃ |
| ষষ্ঠী | বুধঃ | বুধোঃ | বুধাম্ |
| সপ্তমী | বুধি | বুধোঃ | ভুৎসু |
| সম্বোধন | ভুৎ | বুধৌ | বুধঃ |

## ন্-কারান্ত শব্দ।

ন্-কারান্ত শব্দ ত্রিবিধ,—ইন্-ভাগান্ত, অন্-ভাগান্ত ও হন্-ভাগান্ত।

### ইন্-ভাগান্ত—গুণিন্ ( Qualified )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | গুণী | গুণিনৌ | গুণিনঃ |
| দ্বিতীয়া | গুণিনম্ | গুণিনৌ | গুণিনঃ |
| তৃতীয়া | গুণিনা | গুণিভ্যাম্ | গুণিভিঃ |
| চতুর্থী | গুণিনে | গুণিভ্যাম্ | গুণিভ্যঃ |
| পঞ্চমী | গুণিনঃ | গুণিভ্যাম্ | গুণিভ্যঃ |
| ষষ্ঠী | গুণিনঃ | গুণিনোঃ | গুণিনাম্ |
| সপ্তমী | গুণিনি | গুণিনোঃ | গুণিষু |
| সম্বোধন | গুণিন্ | গুণিনৌ | গুণিনঃ |

পথিন্, মথিন, ঋভুক্ষিন্ ( ইন্দ্র ) ভিন্ন সমস্ত ইন্-ভাগান্ত শব্দের (৮৭) এই রূপ।

(৮৭) পুংলিঙ্গ—বলিন্, জ্ঞানিন্, মেধাবিন্, তপস্বিন্, মনোহারিন্, একাকিন্, করিন্, পক্ষিন, অর্থিন্, মন্ত্রিন্, বাজিন্, বিষয়িন্, স্বামিন্ ইত্যাদি।

## পথিন্ ( Road )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | পন্থাঃ | পন্থানৌ | পন্থানঃ |
| দ্বিতীয়া | পন্থানম্ | পন্থানৌ | পথঃ |
| তৃতীয়া | পথা | পথিভ্যাম্ | পথিভিঃ |
| চতুর্থী | পথে | পথিভ্যাম্ | পথিভ্যঃ |
| পঞ্চমী | পথঃ | পথিভ্যাম্ | পথিভ্যঃ |
| ষষ্ঠী | পথঃ | পথোঃ | পথাম্ |
| সপ্তমী | পথি | পথোঃ | পথিষু |
| সম্বোধন | পন্থাঃ | পন্থানৌ | পন্থানঃ |

মথিন্ ( A churning stick ) শব্দেরও এই রূপ। ঋভুক্ষিন্-শব্দ পথিন্-শব্দের তুল্য, কেবল ঋভুক্ষাঃ, ঋভুক্ষাণৌ, ঋভুক্ষাণঃ ; ঋভুক্ষাণম্, ঋভুক্ষাণৌ,—এই কয় পদে প্রভেদ আছে। ( ক )

## অন্-ভাগান্ত—লঘিমন্ ( Lightness )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | লঘিমা | লঘিমানৌ | লঘিমানঃ |
| দ্বিতীয়া | লঘিমানম্ | লঘিমানৌ | লঘিম্নঃ |
| তৃতীয়া | লঘিম্না | লঘিমভ্যাম্ | লঘিমভিঃ |
| চতুর্থী | লঘিম্নে | লঘিমভ্যাম্ | লঘিমভ্যঃ |
| পঞ্চমী | লঘিম্নঃ | লঘিমভ্যাম্ | লঘিমভ্যঃ |
| ষষ্ঠী | লঘিম্নঃ | লঘিম্নোঃ | লঘিম্নাম্ |
| সপ্তমী | লঘিম্নি / লঘিমনি | লঘিম্নোঃ | লঘিমসু |
| সম্বোধন | লঘিমন্ | লঘিমানৌ | লঘিমানঃ |

( ক ) দ্বিতীয়ার বহুবচনে—ঋভুক্ষঃ। তৃতীয়া—ঋভুক্ষা। ঋভুক্ষিভ্যাম্ ইত্যাদি।

আত্মন্, যুবন্, মঘবন্ ( ইন্দ্র ), শ্বন্ প্রভৃতি শব্দ ভিন্ন সমস্ত অন্-ভাগান্ত শব্দের ( ৮৮ ) এই রূপ।

## পূষন্ ( Sun )

পূষা পূষণৌ পূষণঃ; পূষণম্ পূষণৌ পূষ্ণঃ। অন্যান্য বিভক্তিতে লঘিমন্-শব্দের মত। কেবল সপ্তমীর একবচনে তিনটী পদ হয়। যথা,—পূষি, পূষ্ণি, পূষণি। ইহা মুগ্ধবোধ ও সারস্বত ব্যাকরণের মত। পাণিনির মতে পূষি হয় না।

## অর্য্যমন্ ( Sun )

অর্য্যমা অর্য্যমণৌ অর্য্যমণঃ; অর্য্যমণম্ অর্য্যমণৌ অর্য্যম্ণঃ। অন্যান্য বিভক্তিতে লঘিমন্-শব্দের মত। কেবল অর্য্যমন্-শব্দে মূর্দ্ধন্য ণ-কার হইবে, এই মাত্র প্রভেদ।

## অর্ব্বন্ ( Horse )

এই শব্দের প্রথমার একবচনে অর্ব্বা। অন্যান্য বিভক্তিতে ন্-স্থানে ত্ হয়, এবং বৎ-প্রত্যয়ান্ত শব্দের মত রূপ হয়। যথা,—অর্ব্বন্তৌ অর্ব্বন্তঃ ইত্যাদি। অনর্ব্বন্-শব্দ আত্মন্-শব্দের মত।

## আত্মন্ ( Self )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | আত্মা | আত্মানৌ | আত্মানঃ |
| দ্বিতীয়া | আত্মানম্ | আত্মানৌ | আত্মনঃ |
| তৃতীয়া | আত্মনা | আত্মভ্যাম্ | আত্মভিঃ |

( ৮৮ ) পুংলিঙ্গ—গরিমন্, প্রথিমন্, ম্রদিমন্, দ্রঢ়িমন্, প্রেমন্, মূর্দ্ধন্, বেমন্, রাজন্ ইত্যাদি। স্ত্রীলিঙ্গ—সীমন্, পামন্ ইত্যাদি।

লঘিমন্ শব্দে যেখানে ম্ন, রাজন্-শব্দে সেইখানে জ্ঞ এইমাত্র প্রভেদ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| চতুর্থী | আত্মনে | আত্মভ্যাম্ | আত্মভ্যঃ |
| পঞ্চমী | আত্মনঃ | আত্মভ্যাম্ | আত্মভ্যঃ |
| ষষ্ঠী | আত্মনঃ | আত্মনোঃ | আত্মনাম্ |
| সপ্তমী | আত্মনি | আত্মনোঃ | আত্মসু |
| সম্বোধন | আত্মন্ | আত্মানৌ | আত্মানঃ |

যে সকল অন্-ভাগান্ত শব্দের অ-কার ম-সংযুক্ত অথবা ব-সংযুক্ত বর্ণে মিলিত থাকে (৮৯), তাহারা আত্মন্-শব্দের তুল্য।

### যুবন্ (Youth)

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | যুবা | যুবানৌ | যুবানঃ |
| দ্বিতীয়া | যুবানম্ | যুবানৌ | যূনঃ |
| তৃতীয়া | যূনা | যুবভ্যাম্ | যুবভিঃ |
| চতুর্থী | যূনে | যুবভ্যাম্ | যুবভ্যঃ |
| পঞ্চমী | যূনঃ | যুবভ্যাম্ | যুবভ্যঃ |
| ষষ্ঠী | যূনঃ | যূনোঃ | যূনাম্ |
| সপ্তমী | যূনি | যূনোঃ | যুবসু |
| সম্বোধন | যুবন্ | যুবানৌ | যুবানঃ |

### মঘবন্ (Indra)

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | মঘবা | মঘবানৌ | মঘবানঃ |
| দ্বিতীয়া | মঘবানম্ | মঘবানৌ | মঘোনঃ |
| তৃতীয়া | মঘোনা | মঘবভ্যাম্ | মঘবভিঃ |
| চতুর্থী | মঘোনে | মঘবভ্যাম্ | মঘবভ্যঃ |

(৮৯) পুংলিঙ্গ—যজ্বন্, যক্ষ্মন্, অশ্মন্, ব্রহ্মন্, দ্বিজন্মন্ ইত্যাদি।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| পঞ্চমী | মঘোনঃ | মঘবভ্যাম্ | মঘবভ্যঃ |
| ষষ্ঠী | মঘোনঃ | মঘোনোঃ | মঘোনাম্ |
| সপ্তমী | মঘোনি | মঘোনোঃ | মঘবসু |
| সম্বোধন | মঘবন্ ( ক ) | মঘবানৌ | মঘবানঃ |

### শ্বন্ ( Dog )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | শ্বা | শ্বানৌ | শ্বানঃ |
| দ্বিতীয়া | শ্বানম্ | শ্বানৌ | শুনঃ |
| তৃতীয়া | শুনা | শ্বভ্যাম্ | শ্বভিঃ |
| চতুর্থী | শুনে | শ্বভ্যাম্ | শ্বভ্যঃ |
| পঞ্চমী | শুনঃ | শ্বভ্যাম্ | শ্বভ্যঃ |
| ষষ্ঠী | শুনঃ | শুনোঃ | শুনাম্ |
| সপ্তমী | শুনি | শুনোঃ | শ্বসু |
| সম্বোধন | শ্বন্ | শ্বানৌ | শ্বানঃ |

### হন্-ভাগান্ত—বৃত্রহন্ ( Indra )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | বৃত্রহা | বৃত্রহণৌ | বৃত্রহণঃ |
| দ্বিতীয়া | বৃত্রহণম্ | বৃত্রহণৌ | বৃত্রঘ্নঃ |
| তৃতীয়া | বৃত্রঘ্না | বৃত্রহভ্যাম্ | বৃত্রহভিঃ |
| চতুর্থী | বৃত্রঘ্নে | বৃত্রহভ্যাম্ | বৃত্রহভ্যঃ |

( ক ) সম্বোধন ভিন্ন সমস্ত বিভক্তিতেই মঘবন্ শব্দের আর একটী করিয়া পদ হয়। তখন মঘবন্ শব্দের ন্ স্থানে ত্ হয়। যথা—মঘবৎ ; এবং বৎ-প্রত্যয়ান্ত শব্দের মত রূপ হয়। যথা—মঘবান্, মঘবন্তৌ, মঘবন্তঃ ইত্যাদি। "তস্মিন্ মঘোনস্ত্রিদশান্ বিহায়"—কুমারসম্ভব

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| পঞ্চমী | বৃত্রঘ্নঃ | বৃত্রহভ্যাম্ | বৃত্রহভ্যঃ |
| ষষ্ঠী | বৃত্রঘ্নঃ | বৃত্রঘ্নোঃ | বৃত্রঘ্নাম্ |
| সপ্তমী | বৃত্রঘ্নি, বৃত্রহণি | বৃত্রঘ্নোঃ | বৃত্রহসু |
| সম্বোধন | বৃত্রহন্ | বৃত্রহণৌ | বৃত্রহণঃ |

সমস্ত হন্-ভাগান্ত শব্দের এই রূপ ( ক )। হন্-ভাগ-স্থানে ঘ্ন হইলে দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না।

## প্-কারান্ত শব্দ।

প-কারান্ত শব্দ অতি বিরল, কেবল স্ত্রীলিঙ্গ অপ্-শব্দের প্রয়োগ দেখিতে পাওয়া যায়। অপ্-শব্দ বহুবচনান্ত।

### অপ্ ( Water )

প্রথমা—আপঃ, দ্বিতীয়া—অপঃ, তৃতীয়া—অদ্ভিঃ, চতুর্থী—অদ্ভ্যঃ, পঞ্চমী—অদ্ভ্যঃ, ষষ্ঠী—অপাম্, সপ্তমী—অপ্সু, সম্বোধন—অপঃ।

## ভ্-কারান্ত—ককুভ্ ( Direction )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | ককুপ্ | ককুভৌ | ককুভঃ |
| দ্বিতীয়া | ককুভম্ | ককুভৌ | ককুভঃ |
| তৃতীয়া | ককুভা | ককুব্ভ্যাম্ | ককুব্ভিঃ |
| চতুর্থী | ককুভে | ককুব্ভ্যাম্ | ককুব্ভ্যঃ |
| পঞ্চমী | ককুভঃ | ককুব্ভ্যাম্ | ককুব্ভ্যঃ |
| ষষ্ঠী | ককুভঃ | ককুভোঃ | ককুভাম্ |

( ক ) হন্-ধাতু-নিষ্পন্ন না হইলে হয় না। যথা—প্লীহন্, দীর্ঘাহন্, অল্পাহন্ ইত্যাদি শব্দ ব্রহ্মন্ শব্দের মত।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| সপ্তমী | ককুভি | ককুভোঃ | ককুপ্সু |
| সম্বোধন | ককুপ্ | ককুভৌ | ককুভঃ |

সমস্ত ভ্-কারান্ত শব্দের ( ৯০ ) এই রূপ।

## রেফান্ত শব্দ।

রেফান্ত শব্দ অতি বিরল; কেবল স্ত্রীলিঙ্গ গির্, পুর্ ও ধুর্ শব্দের প্রয়োগ দেখিতে পাওয়া যায়।

### গির্ ( Word )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | গীঃ | গিরৌ | গিরঃ |
| দ্বিতীয়া | গিরম্ | গিরৌ | গিরঃ |
| তৃতীয়া | গিরা | গীর্ভ্যাম্ | গীর্ভিঃ |
| চতুর্থী | গিরে | গীর্ভ্যাম্ | গীর্ভ্যঃ |
| পঞ্চমী | গিরঃ | গীর্ভ্যাম্ | গীর্ভ্যঃ |
| ষষ্ঠী | গিরঃ | গিরোঃ | গিরাম্ |
| সপ্তমী | গিরি | গিরোঃ | গীর্ষু |
| সম্বোধন | গীঃ | গিরৌ | গিরঃ |

### পুর্ ( Town )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | পূঃ | পুরৌ | পুরঃ |
| দ্বিতীয়া | পুরম্ | পুরৌ | পুরঃ |
| তৃতীয়া | পুরা | পূর্ভ্যাম্ | পূর্ভিঃ |
| চতুর্থী | পুরে | পূর্ভ্যাম্ | পূর্ভ্যঃ |
| পঞ্চমী | পুরঃ | পূর্ভ্যাম্ | পূর্ভ্যঃ |

( ৯০ ) অনুষ্টুভ্, ত্রিষ্টুভ্, ইত্যাদি। ককুভ্; অনুষ্টুভ্, ত্রিষ্টুভ্ ইহারা স্ত্রীলিঙ্গ শব্দ। পুংলিঙ্গ ভ্-কারান্ত শব্দ অতি বিরল।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| ষষ্ঠী | পুরঃ | পুরোঃ | পুরাম্ |
| সপ্তমী | পুরি | পুরোঃ | পূর্ষু |
| সম্বোধন | পূঃ | পুরৌ | পুরঃ |

ধুর্-শব্দ পুর্-শব্দের তুল্য।

## ব্-কারান্ত শব্দ।

অন্তস্থ ব্-কারান্ত শব্দ অতি বিরল, কেবল স্ত্রীলিঙ্গ দিব্-শব্দের প্রয়োগ দেখিতে পাওয়া যায়।

### দিব্ ( Sky, Heaven )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | দ্যৌঃ | দিবৌ | দিবঃ |
| দ্বিতীয়া | দ্যাম্, দিবম্ ( ক ) | দিবৌ | দিবঃ |
| তৃতীয়া | দিবা | দ্যুভ্যাম্ | দ্যুভিঃ |
| চতুর্থী | দিবে | দ্যুভ্যাম্ | দ্যুভ্যঃ |
| পঞ্চমী | দিবঃ | দ্যুভ্যাম্ | দ্যুভ্যঃ |
| ষষ্ঠী | দিবঃ | দিবোঃ | দিবাম্ |
| সপ্তমী | দিবি | দিবোঃ | দ্যুষু |
| সম্বোধন | দ্যৌঃ | দিবৌ | দিবঃ |

( ক ) পাণিনি, সংক্ষিপ্তসার এবং সুপদ্ম ব্যাকরণের মতে দিব্-শব্দের দ্বিতীয়ার একবচনে 'দ্যাম্' হয় না, কেবল দিবম্ এই পদ হয়। মুগ্ধবোধ ও কাতন্ত্রের মতে দুই পদই হয়। পাণিনি প্রভৃতির মতে 'দ্যাম্' পদটী 'দ্যো' শব্দের দ্বিতীয়ার একবচনে। মুগ্ধবোধের টীকাকার দুর্গাদাস ও গঙ্গাধরের মতে 'দ্যো' শব্দের দ্বিতীয়ার একবচনে 'দ্যাম্'; কিন্তু 'অতিদ্যো' শব্দের দ্বিতীয়ার একবচনে অতিদ্যাবম্ ( অতিদ্যাম্ নহে )। কিন্তু দিব্ শব্দের দ্বিতীয়ার একবচনে দিবম্, দ্যাম্; অতিদিব্ শব্দেরও দ্বিতীয়ার একবচনে অতিদ্যাম্, অতিদিবম্। অতএব দিব্-শব্দের দ্বিতীয়ার একবচনে দুইটী পদ না করিলে 'অতিদ্যাম্' পদই হইতে পারে না।

## শ্-কারান্ত—বিশ্ ( Vaisya, Man )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | বিট্ | বিশৌ | বিশঃ |
| দ্বিতীয়া | বিশম্ | বিশৌ | বিশঃ |
| তৃতীয়া | বিশা | বিড্‌ভ্যাম্ | বিড্‌ভিঃ |
| চতুর্থী | বিশে | বিড্‌ভ্যাম্ | বিড্‌ভ্যঃ |
| পঞ্চমী | বিশঃ | বিড্‌ভ্যাম্ | বিড্‌ভ্যঃ |
| ষষ্ঠী | বিশঃ | বিশোঃ | বিশাম্ |
| সপ্তমী | বিশি | বিশোঃ | বিট্‌সু |
| সম্বোধন | বিট্ | বিশৌ | বিশঃ |

দিশ্, দৃশ্, স্পৃশ্, নশ্ ও পুরোডাশ্ ভিন্ন সমস্ত শ্-কারান্ত শব্দের এই রূপ। ( ৯১ )

## দিশ্ ( Cardinal point )—স্ত্রীলিঙ্গ।

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | দিক্ | দিশৌ | দিশঃ |
| দ্বিতীয়া | দিশম্ | দিশৌ | দিশঃ |
| তৃতীয়া | দিশা | দিগ্‌ভ্যাম্ | দিগ্‌ভিঃ |
| চতুর্থী | দিশে | দিগ্‌ভ্যাম্ | দিগ্‌ভ্যঃ |
| পঞ্চমী | দিশঃ | দিগ্‌ভ্যাম্ | দিগ্‌ভ্যঃ |
| ষষ্ঠী | দিশঃ | দিশোঃ | দিশাম্ |
| সপ্তমী | দিশি | দিশোঃ | দিক্ষু |
| সম্বোধন | দিক্ | দিশৌ | দিশঃ |

দৃশ্ ও স্পৃশ্ শব্দ দিশ্-শব্দের ( ৯২ ) তুল্য।

---

( ৯১ ) স্ত্রীলিঙ্গ—নিশ্, বিপাশ্ ইত্যাদি।

( ৯২ ) দৃশ্ ও স্পৃশ্ বিবিধ; স্বতন্ত্র ও অন্যান্য শব্দ সহ মিলিত। পুংলিঙ্গ—ঈদৃশ্, তাদৃশ্, কীদৃশ্, এতাদৃশ্, ভবাদৃশ্, বহুস্পৃশ্ ইত্যাদি। স্ত্রীলিঙ্গ—দৃশ্, সুদৃশ্, মৃগদৃশ্ ইত্যাদি।

## নশ্ ( Destruction )—স্ত্রীলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | নক্, নট্ | নশৌ | নশঃ |
| দ্বিতীয়া | নশম্ | নশৌ | নশঃ |
| তৃতীয়া | নশা | নগ্ভ্যাম্, নড্ভ্যাম্ | নগ্ভিঃ, নড্ভিঃ |
| চতুর্থী | নশে | নগ্ভ্যাম্, নড্ভ্যাম্ | নগ্ভ্যঃ, নড্ভ্যঃ |
| পঞ্চমী | নশঃ | নগ্ভ্যাম্, নড্ভ্যাম্ | নগ্ভ্যঃ, নড্ভ্যঃ |
| ষষ্ঠী | নশঃ | নশোঃ | নশাম্ |
| সপ্তমী | নশি | নশোঃ | নক্ষু, নট্সু |
| সম্বোধন | নক্, নট্ | নশৌ | নশঃ |

## পুরোডাশ্ ( Sacrificial oblation )—পুংলিঙ্গ।

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | পুরোডাঃ | পুরোডাশৌ | পুরোডাশঃ |
| দ্বিতীয়া | পুরোডাশম্ | পুরোডাশৌ | পুরোডাশঃ |
| তৃতীয়া | পুরোডাশা | পুরোডোভ্যাম্ | পুরোডোভিঃ |
| চতুর্থী | পুরোডাশে | পুরোডোভ্যাম্ | পুরোডোভ্যঃ |
| পঞ্চমী | পুরোডাশঃ | পুরোডোভ্যাম্ | পুরোডোভ্যঃ |
| ষষ্ঠী | পুরোডাশঃ | পুরোডাশোঃ | পুরোডাসাম্ |
| সপ্তমী | পুরোডাশি | পুরোডাশোঃ | পুরোডঃসু |
| সম্বোধন | পুরোডাঃ, পুরোডঃ | পুরোডাশৌ | পুরোডাশঃ |

## ষ্-কারান্ত—দ্বিষ্ ( Enemy )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | দ্বিট্ | দ্বিষৌ | দ্বিষঃ |
| দ্বিতীয়া | দ্বিষম্ | দ্বিষৌ | দ্বিষঃ |
| তৃতীয়া | দ্বিষা | দ্বিড্ভ্যাম্ | দ্বিড্ভিঃ |
| চতুর্থী | দ্বিষে | দ্বিড্ভ্যাম্ | দ্বিড্ভ্যঃ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| পঞ্চমী | দ্বিষঃ | দ্বিড্ভ্যাম্ | দ্বিড্ভ্যঃ |
| ষষ্ঠী | দ্বিষঃ | দ্বিষোঃ | দ্বিষাম্ |
| সপ্তমী | দ্বিষি | দ্বিষোঃ | দ্বিট্সু |
| সম্বোধন | দ্বিট্ | দ্বিষৌ | দ্বিষঃ |

প্রায় সমস্ত মূর্দ্ধন্য ষ্-কারান্ত শব্দের ( ৯৩ ) এই রূপ।

## দোষ্ ( Arm ) ( ক )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | দোঃ | দোষৌ | দোষঃ |
| দ্বিতীয়া | দোষম্ | দোষৌ | দোষঃ (খ) |
| তৃতীয়া | দোষা | দোর্ভ্যাম্ | দোর্ভিঃ |
| চতুর্থী | দোষে | দোর্ভ্যাম্ | দোর্ভ্যঃ |
| পঞ্চমী | দোষঃ | দোর্ভ্যাম্ | দোর্ভ্যঃ |
| ষষ্ঠী | দোষঃ | দোষোঃ | দোষাম্ |
| সপ্তমী | দোষি | দোষোঃ | দোঃষু |
| সম্বোধন | দোঃ | দোষৌ | দোষঃ |

( ৯৩ ) পুংলিঙ্গ—অতিরুষ্ ইত্যাদি। স্ত্রীলিঙ্গ—বিষ্, রুষ্, বিপ্রুষ্ ইত্যাদি।

( ক ) দুর্গাদাস, সিদ্ধান্তকৌমুদী ও সংক্ষিপ্তসার ব্যাকরণের মতে দোষ্-শব্দ মূর্দ্ধন্য ষ্-কারান্ত। শ্রীরামতর্কবাগীশ ও কাতন্ত্রের মতে দন্ত্য স্-কারান্ত। অমরকোষের টীকাকার ভরতমল্লিকের মতে দুই প্রকারই হইতে পারে। শ্রীরামতর্কবাগীশ বলেন—যদি দোস্ শব্দ মূর্দ্ধন্য ষ্-কারান্ত হইত, তাহা হইলে দোষ্মান্ এইরূপ পদ হইত না—ষ্-স্থানে ড্ হইয়া যাইত।

( খ ) দ্বিতীয়ার বহুবচন হইতে সপ্তমীর বহুবচন পর্য্যন্ত দোষ্-শব্দের আর একটী করিয়া পদ হয়। তখন দোষ্-শব্দ স্থানে দোষন্ আদেশ হয়, এবং লঘিমন্-শব্দের মত রূপ হয়। যথা, দ্বিতীয়া—দোষ্ণঃ। তৃতীয়া—দোষ্ণা দোষভ্যাম্ দোষভিঃ। সপ্তমী—দোষ্ণি দোষণি, দোষ্ণোঃ দোষসু।

## সজুষ্ ( Helping )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সজূঃ | সজুষৌ | সজুষঃ |
| দ্বিতীয়া | সজুষম্ | সজুষৌ | সজুষঃ |
| তৃতীয়া | সজুষা | সজূর্ভ্যাম্ | সজূর্ভিঃ |
| চতুর্থী | সজুষে | সজূর্ভ্যাম্ | সজূর্ভ্যঃ |
| পঞ্চমী | সজুষঃ | সজূর্ভ্যাম্ | সজূর্ভ্যঃ |
| ষষ্ঠী | সজুষঃ | সজুষোঃ | সজুষাম্ |
| সপ্তমী | সজুষি | সজুষোঃ | সজূঃষু |
| সম্বোধন | সজূঃ | সজুষৌ | সজুষঃ |

## পিপঠিষ্ ( Wishing to read )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | পিপঠীঃ | পিপঠিষৌ | পিপঠিষঃ |
| দ্বিতীয়া | পিপঠিষম্ | পিপঠিষৌ | পিপঠিষঃ |
| তৃতীয়া | পিপঠিষা | পিপঠীর্ভ্যাম্ | পিপঠীর্ভিঃ |
| চতুর্থী | পিপঠিষে | পিপঠীর্ভ্যাম্ | পিপঠীর্ভ্যঃ |
| পঞ্চমী | পিপঠিষঃ | পিপঠীর্ভ্যাম্ | পিপঠীর্ভ্যঃ |
| ষষ্ঠী | পিপঠিষঃ | পিপঠিষোঃ | পিপঠিষাম্ |
| সপ্তমী | পিপঠিষি | পিপঠিষোঃ | পিপঠীঃষু |
| সম্বোধন | পিপঠীঃ | পিপঠিষৌ | পিপঠিষঃ |

## দধৃষ্ ( Defeating )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | দধৃক্, দধৃগ্ | দধৃষৌ | দধৃষঃ |
| দ্বিতীয়া | দধৃষম্ | দধৃষৌ | দধৃষঃ |
| তৃতীয়া | দধৃষা | দধৃগ্ভ্যাম্ | দধৃগ্ভিঃ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| চতুর্থী | দধৃষে | দধৃগ্‌ভ্যাম্ | দধৃগ্‌ভ্যঃ |
| পঞ্চমী | দধৃষঃ | দধৃগ্‌ভ্যাম্ | দধৃগ্‌ভ্যঃ |
| ষষ্ঠী | দধৃষঃ | দধৃষোঃ | দধৃষাম্ |
| সপ্তমী | দধৃষি | দধৃষোঃ | দধৃক্ষু |
| সম্বোধন | দধৃক্, দধৃগ্ | দধৃষৌ | দধৃষঃ |

## পিপক্ষ্ ( Wishing to cook )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | পিপক্, পিপগ্ | পিপক্ষৌ | পিপক্ষঃ |
| দ্বিতীয়া | পিপক্ষম্ | পিপক্ষৌ | পিপক্ষঃ |
| তৃতীয়া | পিপক্ষা | পিপগ্‌ভ্যাম্ | পিপগ্‌ভিঃ |
| চতুর্থী | পিপক্ষে | পিপগ্‌ভ্যাম্ | পিপগ্‌ভ্যঃ |
| পঞ্চমী | পিপক্ষঃ | পিপগ্‌ভ্যাম্ | পিপগ্‌ভ্যঃ |
| ষষ্ঠী | পিপক্ষঃ | পিপক্ষোঃ | পিপক্ষাম্ |
| সপ্তমী | পিপক্ষি | পিপক্ষোঃ | পিপক্ষু |
| সম্বোধন | পিপক্, পিপগ্ | পিপক্ষৌ | পিপক্ষঃ |

যে সকল শব্দের শেষে ক্ষ্ থাকে, তাহাদের রূপ প্রায়ই পিপক্ষ্-শব্দের মত। যথা—দিধক্ষ্ ইত্যাদি। এই ক্ষ্ যদি কোন ধাতুর বা ধাতু-নিষ্পন্ন শব্দের অন্তে থাকে, তাহা হইলে রক্ষ্-ধাতু পিপক্ষ্-শব্দের মত। যথা, গোরক্ষ্-শব্দ—গোরক্। অন্য ধাতু হইলে বিবিক্ষ্-শব্দের মত।

## বিবিক্ষ্ ( Wishing to enter )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | বিবিট্, বিবিড্ | বিবিক্ষৌ | বিবিক্ষঃ |
| দ্বিতীয়া | বিবিক্ষম্ | বিবিক্ষৌ | বিবিক্ষঃ |
| তৃতীয়া | বিবিক্ষা | বিবিড্‌ভ্যাম্ | বিবিড্‌ভিঃ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| চতুর্থী | বিবিক্ষে | বিবিড্ভ্যাম্ | বিবিড্ভ্যঃ |
| পঞ্চমী | বিবিক্ষঃ | বিবিড্ভ্যাম্ | বিবিড্ভ্যঃ |
| ষষ্ঠী | বিবিক্ষঃ | বিবিক্ষোঃ | বিবিক্ষাম্ |
| সপ্তমী | বিবিক্ষি | বিবিক্ষোঃ | বিবিট্সু |
| সম্বোধন | বিবিট্, বিবিড্ | বিবিক্ষৌ | বিবিক্ষঃ |

যে সকল ক্ষ্-ভাগান্ত শব্দের ক্, ষ্ অথবা চ্ এর স্থানে জাত, তাহাদের এই রূপ।

## স্-কারান্ত—বেধস্ ( Creator )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | বেধাঃ | বেধসৌ | বেধসঃ |
| দ্বিতীয়া | বেধসম্ | বেধসৌ | বেধসঃ |
| তৃতীয়া | বেধসা | বেধোভ্যাম্ | বেধোভিঃ |
| চতুর্থী | বেধসে | বেধোভ্যাম্ | বেধোভ্যঃ |
| পঞ্চমী | বেধসঃ | বেধোভ্যাম্ | বেধোভ্যঃ |
| ষষ্ঠী | বেধসঃ | বেধসোঃ | বেধসাম্ |
| সপ্তমী | বেধসি | বেধসোঃ | বেধঃসু |
| সম্বোধন | বেধঃ | বেধসৌ | বেধসঃ |

বিদ্বস্, জগ্মিবস্, লঘীয়স্, আশিস্, পুম্স্ প্রভৃতি কতকগুলি শব্দ ভিন্ন প্রায় সমস্ত স্-কারান্ত শব্দের ( ৯৪ ) এই রূপ ( ক )। উশনস্-শব্দ বেধস্-

( ৯৪ ) পুংলিঙ্গ—চন্দ্রমস্, প্রচেতস্, দিবৌকস্, বিমনস্, দুর্ম্মনস্, বিহায়স্ ইত্যাদি। স্ত্রীলিঙ্গ—সুমনস্, অপ্সরস্ ইত্যাদি। সুমনস্ ও অপ্সরস্ শব্দ বহুবচনান্ত। অপ্সরস্ শব্দ কখন কখন একবচনেও প্রযুক্ত হয়। যথা—"মেনকা নাম অপ্সরাঃ প্রেষিতা নিয়মবিঘ্নকারিণী"—শকুন্তলা। "একাপ্সরঃপ্রার্থিতয়োর্বিবাদঃ"—রঘুবংশ

( ক ) অস্-ভাগান্ত শব্দের শেষ ভাগ ধাতু হইলে প্রথমার একবচনে আ-কার হয়

শব্দের তুল্য, কেবল প্রথমার একবচনে বিসর্গ হয় না, এবং সম্বোধনে ৩টী পদ হয়, এই মাত্র প্রভেদ আছে। যথা, প্রথমার একবচনে উশনা; সম্বোধনে—উশন, উশনন্, উশনঃ। (ক)

## বিদ্বস্ ( Learned )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | বিদ্বান্ | বিদ্বাংসৌ | বিদ্বাংসঃ |
| দ্বিতীয়া | বিদ্বাংসম্ | বিদ্বাংসৌ | বিদুষঃ |
| তৃতীয়া | বিদুষা | বিদ্বদ্ভ্যাম্ | বিদ্বদ্ভিঃ |
| তুর্থী | বিদুষে | বিদ্বদ্ভ্যাম্ | বিদ্বদ্ভ্যঃ |
| ঞ্চমী | বিদুষঃ | বিদ্বদ্ভ্যাম্ | বিদ্বদ্ভ্যঃ |
| ষ্ঠী | বিদুষঃ | বিদুষোঃ | বিদুষাম্ |
| প্তমী | বিদুষি | বিদুষোঃ | বিদ্বৎসু |
| ম্বোধন | বিদ্বন্ | বিদ্বাংসৌ | বিদ্বাংসঃ |

## জগ্মিবস্ ( Gone, Departed )

| | | | |
|---|---|---|---|
| থমা | জগ্মিবান্ | জগ্মিবাংসৌ | জগ্মিবাংসঃ |
| তীয়া | জগ্মিবাংসম্ | জগ্মিবাংসৌ | জগ্মুষঃ |
| তীয়া | জগ্মুষা | জগ্মিবদ্ভ্যাম্ | জগ্মিবদ্ভিঃ |
| তুর্থী | জগ্মুষে | জগ্মিবদ্ভ্যাম্ | জগ্মিবদ্ভ্যঃ |
| ঞ্চমী | জগ্মুষঃ | জগ্মিবদ্ভ্যাম্ | জগ্মিবদ্ভ্যঃ |
| ষ্ঠী | জগ্মুষঃ | জগ্মুষোঃ | জগ্মুষাম্ |

---

[illegible] যথা,—সুবস্—সুবঃ ( সুবাঃ নহে )। এইরূপ পিণ্ডগ্রস্ ইত্যাদি। অন্যান্য বিভক্তিতে বেধস্-শব্দের মত।

(ক) পুরুদংশস্ ও অনেহস্ শব্দের রূপ সম্বোধন ভিন্ন অন্য বিভক্তিতে উশনস্-শব্দের তুল্য। সম্বোধনে বেধস্-শব্দের মত।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| সপ্তমী | জগ্মুষি | জগ্মুষোঃ | জগ্মিবৎসু |
| সম্বোধন | জগ্মিবন্ | জগ্মিবাংসৌ | জগ্মিবাংসঃ |

যাবতীয় বস্-প্রত্যয়-নিষ্পন্ন শব্দের ( ৯৫ ) এই রূপ ( ক )।

## লঘীয়স্ ( Very light )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | লঘীয়ান্ | লঘীয়াংসৌ | লঘীয়াংসঃ |
| দ্বিতীয়া | লঘীয়াংসম্ | লঘীয়াংসৌ | লঘীয়সঃ |
| তৃতীয়া | লঘীয়সা | লঘীয়োভ্যাম্ | লঘীয়োভিঃ |
| চতুর্থী | লঘীয়সে | লঘীয়োভ্যাম্ | লঘীয়োভ্যঃ |
| পঞ্চমী | লঘীয়সঃ | লঘীয়োভ্যাম্ | লঘীয়োভ্যঃ |
| ষষ্ঠী | লঘীয়সঃ | লঘীয়সোঃ | লঘীয়সাম্ |
| সপ্তমী | লঘীয়সি | লঘীয়সোঃ | লঘীয়ঃসু |
| সম্বোধন | লঘীয়ন্ | লঘীয়াংসৌ | লঘীয়াংসঃ |

যাবতীয় ঈয়স্-প্রত্যয়-নিষ্পন্ন শব্দের ( ৯৬ ) এই রূপ।

## ধ্বস্ ( What is destroyed )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | ধ্বৎ | ধ্বসৌ | ধ্বসঃ |
| দ্বিতীয়া | ধ্বসম্ | ধ্বসৌ | ধ্বসঃ |

( ৯৫ ) পুংলিঙ্গ—নিষেদিবস্, তস্থিবস্, পেচিবস্ ইত্যাদি। বস্-ভাগান্ত শব্দ স্ত্রীলিঙ্গে স্-কারান্ত থাকে না।

( ক ) বস্ অর্থাৎ ক্বসু প্রত্যয়। জগন্বস্ শব্দ—জগন্বান্ জগন্বাংসৌ জগন্বাংসঃ। জগন্বাংসম্ জগন্বাংসৌ জগ্মুষঃ। জগ্মুষা জগন্বদ্ভ্যাম্ ইত্যাদি। শুশ্রুবস্-শব্দে কিছু প্রভেদ আছে :—দ্বিতীয়ার বহুবচন—শুশ্রুবুষঃ। তৃতীয়া—শুশ্রুবুষা শুশ্রুবদ্ভ্যাম্ শুশ্রুবদ্ভিঃ। শুশ্রুবুষে ইত্যাদি।

( ৯৬ ) পুংলিঙ্গ—গরীয়স্, দ্রঢ়ীয়স্, স্থেয়স্, প্রেয়স্, জ্যায়স্, কনীয়স্, যবীয়স্, শ্রেয়স্ ইত্যাদি। ঈয়স্-প্রত্যয়-নিষ্পন্ন শব্দ স্ত্রীলিঙ্গে স্-কারান্ত থাকে না।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| তৃতীয়া | ধ্বসা | ধ্বদ্ভ্যাম্ | ধ্বদ্ভিঃ |
| চতুর্থী | ধ্বসে | ধ্বদ্ভ্যাম্ | ধ্বদ্ভ্যঃ |
| পঞ্চমী | ধ্বসঃ | ধ্বদ্ভ্যাম্ | ধ্বদ্ভ্যঃ |
| ষষ্ঠী | ধ্বসঃ | ধ্বসোঃ | ধ্বসাম্ |
| সপ্তমী | ধ্বসি | ধ্বসোঃ | ধ্বৎসু |
| সম্বোধন | ধ্বৎ, ধ্বদ্ | ধ্বসৌ | ধ্বসঃ |

স্রস্-শব্দেরও এই রূপ।

## উক্থশাস্ ( Performing a religious sacrifice )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | উক্থশাঃ | উক্থশাসৌ | উক্থশাসঃ |
| দ্বিতীয়া | উক্থশাসম্ | উক্থশাসৌ | উক্থশাসঃ |
| তৃতীয়া | উক্থশাসা | উক্থশোভ্যাম্ | উক্থশোভিঃ |
| চতুর্থী | উক্থশাসে | উক্থশোভ্যাম্ | উক্থশোভ্যঃ |
| পঞ্চমী | উক্থশাসঃ | উক্থশোভ্যাম্ | উক্থশোভ্যঃ |
| ষষ্ঠী | উক্থশাসঃ | উক্থশাসোঃ | উক্থশাসাম্ |
| সপ্তমী | উক্থশাসি | উক্থশাসোঃ | উক্থশঃসু |
| সম্বোধন | উক্থশাঃ, উক্থশঃ | উক্থশাসৌ | উক্থশাসঃ |

## আশিস্ ( Blessing )—স্ত্রীলিঙ্গ। ( ক )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | আশীঃ | আশিষৌ | আশিষঃ |
| দ্বিতীয়া | আশিষম্ | আশিষৌ | আশিষঃ |

( ক ) অমরসিংহ ও শ্রীরামতর্কবাগীশের মতে আশিস্ শব্দ দন্ত্য স্-কারান্ত। দুর্গাদাসের মতে মূর্দ্ধন্য ষ্-কারান্ত। দুর্গাদাস বলেন পাণিনি, দুর্গসিংহ এবং শ্রীপতি দত্তের এই মত। বোপদেব সজুষ্ শব্দের উদাহরণ দিয়া পরক্ষণেই বলিয়াছেন "এবমাশীঃ" অর্থাৎ আশিষ্-শব্দও এইরূপ। ইহা দ্বারা বোধ হয় যে, আশিষ্-শব্দ বোপদেবের মতেও মূর্দ্ধন্য ষ্-কারান্ত।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| তৃতীয়া | আশিষা | আশীর্ভ্যাম্ | আশীর্ভিঃ |
| চতুর্থী | আশিষে | আশীর্ভ্যাম্ | আশীর্ভ্যঃ |
| পঞ্চমী | আশিষঃ | আশীর্ভ্যাম্ | আশীর্ভ্যঃ |
| ষষ্ঠী | আশিষঃ | আশিষোঃ | আশিষাম্ |
| সপ্তমী | আশিষি | আশিষোঃ | আশীঃষু |
| সম্বোধন | আশীঃ | আশিষৌ | আশিষঃ |

## সুপিস্ ( Going )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | সুপীঃ | সুপিসৌ | সুপিসঃ |
| দ্বিতীয়া | সুপিসম্ | সুপিসৌ | সুপিসঃ |
| তৃতীয়া | সুপিসা | সুপীর্ভ্যাম্ | সুপীর্ভিঃ |
| চতুর্থী | সুপিসে | সুপীর্ভ্যাম্ | সুপীর্ভ্যঃ |
| পঞ্চমী | সুপিসঃ | সুপীর্ভ্যাম্ | সুপীর্ভ্যঃ |
| ষষ্ঠী | সুপিসঃ | সুপিসোঃ | সুপিসাম্ |
| সপ্তমী | সুপিসি | সুপিসোঃ | সুপীঃষু |
| সম্বোধন | সুপীঃ | সুপিসৌ | সুপিসঃ |

## সুতুস্ ( Sounding )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | সুতূঃ | সুতুসৌ | সুতুসঃ |
| দ্বিতীয়া | সুতুসম্ | সুতুসৌ | সুতুসঃ |
| তৃতীয়া | সুতুসা | সুতূর্ভ্যাম্ | সুতূর্ভিঃ |
| চতুর্থী | সুতুসে | সুতূর্ভ্যাম্ | সুতূর্ভ্যঃ |
| পঞ্চমী | সুতুসঃ | সুতূর্ভ্যাম | সুতূর্ভ্যঃ |
| ষষ্ঠী | সুতুসঃ | সুতুসোঃ | সুতুসাম্ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| সপ্তমী | সুতুসি | সুতুসোঃ | সুতুঃষু |
| সম্বোধন | সুতুঃ | সুতুসৌ | সুতুসঃ |

সুহিন্‌স্ ( Wishing much to kill )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | সুহিন্ | সুহিংসৌ | সুহিংসঃ |
| দ্বিতীয়া | সুহিংসম্ | সুহিংসৌ | সুহিংসঃ |
| তৃতীয়া | সুহিংসা | সুহিন্‌ভ্যাম্ | সুহিন্‌ভিঃ |
| চতুর্থী | সুহিংসে | সুহিন্‌ভ্যাম্ | সুহিন্‌ভ্যঃ |
| পঞ্চমী | সুহিংসঃ | সুহিন্‌ভ্যাম্ | সুহিন্‌ভ্যঃ |
| ষষ্ঠী | সুহিংসঃ | সুহিংসোঃ | সুহিংসাম্ |
| সপ্তমী | সুহিংসি | সুহিংসোঃ | সুহিন্‌সু |
| সম্বোধন | সুহিন্ | সুহিংসৌ | সুহিংসঃ |

পুম্‌স্ ( Male being )—পুংলিঙ্গ।

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | পুমান্ | পুমাংসৌ | পুমাংসঃ |
| দ্বিতীয়া | পুমাংসম্ | পুমাংসৌ | পুংসঃ |
| তৃতীয়া | পুংসা | পুংভ্যাম্, পুম্ভ্যাম্ | পুংভিঃ, পুম্ভিঃ |
| চতুর্থী | পুংসে | পুংভ্যাম্, পুম্ভ্যাম্ | পুংভ্যঃ, পুম্ভ্যঃ |
| পঞ্চমী | পুংসঃ | পুংভ্যাম্, পুম্ভ্যাম্ | পুংভ্যঃ, পুম্ভ্যঃ |
| ষষ্ঠী | পুংসঃ | পুংসোঃ | পুংসাম্ |
| সপ্তমী | পুংসি | পুংসোঃ | পুংসু |
| সম্বোধন | পুমন্ | পুমাংসৌ | পুমাংসঃ |

হ্‌-কারান্ত—মধুলিহ্ ( Bee )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | মধুলিট্ | মধুলিহৌ | মধুলিহঃ |
| দ্বিতীয়া | মধুলিহম্ | মধুলিহৌ | মধুলিহঃ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| তৃতীয়া | মধুলিহা | মধুলিড্ভ্যাম্ | মধুলিড্ভিঃ |
| চতুর্থী | মধুলিহে | মধুলিড্ভ্যাম্ | মধুলিড্ভ্যঃ |
| পঞ্চমী | মধুলিহঃ | মধুলিড্ভ্যাম্ | মধুলিড্ভ্যঃ |
| ষষ্ঠী | মধুলিহঃ | মধুলিহোঃ | মধুলিহাম্ |
| সপ্তমী | মধুলিহি | মধুলিহোঃ | মধুলিট্সু |
| সম্বোধন | মধুলিট্ | মধুলিহৌ | মধুলিহঃ |

উপানহ্, অনডুহ্ প্রভৃতি কতকগুলি শব্দ ভিন্ন সমস্ত পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ হ্-কারান্ত শব্দের ( ৯৭ ) এই রূপ।

### উপানহ্ ( Shoe )—স্ত্রীলিঙ্গ।

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | উপানৎ | উপানহৌ | উপানহঃ |
| দ্বিতীয়া | উপানহম্ | উপানহৌ | উপানহঃ |
| তৃতীয়া | উপানহা | উপানদ্ভ্যাম্ | উপানদ্ভিঃ |
| চতুর্থী | উপানহে | উপানদ্ভ্যাম্ | উপানদ্ভ্যঃ |
| পঞ্চমী | উপানহঃ | উপানদ্ভ্যাম্ | উপানদ্ভ্যঃ |
| ষষ্ঠী | উপানহঃ | উপানহোঃ | উপানহাম্ |
| সপ্তমী | উপানহি | উপানহোঃ | উপানৎসু |
| সম্বোধন | উপানৎ | উপানহৌ | উপানহঃ |

### অনডুহ্ ( Ox, Bull )—পুংলিঙ্গ।

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | অনড্বান্ | অনড্বাহৌ | অনড্বাহঃ |
| দ্বিতীয়া | অনড্বাহম্ | অনড্বাহৌ | অনডুহঃ |
| তৃতীয়া | অনডুহা | অনডুদ্ভ্যাম্ | অনডুদ্ভিঃ |

( ৯৭ ) পুংলিঙ্গ—তুরাসাহ্ ইত্যাদি। ষত্ব-বিধানে ১৬৬ সূত্র দেখ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| চতুর্থী | অনডুহে | অনডুদ্ভ্যাম্ | অনডুদ্ভ্যঃ |
| পঞ্চমী | অনডুহঃ | অনডুদ্ভ্যাম্ | অনডুদ্ভ্যঃ |
| ষষ্ঠী | অনডুহঃ | অনডুহোঃ | অনডুহাম্ |
| সপ্তমী | অনডুহি | অনডুহোঃ | অনডুৎসু |
| সম্বোধন | অনড্বন্ | অনড্বাহৌ | অনড্বাহঃ |

## দুহ্ ( Milking )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | ধুক্, ধুগ্ | দুহৌ | দুহঃ |
| দ্বিতীয়া | দুহম্ | দুহৌ | দুহঃ |
| তৃতীয়া | দুহা | ধুগ্‌ভ্যাম্ | ধুগ্‌ভিঃ |
| চতুর্থী | দুহে | ধুগ্‌ভ্যাম্ | ধুগ্‌ভ্যঃ |
| পঞ্চমী | দুহঃ | ধুগ্‌ভ্যাম্ | ধুগ্‌ভ্যঃ |
| ষষ্ঠী | দুহঃ | দুহোঃ | দুহাম্ |
| সপ্তমী | দুহি | দুহোঃ | ধুক্ষু |
| সম্বোধন | ধুক্, ধুগ্ | দুহৌ | দুহঃ |

দ্রুহ্ ভিন্ন দ্-কারাদি হ্-কারান্ত শব্দের এই রূপ।

## দ্রুহ্ ( Wishing to kill or injure )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | ধ্রুক্, ধ্রুগ্ / ধ্রুট্, ধ্রুড্ | দ্রুহৌ | দ্রুহঃ |
| দ্বিতীয়া | দ্রুহম্ | দ্রুহৌ | দ্রুহঃ |
| তৃতীয়া | দ্রুহা | ধ্রুগ্‌ভ্যাম্, ধ্রুড্‌ভ্যাম্ | ধ্রুগ্‌ভিঃ, ধ্রুড্‌ভিঃ |
| চতুর্থী | দ্রুহে | ধ্রুগ্‌ভ্যাম্, ধ্রুড্‌ভ্যাম্ | ধ্রুগ্‌ভ্যঃ, ধ্রুড্‌ভ্যঃ |
| পঞ্চমী | দ্রুহঃ | ধ্রুগ্‌ভ্যাম্, ধ্রুড ভ্যাম্ | ধ্রুগ্‌ভ্যঃ, ধ্রুড্‌ভ্যঃ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| | দ্রুহঃ | দ্রুহোঃ | দ্রুহাম্ |
| সপ্তমী | দ্রুহি | দ্রুহোঃ | ধ্রুক্ষু, ধ্রুট্‌সু |
| সম্বোধন | ধ্রুক্, ধ্রুগ্, ধ্রুট্, ধ্রুড্ | দ্রুহৌ | দ্রুহঃ |

## মুহ্ ( Becoming senseless )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | মুক্, মুগ্, মুট্, মুড্ | মুহৌ | মুহঃ |
| দ্বিতীয়া | মুহং | মুহৌ | মুহঃ |
| তৃতীয়া | মুহা | মুগ্‌ভ্যাম্, মুড্‌ভ্যাম্ | মুগ্‌ভিঃ, মুড্‌ভিঃ |
| চতুর্থী | মুহে | মুগ্‌ভ্যাম্, মুড্‌ভ্যাম্ | মুগ্‌ভ্যঃ, মুড্‌ভ্যঃ |
| পঞ্চমী | মুহঃ | মুগ্‌ভ্যাম্, মুড্‌ভ্যাম্ | মুগ্‌ভ্যঃ, মুড্‌ভ্যঃ |
| ষষ্ঠী | মুহঃ | মুহোঃ | মুহাম্ |
| সপ্তমী | মুহি | মুহোঃ | মুক্ষু, মুট্‌সু |
| সম্বোধন | মুক্, মুগ্, মুট্, মুড্ | মুহৌ | মুহঃ |

## বিশ্ববাহ্ ( Carrying the universe )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | বিশ্ববাট্, বিশ্ববাড্ | বিশ্ববাহৌ | বিশ্ববাহঃ |
| দ্বিতীয়া | বিশ্ববাহম্ | বিশ্ববাহৌ | বিশ্বৌহঃ |
| তৃতীয়া | বিশ্বৌহা | বিশ্ববাড্‌ভ্যাম্ | বিশ্ববাড্‌ভিঃ |
| চতুর্থী | বিশ্বৌহে | বিশ্ববাড্‌ভ্যাম্ | বিশ্ববাড্‌ভ্যঃ |
| | বিশ্বৌহঃ | বিশ্ববাড্‌ভ্যাম্ | বিশ্ববাড্‌ভ্যঃ |
| | বিশ্বৌহঃ | বিশ্বৌহোঃ | বিশ্বৌহাম্ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| সপ্তমী | বিশ্বৌহি | বিশ্বৌহোঃ | বিশ্ববাট্‌সু |
| সম্বোধন | বিশ্ববাট্, বিশ্ববাড্ | বিশ্ববাহৌ | বিশ্ববাহঃ |

শ্বেতবাহ্ ভিন্ন অ-কারান্ত শব্দের পরস্থিত বাহ্-ভাগান্ত শব্দের এই রূপ। বার্বাহ্-শব্দের এই রূপ। প্রথমা—বার্বাট্। দ্বিতীয়ার বহুবচনে—বারৌহঃ ইত্যাদি।

## ভূবাহ্ ( Maintaining the earth )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | ভূবাট্, ভূবাড্ | ভূবাহৌ | ভূবাহঃ |
| দ্বিতীয়া | ভূবাহম্ | ভূবাহৌ | ভূহঃ |
| তৃতীয়া | ভূহা | ভূবাড্ভ্যাম্ | ভূবাড্ভিঃ |
| চতুর্থী | ভূহে | ভূবাড্ভ্যাম্ | ভূবাড্ভ্যঃ |
| পঞ্চমী | ভূহঃ | ভূবাড্ভ্যাম্ | ভূবাড্ভ্যঃ |
| ষষ্ঠী | ভূহঃ | ভূহোঃ | ভূহাম্ |
| সপ্তমী | ভূহি | ভূহোঃ | ভূবাট্‌সু |
| সম্বোধন | ভূবাট্, ভূবাড্ | ভূবাহৌ | ভূবাহঃ |

অ-কার ভিন্ন স্বরবর্ণের পরস্থিত বাহ্-ভাগান্ত শব্দের এইরূপ। যথা,—শালিবাহ্,—প্রভৃতি। দ্বিতীয়ার বহুবচনে—শাল্যূহঃ ইত্যাদি। পাণিনি ও সংক্ষিপ্তসারের মতে ভূবাট্, শালিবাট্ প্রভৃতি পদ হয় না। তাঁহাদিগের মতে অ-কারান্ত শব্দের পরস্থিত না হইলে বহ্-ধাতুর উত্তর ণিণ্ প্রত্যয় করিয়া বাহ্-শব্দ হয় না।

## শ্বেতবাহ্ ( Indra )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | শ্বেতবাঃ | শ্বেতবাহৌ | শ্বেতবাহঃ |
| দ্বিতীয়া | শ্বেতবাহম্ | শ্বেতবাহৌ | শ্বেতৌহঃ, শ্বেতবাহঃ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| তৃতীয়া | শ্বেতৌহা, শ্বেতবাহা | শ্বেতবোভ্যাম্ | শ্বেতবোভিঃ |
| চতুর্থী | শ্বেতৌহে, শ্বেতবাহে | শ্বেতবোভ্যাম্ | শ্বেতবোভ্যঃ |
| পঞ্চমী | শ্বেতৌহঃ, শ্বেতবাহঃ | শ্বেতবোভ্যাম্ | শ্বেতবোভ্যঃ |
| ষষ্ঠী | শ্বেতৌহঃ, শ্বেতবাহঃ | শ্বেতৌহোঃ,শ্বেতবাহোঃ | শ্বেতৌহাম্,শ্বেতবাহাম্ |
| সপ্তমী | শ্বেতৌহি, শ্বেতবাহি | শ্বেতৌহোঃ,শ্বেতবাহোঃ | শ্বেতবঃসু |
| সম্বোধন | শ্বেতবাঃ, শ্বেতবঃ | শ্বেতবাহৌ | শ্বেতবাহঃ |

## প্রশ্ন ( ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ শব্দ )

১। সংশোধন কর :—বণিকস্য, সম্রাটেন, ভূভৃতায়, শাসন্তৌ, দদন্তম্, জাগ্রন্তঃ, শ্রীমান্তৌ, মহন্তম্, সুহৃদানাম্, হে শ্রীমান্, গুণীঃ, জ্ঞানীনঃ, পথস্য, রাজৈঃ, আত্মনম্, যুবান্, যুবানাম্, শ্বানাম্, বৃত্রহাণাম্, অপৈঃ, অপম্, গিঃসু, দিবেষু, দিকাৎ, বেধসৈঃ, বিদ্বানেন, আশীভিঃ, পুংষু, অনডুহম্, অনডুহেষু। ২। নিম্ন-লিখিত পদগুলি কি কি শব্দের কোন্ কোন্ বিভক্তিতে হয় ? প্রতীচঃ, উদীচোঃ, তিরশ্চঃ, সম্রাজঃ, ভূভৃতঃ, ধাবতঃ, সুহৃদোঃ, বীরুধঃ, গুণিনে, পথঃ, লঘিম্নঃ, আত্মনি, যূনা, মঘোনাম্, শুনি, বৃত্রঘ্নঃ, ককুপ্সু, পুরঃ, দ্যুভ্যঃ, বিট্সু, দিক্ষু, দ্বিষি, বেধসাম্, দোর্ভ্যাঃ, বিদুষঃ, জগ্মুষঃ, আশীঃষুঃ, পুংসঃ, অনডুহঃ। ৩। ত্-কারান্ত শব্দ কয় প্রকার ? ইহাদের রূপগত পার্থক্য দেখাও। ৪। ন্-কারান্ত শব্দ কয় প্রকার ? ইহাদের রূপগত পার্থক্য দেখাও। ৫। পুম্স্ শব্দের কোন্ কোন্ বিভক্তিতে দুইটী করিয়া পদ হয় ? ৬। বেধস্ শব্দের মত রূপ হয়, এরূপ ৫টী শব্দের নাম কর। ৭। নিম্ন-লিখিত পদগুলির বিকল্পে আর কি কি পদ হইতে পারে ? দিবম্, লঘিম্নি, দোষঃ, মঘোনঃ, পুংভিঃ, বৃত্রহণি। ৮। তির্য্যচ্ ও তির্য্যঞ্চ্ শব্দের রূপ কর। ৯। প্রত্যচ্, প্রাচ্ ও উদচ্ শব্দের প্রথমা ও সপ্তমীর রূপ কর। ১০। ভূভৃৎ শব্দের মত রূপ হয়, এরূপ ৫টী শব্দের নাম কর। ১১। বৃহৎ শব্দের রূপ কোন্ শব্দের তুল্য ? ১২। দোষ্, বিদ্বস্, লঘীয়স্ ও পুম্স্ শব্দের দ্বিতীয়া ও সপ্তমী বিভক্তির রূপ কর। ১৩। "দোষ্" ও "আশিষ্" শব্দের ষ্ মূর্দ্ধন্য বা দন্ত্য ? যদি দুই প্রকারই হয়, তাহা হইলে তাহাদের রূপগত পার্থক্য আছে কি না ?

## ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ শব্দ

## ( Neuter bases ending in Consonants )

ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ শব্দ পুংলিঙ্গ শব্দের তুল্য; কেবল প্রথমা ও দ্বিতীয়ায় প্রভেদ আছে। অতএব কেবল প্রথমা ও দ্বিতীয়ারই রূপ প্রদর্শিত হইতেছে। যে স্থলে পুংলিঙ্গের সহিত সর্ব্বাংশে ঐক্য না হইবে, সেই স্থলে সকল বিভক্তিরই রূপ প্রদর্শিত হইবে।

### চ্-কারান্ত—প্রাচ্ ( Eastern )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | প্রাক্ | প্রাচী | প্রাঞ্চি |
| দ্বিতীয়া | প্রাক্ | প্রাচী | প্রাঞ্চি |
| সম্বোধন | প্রাক্ | | |

অন্যান্য বিভক্তিতে জলমুচ্-শব্দের মত। প্রত্যচ্, তির্য্যচ্, উদচ্ ভিন্ন সমস্ত চ্-কারান্ত শব্দ প্রাচ্-শব্দের তুল্য।

### প্রত্যচ্ ( Western )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | প্রত্যক্ | প্রতীচী | প্রত্যঞ্চি |
| দ্বিতীয়া | প্রত্যক্ | প্রতীচী | প্রত্যঞ্চি |
| সম্বোধন | প্রত্যক্ | | |

### তির্য্যচ্ ( Oblique )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | তির্য্যক্ | তিরশ্চী | তির্য্যঞ্চি |
| দ্বিতীয়া | তির্য্যক্ | তিরশ্চী | তির্য্যঞ্চি |
| সম্বোধন | তির্য্যক্ | | |

### উদচ্ ( Northern )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | উদক্ | উদীচী | উদঞ্চি |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| দ্বিতীয়া | উদক্ | উদীচী | উদঞ্চি |
| সম্বোধন | উদক্ | | |

## জ্-কারান্ত—অসৃজ্ (Blood)

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | অসৃক্ | | অসৃঞ্জি |
| দ্বিতীয়া | অসৃক্ | | অসৃঞ্জি (ক) |
| সম্বোধন | অসৃক্ | | |

অন্যান্য বিভক্তিতে স্রজ্-শব্দের তুল্য। প্রায় সমস্ত জ্-কারান্ত শব্দের এই রূপ।

| শব্দ | প্রথমার একবচন | প্রথমার দ্বিবচন | প্রথমার বহুবচন |
|---|---|---|---|
| গবাচ্ | গবাক্ | গোচী | গবাঞ্চি |
| গোঅচ্ | গোঅক্ | গোচী | গোঅঞ্চি |
| গোঽচ্ | গোঽক্ | গোচী | গোঽঞ্চি |
| গবাঞ্চ্ | গবাঙ্ | গবাঞ্চী | গবাঞ্চি |
| গোঅঞ্চ্ | গোঅঙ্ | গোঅঞ্চী | গোঅঞ্চি |
| গোঽঞ্চ্ | গোঽঙ্ | গোঽঞ্চী | গোঽঞ্চি |
| তির্য্যঞ্চ্ | তির্য্যঙ্ | তির্য্যঞ্চী | তির্য্যঞ্চি |
| প্রত্যঞ্চ্ | প্রত্যঙ্ | প্রত্যঞ্চী | প্রত্যঞ্চি |
| উদঞ্চ্ | উদঙ্ | উদঞ্চী | উদঞ্চি |
| | উর্ক্ | উর্জ্জী | উন্‌র্জি, উর্জ্জি |

(ক) দ্বিতীয়ার বহুবচনে আর একটি পদ হয়। যথা—অসানি। তৃতীয়ার একবচন হইতে সপ্তমীর বহুবচন পর্য্যন্ত সমস্ত বিভক্তিতেই আর একটী করিয়া পদ হয়। এই সকল পদে অসৃজ্-শব্দের স্থানে অসন্ আদেশ হয় এবং লঘিমন্-শব্দের মত রূপ হয়। যথা, তৃতীয়া—অস্না অসভ্যাম্ অসভিঃ ইত্যাদি। সপ্তমী—অস্নি, অসনি; অস্নোঃ, অসসু।

## ত্-কারান্ত—ভবিষ্যৎ ( Future )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ভবিষ্যৎ | ভবিষ্যতী ( ক ) | ভবিষ্যন্তি |
| দ্বিতীয়া | ভবিষ্যৎ | ভবিষ্যতী ( ক ) | ভবিষ্যন্তি |
| সম্বোধন | ভবিষ্যৎ | | |

অন্যান্য বিভক্তিতে ধাবৎ-শব্দের তুল্য। কতকগুলি অৎ( শতৃ )-প্রত্যয়ান্ত ও মহৎ-শব্দ ভিন্ন যাবতীয় ত্-কারান্ত শব্দের এই রূপ।

### অৎ (শতৃ)-প্রত্যয়ান্ত শব্দ।

অৎ(শতৃ)-প্রত্যয়ান্ত ক্লীবলিঙ্গ শব্দ চতুর্বিধ।

### গচ্ছৎ ( Going )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | গচ্ছৎ | গচ্ছন্তী | গচ্ছন্তি |
| দ্বিতীয়া | গচ্ছৎ | গচ্ছন্তী | গচ্ছন্তি |
| সম্বোধন | গচ্ছৎ | | |

ভ্বাদি-গণীয় ও দিবাদি-গণীয় ধাতুর উত্তর অৎ ( শতৃ ) প্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহাদের এই রূপ।

### ইচ্ছৎ ( Wishing )

| | | |
|---|---|---|
| প্রথমা | ইচ্ছৎ | ইচ্ছতী, ইচ্ছন্তী |
| দ্বিতীয়া | ইচ্ছৎ | ইচ্ছতী, ইচ্ছন্তী |
| সম্বোধন | ইচ্ছৎ | |

তুদাদি-গণীয় ধাতুর এবং অদাদি-গণীয় দরিদ্রা ভিন্ন আ-কারান্ত ধাতুর উত্তর অৎ ( শতৃ ) প্রত্যয় করিয়া নিষ্পন্ন শব্দের এই রূপ। (খ)

(ক) যাবতীয় বৈয়াকরণদিগের মতে দুই পদ হয়; যথা—ভবিষ্যন্তী, ভবিষ্যতী। সমস্ত স্যতৃ-প্রত্যয়ান্ত শব্দেরই এই নিয়ম।

(খ) তুদাদি—তুদৎ, ভৃজ্জৎ, মুঞ্চৎ, লিম্পৎ, সিঞ্চৎ, কৃন্তৎ, বৃশ্চৎ, কিরৎ, পৃচ্ছৎ,

### দদৎ ( Giving )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | দদৎ | দদতী | দদন্তি, দদতি |
| | দদৎ | দদতী | দদন্তি, দদতি |
| সম্বোধন | দদৎ | | |

অভ্যস্ত ধাতুর উত্তর অৎ ( শতৃ ) প্রত্যয় করিয়া নিষ্পন্ন শব্দের এই রূপ। ( ক ) এতদ্ভিন্ন যে সমস্ত অৎ ( শতৃ )-প্রত্যয়-নিষ্পন্ন শব্দ আছে, তাহাদের রূপ ভবিষ্যৎ-শব্দের তুল্য।

### মহৎ ( Great )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | মহৎ | মহতী | মহান্তি |
| দ্বিতীয়া | মহৎ | মহতী | মহান্তি |
| সম্বোধন | মহৎ | | |

### দ্-কারান্ত— হৃদ্ ( Heart )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | হৃৎ | হৃদী | হৃন্দি |
| | হৃৎ | হৃদী | হৃন্দি |
| সম্বোধন | হৃৎ | | |

---

সৃজৎ, মজ্জৎ ইত্যাদি। অদাদি—যাৎ, বাৎ, ভ্রাৎ, মাৎ, প্সাৎ, রাৎ, লাৎ ইত্যাদি। ধাতু-পারায়ণ ও মুগ্ধবোধ-টীকাকার গঙ্গাধরের মতে ক্র্যাদি-গণীয় ধাতুর উত্তর শতৃ প্রত্যয় করিলে যে সকল শব্দ হয়, তাহাদের রূপ ইচ্ছৎ-শব্দের ন্যায়। যথা—ক্রীণতী, ক্রীণন্তী ইত্যাদি। কিন্তু ইহা বহু-সম্মত নহে। ভাষ্যকার, বৃত্তিকার, ক্রমদীশ্বর, গোয়ীচন্দ্র ও দুর্গাদাসের মতে ক্রীণতী এই একটী মাত্র পদ হইবে। ক্রীণৎ ক্রীণতী ক্রীণন্তি ইত্যাদি। অদাদি, স্বাদি, রুধাদি, তনাদি এবং ক্র্যাদি-গণীয় ধাতুর উত্তর শতৃ-প্রত্যয় করিলে যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহাদের রূপ ক্রীণৎ-শব্দের মত।

( ক ) অর্থাৎ জক্ষৎ, জাগ্রৎ, দরিদ্রৎ, চকাসৎ এবং শাসৎ এই কয়েকটী শতৃ-

অন্যান্য বিভক্তিতে সুহৃদ্‌-শব্দের তুল্য। যাবতীয় দ্‌-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

### ন্‌-কারান্ত শব্দ।

ন্‌-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ দ্বিবিধ,—অন্‌-ভাগান্ত ও ইন্‌-ভাগান্ত।

### অন্‌-ভাগান্ত—নামন্‌ ( Name )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | নাম | নাম্নী, নামনী | নামানি |
| দ্বিতীয়া | নাম | নাম্নী, নামনী | নামানি |
| সম্বোধন | নাম, নামন্‌ | | |

কর্ম্মন্‌ প্রভৃতি কয়েকটি এবং অহন্‌ ভিন্ন যাবতীয় অন্‌-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের ( ৯৮ ) এই রূপ।

### কর্ম্মন্‌ ( Work )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | কর্ম্ম | কর্ম্মণী | কর্ম্মাণি |
| দ্বিতীয়া | কর্ম্ম | কর্ম্মণী | কর্ম্মাণি |
| সম্বোধন | কর্ম্ম, কর্ম্মন্‌ | | |

যে সকল শব্দের ( ৯৯ ) অন্‌ এর অ-কার ম-সংযুক্ত অথবা ব-সংযুক্ত বর্ণে মিলিত থাকে, তাহাদিগের এই রূপ।

### অহন্‌ ( Day )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | অহঃ | অহ্নী, অহনী | অহানি |

প্রত্যয়ান্ত শব্দের এবং জুহোত্যাদি-গণীয় ধাতুর উত্তর শতৃ-প্রত্যয় করিলে যে সকল শব্দ হয়, তাহাদের নাম; যথা—জুহ্বৎ, বিভ্রৎ, দধৎ, বিভ্যৎ ইত্যাদি। শতৃ-প্রত্যয়ান্ত যঙ্‌-লুগন্ত ধাতুও ইহারই অন্তর্গত।

( ৯৮ ) সামন্‌, ব্যোমন্‌, ধামন্‌, বেমন্‌, প্রেমন্‌, দামন্‌ ইত্যাদি।

( ৯৯ ) চর্ম্মন্‌, বর্ম্মন্‌, শর্ম্মন্‌, নর্ম্মন্‌, জন্মন্‌, সদ্মন্‌, ভস্মন্‌, লক্ষ্মন্‌, বর্ত্মন্‌, পর্ব্বন্‌ ইত্যাদি।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| দ্বিতীয়া | অহঃ | অহ্নী, অহনী | অহানি |
| তৃতীয়া | অহ্না | অহোভ্যাম্ | অহোভিঃ |
| | অহ্নে | অহোভ্যাম্ | অহোভ্যঃ |
| পঞ্চমী | অহ্নঃ | অহোভ্যাম্ | অহোভ্যঃ |
| ষষ্ঠী | অহ্নঃ | অহ্নোঃ | অহ্নাম্ |
| সপ্তমী | অহ্নি, অহনি | অহ্নোঃ | অহঃসু |
| সম্বোধন | অহঃ | অহ্নী, অহনী | অহানি |

### ইন্-ভাগান্ত—স্থায়িন্ ( Existing )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | স্থায়ি | স্থায়িনী | স্থায়ীনি |
| দ্বিতীয়া | স্থায়ি | স্থায়িনী | স্থায়ীনি |
| সম্বোধন | স্থায়িন্ | | |

যাবতীয় ইন্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

দন্ত্য স্-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ ত্রিবিধ,—অস্-ভাগান্ত, ইস্-ভাগান্ত ও উস্-ভাগান্ত।

### অস্-ভাগান্ত—পয়স্ ( Water, Milk )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | পয়ঃ | পয়সী | পয়াংসি |
| দ্বিতীয়া | পয়ঃ | পয়সী | পয়াংসি |
| সম্বোধন | পয়ঃ | | |

অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গ বেধস্-শব্দের তুল্য। যাবতীয় অস্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের ( ১০০ ) এই রূপ।

---

( ১০০ ) অন্তস্, অয়স্, আগস্, উরস্, চেতস্, ছন্দস্, তমস্, মনস্, যশস্, রজস্, বক্ষস্, সরস্ ইত্যাদি।

## ইস্-ভাগান্ত—হবিস্ ( Clarified butter )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | হবিঃ | হবিষী | হবীংষি |
| দ্বিতীয়া | হবিঃ | হবিষী | হবীংষি |
| তৃতীয়া | হবিষা | হবির্ভ্যাম্ | হবির্ভিঃ |
| চতুর্থী | হবিষে | হবির্ভ্যাম্ | হবির্ভ্যঃ |
| পঞ্চমী | হবিষঃ | হবির্ভ্যাম্ | হবির্ভ্যঃ |
| ষষ্ঠী | হবিষঃ | হবিষোঃ | হবিষাম্ |
| সপ্তমী | হবিষি | হবিষোঃ | হবিঃষু |
| সম্বোধন | হবিঃ | হবিষী | হবীংষি |

যাবতীয় ইস্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের ( ১০১ ) এই রূপ।

## উস্-ভাগান্ত—ধনুস্ ( Bow )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ধনুঃ | ধনুষী | ধনূংষি |
| দ্বিতীয়া | ধনুঃ | ধনুষী | ধনূংষি |
| তৃতীয়া | ধনুষা | ধনুর্ভ্যাম্ | ধনুর্ভিঃ |
| চতুর্থী | ধনুষে | ধনুর্ভ্যাম্ | ধনুর্ভ্যঃ |
| পঞ্চমী | ধনুষঃ | ধনুর্ভ্যাম্ | ধনুর্ভ্যঃ |
| ষষ্ঠী | ধনুষঃ | ধনুষোঃ | ধনুষাম্ |
| সপ্তমী | ধনুষি | ধনুষোঃ | ধনুঃষু |
| সম্বোধন | ধনুঃ | ধনুষী | ধনূংষি |

যাবতীয় উস্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের ( ১০২ ) এই রূপ।

---

( ১০১ ) জ্যোতিস্, সর্পিস্, বর্হিস্, অর্চ্চিস্, রোচিস্, শোচিস্ ইত্যাদি।

( ১০২ ) আয়ুস্, চক্ষুস্, বপুস্, যজুস্ ইত্যাদি।

## প্রশ্ন ( ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ শব্দ )

১। সংশোধন কর :—প্রাক্কী, প্রতিচী, তির্য্যচী, গচ্ছতম্, মহন্তি, মহাতী, নামম্, নামান্নী, কর্ম্মস্ত, জন্মম্, ভস্মে, চর্ম্মাৎ, অহ্নী, অহস্ত, অহেমু, স্থায়িনী, স্থায়ীম্, পয়সম্, যশম্, মনে, বক্ষাৎ, হবীনি, হবিভিঃ, ধমুনা। ২। নিম্ন-লিখিত পদগুলি কি কি শব্দের কোন্ কোন্ বিভক্তিতে হয় ?—প্রাঞ্চি, প্রতীচী, তিরশ্চী, উদঞ্চি, অসৃঞ্জি, ভবিষ্যন্তি, গচ্ছন্তী, দদতি, স্রন্দি, নামনী, নাম্নি, অহ্নোঃ, স্থায়ীনি, পয়াংসি, ধমুষঃ। ৩। নামন্ ও কর্ম্মন্ শব্দের রূপগত পার্থক্য দেখাও। ৪। নামন্-শব্দের মত রূপ হয়, এরূপ ৫টী এবং কর্ম্মন্ শব্দের মত রূপ হয়, এরূপ ৬টী শব্দের উল্লেখ কর। ৫। কোন্ কোন্ ক্লীবলিঙ্গ শব্দের প্রথমার বহুবচনে এবং কোন্ কোন্ ক্লীবলিঙ্গ শব্দের প্রথমার দ্বিবচনে দুইটী পদ হয় ? ৬। এরূপ দুইটী ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ শব্দের নাম কর, যাহাদের সম্বোধনে দুইটী পদ হয়। ৭। নামন্, অহন্ ও কর্ম্মন্ শব্দের সপ্তমীর একবচনে কি কি পদ হয় ? ৮। হবিস্ ও ধমুস্ শব্দের ২য়া, ৫মী ও ৭মী বিভক্তির রূপ কর ।

## সর্ব্বনাম শব্দ ( Pronoun )

রূপের বৈলক্ষণ্যানুসারে সর্ব্বনাম শব্দ সকল পাঁচ ভাগে বিভক্ত। যথা,—সর্ব্বাদি, অন্যাদি, পূর্ব্বাদি, যদাদি, ইদমাদি ।

সর্ব্বাদি—সর্ব্ব, বিশ্ব, উভয়, এক, একতর ( ১০৩ )।

অন্যাদি—অন্য, অন্যতর, ইতর, কতর, কতম, একতম ।

পূর্ব্বাদি—পূর্ব্ব, পর, অপর, অবর, অধর, দক্ষিণ, উত্তর, স্ব ( ১০৪ )।

যদাদি—যদ্, তদ্, এতদ্, ত্যদ্, কিম্।

ইদমাদি—ইদম্, অদস্, যুষ্মদ্, অস্মদ্।

সর্ব্বাদি, অন্যাদি ও পূর্ব্বাদি অ-কারান্ত সর্ব্বনাম শব্দ সামান্য অ-কারান্ত

---

( ১০৩ ) 'সকল' এই অর্থ বুঝাইলে 'সর্ব্ব' ও 'বিশ্ব' শব্দ সর্ব্বনাম হয়। নতুবা তাহাদের রূপ সামান্য অ-কারান্ত শব্দের তুল্য।

( ১০৪ ) পূর্ব্ব অবধি উত্তর পর্য্যন্ত এই সাত শব্দ দিক্, দেশ ও কাল বাচক হইলে

শব্দের তুল্য ; কেবল প্রথমার ও ষষ্ঠীর বহুবচনে এবং চতুর্থী, পঞ্চমী ও সপ্তমীর একবচনে রূপের প্রভেদ আছে।

## সর্ব্বাদি।

সর্ব্ব, বিশ্ব, উভয়, এক, একতর এই পাঁচ শব্দের রূপ একবিধ। (ক)

---

অর্থাৎ পূর্ব্ব দিক্, পূর্ব্ব কাল, পূর্ব্ব দেশ ইত্যাদি অর্থ বুঝাইলে সর্ব্বনাম হয়; নতুবা সামান্য অ-কারান্ত শব্দের তুল্য। স্ব-শব্দ, আপনি ও আপন এই অর্থ বুঝাইলে, সর্ব্বনাম হয়; নতুবা সামান্য অ-কারান্ত শব্দের মত। 'জ্ঞাতি' ও 'ধন' অর্থে স্ব-শব্দ সর্ব্বনাম নহে।

( ক ) 'জগৎ' অর্থ বুঝাইলে 'বিশ্ব' শব্দ ক্লীবলিঙ্গ এবং ফল-শব্দের মত। 'সমস্ত' অর্থ বুঝাইলে সর্ব্বনাম এবং সর্ব্ব শব্দের তুল্য। সংক্ষিপ্তসার-মতে উভয়-শব্দের প্রথমার বহুবচনে উভয়ে উভয়াঃ এই দুই পদ হয়। কৈয়টের মতে উভয়-শব্দের দ্বিবচনে প্রয়োগ হয় না, কিন্তু হরদত্তের মতে হয়। 'এক' শব্দ যখন সংখ্যা-বাচক হয়, তখন কেবল একবচনে প্রযুক্ত হইয়া থাকে। 'মুখ্য' 'অন্য' 'কেবল' প্রভৃতি অর্থ বুঝাইলে দ্বিবচন এবং বহুবচনও হইতে পারে। "একে মুখ্যান্যকেবলাঃ"—অমরকোষ। কিন্তু 'অনেক' শব্দটী সর্ব্বনাম নহে, ইহাই অনেক বৈয়াকরণের মত। 'অনেক' শব্দে সংখ্যা-বাচক 'এক' শব্দ লইয়া যদি নঞ্-তৎপুরুষ সমাস করা যায়, তাহা হইলে যদিও সর্ব্বনাম হইতে পারে বটে, কিন্তু দ্বিবচন অথবা বহুবচন হইতে পারে না। বহুব্রীহি-সমাস করিলে সকল বচনই হইতে পারে বটে, কিন্তু সর্ব্বনাম-শব্দের মত রূপ না হইয়া সাধারণ অ-কারান্ত শব্দের মত রূপ হয়। কিন্তু ভারবি প্রয়োগ করিয়াছেন, "ভবন্ত্যনেকে জলধেরিবোর্ম্ময়ঃ"। সংক্ষিপ্তসারের মতে ইহা অপপ্রয়োগ। প্রসিদ্ধ টীকাকার মল্লিনাথ এবং পাতঞ্জল-দর্শন-প্রণেতা মহাত্মা পতঞ্জলিও 'অনেক' শব্দটীকে সর্ব্বনাম-রূপে ব্যবহার করিয়াছেন। 'এক' শব্দের 'অল্প' অর্থও হয়। যথা "একোঽল্পার্থে প্রধানে চ প্রথমে কেবলে তথা। সাধারণে সমানেঽপি সংখ্যায়াঞ্চ প্রযুজ্যতে"। অতএব অল্পার্থক 'এক' শব্দ লইয়া নঞ্-তৎপুরুষ সমাস করিলে 'অনেক' শব্দটীর রূপ সর্ব্ব-শব্দের মত হইতে পারে, এবং তখন ইহাকে সকল বচনে প্রয়োগ করাও যাইতে পারে। 'সিম' শব্দের অর্থ 'সকল'। ইহাও সর্ব্বনাম এবং সর্ব্ব-শব্দের তুল্য। 'নেম' শব্দের অর্থ 'অর্দ্ধ'। ইহাও সর্ব্বনাম এবং সর্ব্ব-শব্দের মত; কেবল প্রথমার বহুবচনে নেমে, নেমাঃ এই দুই

## সর্ব্ব ( All )

### পুংলিঙ্গ ( Masculine )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সর্ব্বঃ | সর্ব্বৌ | সর্ব্বে |
| দ্বিতীয়া | সর্ব্বম্ | সর্ব্বৌ | সর্ব্বান্ |
| তৃতীয়া | সর্ব্বেণ | সর্ব্বাভ্যাম্ | সর্ব্বৈঃ |
| চতুর্থী | সর্ব্বস্মৈ | সর্ব্বাভ্যাম্ | সর্ব্বেভ্যঃ |
| পঞ্চমী | সর্ব্বস্মাৎ | সর্ব্বাভ্যাম্ | সর্ব্বেভ্যঃ |
| ষষ্ঠী | সর্ব্বস্য | সর্ব্বয়োঃ | সর্ব্বেষাম্ |
| সপ্তমী | সর্ব্বস্মিন্ | সর্ব্বয়োঃ | সর্ব্বেষু |

### ক্লীবলিঙ্গ ( Neuter )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | সর্ব্বম্ | সর্ব্বে | সর্ব্বাণি |
| দ্বিতীয়া | সর্ব্বম্ | সর্ব্বে | সর্ব্বাণি |

অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের মত।

### স্ত্রীলিঙ্গ ( Feminine )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | সর্ব্বা | সর্ব্বে | সর্ব্বাঃ |
| দ্বিতীয়া | সর্ব্বাম্ | সর্ব্বে | সর্ব্বাঃ |
| তৃতীয়া | সর্ব্বয়া | সর্ব্বাভ্যাম্ | সর্ব্বাভিঃ |
| চতুর্থী | সর্ব্বস্যৈ | সর্ব্বাভ্যাম্ | সর্ব্বাভ্যঃ |
| পঞ্চমী | সর্ব্বস্যাঃ | সর্ব্বাভ্যাম্ | সর্ব্বাভ্যঃ |
| ষষ্ঠী | সর্ব্বস্যাঃ | সর্ব্বয়োঃ | সর্ব্বাসাম্ |
| সপ্তমী | সর্ব্বস্যাম্ | সর্ব্বয়োঃ | সর্ব্বাসু |

পদ হয়। সুপদ্ম-মতে 'নেম' শব্দ 'সর্ব্বার্থ'। 'নেম' শব্দের 'অর্দ্ধ' অর্থও হয়। যথা "নেমঃ কালেঽবধৌ খণ্ডে প্রকারে কৈতবেঽপি চ"—মেদিনী। 'সম' শব্দের যখন 'সকল' অর্থ হয়, তখন ইহা সর্ব্ব-শব্দের মত ; আর 'তুল্য' অর্থ হইলে সাধারণ অ-কারান্ত শব্দের মত।

## অন্যাদি। (ক)

অন্য, অন্যতর, ইতর, কতর, কতম, একতম,—এই কয় শব্দের রূপ সর্ব্বাদি শব্দের তুল্য; কেবল ক্লীবলিঙ্গে প্রথমার ও দ্বিতীয়ার একবচনে অন্যৎ, অন্যতরৎ, ইতরৎ, কতরৎ, কতমৎ, একতমৎ এইরূপ পদ হয়, এই মাত্র প্রভেদ।

## পূর্ব্বাদি।

পূর্ব্ব, পর, অপর, অবর, অধর, দক্ষিণ, উত্তর, স্ব,—এই কয় শব্দের রূপ একবিধ। (খ)

### পূর্ব্ব ( Eastern, Previous to )

পুংলিঙ্গ ( Masculine )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | পূর্ব্বঃ | পূর্ব্বৌ | পূর্ব্বে, পূর্ব্বাঃ |
| দ্বিতীয়া | পূর্ব্বম্ | পূর্ব্বৌ | পূর্ব্বান্ |
| তৃতীয়া | পূর্ব্বেণ | পূর্ব্বাভ্যাম্ | পূর্ব্বৈঃ |
| চতুর্থী | পূর্ব্বস্মৈ | পূর্ব্বাভ্যাম্ | পূর্ব্বেভ্যঃ |
| পঞ্চমী | পূর্ব্বস্মাৎ, পূর্ব্বাৎ | পূর্ব্বাভ্যাম্ | পূর্ব্বেভ্যঃ |
| ষষ্ঠী | পূর্ব্বস্য | পূর্ব্বয়োঃ | পূর্ব্বেষাম্ |
| সপ্তমী | পূর্ব্বস্মিন্, পূর্ব্বে | পূর্ব্বয়োঃ | পূর্ব্বেষু |

ক্লীবলিঙ্গ ( Neuter )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | পূর্ব্বম্ | পূর্ব্বে | পূর্ব্বাণি |
| দ্বিতীয়া | পূর্ব্বম্ | পূর্ব্বে | পূর্ব্বাণি |

(ক) যতর, যতম, ততর, ততম,—এই চারিটী শব্দও অন্যাদির অন্তর্গত। একতর-শব্দ সর্ব্ব-শব্দের মত। অন্যতম-শব্দ সর্ব্বনাম নহে, ইহার রূপ সাধারণ অ-কারান্ত শব্দের তুল্য। কৈয়ট-মতে অন্যতর ও অন্যতম শব্দ অব্যুৎপন্ন প্রাতিপদিক। "সন্তঃ পরীক্ষ্যান্যতরদ্ ভজন্তে"—মালবিকাগ্নিমিত্র

(খ) দিক্, দেশ ও কাল ভিন্ন অন্য অর্থ বুঝাইলে পূর্ব্বাদি শব্দ সর্ব্বনাম নহে, তখন

অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের মত। স্ত্রীলিঙ্গে ঠিক সর্ব্ব শব্দের মত, কোনই প্রভেদ নাই।

## যদাদি।

যদ্, তদ্, এতদ্, ত্যদ্, কিম্,—ইহারা য, ত, এত, ত্য, ক, এইরূপ অ-কারান্ত হইয়া যায়। ইহাদের রূপ সর্ব্বাদির তুল্য। কেবল ক্লীবলিঙ্গের প্রথমার ও দ্বিতীয়ার একবচনে যৎ, তৎ, এতৎ, তৎ, কিম্,—এই রূপ হয়। আর তদ্, এতদ্, ত্যদ্ শব্দের প্রথমার একবচনে পুংলিঙ্গে সঃ, এষঃ, স্যঃ এই রূপ; এবং স্ত্রীলিঙ্গে সা, এষা, স্যা, এই রূপ হয়, এইমাত্র প্রভেদ।

---

সাধারণ অ-কারান্ত শব্দের মত ইহাদের রূপ হয়। যথা—দক্ষিণা গাথকাঃ। এখানে দক্ষিণ=কুশল অথবা প্রবীণ। "লোকোত্তরাণাং চেতাংসি কো নু বিজ্ঞাতুমর্হতি"—উত্তরচরিত। এখানে উত্তর=শ্রেষ্ঠ। পরা লোকাঃ। এখানে পর=শ্রেষ্ঠ। অবরাঃ কনিষ্ঠাঃ। কাতন্ত্র-টীকাকার সুসেনের-মতে শত্রু-বাচক এবং শ্রেষ্ঠত্ব-বাচক 'পর' শব্দও সর্ব্বনাম। তিনি স্বীয় মতের সমর্থনের জন্য শিষ্ট প্রয়োগ উদ্ধৃত করিয়াছেন। যথা, "তথা পরেষাং যুধি চেতি পার্থিবঃ"—রঘুবংশ। "তথা সমুদ্রাদপরে পরে নৃপাঃ"। তাঁহার মতে 'দ্বয়' শব্দও সর্ব্বনাম। শিষ্ট প্রয়োগ যথা—"বৃথা দ্বয়েষামপি মেদিনীভৃতাম্"—শিশুপালবধ। কাতন্ত্র-পরিশিষ্টকার শ্রীপতি দত্তের মতে দ্বয়, প্রথম এবং পশ্চিম,—এই তিনটী শব্দও সর্ব্বনাম। তিনি বলেন, 'পশ্চিমস্যাং দিশি' 'প্রথমস্মাৎ' এইরূপ প্রয়োগ আছে।

'জ্ঞাতি' ও 'ধন' অর্থ বুঝাইলে স্ব-শব্দ সর্ব্বনাম নহে। যথা—স্বায় ( জ্ঞাতয়ে ) ধনং দদাতি; স্বায় ( ধনায় ) যততে দরিদ্রঃ। তদ্ভিন্ন অর্থে হয়। যথা—স্বে পুত্রাঃ, স্বাঃ পুত্রাঃ ( নিজ পুত্রগণ ); স্বে গাবঃ, স্বা গাবঃ; সতাং স্বস্মৈ কৃষ্ণায় নমঃ ( সাধুগণের আত্মীয় )।

বহিঃস্থিত অথবা অধোবাস (lower garment) অর্থ বুঝাইলে 'অন্তর' শব্দও সর্ব্বনাম এবং পূর্ব্বাদির অন্তর্গত। যথা—অন্তরে অন্তরা গৃহাঃ, অর্থাৎ চণ্ডাল অথবা নীচ জাতীয় লোকের বাস করিবার উপযুক্ত গ্রামের বহিঃস্থিত গৃহ। অন্তরে অন্তরাঃ শাটকাঃ ( গুপ্ত-পরিধানীয়=The inner garments such as petticoats worn under the upper garments )। তদ্ভিন্ন স্থলে হয় না। যথা—গ্রাময়োরন্তরে ( মধ্যে ) বসতি; ব্রহ্মশিরসোরন্তরে বিষ্ণুঃ। পুর্ অর্থাৎ নগর বুঝাইলেও হয় না। যথা—অন্তরায়াং পুরি বসতি, অর্থাৎ নগরের বাহিরে বাস করে।

## ইদমাদি।

ইদম্, অদস্, যুষ্মদ্, অস্মদ্,—ইহাদের রূপ পৃথক্ পৃথক্। অতএব প্রত্যেকের রূপ প্রদর্শিত হইতেছে।

### ইদম্ ( This ) (ক)

#### পুংলিঙ্গ ( Masculine )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | অয়ম্ | ইমৌ | ইমে |
| দ্বিতীয়া | ইমম্ | ইমৌ | ইমান্ |

---

( ক ) "ইদমস্তু সন্নিকৃষ্টং সমীপতরবর্ত্তি চৈতদো রূপম্।
অদসস্তু বিপ্রকৃষ্টং তদিতি পরোক্ষে বিজানীয়াৎ ॥"

নিকটবর্ত্তী বস্তু বা ব্যক্তি বুঝাইলে ইদম্ শব্দ, আরও অধিকতর নিকটবর্ত্তী হইলে এতদ্ শব্দ, দূরবর্ত্তী হইলে অদস্ শব্দ এবং চক্ষুর অগোচর হইলে তদ্ শব্দ ব্যবহৃত হইয়া থাকে। উক্তির পশ্চাদুক্তি বুঝাইলে দ্বিতীয়া বিভক্তিতে, তৃতীয়ার একবচনে এবং ষষ্ঠী ও সপ্তমীর দ্বিবচনে ইদম্ ও এতদ্ শব্দের স্থানে 'এন' আদেশ হয়। যথা, ইমং হরে-র্ভক্তং বিদ্ধি (ইহাকে হরিভক্ত জানিবে,—এইটী উক্তি), অথ এনং শিবার্চ্চকং বিদ্ধি। (আবার ইহাকে শিবের পূজক জানিবে—এইটী পশ্চাদুক্তি)। দ্বিতীয় উদাহরণে 'ইমং' না হইয়া 'এনং' হইল। এইরূপ এনৌ এনান্। অনেন কৃষ্ণঃ পূজিতঃ, অথ এনেন গিরিশঃ অর্চ্চিতঃ; অনয়োঃ কেশবঃ স্বামী, অথ এনয়োঃ শিবঃ স্বামী। এতদ্ শব্দের প্রয়োগেও এইরূপ বুঝিতে হইবে। যথা—এতং হরের্ভক্তং বিদ্ধি,—অথ এনং শিবার্চ্চকং বিদ্ধি ইত্যাদি। স্ত্রীলিঙ্গেও এইরূপ। যথা, এনাম্, এনয়া ইত্যাদি। ক্লীবলিঙ্গে—এনৎ এনে এনানি। এনেন। এনয়োঃ। কিন্তু বোপদেবের মতে এনৎ; ইহা এতদ্ শব্দের ক্লীবলিঙ্গের রূপ। ইদম্ শব্দের ক্লীবলিঙ্গে—এনম্। এই বিষয়ে মুগ্ধবোধ ও কলাপের এক মত এবং পাণিনি ও সংক্ষিপ্তসারের অন্য মত। কলাপ, সংক্ষিপ্তসার, গোয়ীচন্দ্র ও দুর্গাদাসের মতে যে বিভক্তি দ্বারা উক্তি, সেই বিভক্তি দ্বারাই যদি পুনরুক্তি হয়, তাহা হইলেই এন আদেশ হইবে। অতএব 'অয়ং গুরুঃ ইমং প্রণম',—এখানে 'এনং প্রণম' এরূপ হইবে না।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| তৃতীয়া | অনেন | আভ্যাম্ | এভিঃ |
| চতুর্থী | অস্মৈ | আভ্যাম্ | এভ্যঃ |
| পঞ্চমী | অস্মাৎ | আভ্যাম্ | এভ্যঃ |
| ষষ্ঠী | অস্য | অনয়োঃ | এষাম্ |
| সপ্তমী | অস্মিন্ | অনয়োঃ | এষু |

ক্লীবলিঙ্গ ( Neuter )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | ইদম্ | ইমে | ইমানি |
| দ্বিতীয়া | ইদম্ | ইমে | ইমানি |

অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের মত।

---

পাণিনির বৃত্তিকারের মতে বিভক্তির নিয়ম নাই। যথা—অনেন ব্যাকরণমধীতম্, এনং ছন্দোঽধ্যাপয়। "নক্তং ভীরুরয়ং ত্বমেব তদিমং রাধে গৃহং প্রাপয়"—গীতগোবিন্দ। এখানে 'এন' আদেশ হইল না কেন? ইহার উত্তরে শ্রীরামতর্কবাগীশ বলেন—'ইম' একটী স্বতন্ত্র শব্দও আছে, ইমং এই পদটী সেই 'ইম'-শব্দ-নিষ্পন্ন। দুর্গাদাস বলেন 'এন' এইরূপ স্বতন্ত্র শব্দও আছে; নতুবা নিম্ন-লিখিত শিষ্ট-প্রয়োগ-সমূহে 'এন' আদেশ হইত না :—

( ১ ) "কণ্ডূয়মানেন কটং কদাচিদ্ বন্যদ্বিপেনোন্মথিতা ত্বগস্য।
অথৈনমদ্রেস্তনয়া শুশোচ সেনান্যমালীঢ়মিবাসুরাস্ত্রৈঃ।"—রঘুবংশ

এখানে ষষ্ঠী বিভক্তির পরিবর্ত্তে 'এন' আদেশ হইতে পারে না।

( ২ ) "জহাতু নৈনং কথমর্থসিদ্ধিঃ সংশয্য কর্ণাদিষু তিষ্ঠতে যঃ।"—কিরাতার্জ্জুনীয়

এখানে প্রথমান্ত যদ্ শব্দের পরিবর্ত্তে এন আদেশ হইতে পারে না।

( ৩ ) "বিদ্যামথৈনং বিজয়াং জয়াঞ্চ রক্ষোগণং ক্ষিপ্নুমবিক্ষতাত্মা।"—ভট্টি

এখানে ইদম্ অথবা এতদ্ শব্দের প্রয়োগ হয় নাই এবং উক্তির পশ্চাদুক্তিও হয় নাই। এই হেতু 'এন' আদেশ হইতে পারে না। এইরূপ আরও অনেক প্রয়োগ আছে। অতএব একটী স্বতন্ত্র 'এন' শব্দও অবশ্যই স্বীকার করিতে হইবে।

### স্ত্রীলিঙ্গ ( Feminine )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ইয়ম্ | ইমে | ইমাঃ |
| দ্বিতীয়া | ইমাম্ | ইমে | ইমাঃ |
| তৃতীয়া | অনয়া | আভ্যাম্ | আভিঃ |
| চতুর্থী | অস্যৈ | আভ্যাম্ | আভ্যঃ |
| পঞ্চমী | অস্যাঃ | আভ্যাম্ | আভ্যঃ |
| ষষ্ঠী | অস্যাঃ | অনয়োঃ | আসাম্ |
| সপ্তমী | অস্যাম্ | অনয়োঃ | আসু |

## অদস্ ( That )

### পুংলিঙ্গ ( Masculine )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | অসৌ | অমূ | অমী |
| দ্বিতীয়া | অমুম্ | অমূ | অমূন্ |
| তৃতীয়া | অমুনা | অমূভ্যাম্ | অমীভিঃ |
| চতুর্থী | অমুষ্মৈ | অমূভ্যাম্ | অমীভ্যঃ |
| পঞ্চমী | অমুষ্মাৎ | অমূভ্যাম্ | অমীভ্যঃ |
| ষষ্ঠী | অমুষ্য | অমুয়োঃ | অমীষাম্ |
| সপ্তমী | অমুষ্মিন্ | অমুয়োঃ | অমীষু |

### ক্লীবলিঙ্গ ( Neuter )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | অদঃ | অমূ | অমূনি |
| দ্বিতীয়া | অদঃ | অমূ | অমূনি |

অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের মত।

### স্ত্রীলিঙ্গ ( Feminine )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | অসৌ | অমূ | অমূঃ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| দ্বিতীয়া | অমুম্ | অমূ | অমূঃ |
| তৃতীয়া | অমুয়া | অমূভ্যাম্ | অমূভিঃ |
| চতুর্থী | অমুষ্যৈ | অমূভ্যাম্ | অমূভ্যঃ |
| পঞ্চমী | অমুষ্যাঃ | অমূভ্যাম্ | অমূভ্যঃ |
| ষষ্ঠী | অমুষ্যাঃ | অমুয়োঃ | অমূষাম্ |
| সপ্তমী | অমুষ্যাম্ | অমুয়োঃ | অমূষু |

## যুষ্মদ্ ( Thou, you )

| | | | |
|---|---|---|---|
| প্রথমা | ত্বম্ | যুবাম্ | যূয়ম্ |
| দ্বিতীয়া | ত্বাম্, ত্বা | যুবাম্, বাম্ | যুষ্মান্, বঃ |
| তৃতীয়া | ত্বয়া | যুবাভ্যাম্ | যুষ্মাভিঃ |
| চতুর্থী | তুভ্যম্, তে | যুবাভ্যাম্, বাম্ | যুষ্মভ্যম্, বঃ |
| পঞ্চমী | ত্বৎ | যুবাভ্যাম্ | যুষ্মৎ |
| ষষ্ঠী | তব, তে | যুবয়োঃ, বাম্ | যুষ্মাকম্, বঃ |
| সপ্তমী | ত্বয়ি | যুবয়োঃ | যুষ্মাসু (১০৫) |

তিন লিঙ্গেই সমান, কোনই প্রভেদ নাই।

---

(১০৫) চ, বা, এব,—এই তিন অব্যয় শব্দের যোগে যুষ্মদ্ শব্দের ত্বা, তে, বাম্, বঃ,—এই চারি পদের এবং অস্মদ্ শব্দের মা, মে, নৌ, নঃ,—এই চারি পদের প্রয়োগ হয় না। যথা—গুরুঃ কৃপয়া ত্বা মা চ উপদিশতি; স কদাচিদপি তে মে চ বচনং ন শৃণোতি; তদাশ্রয়ং বিনা বাং নৌ চ গতির্নাস্তি; তেনৈবং ক্রিয়মাণে বো নশ্চ কা হানিঃ,—এরূপ প্রয়োগ হইবে না। ত্বাং মাং চ উপদিশতি; তব মম চ বচনং ন শৃণোতি; যুবয়োরাবয়োশ্চ গতির্নাস্তি; যুষ্মাকমস্মাকং চ কা হানিঃ—এইরূপ প্রয়োগ হইবে। বা ও এব শব্দের যোগেও এইরূপ। কিন্তু যদি চ, বা, এব শব্দের সহিত যুষ্মদ্ অথবা অস্মদ্ শব্দের যোগ না হইয়া অন্য শব্দের সহিত যোগ হয়, তাহা হইলে ঐ সকল প্রয়োগ হইতে পারে।

যথা—হরো হরিশ্চ মে স্বামী—এখানে পূর্ব্ববর্ত্তী হরিঃ এই পদের সহিত চ শব্দের যোগ, পরবর্ত্তী মে এই পদের সহিত যোগ নহে। সুতরাং এইরূপ স্থলে মে, মম দুই প্রকারই হইতে পারে। "সলিলস্তাঞ্জলিরেক এব নৌ"—কুমারসম্ভব

বাক্যের অথবা শ্লোকের চরণের আরম্ভে এই সকল পদের প্রয়োগ হয় না। যথা—বাক্যের আরম্ভে ;—তে পুস্তকং গৃহাণ, মে পুস্তকং দেহি, বঃ প্রীতির্বর্দ্ধতে, নঃ সকাশমাগচ্ছ,—ইত্যাদি প্রয়োগ হয় না। তবে পুস্তকং গৃহাণ, মম পুস্তকং দেহি, যুষ্মাকং প্রীতির্বর্দ্ধতে, অস্মাকং সকাশমাগচ্ছ,—এইরূপ প্রয়োগ হয়। শ্লোকের চরণের আরম্ভে

ত্বা স রক্ষতি যত্নেন মা স দ্বেষ্টি নিরন্তরম্।
তে দোষ এব নৈবাত্র মে দোষো বিদ্যতে সখে॥

এইরূপ প্রয়োগ হয় না।

ত্বাং স রক্ষতি যত্নেন মাং স দ্বেষ্টি নিরন্তরম্।
তবৈব দোষো নৈবাত্র মম দোষোঽস্তি কশ্চন॥

এইরূপ প্রয়োগ হইয়া থাকে।

"শ্রীশস্ত্বাবতু মাপীহ দত্তাত্তে মেঽপি শর্ম্ম সঃ।
স্বামী তে মেঽপি স হরিঃ পাতু বামপি নৌ বিভুঃ॥
সুখং বাং নৌ দদাত্বীশঃ পতির্বামপি নৌ হরিঃ।
সোঽব্যাদ্ বো নঃ শিবং বো নো দত্তাৎ সেব্যোঽত্র বঃ স নঃ॥"—সিদ্ধান্তকৌমুদী

যে সকল ধাতু স্বভাবতঃই দর্শনার্থক, তাহাদের যদি কখনও দর্শন ভিন্ন অর্থ হয়, তাহা হইলে সেই সকল ধাতুর যোগেও হয় না। যথা—"শ্রীকণ্ঠো মামপেক্ষ্য ত্বা মালোকয়তি পূজকম্" ( শ্রীকণ্ঠ আমাকে পরিত্যাগ করিয়া তোমাকে পূজক বলিয়া বিবেচনা করিতেছেন )। ঈক্ষ্-ধাতুর অর্থ দর্শন করা, কিন্তু এখানে অপেক্ষ্য=ত্যক্ত্বা; লোক-ধাতুর অর্থও দর্শন করা, কিন্তু এখানে আলোকয়তি=বিচারয়তি। এইজন্য এখানে মাম্ এর পরিবর্ত্তে মা এবং ত্বাম্ এর পরিবর্ত্তে ত্বা বলা যায় না। অন্বাদেশ অর্থাৎ উক্তির পশ্চাদুক্তি বুঝাইলে পূর্ব্বোক্ত ত্বা মা প্রভৃতি প্রয়োগ নিত্যই হইয়া থাকে, অর্থাৎ তখন আর ত্বাং মাং প্রভৃতির প্রয়োগ হইবে না। যথা—"যূয়ং বয়ং বিনীতাস্তৎ পাতু বো নো মহেশ্বরঃ" ( তোমরা এবং আমরা বিনীত, অতএব মহেশ্বর তোমাদিগকে এবং আমাদিগকে রক্ষা করুন )। যূয়ং বয়ং বিনীতাঃ—এইটী উক্তি, তৎ পাতু বো নো

মহেশ্বরঃ—এইটী পশ্চাদুক্তি। এই জন্য এখানে বঃ নঃ ব্যতীত যুষ্মান্ অস্মান্ বলা যাইতে পারে না।

কিন্তু যে প্রথমান্ত পদের পূর্ব্বে অন্য পদের প্রয়োগ আছে, সেরূপ প্রথমান্ত পদের পরবর্ত্তী যুষ্মদ্ ও অস্মদ্ শব্দ স্থানে উক্তির পশ্চাদুক্তি বুঝাইলেও ত্বা, মা প্রভৃতি প্রয়োগ নিত্য হইবে না অর্থাৎ বিকল্পেই হইবে। যথা—"যূয়ং বয়ং হিতাস্তেন সোঽস্মান্ পাতু স বঃ শিবঃ" (তোমরা এবং আমরা হিতকারী, এই হেতু সেই শিব তোমাদিগকে এবং আমাদিগকে রক্ষা করুন)। যূয়ং বয়ং হিতাঃ—এইটী উক্তি, সোঽস্মান্ ইত্যাদি এইটী পশ্চাদুক্তি। এস্থলে উক্তির পশ্চাদুক্তি হইলেও প্রথম 'সঃ' এই প্রথমান্ত পদের পূর্ব্বে 'তেন' এই একটী অন্য পদের প্রয়োগ আছে বলিয়া 'অস্মান্' অথবা 'নঃ' দুই পদই প্রয়োগ করা যায়। এইরূপ দ্বিতীয় 'সঃ' এই প্রথমান্ত পদের পূর্ব্বে 'পাতু' এই পদের প্রয়োগ আছে বলিয়া বঃ অথবা যুষ্মান্ এই দুই পদই প্রয়োগ করা যায়।

যদি কোন সম্বোধন পদের পরেই যুষ্মদ্ অথবা অস্মদ্ শব্দের প্রয়োগ করা যায় এবং সেই সম্বোধন পদের পূর্ব্বে যদি অন্য কোন পদ না থাকে, তাহা হইলে ত্বা মা প্রভৃতির প্রয়োগ হইবে না। যথা—"শম্ভোঽস্মান্ রক্ষ" (হে শিব আমাদিগকে রক্ষা কর)। এখানে "শম্ভো" এইটী সম্বোধন পদ, ইহার পূর্ব্বে অন্য কোন পদ নাই এবং তাহার পরেই "অস্মান্" এই অস্মদ্ শব্দের প্রয়োগ হইয়াছে। অতএব এখানে এই 'অস্মান্' ব্যতীত 'নঃ' হইতে পারে না। এইরূপ 'মাতস্তে চরণৌ ভজে' ইত্যাদি প্রয়োগ হইতে পারে না। "অব সর্ব্ব নঃ" (হে সর্ব্ব=শিব, নঃ=অস্মান্, অব=রক্ষ)। এখানে 'সর্ব্ব' এইটী সম্বোধন পদ; ইহার পূর্ব্বে 'অব' এই একটী অন্য পদ রহিয়াছে। এই জন্য এখানে নিষেধ নাই অর্থাৎ অস্মান্ এবং নঃ দুই প্রকারই হইতে পারে। এইরূপ "দীনং শঙ্কর মা রক্ষ শং শম্ভো মে প্রযচ্ছ চ", "উচিতামুচিতং রচয়ামি দেবি তে" ইত্যাদি। যদি কোন সম্বোধন পদের পূর্ব্বে বিশেষণ সম্বোধন পদ এবং পরে যুষ্মদ্ অথবা অস্মদ্ শব্দ থাকে, তাহা হইলে সে স্থলেও ত্বা, মা প্রভৃতির প্রয়োগ হয় না। যথা—"চৈত্র মাণবক তব স্বম্" (হে চৈত্র-নামক বালক! এই ধন তোমার)। এখানে 'মাণবক' এইটী সম্বোধন পদ, 'চৈত্র' এই সম্বোধন পদটী উহার বিশেষণ এবং উহার পূর্ব্বে আছে, অতএব এখানে 'তে' এরূপ প্রয়োগ হইতে পারে না। কিন্তু সম্বোধন পদের পূর্ব্বে বিশেষ্য সম্বোধন পদ থাকিলে সাধারণ নিয়মানুসারে

## অস্মদ্ ( Individual soul )

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | অহম্ | আবাম্ | বয়ম্ |
| দ্বিতীয়া | মাম্, মা | আবাম্, নৌ | অস্মান্, নঃ |

বিকল্পে হইতে পারে। যথা,—ছাত্রা গুণিনো নঃ স্বম্ ( হে গুণি-ছাত্র-গণ! এই ধন আমাদের ),—এখানে 'গুণিনঃ' এইটী সম্বোধন-পদ, এবং 'ছাত্রাঃ' এই বিশেষ্য সম্বোধন-পদটী ইহার পূর্ব্বে আছে, সুতরাং এস্থলে অস্মাকং এবং নঃ,—এই দুই প্রকারই হইতে পারে। এইরূপ—"দীনং শঙ্কর মা রক্ষ শং শম্ভো মে প্রযচ্ছ চ"। এখানে 'দীনং' এই পদটী বিশেষণ হইলেও 'শঙ্কর' এই সম্বোধন-পদের বিশেষণ নহে;—অতএব এস্থলেও বিকল্পে হইতে পারে।

বামনের মতে কখন কখন প্রথমা এবং তৃতীয়া বিভক্তিতেও ত্বা, মা প্রভৃতি প্রয়োগ হইয়া থাকে। যথা—

"গেয়ে কেন বিনীতৌ বাং কস্য চেয়ং কৃতিঃ কবেঃ।
ইতি রাজ্ঞা স্বয়ং পৃষ্টৌ তৌ বাল্মীকিমশংসতাম্" ।—রঘুবংশ

গেয়ে ( গানবিষয়ে ) কেন ( গুরুণা ) বাং ( যুবাং ) বিনীতৌ ( শিক্ষাং কারিতৌ )। এখানে বাং,—এই পদটী কর্ম্মবাচ্যের কর্ম্ম, এজন্য প্রথমা বিভক্তি হইয়াছে।

এইরূপ :—

"বিষ্ণুঃ শরীরগ্রহণমহমীশান এব চ।
কারিতাস্তে যতোঽতস্ত্বাং ক স্তোতুং শক্তিমান্ ভবেৎ।"—চণ্ডী

যতঃ ( হেতোঃ ) তে ( ত্বয়া ) বিষ্ণুঃ অহম্ ঈশানশ্চ শরীরগ্রহণং কারিতাঃ অতঃ কস্ত্বাং স্তোতুং শক্তিমান্ ভবেৎ?

এস্থলে 'তে'—এইটী কর্ম্মবাচ্যের কর্ত্তৃপদ, এজন্য তৃতীয়া বিভক্তি হইয়াছে। মতান্তরে 'তে' এইটী অব্যয় পদ, ইহার অর্থ 'ত্বয়া'।

এইরূপ :—"তন্মে যদুক্তমশিবং নহি তৎ ক্ষমং তে"—উত্তরচরিত

তৎ ( তস্মাৎ ) মে ( ময়া ) যৎ অশিবং ( অপ্রিয়ং ) উক্তং তৎ তে ( তব ) ন ক্ষমং ( যোগ্যম্ )।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| তৃতীয়া | ময়া | আবাভ্যাম্ | অস্মাভিঃ |
| চতুর্থী | মহ্যম্, মে | আবাভ্যাম্, নৌ | অস্মভ্যম্, নঃ |
| পঞ্চমী | মৎ | আবাভ্যাম্ | অস্মৎ |
| ষষ্ঠী | মম, মে | আবয়োঃ, নৌ | অস্মাকম্, নঃ |
| সপ্তমী | ময়ি | আবয়োঃ | অস্মাসু |

তিন লিঙ্গেই সমান, কোনই প্রভেদ নাই।

বহুব্রীহি, দ্বন্দ্ব ও তৃতীয়া-তৎপুরুষ সমাসে সর্ব্বনামের রূপ হয় না। যথা,—বহুব্রীহি-সমাসে;—জিতং সর্ব্বং যেন, এই বাক্যে সমাস করিয়া নিষ্পন্ন 'জিতসর্ব্ব' শব্দের রূপ সর্ব্বনাম-শব্দের মত না হইয়া, চতুর্থীর একবচনে জিতসর্ব্বায়, পঞ্চমীর একবচনে জিতসর্ব্বাৎ, সপ্তমীর একবচনে জিতসর্ব্বে, এই প্রকার হইবে। দ্বন্দ্ব-সমাসে;—পূর্ব্বশ্চ, দক্ষিণশ্চ, উত্তরশ্চ, এই বাক্যে সমাস করিয়া নিষ্পন্ন 'পূর্ব্বদক্ষিণোত্তর' শব্দের রূপ, সর্ব্বনাম-শব্দের মত না হইয়া, পূর্ব্বদক্ষিণোত্তরাণাম্, এইরূপ হইবে। কিন্তু প্রথমার বহুবচনে বিকল্পে সর্ব্বনামের রূপ হয়। যথা—পূর্ব্বদক্ষিণোত্তরে, পূর্ব্বদক্ষিণোত্তরাঃ। তৃতীয়া-তৎপুরুষ সমাসে;—কালেন পূর্ব্বঃ, এই বাক্যে সমাস করিয়া নিষ্পন্ন 'কালপূর্ব্ব' শব্দের রূপ, সর্ব্বনাম-শব্দের মত না হইয়া, চতুর্থীর একবচনে কালপূর্ব্বায়, পঞ্চমীর একবচনে কালপূর্ব্বাৎ, সপ্তমীর একবচনে কালপূর্ব্বে, এইরূপ হইবে। (ক)

তৃতীয়া-তৎপুরুষ-সমাস-যোগ্য বাক্য-স্থলেও সর্ব্বনামের রূপ হয় না। যথা—কালেন পূর্ব্বায়, কালেন পূর্ব্বাৎ, কালেন পূর্ব্বে। (১০৬)

---

(ক) সংজ্ঞা অর্থাৎ নাম বুঝাইলে কোন শব্দই সর্ব্বনাম হয় না। 'সর্ব্ব' শব্দে যখন শিবের নাম বুঝাইবে, তখন ইহার রূপ 'নর' শব্দের মত হইবে। যথা—সর্ব্বায় (শিবায়) নমঃ।

(১০৬) বৈয়াকরণেরা ত্ব, ত্বৎ, দ্বি, উভ, ভবৎ,—এই কয় শব্দও সর্ব্বনাম-মধ্যে পরিগণিত করেন।

## প্রশ্ন ( সর্ব্বনাম শব্দ )

১। সংশোধন কর :—

সর্ব্বাঃ বালকাঃ, সর্ব্বায় বালকায়, সর্ব্বানাং বালিকানাম্, পূর্ব্বায়াম্ দিশি, পূর্ব্বাণাং পণ্ডিতানাম্, অন্যং ফলম্, ফলানাং কতমম্, ইমাভ্যাম্, এষাং লতানাম্, অন্যৈ বালিকায়ৈ, অমী ফলানি, অসৌ ফলম্, মে পুস্তকম্, স তে মে চ বচনং ন শৃণোতি, ইদং পুস্তকং মে এব, জিতসর্ব্বস্মৈ। ২। নিম্ন-লিখিত পদগুলির প্রত্যেকটী কি কি শব্দের কোন্ কোন্

---

'ত্বৎ' ও 'ত্ব' এই দুইটী শব্দের অর্থ 'অন্য'। জয়দেব ত্বৎ-শব্দের প্রয়োগ করিয়াছেন। যথা—"ত্বদধরমধুরমধূনি পিবন্তম্"। 'ত্বদধর' ইহার সমাস-বাক্য এইরূপ—ত্বতঃ ( অন্যস্যাঃ ) অধরঃ; তব অধরঃ,—এরূপ বাক্য হইতে পারে না, কারণ তাহা হইলে পূর্ব্ব-বাক্যের সহিত অন্বয় থাকে না। ইহাই তত্ত্ববোধিনীর মত। ( ১ ) সর্ব্বনাম-শব্দের টির পূর্ব্বে অক্ হয়। যথা—ইমকেন, ইমকাভ্যাম্, ইমকৈঃ, ইত্যাদি। (২) সমাস-স্থিত সর্ব্বনাম-শব্দের পুংবদ্ভাব হয়। যথা—উভয়োঃ স্ত্রিয়োর্ধনম্ উভধনম্, ভবত্যাঃ ধনং ভবদ্ধনম্ ইত্যাদি। ( ৩ ) নিমিত্তার্থক শব্দের বিশেষণ যদি সর্ব্বনাম হয়, তাহা হইলে সেই সর্ব্ব-নামের উত্তর প্রথমাদি সমস্ত বিভক্তিই হইতে পারে। যথা—উভৌ হেতু, উভাভ্যাম্ হেতুভ্যাম্ ইত্যাদি। ভবৎ প্রভৃতি শব্দ গুলিকে সর্ব্বনাম-মধ্যে পরিগণিত করিবার এই সকল কারণ। অন্যোন্য, পরস্পর, ইতরেতর—এই তিনটী শব্দের রূপ সর্ব্ব-শব্দের মত, কেবল স্ত্রীলিঙ্গে এবং ক্লীবলিঙ্গে সকল বিভক্তি-স্থানে বিকল্পে আম্ হয়। যথা—পরস্পরাং পরস্পরং স্ত্রিয়ঃ কুলানি বা পশ্যন্তি ( ২য়া )। পরস্পরাং পরস্পরেণ স্ত্রীভিঃ কুলৈর্বা ভোজ্যন্তে ( ৩য়া )। পরস্পরাং পরস্পরস্মৈ স্ত্রিয়ঃ কুলানি বা স্পৃহয়ন্তি ( ৪র্থী )। পরস্পরাং পরস্পরস্মাৎ স্ত্রিয়ঃ কুলানি বা বিরমন্তি ( ৫মী )। পরস্পরাং পরস্পরস্য স্ত্রিয়ঃ কুলানি বা স্মরন্তি (৬ষ্ঠী)। পরস্পরাং পরস্পরস্মিন্ স্ত্রিয়ঃ কুলানি বা অনুরজ্যন্তে ( ৭মী )। "পরস্পরাং বিস্ময়বন্তি লক্ষ্মীমালোকয়াঞ্চক্রুরিবাদরেণ"—ভট্টি। এইরূপ অন্যোন্যাম্, অন্যোন্যম্। ইতরেতরাম্ ইতরেতরম্। ক্লীবলিঙ্গে অন্যোন্যৎ, ইতরেতরৎ না হইয়া অন্যোন্যম্ ইতরেতরম্ হইবে। কাতন্ত্র-মতে অন্যোন্যৎ, অন্যোন্যাম্, অন্যোন্যম্—এই তিন প্রকারই হয়। ইতরেতর শব্দেরও ঐরূপ। মতান্তরে প্রথমা-স্থানে আম্ হয় না। একৈক শব্দের রূপও পূর্ব্ব শব্দের মত।

বিভক্তিতে হয় ?—তে, সর্ব্বে, অমূঃ, অমূ, ইমে, পূর্ব্বে। ৩। সর্ব্ব, পূর্ব্ব, অন্তর, স্ব ও সম শব্দের রূপ কোন্ কোন্ অর্থে সর্ব্বনাম-শব্দের মত হয়, এবং কোন্ কোন্ অর্থে হয় না ? ৪। 'অন্ত' শব্দের ক্লীবলিঙ্গে প্রথমার একবচনে কি পদ হয় ? এই প্রকার রূপ আর কোন্ কোন্ শব্দের হইয়া থাকে ? ৫। সর্ব্বনাম-শব্দ-সমূহের মধ্যে কোন্ কোন্ শব্দের তিন লিঙ্গেই সমান রূপ হয় ? ৬। নিম্ন-লিখিত পদগুলিকে স্ত্রীলিঙ্গে পরিবর্ত্তিত কর :—সর্ব্বস্মিন্, পূর্ব্বস্মাৎ, ইমে, অস্মৈ, এষু, অমূন্, অমীষাম্। ৭। যুষ্মদ্ ও অস্মদ্ শব্দের ত্বা মা প্রভৃতি প্রয়োগ কোন্ কোন্ স্থলে হয় না ? উদাহরণ দিয়া বুঝাও। ৮। সর্ব্ব ও পূর্ব্ব শব্দের পুংলিঙ্গে রূপগত পার্থক্য দেখাও। ৯। কিরূপ অর্থে কোন্ কোন্ বিভক্তিতে এবং কোন্ কোন্ শব্দের স্থানে 'এন' আদেশ হয় ? ১০। বৈয়াকরণেরা 'উভ' ও 'ভবৎ' শব্দকে কি কারণে সর্ব্বনাম-মধ্যে পরিগণিত করিয়া থাকেন ? ১১। অয়ং গুরুঃ এনং প্রণম ; অস্মৈ ময়া দত্তং ত্বমপি এনস্মৈ দেহি,—এই দুই প্রকার প্রয়োগ হইতে পারে কি না, কারণ দেখাইয়া বল। "স্বেষাম্" ও "স্বানাম্"—ইহাদের মধ্যে অর্থগত প্রভেদ কি ? দুইটী বাক্য রচনা করিয়া ইহা স্পষ্টরূপে বুঝাইয়া দাও।

---

## সংখ্যা-বাচক শব্দ ( Numeral )

### এক ( One )—এক-বচনান্ত।

এক শব্দ তিন লিঙ্গেই সর্ব্ব-শব্দের তুল্য, কোন প্রভেদ নাই। (ক)

### দ্বি ( Two )—দ্বি-বচনান্ত।

| | পুংলিঙ্গ | ক্লীবলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ |
|---|---|---|
| | দ্বিবচন | দ্বিবচন |
| প্রথমা | দ্বৌ | দ্বে |
| দ্বিতীয়া | দ্বৌ | দ্বে |
| তৃতীয়া | দ্বাভ্যাম্ | দ্বাভ্যাম্ |
| | দ্বাভ্যাম্ | দ্বাভ্যাম্ |

(ক) "এক"-শব্দের বিভিন্নার্থ—"একোঽন্যার্থে প্রধানে চ প্রথমে কেবলে তথা। সাধারণে সমানেঽপি সংখ্যায়াঞ্চ প্রযুজ্যতে।"

| | পুংলিঙ্গ | ক্লীবলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ |
|---|---|---|
| পঞ্চমী | দ্বাভ্যাম্ | দ্বাভ্যাম্ |
| ষষ্ঠী | দ্বয়োঃ | দ্বয়োঃ |
| সপ্তমী | দ্বয়োঃ | দ্বয়োঃ |

## ত্রি ( Three )—বহু-বচনান্ত।

| | পুংলিঙ্গ | ক্লীবলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| | বহুবচন | বহুবচন | বহুবচন |
| প্রথমা | ত্রয়ঃ | ত্রীণি | তিস্রঃ |
| দ্বিতীয়া | ত্রীন্ | ত্রীণি | তিস্রঃ |
| তৃতীয়া | ত্রিভিঃ | ত্রিভিঃ | তিসৃভিঃ |
| চতুর্থী | ত্রিভ্যঃ | ত্রিভ্যঃ | তিসৃভ্যঃ |
| পঞ্চমী | ত্রিভ্যঃ | ত্রিভ্যঃ | তিসৃভ্যঃ |
| ষষ্ঠী | ত্রয়াণাম্ | ত্রয়াণাম্ | তিসৃণাম্ |
| সপ্তমী | ত্রিষু | ত্রিষু | তিসৃষু |

## চতুর্ ( Four )—বহু-বচনান্ত।

| | পুংলিঙ্গ | ক্লীবলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| প্রথমা | চত্বারঃ | চত্বারি | চতস্রঃ |
| দ্বিতীয়া | চতুরঃ | চত্বারি | চতস্রঃ |
| তৃতীয়া | চতুর্ভিঃ | চতুর্ভিঃ | চতসৃভিঃ |
| চতুর্থী | চতুর্ভ্যঃ | চতুর্ভ্যঃ | চতসৃভ্যঃ |
| পঞ্চমী | চতুর্ভ্যঃ | চতুর্ভ্যঃ | চতসৃভ্যঃ |
| ষষ্ঠী | চতুর্ণাম্ | চতুর্ণাম্ | চতসৃণাম্ |
| সপ্তমী | চতুর্ষু | চতুর্ষু | চতসৃষু |

षष् ( Six )—বহু-বচনান্ত।

| প্র | দ্বি | তৃ | চ | প | ষ | স |
| --- | --- | --- | --- | --- | --- | --- |
| षट् | षट् | षड्भिः | षड्भ्यः | षड्भ्यः | षण्णाम् | षट्सु |

তিন লিঙ্গেই সমান।

अष्टन् ( Eight )—বহু-বচনান্ত।

| | বহুবচন |
| --- | --- |
| প্রথমা | अष्टौ, अष्ट |
| দ্বিতীয়া | अष्टौ, अष्ट |
| তৃতীয়া | अष्टाभिः, अष्टभिः |
| চতুর্থী | अष्टाभ्यः, अष्टभ्यः |
| পঞ্চমী | अष्टाभ्यः, अष्टभ्यः |
| ষষ্ঠী | अष्टानाम् |
| সপ্তমী | अष्टासु, अष्टसु |

তিন লিঙ্গেই সমান।

पञ्चन् ( Five )—বহু-বচনান্ত।

| | |
| --- | --- |
| প্রথমা | पञ्च |
| দ্বিতীয়া | पञ्च |
| তৃতীয়া | पञ्चभिः |
| চতুর্থী | पञ्चभ्यः |
| পঞ্চমী | पञ्चभ्यः |
| ষষ্ঠী | पञ्चानाम् |
| সপ্তমী | पञ्चसु |

তিন লিঙ্গেই সমান।

সপ্তন্, নবন্, দশন্ প্রভৃতি ন্-কারান্ত সংখ্যা-বাচক শব্দ পঞ্চন্-শব্দের তুল্য।

এতদ্ভিন্ন সংখ্যা-বাচক শব্দ-সমূহের রূপ অন্ত্যবর্ণ ও লিঙ্গ অনুসারে সামান্য শব্দের মত হইয়া থাকে। যথা,—বিংশতি, ষষ্টি, সপ্ততি, অশীতি, নবতি প্রভৃতি শব্দ স্ত্রীলিঙ্গ ও হ্রস্ব ই-কারান্ত; ইহাদের রূপ মতি-শব্দের মত। ত্রিংশৎ, চত্বারিংশৎ, পঞ্চাশৎ শব্দ ত্-কারান্ত ও স্ত্রীলিঙ্গ; ইহাদের রূপ ভূভৃৎ-শব্দের তুল্য। শত, সহস্র প্রভৃতি শব্দ অ-কারান্ত ও ক্লীবলিঙ্গ; ইহাদের রূপ ফল-শব্দের মত।

বিংশতি অবধি সংখ্যা-বাচক শব্দ সকল সর্ব্বদা একবচনান্ত; বহুবচনান্ত পদের বিশেষণ হইলেও ইহাদিগকে একবচনান্ত করিয়া প্রয়োগ করিতে হয়। যথা,—বিংশতিঃ পুরুষাঃ, ত্রিংশৎ স্ত্রিয়ঃ, চত্বারিংশৎ শিশবঃ, পঞ্চাশৎ যুবানঃ, ষষ্টির্বৃদ্ধাঃ, সপ্ততিঃ তরবঃ, অশীতিঃ সরাংসি, নবতিঃ পত্রাণি, শতং লতাঃ, সহস্রং ফলানি ইত্যাদি। (ক)

---

(ক) "বিপণো বিক্রয়ঃ সংখ্যাঃ সংখ্যেয়ে হ্যাদশ ত্রিষু। বিংশত্যাদ্যাঃ সদৈকত্বে সর্ব্বাঃ সংখ্যেয়সংখ্যয়োঃ। সংখ্যার্থে দ্বিবহুত্বেস্ত স্তাসু চানবতেঃ স্ত্রিয়ঃ। কোট্যাঃ শতাদিসংখ্যান্যা বা লক্ষা নিযুতঞ্চ তৎ।"—অমরকোষ

এক হইতে অষ্টাদশ পর্য্যন্ত সংখ্যা-বাচক শব্দগুলি সর্ব্বদাই বিশেষণ-রূপে ব্যবহৃত হয়, সুতরাং বিশেষ্যের লিঙ্গানুসারে ইহাদের তিন লিঙ্গই হইতে পারে। একো বৃক্ষঃ, একা লতা, একং ফলম্। দশ বৃক্ষাঃ, দশ লতাঃ, দশ ফলানি ইত্যাদি। ইহারা বিশেষ্য-রূপে ব্যবহৃত হয় না। যথা, বৃক্ষাণাং দশ,—এরূপ প্রয়োগ হইবে না। অমরকোষ, শ্রীরাম-তর্কবাগীশ, সংক্ষিপ্তসার প্রভৃতির এই মত এবং ইহাই বহু-সম্মত। অমরকোষের টীকাকার রঘুনাথ চক্রবর্ত্তী বলেন—"দ্বিশব্দৈকশব্দয়োরপি কেচিৎ সংখ্যার্থতামাহুঃ", অর্থাৎ কেহ কেহ বলেন, দ্বি ও এক শব্দ বিশেষ্য-রূপেও ব্যবহৃত হইতে পারে। দুর্গাদাসও এই মতের সমর্থন করেন। তাঁহার মতে 'ঘটস্যৈকঃ' এরূপ প্রয়োগ হইতে পারে। কিন্তু শ্রীরাম-তর্কবাগীশ স্পষ্টই বলিয়াছেন 'ঘটস্যৈকঃ',—এরূপ প্রয়োগ হইতে পারে না। সংক্ষিপ্তসার

## প্রশ্ন ( সংখ্যা-বাচক শব্দ )

১। সংশোধন কর :—দ্বৌ ফলে, ত্রয়ঃ স্ত্রিয়ঃ, ত্রীণি নরাঃ, ত্রয়ঃ ফলানি, ত্রয়াণাং লতানাম্, চতুরঃ পুত্রাঃ, চতুর্ণাং কন্যানাম্, চত্বারঃ বালিকাঃ, চত্বারঃ ফলানি, চতুর্ষু নগরীষু, ষটঃ বালকাঃ, ষটাং বালকানাম্, অষ্টাঃ নরাঃ, অষ্টান্ বৃক্ষান্, অষ্টানি ফলানি, অষ্টেষু গ্রামেষু, পঞ্চাঃ কুক্কুরাঃ, পঞ্চেভ্যঃ জনেভ্যঃ, পঞ্চৈঃ নরৈঃ, পঞ্চেষু স্থানেষু, দশৈঃ পুত্রৈঃ, দশেষু কন্যাসু। ২। সংস্কৃত কর :—২০টী বালক, দুই কুড়ি আম্র, একশত স্ত্রী, তিন

ও শ্রীরামতর্কবাগীশের মত একরূপ হইলেও সংক্ষিপ্তসারে ইহাও বলা হইয়াছে যে, কখন কখন এই নিয়মের ব্যতিক্রমও দেখা যায়, এবং তাহার উদাহরণও প্রদত্ত হইয়াছে। যথা,— "বার্ত্তাকুরেখা গুণসপ্তযুক্তা" ; গুণানাং সপ্ত গুণসপ্ত—এখানে সপ্তন্ শব্দ বিশেষ্য-রূপে ব্যবহৃত হইয়াছে। বিশেষ্য-রূপে ব্যবহৃত হইলে পরে যায় এবং পূর্ব্বপদে ৬ষ্ঠী বিভক্তি হয়। ঊনবিংশতি হইতে নবনবতি পর্য্যন্ত সংখ্যা-বাচক শব্দগুলির স্ত্রীলিঙ্গে ও একবচনে প্রয়োগ হয়। ইহারা বিশেষ্য অথবা বিশেষণ উভয়-রূপেই ব্যবহৃত হয়। যথা—বিংশতিঃ বৃক্ষাঃ, বিংশতিঃ লতাঃ, বিংশতিঃ ফলানি। বৃক্ষাণাং বিংশতিঃ, লতানাং বিংশতিঃ, ফলানাং বিংশতিঃ। বিংশত্যা স্ত্রীভিঃ, স্ত্রীণাং বিংশত্যা। "যৎ চতুর্ব্বিংশত্যাপি বর্ষৈরবৃষ্টে পর্জ্জন্যে ন শুষ্যতি"। বিশেষ্য-রূপে ব্যবহৃত হইলে ইহাদের উত্তর দ্বিবচন এবং বহুবচনও হইতে পারে। যথা—ফলানাং দ্বে বিংশতী, ফলানাং তিস্রঃ বিংশতয়ঃ ইত্যাদি। কিন্তু বিশেষণ হইলে কেবল একবচনেই প্রযুক্ত হইয়া থাকে। যথা—দ্বে বিংশতী পুরুষাঃ,—এরূপ প্রয়োগ হইবে না। শত, সহস্র, অযুত, লক্ষ, নিযুত, পরার্দ্ধ প্রভৃতি সংখ্যা-বাচক শব্দগুলি ক্লীবলিঙ্গ। ইহারাও বিশেষ্য অথবা বিশেষণ উভয়-রূপেই ব্যবহৃত হইতে পারে। বিশেষ্য-রূপে ব্যবহৃত হইলে পূর্ব্ববৎ দ্বিবচন এবং বহুবচনেও প্রয়োগ করা যায়। যথা—বালকানাং দ্বে শতে, বালিকানাং ত্রীণি শতানি। কিন্তু বিশেষণ হইলে কেবল একবচনেই ব্যবহার করিতে হইবে। যথা, দ্বে শতে বালকাঃ,—এরূপ প্রয়োগ হইবে না। শতং বালকাঃ,—এরূপ প্রয়োগ হইতে পারে। সহস্রম্ অক্ষীণি যস্য স সহস্রাক্ষঃ ( ইন্দ্র )। শতস্য অব্দানাং সমাহারঃ শতাব্দী। "সহস্রমক্ষ্ণাং যুগপৎ পপাত"—কুমারসম্ভব। পরার্দ্ধমর্ণবঃ। 'কোটি' শব্দ স্ত্রীলিঙ্গ—ইহার রূপ 'মতি' শব্দের মত এবং প্রয়োগ পূর্ব্বোক্ত 'শত' প্রভৃতি শব্দের তুল্য। 'লক্ষ' শব্দ স্ত্রীলিঙ্গও হয় ; তখন ইহা আ-কারান্ত ( লক্ষা ) 'লতা' শব্দের মত।

শত বালক, এক সহস্র দাস, তিন সহস্র দাসী, ১৮ দ্বীপ, ১২ আদিত্য, ৮ বসু, ৯ দ্বার, ৭ তালবৃক্ষ, ৭০ পক্ষী, ৬০ পশু, ৫০ কীট, ৪০ পতঙ্গ। ৩। নিম্ন-লিখিত পদগুলিকে স্ত্রীলিঙ্গে পরিবর্ত্তিত কর :—দ্বৌ, ত্রয়ঃ, চতুর্ভিঃ, পঞ্চানাম্, ষট্সু, অষ্টসু। ৪। পুষ্পাণাং দশ, দ্বে বিংশতী পুরুষাঃ, শতাঃ বালকাঃ, সহস্রাণি ফলানি—এরূপ প্রয়োগ হয় কি না লিখ এবং কারণ দেখাও। ৫। সংখ্যা-বাচক শব্দগুলির মধ্যে কোন্ গুলি কেবল বিশেষণ-রূপে এবং কোন্-গুলি বিশেষ্য ও বিশেষণ উভয়-রূপেই ব্যবহৃত হয় ? ৬। সংখ্যা-বাচক শব্দ গুলির লিঙ্গ নির্ণয় কর। ৭। 'ঘটস্তৈকঃ' এরূপ প্রয়োগ হইবে কি না, কারণ দেখাইয়া বল। এই বিষয়ে যদি মত-ভেদ থাকে, তবে তাহারও উল্লেখ কর। ৮। কোন্ সংখ্যা-বাচক শব্দের রূপ সর্ব্ব-শব্দের মত ?

## অব্যয় শব্দ ( Indeclinables ) (ক)

অব্যয় শব্দের উত্তর সমস্ত বিভক্তির লোপ হইয়া যায় ; অতএব সকল বিভক্তিতেই অব্যয় শব্দের এক রূপ। প্রয়োগ-কালে শব্দের অবয়বের বিকৃতি হয় না, কেবল অন্তস্থিত র্ ও স্ বিসর্গ হয়, এই মাত্র। অব্যয় শব্দ অনেক ; তন্মধ্যে সর্ব্বদা ব্যবহৃত কতকগুলি অব্যয়-শব্দের নাম লিখিত হইতেছে। ( খ )। যথা—

| | | | |
|---|---|---|---|
| স্বর্ | যুগপৎ | উপাংশু | সমম্ |
| অন্তর্ | পৃথক্ | মৃষা | সহ |
| প্রাতর্ | দিবা | মিথ্যা | ধিক্ |

---

( ক ) "সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্ব্বাসু বিভক্তিষু।
বচনেষু চ সর্ব্বেষু যন্ন ব্যেতি তদব্যয়ম্।"

( খ ) অব্যয় শব্দের টির পূর্ব্বে বিকল্পে অক্ হয়। যথা—ধিক্—ধকিৎ, উচ্চৈঃ—উচ্চকৈঃ ইত্যাদি।

| | | | |
|---|---|---|---|
| পুনর্ | সায়ম্ | মুধা | অধস্ |
| উচ্চৈস্ | নক্তম্ | বৃথা | অথ |
| নীচৈস্ | মনাক্ | পুরা | অথকিম্ |
| শনৈস্ | ঈষৎ | মিথো | অথবা |
| অলম্ | জোষম্ | মিথস্ | এব |
| বিনা | তূষ্ণীম্ | শ্বস্ | ধ্রুবম্ |
| ঋতে | বহিস্ | প্রায়স্ | নূনম্ |
| অন্তরা | স্বয়ম্ | মুহুস্ | এবম্ |
| অন্তরেণ | সহসা | সাকম্ | শশ্বৎ |
| আরাৎ | নানা | সার্দ্ধম্ | ভূয়স্ |
| চেৎ | সুষ্ঠু | যৎ | চ |
| যদি | অহো | তৎ | হ |
| কচ্চিৎ | অঙ্গ | ইতি | বৈ |
| হন্ত | হে | ন | বা |
| যথা | ভোঃ | নো | স্ম |
| তথা | অয়ি | মা | মাস্ম |
| তথাহি | অয়ে | তু | নু |
| খলু | আরাৎ | হি | ননু |
| কিল | রে | হী | ইব |

প্র প্রভৃতি বিংশতি উপসর্গও অব্যয় শব্দ। (ক)

---

(ক) "প্রপরাপসমন্ববনির্দুরভিব্যধিসূদতিনিপ্রতিপর্য্যপয়ঃ।
উপ আঙিতি বিংশতিরেষ শিশো উপসর্গবিধিঃ কথিতঃ কবিনা।"

অব্যয়ের বিশেষণ ক্লীবলিঙ্গ হয়। যথা—"রমণীয়মিদং প্রাতঃ।" "ক্লীবলিঙ্গং ভবেন্নিত্যমব্যয়স্য বিশেষণম্।"—প্রয়োগ-রত্ন-মালা

১৭৪। অব, অপি,—এই দুই এর আদিস্থিত অ-কারের বিকল্পে লোপ হয়। যথা,—বগাহঃ, অবগাহঃ ; বগাহতে, অবগাহতে ; বগাহ্য, অবগাহ্য ; পিধানম্, অপিধানম্ ; পিহিতম্, অপিহিতম্ ; পিদধাতি, অপিদধাতি। (ক)

---

## প্রশ্ন ( অব্যয় শব্দ )

১। অব্যয়-শব্দের রূপ কি প্রকার হয় ? ২। প্রয়োগ-কালে অব্যয়-শব্দের অবয়বের কিরূপ পরিবর্ত্তন হয় ? ৩। ৫টী প্রচলিত অব্যয়-শব্দের উল্লেখ কর। ৪। 'অবগাহঃ',—এ স্থলে আর কি পদ হইতে পারে ? ৫। কি কি ধাতু পরে থাকিলে কোন্ কোন্ উপসর্গের অ-কার-লোপ হয় ? ৬। সংশোধন কর :—প্রাতে ভ্রমণং কুরু, দিবায়াং নিদ্রা নোচিতা, মিথ্যাং ন ব্রূহি, কদাপি মিথ্যা ন বক্তব্যা, তস্য পুত্রাঃ পৃথকাঃ, নানাঃ দিক্দেশাঃ, প্রাতরি সূর্য্য উদেতি, কথং মৃষাং কথয়সি, পুরায়ং একো রাজাসীৎ, বৃক্ষস্য অধসি।

---

(ক) "অকারলোপো বাহবস্য তূ-তংস-গাহধৌ পরে। অপের্নহ্যতি-ধাঞোর্হি নান্যত্রেতি প্রয়োগবিৎ।"—বৃহন্মুগ্ধবোধ। তূ, তংস এবং গাহ ধাতু পরে থাকিলে 'অব' এই উপসর্গের এবং নহ ও ধা ধাতু পরে থাকিলে 'অপি' এই উপসর্গের অ-কারের বিকল্পে লোপ হয়। অন্য কোন ধাতু পরে থাকিলে অ-কার-লোপের উদাহরণ প্রায় দেখা যায় না।

---

সম্পূর্ণ।

# শেষোক্তিঃ।

( ১ )

যস্যাঃ পীনপয়োধরে চ গরিমা দেহে পুনঃ কান্তিমা
শ্রোণৌ চ প্রথিমা গতৌ চ লঘিমা নেত্রে পুনর্বক্রিমা।
মধ্যে চ কৃশিমা সুবাচি পটিমা হাস্যে পুনঃ শ্বেতিমা
তস্যাঃ শ্রীমুখচন্দ্রমাঃ স্ফুরতু মে যাতাচ্চ হৃৎকালিমা॥

( ২-৩ )

জনকঃ কৃষ্ণচন্দ্রো মে জননী বিন্ধ্যবাসিনী।
পিতামহো রামচন্দ্রঃ সার্থকঃ প্রপিতামহঃ॥
শোভারাম ইতি খ্যাতস্তস্য তাতো মহামতিঃ।
'দে'-বংশখ্যাতিসম্পন্না ইমে মে পূর্ব্বপূরুষাঃ॥

( ৪ )

সংসারেঽস্মিন্নসারে কলিকলুষহরে ভাস্বরে সৌধনীরে
সর্ব্বস্থানৈকসারে সকলসুখকরে জাহ্নবীপুণ্যতীরে।
যস্যাং ভূতালিপালী নিবসতি নিতরাং লিঙ্গশালী কপালী
হুগলীজেলান্তরে সা মম সুজননভূ'র্ভদ্রকালী' সুখালিঃ॥

( ৫ )

শ্রীপূর্ণচন্দ্রকবিভূষণকাব্যরত্নঃ
শ্রীকৌমুদীং ব্যতনুতোদ্ভটসাগরাখ্যঃ।
শাকেঽতুলাং পৃথুকচিত্তবিকাশনায়
ব্যোমাব্ধিনাগশশিমে হরিগে পতঙ্গে॥

---

## কবিভূষণ শ্রীযুক্ত পূর্ণচন্দ্র দে কাব্যরত্ন উদ্ভটসাগর বি-এ
## প্রণীত, সংগৃহীত, অনুদিত বা সম্পাদিত পুস্তকাবলী :—

১। "ব্যাকরণ-কৌমুদী" (চতুর্থ-ভাগ) (ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত)। বিভক্তি-নির্ণয় ও কারক, তদ্ধিত-প্রত্যয়, স্ত্রী-প্রত্যয় ও সমাস,—এই ৪টী প্রকরণ লইয়াই এই পুস্তক খানি লিখিত। বিদ্যাসাগর মহাশয়ের মূল গ্রন্থে যাহা ছিল, তাহা সমস্তই আছে। যে যে স্থানে অসঙ্গতি ছিল, তাহাও সুসঙ্গত করিয়া দেওয়া হইয়াছে। অষ্টাধ্যায়ী, সিদ্ধান্ত-কৌমুদী, কলাপ, সংক্ষিপ্তসার, সুপদ্ম, সারস্বত, মুগ্ধবোধ, প্রয়োগ-রত্ন-মালা প্রভৃতি প্রাচীন সংস্কৃত ব্যাকরণ ও তাহাদের টীকার সার কথা গুলি ফুট্‌নোটে প্রদত্ত হইয়াছে। স্থানে স্থানে বিভিন্ন ব্যাকরণের মত ও বিচার দিতেও ত্রুটী করা হয় নাই। এতদ্ভিন্ন এই কয়েকটী বিষয় বক্তব্য :—(১) সংস্কৃত সূত্রগুলি বিশদ-রূপে বুঝাইয়া দেওয়া হইয়াছে, এবং তাহাদের প্রমাণ-স্বরূপ নাটক, মহাকাব্য প্রভৃতি হইতে উদাহরণ উদ্ধৃত হইয়াছে। (২) বিভক্তি ও কারকের সংস্কৃত কারিকা গুলি "প্রয়োগ-রত্ন-মালা" নামক সংস্কৃত ব্যাকরণ হইতে প্রদত্ত হইয়াছে। (৩) স্ত্রী-প্রত্যয়-প্রকরণের ৬৫ হইতে ৭০ সূত্র বিশেষ প্রয়োজনীয় বলিয়া তাহা নূতন সন্নিবেশিত হইয়াছে। (৪) বিদ্যাসাগর মহাশয় প্রত্যেক প্রকরণে যে যে সূত্র অষ্টাধ্যায়ী বা বার্ত্তিক-সূত্র হইতে গ্রহণ করিয়াছেন, আমি তাহা 'সংখ্যা' সহ উল্লেখ করিয়া দিয়াছি। এতদ্ভিন্ন তিনি যে যে সূত্র স্বয়ং রচনা করিয়া দিয়াছেন, তাহারা কোন্ কোন্ পাণিনীয় বা বার্ত্তিক সূত্রের অন্তর্গত, তাহাও 'সংখ্যা' সহ যথাযথ নির্দ্দেশ করিয়াছি। (৫) প্রত্যেক বিষয়ের নিম্ন-ভাগেই প্রচুর-পরিমাণে 'প্রশ্ন' দেওয়া হইয়াছে। গ্রন্থ খানি ৪০০ পৃষ্ঠে সম্পূর্ণ। মূল্য ১৲ (এক) টাকা মাত্র।

২। "ব্যাকরণ-কৌমুদী" ( দ্বিতীয় ও তৃতীয় ভাগ ) ( ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত )। চতুর্থ-ভাগের প্রণালী অবলম্বন করিয়া লিখিত। ( ১ ) সাধারণ নিয়মের অনেক স্থলে উদাহরণ ছিল না, আমি তাহা পূরণ করিয়া দিয়াছি। ( ২ ) প্রত্যেক ধাতুর নিম্নে "অনুবাদ" ও "সংশোধনের" 'প্রশ্ন' বহুল-পরিমাণে প্রদত্ত হইয়াছে। ( ৩ ) যে যে ধাতু অসম্পূর্ণ ছিল, তাহাও পূর্ণ করিয়া দিয়াছি। ( ৪ ) প্রত্যেক প্রকরণের অব্যবহিত পরেই কয়েকটি 'প্রশ্ন' দেওয়া হইয়াছে। ( ৫ ) গ্রন্থশেষে প্রচলিত ধাতু-সমূহের অ-কারাদি-ক্রমে গণ ও অর্থ নিরূপণ সহ একটী সুদীর্ঘ তালিকা প্রদত্ত হইয়াছে। গ্রন্থ খানি ৪৪০ পৃষ্ঠে সম্পূর্ণ। মূল্য ১৲ ( এক ) টাকা মাত্র।

৩। "ব্যাকরণ-কৌমুদী" (প্রথম-ভাগ) ( ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত )। "ব্যাকরণ-কৌমুদী" ( দ্বিতীয় ও তৃতীয় ) এবং ( চতুর্থ ) ভাগের প্রণালী অবলম্বন করিয়া লিখিত। মূল্য ৷৷০ ( আট ) আনা মাত্র।

৪। সমগ্র বিশুদ্ধ "ব্যাকরণ-কৌমুদী" ( চারি ভাগ একত্র ) ( ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত )। ইহাতে বহু-সংখ্যক প্রশ্ন এবং ফুটনোটে পাণিনীয় ও বার্ত্তিক সূত্র আছে। মূল্য ১৷৷০ ( দেড় ) টাকা।

৫। "উপক্রমণিকা ব্যাকরণ" ( ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত )। সম্পূর্ণ সংশোধিত ও বহু-প্রশ্ন-সহিত। মূল্য ৷৷০ ( আট ) আনা মাত্র।

৬। "উদ্ভট-সাগরঃ" ( প্রথম-দ্বিতীয়-তৃতীয়-প্রবাহ-সমন্বিতঃ )। এই সংস্কৃত গ্রন্থ খানি গত বৎসর ( ১৯১৭ খৃষ্টাব্দ ) হইতে সংস্কৃত প্রথম, দ্বিতীয় ও উপাধি পরীক্ষায় কাব্য ও ব্যাকরণে পাঠ্য-পুস্তক বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। "প্রথম-প্রবাহ" প্রথম-পরীক্ষার, "দ্বিতীয়-প্রবাহ" দ্বিতীয়-পরীক্ষার এবং "তৃতীয়-প্রবাহ" উপাধি-পরীক্ষার

জন্য "কলিকাতা সংস্কৃত-পরীক্ষা-বোর্ড" কর্ত্তৃক নির্ব্বাচিত হইয়াছে। এই-বৎসর ( ১৯১৮ খৃষ্টাব্দ ) হইতে এই সংস্কৃত-পরীক্ষা-সভার নাম "কলিকাতা সংস্কৃত-এসোসিয়েসন" হইল। উক্ত ৩টী প্রবাহই একত্র বদ্ধ। ইহাতে নানাবিষয়ক প্রাচীন সংস্কৃত জ্ঞানগর্ভ "উদ্ভট-শ্লোক" আছে। পাঠার্থি-গণের সুবিধার জন্য শ্লোক-সূচী, বিষয়-সূচী, এবং সংস্কৃত টীকা, টিপ্পনীও প্রদত্ত হইয়াছে। এ বৎসর এই গ্রন্থ হইতে প্রত্যেক পরীক্ষায় 'প্রশ্ন' দেওয়া হইয়াছিল। আগামী ও তৎপরবর্ত্তী বৎসরেও এই গ্রন্থ হইতে 'প্রশ্ন' দেওয়া হইবে। উদ্ভট-কবিতার পরীক্ষায় উচ্চস্থানাধিকারী ছাত্র-গণকে কয়েকজন বিদ্যোৎসাহী মহাত্মা সুবর্ণ ও রৌপ্য পদক পুরস্কার দিবেন। এই গ্রন্থ ম্যাট্রিকিউলেসন-ছাত্রগণেরও "আন্‌সিন্ প্যাসেজের" জন্য বিশেষ উপযোগী। কাগজ-বন্ধের মূল্য ২৲ ( দুই ) টাকা ; বস্ত্র-বন্ধের মূল্য ২।০ ( দুই টাকা চারি আনা ) মাত্র।

৭। "উদ্ভট-শ্লোক-মালা" বহু প্রাচীন স্ত্রী-কবি ও পুরুষ-কবির রচিত প্রায় ৪৫০টী সংস্কৃত উদ্ভট-কবিতা, বাঙ্গালা পদ্যানুবাদ সহিত। মূল্য ১॥০ ( দেড় ) টাকা।

৮। "স্তব-সমুদ্রঃ" ( প্রথম-প্রবাহঃ )। এই পুস্তক খানিতে নানা দেব দেবীর সংস্কৃত স্তব আছে। প্রত্যেক সংস্কৃত শ্লোকটী একবার দেবনাগরে ও আর একবার বাঙ্গালা অক্ষরে মুদ্রিত হইয়াছে। প্রত্যেক শ্লোকের নিম্ন-ভাগে তাহার প্রাঞ্জল ও সুললিত বাঙ্গালা পদ্যানুবাদ আছে। এই অনুবাদ দ্বারা সংস্কৃত ভাষায় অভিজ্ঞ ও অনভিজ্ঞ উভয়-বিধ লোকেরই অর্থ বুঝিবার পক্ষে বিশেষ সুবিধা হইবে। শ্লোক গুলির পাঠ, ভাব, ব্যাকরণ, ছন্দঃ ও অলঙ্কারাদি রক্ষা-বিষয়ে বিশেষ যত্ন করা হইয়াছে। শেষ কথা এই যে, ইহার মত সর্ব্বাঙ্গসুন্দর স্তব-গ্রন্থ এ পর্য্যন্ত বাহির হয় নাই। মূল্য ( সোণার জলে ও কাপড়ে সুন্দর বাঁধাই ) ২৲ ( দুই ) টাকা।

৯। "প্রবন্ধ-পাঠ" ( ষষ্ঠ সংস্করণ ) হাই স্কুলে ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণীর পাঠ্য। রচনাগুলি বিশুদ্ধ ভাষায় লিখিত এবং ম্যাট্রিকিউলেশন ক্লাসেরও উপযোগী। মূল্য ॥০ ( আট ) আনা।

১০। "সীতার বনবাস" ( ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত )। ফুট-নোট, শব্দার্থ ও ব্যাকরণ-গত বিষয় এবং প্রায় ৫০০ প্রশ্ন সমন্বিত। ইহার মত বিশুদ্ধ ও মনোহর সংস্করণ আর নাই। মূল্য ৮০ (বার) আনা।

১১। "শকুন্তলা" ( ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত )। ফুটনোটে শব্দার্থ ও ব্যাকরণ-গত বিষয়। ইহার মত বিশুদ্ধ ও মনোহর সংস্করণ আর নাই। মূল্য ॥০ (আট) আনা।

১২। "প্রশ্নোত্তর-মণিরত্নমালা" ( শঙ্করাচার্য্য ), "প্রশ্নোত্তর-রত্নমালা" ( বিমল ), "প্রশ্নোত্তর-রত্নমালিকা" ( কৃষ্ণানন্দ সরস্বতী )। সংস্কৃত শ্লোক ও প্রাঞ্জল বাঙ্গালা পদ্যানুবাদ সহিত। তিন খানি গ্রন্থই একত্র বদ্ধ। মূল্য ।৵০ (ছয়) আনা।

১৩। "পাণ্ডব-গীতা" ( পাণ্ডব-কৃতা )। সংস্কৃত শ্লোক, পদ্যানুবাদ সহিত। মূল্য ॥০ (আট) আনা।

১৪। "মোহ-মুদ্গর" ও "মোহকুঠার" (শঙ্করাচার্য্য)। বাঙ্গালা দুইখানি গ্রন্থ একত্র বদ্ধ। দ্বিতীয়-সংস্করণ। শঙ্করাচার্য্যের জীবন-চরিত ও বাঙ্গালা পদ্যানুবাদ সহিত। মূল্য ।০ ( চারি ) আনা।

১৫। "রস-সাগর স্বর্গীয় কবি কৃষ্ণকান্ত ভাদুড়ী" ( তাঁহার জীবন-চরিত ও বাঙ্গালা-সমস্যা-পূরণ ) ( যন্ত্রস্থ )। ইহার মত বাঙ্গালা-সমস্যা-পূরণের গ্রন্থ আর নাই।

বিক্রেতা—শ্রীযোগেন্দ্রনাথ মুখোপাধ্যায়,
ম্যানেজার, সংস্কৃত প্রেস ডিপজিটারী,
৩০ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা।